# BENGALI FAMILY LIBRARY. গার্হস্থা বাঙ্গালা পুস্তক সন্ধৃহ।

## পাল ও বর্জিনিয়া।

শ্রীযুক্ত নামনান্ত্রীয়ণ বিদ্যারত্ন কর্তৃক

> ইংরাজি ভাষা হইতে অনুবাদিত।

> > II. EDITION,

CALCUTTA:

BAHIR MIRZAPORE.

PRINTED FOR THE VERNACULAR LITERATURE COMMITTEE AT THE
VIDYARATNA PRESS.

By Girisha chandra Sarma.

1859.

Price 6 annas.— মূল্য । 🗸 • ছয় আনা।

### বিজ্ঞাপন।

এই পৃষ্ঠিক এই ংজাৰুবী দক সমাজের প্রকটিত আর আর পুত্তক মাহার প্রয়োজন হইবে, গ্রাণ্ডাটার চৌরান্তান্থিত ২৭৬।১ নং গার্ভস্তা বাঙ্গালাপুত্তক সংগ্রহের পুত্তকালয়ে, জ্ববা নাণিকতল। শিবতলা লেন, ১৪ নং, অনুবাদক সমাজের সহকারি-সম্পাদকের কার্য্যালয়ে পাইবেন। এতদ্বাতীত কলিকাতার জন্যান্য প্রকালয়েও ইহা বিক্রায় হইয়া থাকে এবং মফঃসলে প্রত্যেক জিলার বিদ্যালয়সম্পর্কীয় ডেপুটি ইন্ম্পেক্টর মহান্যাদিগের নিকট তত্ত্ব করিলেও পাওয়া যায়।

অনুবাদক সমাজে মধ্যে নৃত্ন ২ পুস্তক প্রকাশিত চইযা থাকে। যাঁচারা গ্রহণেক্ষা করিবেন, তাঁচাদের নাম ও বাস-স্থানের নাম, সমাজের কার্য্যালয়ে প্রেরণ করিলে, পুস্তক পাঠান হাইবে।

> শ্রীমধুস্থনন মুখোপাধ্যায়। অনুবাৰক সমাজের সহকারী সম্পাদক

### NOTE.

When the Vernacular Literature Committee was first set on foot, there was much discussion as to whether the works selected for translation into Bengali should undergo any adaptation, or should be translated as literally as possible and without any paraphrasing or alteration of the original whatever.

The following extract from a letter which I published at that time still expresses my own view of the matter.

"Mere Translation would not meet the great objects which this Society intends to keep in view. There is not only a difference of language between the people of India and of England. We must recognise the far greater difficulty of a difference of ideas, associations and literature. The instruction communicated to the masses requires somewhat more than the mere employment of the vehicle of native language;—the form in which it is conveyed

As long as the mere narrative part is concerned, the difficulty is not so great, but directly we come to abstract reflections and didactic passages, the whole turn of thought,—every allusion and every illustration is entirely different from what any one would use in writing for a native reader.

As there have been no meetings of the committee for a long time past and the management of its affairs, therefore, rested with myself. I have taken the liberty of freely paraphrasing every passage in the text where I thought I could make the sense clearer, and I have omitted all allusions and illustrations which would be stumbling-blocks to the Bengali reader. These remarks apply more especially to the latter two-thirds of the Book.

Excepting in very rare cases where men like the Rev. Mr. Robinson or the Rev. Krishna Mohun Banerjee are the translators,—every translation should I think, have the advantage of two heads, a Bengali and an English head. An Englishman is hardly ever to be found who can really write for the masses in Bengali,—nor a native who can do this and also understand English so thoroughly as not to commit serious blunders.

As a *pendant* to these remarks I beg to quote the following from the recent Madras Blue Book on Education.

"When a boy has a translated book, of even a simple narrative quality, put in his hands, his usual observation is that 'it is very hard' although it has been known that the same boy would read fluently, and comprehend fully, a native work upon an abtruse subject. It has been testified on credible authority, that a translation by two European gentlemen (of familiar learning in Mahratta) and one native Mahratta scholar, of Lord Brougham's tract on the objects, advantages and pleasures of science, is not only unintelligible to Mahratta readers, but that it actually became so, after five or six years, to the Mahratta translator himself." [Minute of the Madras University Board.

II. PRATT.

# ভূমিকা।

প্রায় সপ্ততি বর্ষ অতীত হইল, সেণ্টপেরি নামা জনৈক ফ্রাসিদ্, পাল ও বর্জিনিয়া নামক প্রসিদ্ধ উপাখ্যানগ্রন্থ স্বদেশীয় ভাষায় রচনা পরে ইহা ইউরোপীয় নানা ভাষায় অনুবাদিত হইয়া অনেকবার মুদ্রিত হয়। এই উপাখ্যানের রচনা স্থললিত, এবং বর্ণনা সকলি সত্য। বিশেষতঃ ভিন্ন২ অবস্থায় মনুষ্যের যে-ৰূপ মনের ভিন্ন ২ ভাব উদিত হয়, তাহা এই গ্রন্থে বিব্লত থাকা প্রযুক্ত ইহা ইউরোপের কি ব্লুদ্ধ, কি যুবা, কি যোষিদ্ধাণ, সকলেরই সমাদর-ণীয়। সম্পুতি বঙ্গভাষানুবাদক সমাজের মানস যে অন্যান্য দেশের মত এই দেশেও এই গ্রন্থ-थानि मर्द्धकत्नत् পर्वनीय ও जापत्रीय रुप्त ।

যে সকল ঘটনার কথা এই গ্রন্থে বর্ণিত আছে, তাহার স্থল মরীচি উপদ্বীপ। অধুনা তথায় বিহার, ছোটনাগপুর প্রদেশের মজুরগণ, ও ধাঙ্গড়েরা, এবং বঙ্গদেশের অপরাপর লোকসকল সর্বনাই গমনাগমন করিয়াধাকে। ঐ
দ্বীপে পরিশ্রমের অতিরিক্ত ফল লাভ হয়,
এবিধায়ে ঐ সকল লোক অত্যম্পকালের মধ্যেই
যোত্রাপন্ন হইয়া সহ দেশ প্রত্যাগমন করে।

তথায় কলিকাতা হইতে যাইতে হইলে জ্বল-পথে ঠিক দক্ষিণ-পশ্চিমাতিমুথে গমন পূর্বক লক্ষা উপদ্বীপের নিকট দিয়া ছই মাদের মধ্যেই উপস্থিত হওয়া যায়।

মরীচি উপদ্বীপ মাদাগাক্ষার উপদ্বীপের
পূর্ব্বদিগ্বন্তী। ইহার দীর্ঘতা ১৮ ক্রোশ। এই
দেশ বঙ্গদেশ অপেক্ষা শীতল, এবং ইংলগু
হইতে উষ্ণতর। এম্বলে ঋতুর বৈষম্য নাই,
স্কুতরাং ইহা সকলেরই মনোহর।

৩৫০ সাড়ে তিন শত বৎসর হইল পর্জু গিসেরা এই দেশ প্রথমতঃ দেখিয়া ইউরোপীয়
লোকের কর্ণগোচর করেন। পরে ১৭১৫ খৃঃ
অব্দে ফরাসিসেরা অধিকার করিয়া ইহার
"আইল আব্ ফুান্স" এই নাম রাথেন। অবশেষে ১৮১০ খৃঃ অব্দে ইংরাজেরা জয় দারা

হস্তগত করিয়া ইহার নাম "মরীসদ্" (মরীচি উপদ্বীপ) রাখিয়া ভোগ করিতেছেন। এই স্থান শ্রীমতী মহারাণী ও পার্লিএমেন্ট সমাজের শাসনাধীন, শ্রীযুক্ত কোম্পানী বাহাছরের অধীনস্থ নহে। এই উপদ্বীপের প্রধান নগরের নাম "পোর্টলুইদ্" (লুইদ্বন্দর)।

আফ্রিকা ও মাদাগান্ধার উপদ্বীপের অধি-কাংশ কাফ্রিরা এই উপদ্বীপে বসতি করিয়া থাকে। ইহারা পূর্বিকালে এই উপদ্বীপবাদি ইউরোপীয়দিগের ক্রীতদাসত্বে কাল-যাপন করিত, এক্ষণে এই দেশ ইংলগুাধিকৃত হওয়া-তে তাহারা সেই দাসত্ব হইতে মুক্তি পাইয়াছে।

रक्मन् थारि।

>লা জানুয়ারি। ইং সন ১৮৫৬ সাল।

# উপক্রমণিকা ।

ভারত নহাসাগরে মরীচি \* নামে এক উপদীপ † আছে, তাহা করাসীদিগের অধিক্ষত। তথাকার প্রধান নগর সমুদ্রের উপকূলবর্তী। এজন্য তাহা বন্দর লুই ‡ নামে প্রসিদ্ধ হইয়াছে। এ নগরের পশ্চাৎভাগ, এক বিস্তারিত পর্বতমালায় আরত। সেই পর্বতমালার নিজ পূর্বনিকে ছই গৃহস্থের গৃহাদির ভগ্নাংশ ও তাহার আশপাশে রুষিকর্মের পুরাতন চিত্র সকল দেখিতে পাওয়া যায়। যে স্থানে সেই ভগ্নাবশেষ গৃহগুলি রহিয়াছে, সে একটি আশ্চর্য্য গুহা। ভাহার চারি দিক উচ্চ২ পর্বতে বেন্টিত, এবং তাহাতে প্রবেশ করিবার দ্বার একটি মাত্র। ঐ দ্বার দিয়া তাহার মধ্যে প্রবেশ করিতে গেলে ঠিক দক্ষিণমুখে প্রবেশিতে হয়। সেই দারে দাঁড়াইলে যে পর্বত দেখা যায়, তাহার শিথর-मिंग हरें एक, अणि पृत्त य मकन अर्ग्रिशि के দ্বীপে আসিতে থাকে, তাহা বিলক্ষণরূপে দুর্ফিগোচর হয়৷ তদ্বাতীত সেখান হইতে লোকেরা সচরাচর

ইংরাজী নাম 'মারীসন্। ফরাসী নাম "আইল আব ফুলেস"।

<sup>ি</sup> পৃথিবীর স্থলভাগ চতুর্দ্ধিকে জলে বেন্টিও হইলে তাহাকে দীপ বলে, দ্বীপ হইতে কিঞ্চিৎ ক্ষুদ্ধ হইলে তাহাকে উপদীপ কহাযায়।

ইংরাজী নাম পোর্ট লুইস?।

আবশাক্ষতে জাহাজী সক্ষেতাদিও করিয়া থাকে। এই হেতু তক্তা লোকেরা সেই পর্বতের দুরদর্শন\* নাম প্রদান করিয়াছে। ঐ পর্বতের পাদভূমিতেই লই নগর। লুই নগর অবধি বাতাবিকুঞ্জ বা বাতাবি গিরিজা পর্যান্ত প্রসিদ্ধ রাজপথ ঐ পর্বতের ধার দিয়া চলিয়া গিয়াছে। .বাভাবি গিরিজা চতুর্দিকে বেণুবনে পরিহত। দশনমাত বোধ হয়, যেন তাহার চূড়া কোন কুঞ্জাপ্র বিদীর্ণ করিয়া উল্বিত হইয়াছে; এবং তাহা বিস্তারিত প্রান্তরমধ্যে সংস্থাপিত হইয়া এমনি শোভা পাইতেছে, যেতাহা দর্শকমাত্রেরই চিত্ত আকর্ষণ করিয়। লয়। গিরিজার পরে যত ছুর দেখা যায়, ততই জল-ময় বোধ হয়। অত্যে সন্মৃত্ই সমাজখাড়ি বা সমাজ অথাতা। তাহার দক্ষিণভাগে অসৌভাগ্য অস্তরীপ 🛊 ভাহার পরই অকুল মহাসাগর। মধ্যে২ কয়েকটা কুড় ২ নিরাবাস দ্বীপ দর্শন হয়, ভাহাতেই ক্রমাগত একাকার দর্শনের ভঙ্গ হইয়া পড়ে। সেই সমুদায়ের প্রধান দ্বীপের নাম উদ্যমাঙ্ক ¶। চতুর্দ্ধিকে তরঞ্জ-

ইংরাজী নাম 'হাইট্আব্ডিক্ষবরি'।

<sup>†</sup> মহাসাগর হইতে নির্গত, এবং আকৃতিতে প্রায় উপসাগ-রের সমান, আর তাহার মোহানা অতিশয় বিস্তীর্ণ, এমত জলা-শয়ের নাম অংখাত। সমাজ অংখাতের ইংরাজা নাম " বে আান্ দি টুস্ব''।

<sup>।</sup> নতাদীপের এক উচ্চ ভূমিখণ ক্রমশঃ অপ্প পরিসর হইয়া সমুদ্রজনে গুমন ক্রিলে, তাহার অব্যক্তাপকে অন্তরীপ বলে। অসৌভাগ্য অন্তরীপের ইংরাজী নাম কেপ্ আব্ মিক্ষাচন।

<sup>&</sup>lt;sup>©</sup> ই°রাজী নাম • পত্রন্ট আর ইতেবর

নালায় বেন্ডিভ হওয়াতে বোধ হয় যেন ভাহা ঠিক একটি ছুর্গের ন্যায়।

যথন সেই গছরব্বার দিয়া ত্রাধ্যে প্রবেশ করা যায়, তখন পর্বতীয় প্রতিদানিতে কর্ণকুহর বিদ্ধ হইতে থাকে। হঠাৎ শুনিলে বোধ হয় যেন পর্বতেরাই বাতচালিত বনারক্ষণণের এবং অবিরত সমুখিত সাগর তরঙ্গের মশ্মর চট্চট্ শক্ষর অভ্যাস করিতেছে ; কিন্তু সেই কুটীরদ্বয়ের নিকটস্থ ইইলে, আর এ সমস্ত শব্দ কিছুমাত্র অনুভূত হয়না। তথায় সকলি স্থির ও শাস্ত। সেই গুহার চতুর্দ্ধিকে যে সকল গণ্ডলৈল আছে, তাহা অতিশয় সরল। ভাহাতে উচ্চ নীচ এবং বক্রভাব আছে কি না, ভাহা সহসা বোধ করা যায় না। দেখিলে পর নয়নের সাতিশয় প্রসাদ জন্ম। আহা। কি অপূর্ব গুলা নত। প্রভৃতি তাহাদের পরিধিমগুলে জিমিয়া রহিয়াছে!। আর সে সমস্ত, ঐ সকল পর্বতের ঘনাচ্ছন্ন শিথরদেশে জন্মিবাতেই বা তাহা-দিগকে কেমন সুন্দর দেখাইতেছে। আহা। রুটীর পুর্বেষ যথন রামধনু উঠে, তথন তাহাদের চূড়াগ্র সকল কেমন দেদীপামান হয়! এবং রুটি হইলে ভত্ততা ভালনদী \* নামক ক্ষুদ্র নদীট পরিপুরিত হইয়া কতই বা শোভা পায়। কিন্তু গুহার ভিতরে এ সমস্ত কিছুই নাই, সে স্থান একাস্ত শান্ত, এবং সাতিশয় নিস্তব্ধ। পর্বত্বের প্রতিধানি দেখানে শুনাই যায় না, অধিকন্ত ভাহার উপরি ভাগে নিকটে২ যে সকল তালরক

<sup>ং</sup>লাজী নাম পোম রিবর

আছে, বাতাহত হইলে তাহার পাতার শক্ত শুনাও ছুর্ঘট। তথাকার দিবদের আলোক একপ্রকার তেজাহীন বোধ হয়। ঠিক মধ্যাত্র কালেও তথায় রৌদ্র প্রথমর বোধ হয়। ঠিক মধ্যাত্র কালেও তথায় রৌদ্র প্রথমর বোধ হয় না। তাহা দেখিলে বোপ হয় যেন দিবাকর প্রচণ্ড কিরণ হারাইয়া বসিয়াচেন। বিশেষতঃ প্রাতঃকালে তথাকার এক আশ্চর্য্য শোভা অনুভব হয়। সূর্য্য উদয় হইতেচেন এমত সনয়ে, এক পর্বতের ছায়া আরুর এক পর্বতে এবং তাহার ছায়া অন্য এক পর্বতে পতিত হয়। সেই সময়ে তাহাদের স্থলাগ্র চূডাসকলের উপরি স্থ্যাকিরণ লাগিলে, বোপ হয়, যেন নির্মাল আকাশে সুবর্ণবর্ণ অথবা ধূপভায়া বর্ণের চিত্র দেখা যাইতেচে। আহা, কি সুদর্শন দর্শন। এক মুখে কিরপে বর্ণন করিব!।

অনন্তর আমি এ দিক্ সে দিক্ বেড়াইতে ২ এবং
তথায় সেই সমস্ত অসুলত চিত্তরপ্তক বস্তুসকল
দেখিতে ২ মনের মুখে কিঞ্জিৎ অগ্রসর হইয়া সেই
তগ্ন গৃহদ্বয়ের সমীপত্ত হইলাম, এবং পূর্ম্বকালে
তাহাতে কাহারা বাস করিয়াছিল, এখন বা তাহারা
কোথায়, এবং কি প্রকারেই বা তাহার তাভূশ প্রংস
হইয়াছে এই সকল বিষয় চিন্তা করিতে লাগিলাম।
আমি বিসয়া এইরপ চিন্তা করিতেছি এমত সময়ে
এক জন রন্ধ মহাপুরুষ, অতি সামান্য বেশ পরিধান,
মস্তকে পলিত কেশ লম্নমান, অতি গড়ীর আকার,
সরল স্বভাব, হস্তে এক গাছি রুষ্ণবর্গ যাইট অবলম্বন
করিয়া, শুনাপাদে আনার নিকটে আসিয়া উপস্থিত
হইলেন। একে আমি স্বভাবতঃ প্রাচীন ব্যক্তিকে

দেখিবামাত্র তাঁহার প্রতি সম্মান করিবার ইচ্ছা করিয়া থাকি, তাহাতে আবার সেই মহাপুরুষের তাদৃশ সাধুভাব দর্শনে সেই ইচ্ছা আরো বলবতী হইয়া উঠিল।
ইহাতে তাঁহার উপস্থিতি মাত্রেই আমি ব্যস্তসমস্ত হইয়া, তাঁহাকে প্রণাম করিলাম। তিনিও শিক্টরীতি অনুসারে আমাকে তাহার প্রতিদান করিলেন।
অনস্তর ক্ষণকাল আমাকে মস্তক পর্যান্ত বিলক্ষণরূপে
নিরীক্ষণ করিয়া আমার পাশ্বেই উপবেশন করিলেন।

তাঁহার দেপ্রকার ঘনিষ্ঠতা দেখিয়া আমার কিঞ্চিৎ সাহস ও উৎসাহ হইল। ইহাতে আমি স্বিন্য সম্বোধনে তাঁহাকে স্যোধন করিয়া জিজ্ঞাসিতে লাগি-লাম, 'ধর্মপিতঃ! এই যে সম্মুখে ভগ্নাবশেষ ঘর ত্রখানি পতিত রহিয়াছে, ইতিপূর্বে ইহাতে কাহাদের বাস ছিল, অবগত হইতে নিতান্ত বাসনা করিতেছি, যদি ক্লপা প্রকাশ করিয়া আমার এ প্রার্থনা পূর্ণ করেন, চরিতার্থ হই"। মহাপুরুষ, আমার প্রার্থনা ভারণ করিয়া করুণবচনে উত্তর করিলেন বৎস। এই যে ভগ্নাব-শিকী গৃহ দুখানি ও সম্থপতিত পতিত ভূমিগও দেখিতেছ, বিংশতি বংসর পুর্বের এসমস্ত ছুই জন গুহস্তের অধীনে ছিল। তাহারা এস্থলে থাকিয়া বছ বর্ষ পরম সুথে যাপন করিয়া গিয়াছে। আহা, তাহাদের ইতিহাস বড়ই তুঃখজনক। শ্রেবণ করিলে চিত আর্দ্র হইয়া উঠে। তুমি তাহাদের কথা জিজ্ঞাসিতেছ বটে, কিন্তু ভাহাতে ভোমার কোন ফল নাই; কারণ ভোমাকে পথিক দেখিতেছি, কার্য্যবশতঃ ভারতবর্ষে যাত্রা করিতেছ, তোমার এই উপদ্বীপ স্পর্শ কেবল

ইস্থাক্রমেই ঘটিয়াছে। যে সকল ব্যক্তি এখানে বাস করিত, তাহাদিগকে উদাসীন বলিলেও বলা যায়। তাহারা সংসারের কোন বিষয়ই অবগত ছিল না। অতএব তাদুশ অনভিজ্ঞ ব্যক্তিদিগের সুখ সৌভাগ্যাদির ব্লভ্রান্ত শ্রবণ করিলে তোমার কিছুই সম্ভোয হইবেক না। এই পৃথিবীমগুলে যাহারা মহামহিন হইয়া উঠেন, তাহাদের কে কেমন চরিত্রে, কে কেমন সুখসম্ভোগে কলে হবণ করিয়া যান, তাহাদের নিদ্দল ইতিহাস শুনিতেই সকলের ইচ্ছা ও উৎসুক্য প্রকাশ দেখা যায়, যাহারা দীন হীন হইয়া সুখসম্ভোগ করে, তাহাদের কথা কাহার শুনিতে ইচ্ছা হইয়া থাকে?"

রদ্ধের এতাদৃশ বাক্য শ্রবণে আমি যাহার পর নাই
ব্য গ্রতাপুর্বক তাঁহার সমীপে নিবেদন করিতে লাগিলাম "ধর্মপিতঃ! আপনার আকার প্রকার দেখিয়া ও
গুড়ার্থ বাক্য শুনিয়া আমার স্পেন্টই বোপ হইতেছে,
তাপনি যৎপরোনান্তি বহুদর্শী, অতএব প্রার্থনা করি
যদি আপনার অবকাশ অপিক থাকে, তবে এই বিজনদেশের পূর্বতন নিবাসীদের রক্তান্ত আদ্যোপান্ত বর্ণনা
করিয়া আমার মনোবাঞ্জা পূর্ণ করিতে আজ্ঞা হউক।
সাধুদিগের চরিত্র শুনিলে বিষয়ী লোকেরাও সাতিশয়
স্থা ইইয়া থাকেন"। এই কথা শুনিয়া সেই পুরুষপ্রবর আমার প্রার্থনায় সম্মত হইলেন, এবং করাপিতবদনে যেন যথার্থই কোন বিষয়ের রক্তান্ত মারণ
করিতে লাগিলেন এমনি ভাবে, ক্ষণকাল চিন্তা করিয়।
ভাহাদের ইতিহাস কহিতে আরম্ভ করিলেন।

### পাল ও বর্জিনিয়।

#### কথারম্ভ

জুক্তি দেশে দিলাতুর নামক এক যুব। পুরুষ বাস করিতেন, তিনি আপন জীবিকা বিধানের জন্য ফরামী মেনার মধ্যে এক পদ পাইতে অনেক চেষ্টা করিয়:-ছিলেন। ছুরদুউক্রমে তাহার সেই অভীউ সিদ্ধ হয় নাই। তাহার আগ্রীয় স্বজন সকলেই স্বার্থপর ছিলেন। মুত্রাং তাহার জীবিকাবিধানে আর কেহ কোন যতুই করেন নাই। ইহাতে তিনি নিরুপায় হইয়া ম্বনেশ হইতে এই উপদ্বীপে আসিয়া কোনরুপে কিছু অর্থ সংগ্রহ পূর্মকে দিনপাত করিতে মনত করিলেন। ্কিছ্কাল পরে তিনি অনেশীয় এক সন্ত্রান্ত ধনবান কুলীনের এক যুবতী ছহিতাকে সমভিব্যাহারে লইয়া ্ এই উপদ্বীপে আসিয়া উপস্থিত হইলেন ৷ দিলাভূর নিজে বড সদ্বংশজাত ছিলেন না বলিয়া, দেই কন্যার পিতা মাতা তাহাকে জামাতা করিতে অভিলাষী হন নাই ; কিন্তু তাহারা উভয়ে পরস্পর প্রণয়পাশে বদ্ধ হইয়া বিবাহকার্য্য গোপনে সমাধা করিতে আর

<sup>•</sup> এই দেশ ইউরোপ খণ্ডের পশ্চিম দিকে বর্তমান। ফরার্সং নামক মে প্রেসিন্ধ জাতি আছে, এই দেশ তাহাদের জন্মভূমি।

কাহারো অনুমতির অপেকা করেন নাই। এ কারণ বশতঃ দিলাতুরের কিছুই যৌতুক লক্ষ হয় নাই।

অনস্তর তিনি এই উপদ্বীপে\* উপস্থিত হইয়া মনে ২ বিবেচ্না করিলেন ''মেদে্গস্কর † দ্বীপ হইতে জন-কত কাফি, দাস কিনিয়া আনিয়া তাহাদের সাহায্যে এখানে চাস বাস করিয়াই কাল ক্ষেপণ করিব। ননে ২ এই কম্পনা স্থির করিয়া তিনি সেই প্রণয়িনী পত্নীকে এই লই নগরে রাখিয়া মেদেগক্ষর প্রস্থান করিলেন। নেদেশকর এমনি কর্ম্যা স্থান যে কার্ত্তিক অবপি ছয় মাস পর্যান্ত তথাকার জল ও বাতাস অতি বিরুদ্ধ ও অনিষ্টকর হয়। বিদেশীয় ব্যক্তিদের সে সময়ে সেখানে পাকা সাতিশয় ভয়স্কর। বিশেষতঃ ইউরোপীয় ব্যক্তি সেই মহামারীর সময়ে তথায় থাকিলে, তাহার প্রাণ রকা করা অতি সুকঠিন হয়। দিলাত্র তুর্ভাগ্যক্রমে সেই সময়েই তথায় উত্তীৰ্ণ হইলেন এবং অনতিবিল-ষেই নিদারণ জরগ্রস্ত হইয়া কালগ্রানে পতিত হই-লেন। তথাকার দয়াহীন মহাজনের। তাহার নিকট হইতে যথাসর্বন্ধ হস্তমাৎ করিতে আর ক্ষণমাত্রও ক্রটি করিল না। এদিকে ভাহার নিরুপায়া পড়ী অন্তর্মন্ত্রী ছিলেন, যথাকালে ভাঁহারও একটি কন্যাসস্তান হয়।

পরে সেই অভাগিনী নারী লোকমুখে পতির মর্থ সংবাদ পাইবামাত, এককালে অতলম্পর্শ বিধাদসমূলে

<sup>⇒</sup> দিলাভূরের এ স্থানে আসিনার কারণ এই যে ইচা পূর্বে ফরাসীদের অধিকৃত ছিল। এক্ষণে ইচা ইংরাজদের হইরাছে; † ইচা আফুকি। খণ্ডের দক্ষিণপূর্ববেত্রী ভারত্যচাসাগতের কেটি প্রকাণ্ড দ্বীপ।

নিমগ্ন হইলেন। এইরপে কিছুদিন গেলে পর তিনি কিঞ্চিৎ গৈর্যা অবলয়ন করিয়া মনে ২ এই ভাবিতে লাগিলেন এখন ত আনাকে অসহায়িনী হইয়া উপদ্বী-পেই থাকিতে হইল, উপায় কি করি! এমন কোন সংস্থান নাই, যে তাহার অবলয়নে, জীবন যাপন করিতে সমর্থ হই। এ স্থলে কাহারো সহিত আমার আলাপ পরিচয় নাই, কাহার নিকটেও সন্মান নাই, কিরপে দিনপাত করিব।"

এইরপ চিস্তায় মগ্ন থাকিয়া বিবি দিলাতুর, কোন্
দিক্ দিয়া দিবা রাত্রি যাইতে লাগিল, কিছুই জানিতে
পারিলেন না। অভিভাবকের মধ্যে তাঁহার নিকটে
এক কাফি দাসী ছিল, কখন কিছু বলিতে কহিতে
হইলে. সেই দাসী ভিন্ন কোন গতি ছিল না। কাহার
নিকট যাচ্ঞা করা তাঁহার কখনই অভ্যাস ছিল না;
সুতরাং তাহাতে নির্ভর করাও কঠিন বোধ হইল।
আশা ভরসা সকলই এক জনের উপরি ছিল, বিধাতা
তাহাকে তাহা হইতেও বঞ্চিত করিয়াছিলেন! কিন্দু
এতাদৃশ ছঃখের সময়ে তিনিই তাহার মনে সাহসের
সঞ্চার করিয়া দিলেন। তাহাতেই তিনি সেই দাসীর
সহায়তায় এখানকার এক স্থানে রুষিকর্ম করিয়া দিনপাত করিতে মনস্থ করিলেন।

উপদ্বীপ প্রভৃতি পতিত স্থানের নিয়ম এই যে, তাহাতে যদি কোন প্রজা বসিতে চায়, তবে সে যে স্থান মনোনীত করে, সেখানেই বাস করিতে পারে। এইহেতু তৎকাল পর্যান্ত বিবি দিলাতুরের এপ্রদেশর কোন অংশই নিজ বাসস্থান বলিয়া নির্দিষ্ট হয় নাই। তিনি, লোকালয় হইতে নিরালয়ে অধিক মুখ সচ্ছন্দে থাকিতে পারিবেন ভাবিয়া, সেই উর্মরা ও বাবসায় বাণিজ্যের স্থান লুই নগর পরিত্যাগ পূর্ব্বক পর্বতের কোণ ও গুহা প্রভৃতি নিজ্জন স্তানের অবেষণে তৎপর হইলেন। সুথ দুঃখ জ্ঞানবান প্রাণী-নাত্রেই অতিশয় মনঃক্রেশ উপস্থিত হইলে, গহন বন ও পর্বতের গুহা প্রভৃতি বিজন স্থানে থাকিতে ইচ্ছা ভাহারা মনে করে গহন বন ও পর্বতাদি নিজন স্থানে অবস্থিতি করিলেই তাহাদের বিপদের হস্ত হইতে পরিতাণ হইবেক, অথবা বিজন দেশের শাস্তভাবে ভাহাদের আত্মার শাস্তি জন্মিতে পারি-বেক। যাহাহউক, যিনি, যথন যে বস্তব প্রয়োজন হয়, তথনি তাহা দিয়া আমাদিগকে কট চইতে উদ্ধার করিয়া থাকেন, তিনিই বিবি দিলাতরের জন্যে এক অমূল্য স্থীরত আশ্রেম্বরূপ যুটাইয়া রাখিয়া ছিলেন।

তিনি বাস করিবার জন্য ইতস্ততঃ স্থান অন্থেষণ করিয়া বেড়াইতে২ একদিন এই স্থানটি দেখিতে পাইলেন এবং দেখিবামাত্র মনোনীত করিলেন। এক বংসর পূর্ব্বে এখানে আর এক জন স্ক্রীলোক আসিয়া বাস করিয়াছিলেন। তাহার স্থভাব সাহসিক, চিড় দ্যার্দ্র, এবং চরিত্র নিভাস্ত সাধু, ব্রিটানি " দেশীয় ক্রুষকবংশে জন্ম, নাম'মার্গ্রেট। তিনি পূর্ব্বে আপন পরিবারবর্গের যংপরোনাস্তি প্রিয় পাত্র ছিলেন; সুভ-

 <sup>ু</sup>ই দেশ কৃষ্ণি দেশের উত্তর পশ্চিম দিকে আছে।

রাং স্বজাতীয় অধন ব্যবসায়ে থাকিলেও তাঁহার মুখসক্ষদে কালহরণ হইতে পারিত; কিন্তু তিনি আপন
দোষেই সেনকল মুখ হইতে বঞ্চিত হন, তাঁহার প্রতিবাসী এক অভদাচার ভদুসস্তান তাহাকে বিবাহ করিবার আশা দিয়া কতক দিন তাঁহার সহবাসী হন। অবশেষে আপন প্রতিজ্ঞা পরিপূর্ণ না করিয়াই পাকে
প্রকারে তাহাকে পরিত্যাগ করেন।

মার গ্রেট নিজে অতি ভদ্রা ছিলেন, কি করেন: নিরু-পায়া হইয়া সেই নিষ্ঠুর ব্যলীকের নিকট সবিনয়ে প্রার্থন। করিয়া কহিলেন " যদি আমার প্রতি একান্ত নির্দয় হওয়া ভোমার উচিত হয়, হও, কিন্তু এখন আমি অম্ভঃমত্তা হইয়াছি, মস্তান হইলে, যাহাতে তাহাকে প্রতিপালন করিতে পারি, এমন কিছু জীবিকা নিরূপণ করিয়া দাও" এইরূপ কাকুক্তিতেও সে ছুরাচারের কৰ্ণিত হইল না। তখন মার্থেটি নিতান্ত হতাশ হইয়া পড়িলেন এবং দিনে ২ লজ্জায় অভিভূত হুইতে লাগিলেন। কি বলিয়া আত্মীয় স্বজনের নিকট মুখ দেখাইবেন তাহা ভাবিয়াই স্থির করিতে পারিলেন না। অবশেষে মনে ২ এই যুক্তি স্থির করিলেন ''আমার এই পরিজনমগুলীর মধ্যে অবস্থিতি করিয়া মুখ দেখান আরু ভাল দেখায় না। অত্তব কোন নিরালয়ে গিয়া থাকিলেই, আমার এ দোষ ঢাকিতে পারিবেক। আমি অতি হুঃথিনী ব্লষকের কন্যা বটি, কিন্তু পুরুষানু-ক্রমে আমার পিতৃবংশে কোন কলক্ষ নাই; আমিও সেই পবিত্র মান্ধনের অধিকারিণী হইয়াছিলাম, সম্পতি আপন দোষে সেই ধন হারাইয়া বৃষিয়াছি।

এক্ষণে এছানে থাকিতে গেলে, কেবল আমাকে অপ-মানেই জীবন যাপন করিতে হইবেক। সুতরাং এই লোকালয়ে থাকিয়া আর কেন অনর্থক লোকবিদ্বেষ সহ্ করি; কিয়দূর অন্তরে কোন নিরালয় স্থানে থাকিয়া এ কলক্ষের হাত হইতে মুক্ত হই।"

মনে ২ এই কম্পনা স্থির করিয়া মার গ্রেট এই স্থলে আসিয়া বাস করিয়াছিলেন। ইতিপুর্বের তাঁহাকে নিতান্ত ছংখিনী দেখিয়া সদয় ভক্ত মহাশ্যেরা কিঞ্ছিৎ২ অর্থ দিয়াছিলেন; তিনি সেই অর্থ দিয়া এক জনকান্তিক ক্রীত দাস করেন। যৎকালে তিনি এই স্থানে আগমন করেন, তথান সেই দাস তাহার সঙ্গ ছাড়া হয় নাই। এই যে সম্মুখে চাস বাসের চিহ্ন সকল রহিয়াছে দেখিতেছ, এ কেবল সেই ছই জন দাস দাসী-দেরই স্থত্তের করা।

মার্থেট এইস্থানে গৃহে বসিয়া আপন শিশুকে স্থাপান করাইতেছিলেন, এমত সময়ে, বিবি দিলাতুর আসিয়া উপস্থিত হইলেন। তিনি আপনার যেমন অচুন্ট মার গ্রেটেরও প্রায় তদ্রপ দেখিয়া আপাততঃ মনে ২ কিঞ্চিৎ হ্র্যুক্ত হইলেন এবং তাহার নিকটে বসিয়া আপনার মনের যত বেদনা ছিল, সমুদয় বিশেষ করিয়া বর্ণনা করিতে আরম্ভ করিলেন।

নার প্রেট স্বভাবতঃ অতিশয় সদয় ছিলেন, বিবি
দিলাভূরের ছঃখের কথা প্রাবণ করিতে ২ তাঁহার হৃদয়
এক কালে কারুণারসে আর্দ্র ইতে লাগিল। বিবি
দিলাভূর যেমন তাঁহার উপরি বিশ্বাস করিয়াছিলেন,
নার গ্রেট তাহা আরো উত্তেজ করিয়া দিবার বাসনায়

ভাঁহার নিকট আপন দোষের যে ২ ফল ভাঁহার পরি চয় দিতে আরম্ভ করিলেন। অপরিচিত ব্যক্তির নিকটে দোষের কথা বলিলে অপমান আছে এ বিবংস ক্রক্ষেপণ্ড করিলেন না।

এইরূপে উভয়ের আলাপ ও পরিচয়ের পর, মার-গ্রেট অৰপটে ভাঁহাকে কহিতে লাগিলেন 'ভতে: আনি যেন, যেনন কুকর্ম করিয়াছিলান, তাহণর সমুচিত ফল প্রাপ্ত হইয়াছি; কিন্তু ভূমিত তেমন পাপচারিণী নও, তবে কেন তোমাকে এতাদুশ ছুঃখভাগিনী হইছে হইল?"। এই কথা বলিতে ২ অন্তর্বাষ্পাভরে ভাঁচার কণ্ঠাবরোধ হইয়া উচিল, আর কথা কহিতে পারেন এমত ক্ষমতা রহিল না, তথাপি অঞ্চপূর্ণবৃদ্ধন ও গদ-গদস্বরে বিবি দিলাত্রকে কহিতে লাগিলেন "ভয় কি। ভোমার চিন্তা কি ৷ আমি ভোমাকে এই কুটীরেব একাংশ বাস করিতে দিতেছি, ভূমি আমার নিকটে থাক। আমি অতি ননভাগিনী, যদি আমার সহিত-ও তুমি স্থীভাব করিতে চাহিতেছ, স্মানার ইহা অপেক্ষা আরু অধিক ভাগ্য কি ?" বিবি দিল ত্র মার -গ্রেটের এইরূপ আশ্বাসবাক্য শুনিয়া আনন্দ রাখিতে স্থান পান না এমনি হইয়া উচিলেন এবং মনে ২ যৎপরোনান্তি ধন্যবাদ দিয়া তথনি অন্নি তাঁহাকে বাহুলতায় আলিম্বন পূৰ্ব্বক কহিতে লাগিলেন "প্ৰিয়-স্থি। আমি এক জন উদাসীন ব্যক্তি, আমার ছঃখে তুঃখিনী হইয়া তোমাকে যেমন কাতরতা ও দ্য়া প্রকাশ করিতে দেখিতেছি, এমন আমার আপনার জনও কথন করিয়াছে কি না, ভাহার সন্দেহ। যাহ। হউক, বুঝিলাম এত দিনের পর আমার ক্লেশ দূর করিবার জন্য পরনেশ্বরের ইচ্ছা হইয়াছে, নতুবা এমন যোগাযোগ কথনই ঘটিত না।"

নার গ্রেট এ স্থলে উপস্থিত হইলে পর সর্বাগ্রে তাঁহার সহিত আমার আলাপ পরিচয় হয়। আমি এখান হইতে অনপিক তিন ক্রোশ অস্তরে এক পর্বাত-ব্যবহিত অর্ণ্যমধ্যে বাস করি, মার গ্রেটের বাস এই স্থানে চিল, তথাপি আমি তাহাকে অতি ঘনিষ্ঠ প্রতিবেশিনীর ন্যায় বোধ করিতাম।

প্রজাবহুল নগরের বার্টা সকল কেবল প্রাচীর ও রাজপথ নাত্রেই ব্যবহিত হইয়া থাকে, তথাপি তত্রত্য পরিবারদিগের পরস্পর দেখাসাক্ষাৎ হওয়া সংবৎসর-মধ্যেও ঘটিয়া উঠা ভার; কিন্তু এস্থল তেমন নয়, ইহাতে অতি অপ্প দিন হইল লোকেরা বাস করিতে আরম্ভ করিয়াছে, অদ্যাপি এখানে ভালমত প্রজা রাজ্ম হয় নাই। এখানকার লোকদিগের বার্টা ঘর দ্বার কেবল বন ও পর্বতেই ব্যবহিত। পর্বত বন ব্যবধান থাকিয়াও আমরা পরস্পরে পরস্পরকে প্রতিবাসী বলিয়া গণনা করিতাম। বিশেষতঃ তৎকালে ভারত-বর্ষীয় জনপদের সহিত এম্থানের ফেনি সংস্রবই ছিল না, এপ্রযুক্ত কেবল বাসস্থানের ঘনিষ্ঠতা হইলেই লোকেরদের পরস্পর আত্মীয়তা জিয়তে পারিত।

বাপু হে! আমাদের সে এককাল গিয়াছে! তখনকার সংস্থাবের কথা কত বলিব; বলিতে গেলে শেষ হয় না। যে দিন কেহ এখানে নিমক্তিত হইয়া উপস্থিত হইতেন, সে দিন আমাদের আমোদ রাখিবার স্থান পাওয়া ভার হইত। নার্গ্রেটর এক ফুতন সখী প্রাপ্তি হইয়াছে এ কথা পরম্পরায় শুনিবামাত্র, আমি অভিনাত্র
সত্ত্বর হইয়া এখানে ভাঁহার সহিত সাক্ষাৎ করিতে
আইলান। আমার মনের কথা এই ছিল যদি কোন
বিষয়ে ভাঁহাদের কিছু সাহায্য করিতে হয়, তাহা
হইলে আমাদ্বারা কোন না কোন উপকার দর্শিলেও
দর্শিতে পারিবেক। ইতা ভাবিয়া আমি এখানে উপস্থিত হইলাম এবং দেখিলাম বিবি দিলাভূরের রূপে
কুনীর আলোকময় হইয়াছে। শোকে ভাহার লাবণাময়ী মুখছবিতে নলিনতা জন্মিয়াছিল, তথাপি ভাহার
কান্তির কিছুমাত্র ক্লাস করিতে পারে নাই, বরং
আর একখানি বিলক্ষণ শোভাই উৎপাদন করিয়াছিল।

কিছু দিন পরে, আমি বিবি দিলাভূরকে দেখিলাগ, তিনি গর্ম্ভরে নিতান্ত নন্তরা হইয়া পড়িয়াছেন, প্রসব হইতে আর বড় বিলম্ব নাই। ইহাতে আমি তাহাদিগের উভয়কে কহিতে লাগিলাগ "তোমরা উভয়ে পরক্ষার বন্ধুতা করিয়া যে এ স্থলে অবস্থিতি করিতেছ, ইহাতে আমার যৎপরোনান্তি পরিতোষ জন্মিয়াছে, কিন্তু এক গৃহে ছই পরিবারের অবস্থিতি হইলে সর্বতোভাবে ত সামঞ্জম্য হইতে পারে না। অতএব এক কর্ম্ম আছে, বলি শুন, এই গুহার মধ্যবর্তী যে স্থানাধিক বিংশতি বিঘা ভূমি পতিত রহিয়াছে, ইহা তোমরা উভয়ে সমানাংশে বিভাগ করিয়া লও। উত্তর কালে তোমাদের সন্তানেরা যোগ্য হইয়া উচিলে তাহাদের পক্ষে আার কোন অমুবিধা ঘটবার সম্ভাবনা

থাকিবেক ন;। এবং অন্য কেহ আসিয়াও ইহা সহস; অধিকার করিতে সমর্থ হইবেক না ''।

আমার মুখ হইতে এই কথা শ্রবণ করিয়া, ভাহার। উভয়েই আমার নিকটে এই ভূমিথগু বিভাগ করিয়া দিবার প্রার্থনা করিলেন; আমিও তদসুসারে ইহ। সমান অংশদ্বয়ে বিভক্ত করিয়া তাহাদের ছুজনকে সমর্পণ করিলাম। ঐ সম্মুখ্য পর্বতের তালনদীর উৎপত্তি স্থান হইতে উহারি ঐ বিস্তারিত বিদার প্রান্ত এক জনের অংশে প্রতিল। উহার মধ্যে যে স্থান বনময় দেখা যাইতেছে, উহা অতিশয় ছুৰ্গন। বিশে-মতঃ ক্ষুদ্রহ প্রস্তর্থতে ব্যাপ্ত থাকিয়াও মধ্যে ২ নদীর স্তি ও বারণায় পূর্ণ হইয়া ইছা সকলেরই অগনা হই-য়াছে। আর তালনদীর তীর অবধি আমানের এই উপবেশন স্থান পর্যান্ত যে ভূমিখণ্ড, ভাঙা অপর অংশের অন্তর্গত, তালনদী এই স্থান বেইটন করিয়া মাগবের সহিত মিলিত হইয়াছে। এইকপে আমি এই ভূমিখণ্ড সমান ছুই ভাগে বিভাগ করিয়া, এ অংশ তুমি লও, এ অংশ তুমি লও, ইহা না বলিয়া, তাহাদি-গকে কহিলান ''এখন এক কর্মা কর, এই চুই অংশে তোমরা ওটকাপাত \* করিয়া আপন আপন সহ निर्मिष्ठे कविशा नुख"।

ইহাতে তাহারা মহা আমোদপূর্ব্বক সেইরূপ করিয়। লইল। এখানকার ঐতিক্ত ভাগ বিবি দিলাত্রের অংশে পড়িল। নিম্ন ভূমিখানা মার গ্রেটের হইল।

গুটিকাপাতকে অপভাষায় স্কুর্তিখেলা বলে

এইরূপে উভয়কে ভূমি সকল অংশ করিয়া দিলে পর্ তাঁহারা অতিশয় আহলাদিত হইয়া, আমার নিকটে বিনয়পূর্বক কহিতে লাগিলেন " মহাশয়। আপনি আমাদের জন্যে যথেক পরিশ্রন স্বীকার করিয়। এই ভূমি সকল ভাগ করিয়া দিলেন ; এক্ষণে আমরা প্রার্থন। করিভেচি, যাহাতে আমরা এথানে বাস করিতে পারি এমন একট স্থান দেখিয়া তাহাতে আর একথানি খব বাঁপিয়া দেউন ! সে ঘরখানি এম্নি স্থানে করিয়া দিবেন, যেন আমরা ছুই স্থীতে প্রস্পর সাহা্যা ও কথাবার্ত্ত। করিতে সমর্থা হই । ইহা হইলেই আমানেব মনোবাঞ্ছা পরিপূর্ণ হয়"। তাহাদের তাদুশ প্রার্থনায আমি সম্মতি নাদিয়া থাকিতে পাবিলাম না। কিন্দ আর একথানি ঘর কোন স্থানে বাঁধিলে ভাল হয়, তাহা তথ্ন মনে মনে ভাবিতে লাগিলাম। দেখিলাম নার্ত্রেটের ঘর থানি ঠিক গুহার নধাবর্তী এবং তাহারি ভূমিখণ্ডের প্রান্তভাগে অবস্থিত রহিয়াছে। তাহার পরই বিবি দিলাভুরের নিজের ভূমিভাগ। ইহা দেখিয়া আমি মার্ত্রেটের ঘরের পারেই বিবি দিলাত্রের নিজের স্থানে তাহার একথানি ঘর वाधिया मिलाम।

এইরপে ঘর দার প্রস্তুত হইলে পর, সেই তুই প্রিয়নথীতে আপন আপন ঘরে থাকিয়া পরম মুখে সংসারধর্ম করিতে লাগিলেন। বৎস! এই যে তুই থানি ভাঙ্গা ঘর দেখিতেছ, উহা আমারই স্বহস্তে নিশ্মিত। আমি আপন হাতে পর্বাত হইতে চাপড়া কাটিয়া আনিয়া, উহার দিয়াল গাঁথিয়া দিয়া ছিলান এবং তালন্দীর তীর্স্থিত তালগাচ হইতে তালপাতঃ কাটিয়া আনিয়া উহার চাল ছাইয়া দিয়াছিলান। এখন কেবল মাটির চিপি রহিয়াছে। সে সরের কিছুই নাই। কালে২ সমস্তই কালগ্রাদে পড়িয়াছে। তথাপি এখন যাহা কিছু অবশিষ্ট রহিয়াছে, তাহাতে আমার মনে সে কালের কথা সকল তুলিয়া দিতে পারে, যন্দেহ নাই। কালের করাল গ্রাসে কি না পতিত হয়। সে সর্বভক্ষক, ভাহার উদর কিছুতেই পূরে না। তাহার মুখের আহুতি নয় এমন কোন বস্তুই জগতে দেখিতে পাইনা। রাজামধ্যে রাজাদের কীর্তিস্তম্ভ-সকল দায়িকের মত গা ফুলাইয়া দণ্ডায়মান থাকে, কিছুকাল বিলম্বে তাহারও সে অহস্কার চূর্ণ হইয়। যায়। তবে যে সেই সকল প্রণয়িনীদের গৃহাদির চিত্র-সকল এখন পর্যান্তও তাহার আ্রাসে পড়ে নাই, তাহার কারণ কেবল আমাকে ক্লেশ দেওয়া ভিন্ন আরু কোন কারণই বোধ হয় না।

বিবি দিলাতূর সেই মূতন গৃহে বাস করিতে আরম্ভ করিলে পর, তাহার এক কন্যাসস্তান হয়। ইতিপুর্বেং নার গ্রেটের পুত্র হইলে আমি তাহার নামকরণ প্রভৃতি তাবং সংস্কার সম্পন্ন করিয়াছিলাম। এবং তাহার নাম পাল রাখা গিয়াছিল। বিবি দিলাতৃরের কন্যা হওয়াতে, তিনি আমাকে কহিলেন 'মহাশয়! আপনি কর্ত্তা রহিয়াছেন, এবং আমার প্রিয়সখীও আছেন, ছুই জনে ক্লপা করিয়া আমার কন্যার নামকরণ এবং আর যাহা কিছু সংস্কার করা আবশ্যক, তাহা স্মাধা করিয়া দেউন "। এই কথা শুনিয়া আমি অবশা কর্ত্তবা বোধে তাহা স্বীকার করিলাম। শাজ্রের বিধি অনুসারে কন্যার সংস্কার করা হইল; এবং মার ত্রে-টের মতে তাহার বজিনিয়া এই নাম রক্ষিত হইল। নামকরণ সমাপন হইলে পর, মার গ্রেট তাহাকে ক্রোড়ে লইয়া এই বলিয়া আশীর্কাদ করিলেন "যে পরমেশর এ কন্যাকে ধর্মরতা করুন্"।

কতিপয় দিবস অতাত হইলে পর, বিবি দিলাতুর মুস্থ হইয়া উচিলে, তাহারা ছুই স্থীতে মিলিয়া আপ-নাদের দিনপাতের জন্য এই সকল ক্ষেত্রে ক্র্যিকর্ম্ম করিতে আরম্ভ করিলেন। আমিও মধ্যে ২ আসিয়া তাহাদের সেই কর্ম্মে সহায়তা করিতাম, কিন্তু তাহা-দের সমভিব্যাহারে যে ছুই কাফি, দাস ও দাসী ছিল, তাহারাই অবিরত পরিশ্রম করিয়া, যাহা২ করিতে হয় তাহা সমাধা করিত। মারু গ্রেটের দাস দমিলের বয়স অধিক হইয়াছিল। তথাপি চাসবাসের পক্ষে যাহা কিছু করিতে হয়, তাহাতে নিপুণতার কিছু-মাত ক্রটি ছিল না। সে যখন যেমন কাল, ভাহার বিশেষ বলাবল ব্ঝিতে পারিত। তাহাতে কোন শস্য কখন বুনিতে হয়, এবং কখন কি রোপণ করিতে হয়, কখন বা সে সকল প্রস্ত হইলে কাটিতে হয়, তাহা কিছুই তাহার অবিদিত ছিল না। তাহাদের ক্লষি-কর্ম্যে এত উৎপন্ন হইত যে সংবৎসর্কাল তাহাদের খাইবার জন্য আর কিনিতে হইত না। এবং যাহা উদ্ভিত্ত তাহার বিক্য দারা আর ২ প্রয়োজনীয় দ্রব্যও সংগৃহীত হইত। দ্মিঙ্গের মন এমনি নির্দাল ছিল, যে সে নার্থ্রেটের অপেক্ষায় বিবি দিলাভূরের

প্রতি কিছুমাত্রও ভক্তির স্থানতা করিত না। এজন্য বিবি দিলাভূরও ভাহাকে যথেষ্ট ভাল বাসিতেন।

বজিনিয়া ভূমিষ্ঠ হইলে পর, বিবি দিলাভূর আপন দাসী মেরীর সহিত দনিজের বিবাহ দেন। মেরীর জন্ম-ভূমি আফ্রিকাথণ্ডের মাদাগক্ষর নগর। সংসার পর্ম্মের যাহা কিছু আবশ্যক, মেরী সে সকল স্বহস্তে প্রস্তুত করিতে বিলক্ষণ পারক ছিল ; এ কারণ দমিঙ্গ তাহাকে বড়ই ভাল বাসিত। ভাল মন্দ দ্রবাসামগ্রী পরিকাররূপে গুছিয়া রাখা, গৃহাদি মার্জন করা প্রভৃতি দাংসারিক কাজ কর্ম করিতে তাহার ভুলা অন্য কোন জ্রীলোকে পারিত না। এতদ্রিল সে বড়ই বিশাসের পাত ছিল। সে উভয় সংসারে পাকাদি তাবৎ কার্য্য আপন হাতে সম্পন্ন করিত। এবং চামের দ্রব্য সকল যাহ। কিছু সংসারের নিত্য ব্যয় হইয়। উদ্বৰ্ত হইত, সে সমস্ত লুই নগরের বাজারে লইয়া বিক্রয় করিয়া আসিত। সেই ছুই পরিবারের প্রত্যেক ব্যক্তির পরিচয় একে একে প্রদন্ত হইল। একণে তাহ।-দের নিকট যে এক ছাগমিথুন ও একটি কুকুর ছিল তাহারও উল্লেখ করা কর্ত্ব্য। কারণ তাহাদিগকেও ভাহাদের প্রতিপাল্যের মধ্যে ধরিতে হইবেক। গৃহস্ত হইলেও অপর ছুই চারি জন লইয়া পালন করিতে হয়, তাহাদের কাছে উহারাই তেমনি ছিল। मामशीत त्रक्रभारक्रित्व जना तक्रक हाहे, महे कूकूव তাহাই ছিল।

মেই ছুই স্থীতে সংসারের তাবৎ কর্মা করিতেন, এবং প্রিপ্রমের ফল নহিলে তাঁহারা ক্যাচ স্কীয় মুখ সমাপান করিতেন না। স্বয়ং ক্ষেত্রের ভল্লাবপান করিয়া বেডাইতেন। তাঁহারা অতি সামান্য বেশে প্রতি রবিবার প্রভাষে বাতাবি গিরিজায় ভজনা ক্রিতে যাইতেন। বাঙ্গালী দাসীরা যেমন মোটামুটি কাপড় পরিয়া থাকে, তাঁহারাও ঠিক সেই মত পরিতেন। নগরবাসী লোকেরা তাহাদিগকে দেখিয়া পাছে ঘৃণা করে এই ভয়ে, তাঁহারা কম পথ হইলেও লুই নগর দিয়া কদাচ গিরিজায় যাইতেন না। এইরূপ সামান্য ভাবে থাকিয়া তাঁহারা যেরূপ সুখ সচ্ছন্দ ভোগ করিয়া গিয়াছেন. ভাল ভাল পদস্থ সম্পন্ন ব্যক্তিরাও তেমন সুখের সুখী হইতে পারেন না। তাঁহারা প্রায় সর্কা দাই আন্দেদ থাকিতেন। ইহার মধ্যে যদি দৈবাৎ কখন কোন সামান্য ক্লেশ উপস্থিত হইত, ভাহারা পর্য্বাই করিতেন না।

যে দিন তাঁহারা ছই সথীতে গিরিজায় ভজনা করিতে যাইতেন সে দিন তাঁহাদের ফিরিয়া আসিবার সময়ে, দমিজ ও নেরী ছই স্ত্রীপুরুষে ঐ সম্মুখস্থ পর্বতের শিখরে আরোহণ করিয়া পথ চাহিয়া থাকিত। যখন দেখিত তাঁহারা বাতাবিকুঞ্জ উতীর্ণ হইয়া রাজপথে উচিযাছেন, তথনি তাহারা বাস্ত সমস্ত হইয়া শিখর হইতে পর্বতের অপর দিকের নীচে নামিত. এবং তাহাদিগকে উহার উপরি উচিবার সময়ে সহায়তা করিত। ঐ সময়ে দেই কর্রীরাও তাহাদের মুখ দেখিয়া জানিতে পারিতেন যে তাহাদের প্রত্যাগমনে উহারা পরম সম্মুষ্ট হইয়াছে। পরে গৃহে উপস্থিত হইয়া দেখিতে পাইতেন যেটি যুথুন চাই সে সমুদায়-

গুলি তাহারা পরিপাটীরূপে প্রস্তুত করিয়া রাখিয়াছে।
সূত্রাং তাহাদের পরিতোষের আর ইয়তা থাকিত
না। ফলে যাহাদের এমন প্রভুতক্ত দাস দাসী থাকে,
ভাহাদের ক্রতজ্ঞতা ও স্নেহের সহিত সেবা প্রাপ্তি কিছু
আশ্চর্যা ব্যাপার নহে।

মেই ছুই স্থীদের ছুঃখ একপ্রকার ছিল বলিয়া তাহাদের পরস্পর প্রণয়ে আর কিছুমাত্র কপট ছিল না। কেই কাহাকে ডাকিতে ইইলে তাহারা পরস্পর প্রিয়স্থি! ভূগিনি। সহচরি। বলিয়া সম্বোধন করিতেন। অধিক বলা বাহুল্যা, বস্তুতঃ, ভাহাদের যে পরস্পার ভেদ সে কেবল দেহেতেই ছিল এইমাত, অন্য আর কিছুতেই তাহাদের ইতরবিশেষ ছিল না। তাহাদের পরস্পার ভেদ না থাকিবার কারণ শ্রবণ কর । তাহা-দের ইফী ও অনিফী লাভালাভ, এবং আহার ব্যবহার সকলি একাকার ছিল। বিশেষতঃ যৎসামান্য কাজ কর্ম করিবার আবশাক হইলেও, তাহা উভয়ের প্রক্য ব্যতীত কদাচ সম্পন্ন হইত না। কথন ২ তাহারা মনোছঃখের গতিকে চকের জল ও দীর্ঘ নিশাস পরি-ত্যাগ করিতেন, কিন্তু তথনই আবার তাহাদের ধৈর্য্য উপস্থিত হইত। ভাহার। সাতিশয় ধার্মিক ও বুদ্ধি-মতী ছিলেন, একারণ ব্রিতে পারিতেন, যে আমাদের এ শোকের বিষয় সকল মনুষ্যের আয়ত্ত নহে; সুতরাং তাহাতে অধিক ক্ষণ মগুনা থাকিয়া আপনা আপনিই তাহা হইতে কান্ত হইতেন।

শিশুরা, স্নেহ প্রকাশ করিতে হয় এমন কোন কথা জানে না, কেবল যেুমুন শিক্ষা পায় তেমনি শিথে, এই কারণ বশতঃ সেই ছুই নাতা আপন্থ বালক বালিকাকে. প্রথমতঃ ভাই বোনকে যাহা বলিয়া ডাকিতে হয়, সেই সকল সম্পর্কের কথা শিখাইতে লাগিলেন। শিশু-রাও তদবধি কেহ কাহাকেও ডাকিডে হইলে সেইরূপ সম্মোধন করিয়া ডাকিত। বাল্যকাল অবধি এইরূপে শিক্ষিত হইয়া তাহারা প্রস্পার আবশ্যক কার্য্যসাধনে সহায়তা করিত। বর্জিনিয়া কিঞ্চিৎ বড হইয়া উঠিলে সংসার্থর্দোর অনেক কার্য্যের ভার ভাষার হল্পে সম-পিত হয়। বিশেষতঃ সে ভোজনের বিষয়ে তত্ত্বাব-ধান করা এবং সকল প্রকার খাদ্যদ্রব্য প্রস্তুত করার ভার স্বেচ্ছাপুর্বক গ্রহণ করে। বর্জিনিয়া স্বহস্তে দ্রব্যাদি প্রস্তুত করিত বলিয়া পালের যৎপরোনাস্তি আমোদ জন্মত। সে এই উপলক্ষে বর্জিনিয়াকে সতত্রধন্যবাদ ও প্রশংসা করিত। তাহাতে বর্জিনি-য়াও আপনার শ্রম সফল এবং আপনাকে চরিতার্থ জ্ঞান করিত। এই সকল ক্ষেত্রে চাসবাস করা ও পর্বতীয় রন হইতে জালানি কাঠ ভালিয়া আনার বিষয়ে দমিক্তকে সহায়তা করা পালেরই কর্মা ছিল। পাল বনে গিয়া যদি ভাল ২ ফল, কিয়া ছানাগুজ পাখীর বাসা দেখিতে পাইত, ভাহা হইলে সে সেটি ভৎ-ক্ষণাৎ তথা হইতে ভাঙ্কিয়া আনিয়া বর্জিনিয়ার হস্তে সমর্পণ করিত। যদি দৈবাৎ কথন একটি শিশুকে কোন স্থানে একাকী দেখা যাইত, তথনি অমনি আর একটিকে তাহার অনতিদুরে অবস্থিত দেখা পাইতে আর কিছুমাত্র বিলম্ব হইত না।

এক দিবস আমি পর্বত হইতে নামিয়া তাহাদের

গৃহহর অভিমুখে আসিতেছিলান। আসিতে আসিতে
দেখিতে পাইলান, বর্জিনিয়া উদ্যানের পুাস্তভাগ হইতে
অতি দ্রুতবেগে ধাবনান হইয়া আসিতেছে। তথন
শুজুনি ২ র্ফি হইভেছিল বলিয়া, সে আপন পরিধেয়
বস্ত্রের অঞ্চল পৃষ্ঠদেশ হইতে তুলিয়া মাথা ঢাকিয়া
আসিতে লাগিল। দেখিবামাত্র হঠাৎ আমার বোপ
হইল সে একাকিনীই আসিতেছে, সঙ্গে আর কেহই
নাই। ইহাতে আমি সম্বরে ভাহাকে আশ্রয় দিবার
জন্য আগিয়া আসিতে লাগিলাম। নিকটে আসিয়া
দেখি যে পালও তাহার সঙ্গে আসিতেছে, এবং ছই
জনে হাত ধরাধরি করিয়া এক বসনের অঞ্চলে
আপন ২ মস্তক ঢাকিয়া রাখিয়াছে। রুফির সঙ্গে২ যে
বাতাস হইতেছিল তাহাতে সেই অঞ্চলখানি ক্ষীত
হইয়া এননি বোধ হইতে লাগিল, যেন লেডার সস্তান
ছটি অগুথণ্ডে আরত হইয়া আগ্রমন করিতেছে। \*

এইরপ পরস্পর সাহায্য করাই তাহাদের অপরিসীম
আনন্দের মূলীভূত কারণ হইতে লাগিল। অহর্নিশি
তাহাদের এ সকল ব্যাপার ভিন্ন আর কিছুই অনুশীলন
করা হইত না। লেখা পড়া প্রভৃতির কিছুই তাহারা অবগত ছিল না। কখন সেই বিম্মাক্তনক
পদার্থ দেখিলেও তাহার তত্ত্বানুসন্ধান করিতে ইছ্ক
হইত না। তাহারা এই সকল পর্বত এবং ক্ষেত্রের

<sup>•</sup> একপুরাণে কথিত আঁছে টিণ্ডুস রাজার হংসরগী মহিষী লেডা জুপিটর দেবের ভজনা করিয়া এক ডিস্ব প্রসাব করেন, সেই ডিস্বমধ্যে এক সর্ববাঙ্গস্তম্মর পুত্র ও তজ্ঞপ এক কন্যা চিল্।

শীমার বাহিরে কি আছে তাহা কিছুই জানিত না। অপিক আরু কি বলিব, ভাহারা এই উপদ্বীপকেই সমগ্র পৃথিবী বলিয়া বোধ করিত। তাহাদের আশা ভরসা সমস্তই এসকল স্থানের বস্তুর উপরি ভিন্ন আরু কিছ-তেই ছিল না। মার্থোট ও বিবি দিলাভুরের যে ক্ষমতা ছিল, তাহা পরস্পারের উপকার ভিন্ন আর কুত্রাপি নিয়োজিত হইত না। পাল ও বর্জিনিগার কোমল মন কথন বিজ্ঞানশাস্ত্রের আলোচনায় বিরক্ত হইত না। শিক্ষকের শাসনে কখন তাহাদের নয়ন হইতে অঞাবারি বিগলিত হইত না। ফলে সভাব-छात याहारमत मान कथन अनी जित्र मक्शात है हम नाहे, তাহাদের নীতিশিক্ষার বিষয়ই বা কি?। লাভ ও অলাভ, জয় ও পরাজয় যাহা কিছু সকলই তাহাদের একাকার ছিল, সুত্রাৎ যদি তাহাদের এক জন অপ-রের দ্রের লইয়া ব্যবহার করিত, তাহা হইলে অপরে ভাহা চৌর্য্য দোষ বলিয়া ধর্ত্তব্য করিত না। শাক পাত ফল মূলই তাহাদের নিয়মিত আহার চিল, তদ্তির যাহাতে রুচি হইত তাহাও খাইত। এই সকল কারণ বশতঃ কোন বিষয়ে তাহাদের অপরিমিতাচার ঘটিয়া উঠিত না। শিশুদিগের মধ্যে, এমন কোন বিশেষ দ্রব্য ছিল না যে এটি অন্মুকের অসাধারণ, কিন্তু **অমুক্ষেব্ৰু**ন্য়, এই কথা লইয়া কোন বিবাদ উপস্থিত হয়। মুতরাৎ তাহাদের পরস্পর প্রতারণা করিবারও ইচ্ছা হইত না। শিশুরা জননীদের উপর যাহার পর নাই ভৃক্তিও প্রদাকরিত। জননীরাও নিতাম্ভ সম্ভ-তিবৎসলা ছিলেন। সুতরাং "পিতা মাতার দ্বেষ-

কারী সন্তানদিগকে পর্নেশ্ব দণ্ড করেন এবং তাহা-বাও অস্তে নরক্ষাত্না সহা করে " এ কথা তাহাদের कर्वकृद्दब् कथन अरवन कद्व नारे। वालककालाविध ভাহারা যে ধর্মবিষয়ে শিক্ষা পাইত, ভাহা অতি সহজ। ক্ষণকালের জন্য উৎকট বলিয়া তাহাদের মনে প্রতীতি হইত না। ভজনালয়ে গিয়া যেরপে পরমেশবের আরাধনা করিতে হয়, ভাহারা ভাহার কিছুমাত করিত না, কেবল সময়ে২ এক২ বার তাঁহার উদ্দেশে হাত-ত্থানি যোড় করিয়া তুলিত এই মাত। আর জননী-দের উপরি যতদূর পর্যান্ত শ্রদ্ধা ও ভক্তি করিতে হয় তাহাতে কিছুমাত্রও ক্রটি করিত না। তাহারা যে-রূপে পরমেশ্বরের উপাসনা করিত, বলিতে গেলে ভাহাই যথার্থ উপাসনা বলিতে হয়। ভাহাই সাধুদের সম্মত। তাদৃশ উপাসনায় কাল, অকাল, স্থান, অস্থানের কিছুমাত বিবেচনা নাই। যথন তথন যেখানে সেখানে করিলেই তাহা সিদ্ধ হইতে পারে। তাহারা এইপ্রকার উপাসনাই উৎক্রম বলিয়া মনা-ধান কবিত।

এইরপে তাহার। শৈশবাবস্থা অতিক্রম করিয়া কৌমারাবস্থায় পদার্পণ করিলে পর, তাহাদের শরীরে রূপ
লাবণ্য, এবং মনেতে ক্ষুন্তি, সাহস, উৎসাহাদি ক্রমশই রুদ্ধি পাইতে লাগিল। তাহাদিগকে সেই অবস্থায় দেখিলে পর, সন্ধলেরই মনে প্রীতি জন্মিত।
ভাহারা তথন সাংসারিক কার্য্যের তাবং ভার স্বহস্তে
লইয়া জননীদিগকে নিশ্চিম্ভ করিয়াছিল। বর্জিনিয়া
প্রতিদিন প্রভাতকালে কুক্ক টার্মনি শুনিতে পাইলেই

অম্নি সর্বাত্রে গাতোখান করিত এবং নিভা ২ সংসারে যত জল লাগিত, তাহা ঐ পর্বতের ঝরণা হইতে ভুলিয়া আনিত। পরে সমস্ত পরিবারের জন্য প্রাতরাশ আপন হস্তে প্রস্তুত করিত। মেরী বাসন কোশন মাজা, ঝাঁইট পাঁইট দেওয়া এ সমস্ত কাজ কর্মা করিতে থাকিত। ক্ষণকাল পরে পর্বতের চ্ডায় রৌদ্র উচিতে দেখিয়া মার্ত্রেট ও তাঁহার পুত্র, বিবি দিলাতুরকে সঙ্গে লইয়। আপনাদের ঘরখানির ভিতর উপাসনা করিতে আরম্ভ করিতেন। দওখা-নিক পরে তাহা সমাপন করিয়া সকলে মিলিয়া উঠা-নে কলাতলায় প্রাত্রাশ করিতে বসিতেন। ঐ সকল কলাগাছের পাতা তাহাদের ভোজনপাত রাখিবার আন্তর হইত, এবং পরিণত ফলগুলিতে বিলক্ষণ আহার চলিত। তুইটি বালক বালিকা ভাদুশ প্রকৃতি-সম্ভব পুষ্টিকর দ্রব্য সামগ্রী আহার করিতে২ ক্রমশঃ কান্তিপুট হইয়া উচিতে লাগিল। তৎকালীন তাহাদের মুখের যে অপুর্ব 🕮 হইয়াছিল, দেখিলেই তাহাদের অন্তঃকরণ নির্মাল ও প্রসন্ন বোধ হইত।

যথন বজিনিয়ার দাদশ বর্ষ বয়ঃক্রম হইল, তথন তাহার দেহে একথানি অলৌকিক লাবণ্যময়ী ছায়।
প্রকাশ পাইতে লাগিল। আহা! তাহার মুখথানি
যেন আমি এখনও দেখিতে পাইতেছি। উজ্জ্লহ
কুন্তলগুলি সেই চাঁদ বদন খানির আশে পাশে পড়িয়া
যেরপ তাহাকে মুশোভিত করিত, তাহা মনে হইলে
আর ক্ষণমাত্র ধৈর্ঘ্য ধারণ করিতে পারা যায় না।
আ মরি! যে ব্যক্তি তাহার সেই ছুটি মনোহর চক্ষু

একবার নয়নগোচর করিয়াছে, তাহার কি নীলনলিন দর্শনে আর অভিকৃচি আছে!। ভাহার ওঠাধরের रर्पत मरम श्रवान मनित जुनना मिया कि कान वाकि পরিত্প্ত হইতে পারে ?। বিবেচনা কর দেখি, একে তাহার মুখথানি সহজেই সুন্দর, তাহাতে আবার এই সকল অলক্কারে অলস্কৃত হইয়াছিল, সুতরাৎ তাহা দেখিলে মন না ভ্লিবার বিষয় কি?। মুখে২ বর্ণনা করিয়া আমি তাহার সেই মুখঞীখানি কেমন করিয়া ব্যক্ত করিব? তাহার চক্ষ চুটির এমনি স্বভাবসিদ্ধ মনোহর ভাব ছিল, যে তাহা তাহার কথোপকথনের সময়ে দেখিলে পর সভেজ অথচ উল্লসিত বোধ হইত। যখন সে চুপ করিয়া থাকিত, তথন তাহার দৃষ্টিটি কিছু উদ্ধ হইত, ইহা আনি বিলক্ষণ অনুভব করিয়া দেখি-য়াছিলাম। তদবস্তাতে মুখ দেখিলে ভাহার যে বি-শিষ্ট বৃদ্ধিমন্তা ছিল, তাহা সুচারুরপেই প্রকাশ পাইত। পাল তৎকালে যৌবন-সীমায় পদার্পণ করিয়াছিল। তাহারও কিছু বিশেষ কহি শুন। তদবস্থায় তাহাকে मिथित मन्त्र्न मारमी ७ वीत-शूक्तरवत नागा ताथ হইত। তাহার দেহ বর্জিনিয়ার চেয়ে দীর্ঘতর এবং বর্ণ অপেকারত মলিন। তাহার রঙ্গ মলিন হওয়ার কারণ এই যে, সে অনবরত গাত খ্লিয়া রৌদ্রে২ বেড়াইত এবং সেই ভাবে খেত খোলার কাজ কর্ম্মও করিত। কখন রুফিই এক পসলা তাহার উপরি দিয়া যাইত। শরীরের এইরূপ অনাদর ও অযতু করাতে তাহার বর্ণটা একপ্রকার দৌত্রপোডা মলিনের মত হইয়া গিয়াছিল। পালের নাকটি ঈষৎ উন্নত ছিল।

চোখ ছটি আকর্ণ দীর্ঘ অথচ সুচাররপ সতেজ রক্ষবর্ণ।
দেখিবামাত্র একটা প্রকাশু বীর পুরুষের মত বোধ না
হইয়া যাইত না। সেই চকুর পক্ষাগুলি যদি বড়ং না
হইত, তাহা হইলে তাহার যাতৃশ সতেজভাব ছিল,
তাহাতে আরো কর্কশ বোধ হইত; সুতরাং সে চাহিবামাত্র অন্য কোন ব্যক্তির ভীত না হইবার বিষয়
ধাকিত না। কিন্তু সেই লম্বাং পক্ষাদ্বারা তাহার নয়ন
ছটি এমনি মানাইয়াছিল, যে তাহার শোভা ও সুকুনারতার বিষয় বর্ণনা করিয়া উঠা ভার।

পালের এক অসাধারণ সভাব এই ছিল, যে সে কাজ কর্ম ছাড়া কখনই কোন সময় অনর্থক নম্ভ করিত না। म कार्या गुरु बाह्य, ब्रथन कान बारमान প্রমোদ করিতেছে, এমত সময়ে যদি বর্জিনিয়া তাহার নিকট আসিত, তাহা হইলে সে তথনি অমনি সে সকল কাজ কৰ্মা ফেলিয়া ভাহার সহিত একত্র উপবিউ হইত। কথন বা ভাহারা ছুই জ্পনে কথাবার্তা না করিয়া কিছু আহারাদি করিতে থাকিত। সে সময়ে ভাহাদিগকে দেখিতেই এক অপরূপ। ভাহাদের শাদাহ পায়, মোজা ও জভা কিছুই থাকিত না। তাহারা সেইপ্রকার সহজ-মুন্দর ভঙ্গিতে উপবেশন করিত। যদি ভাহাদের প্রতি অকক্ষাৎ কাহারো দুর্ফিপাত হইত, তাহা হইলে তাহার মনে শাদা পা-ভরের প্রতিমূর্তি বলিয়া প্রতীতি না হইয়া যাইত না ; কিন্তু তাহাদের সে চক্রবদনে যথন ছাত্তগিনীর স্নেহ-ময় হাস্য প্রকাশ পাইত, এবং সেই উভয়ের চারি চকু একত্র নিলিত হইত, তথন তাহাদিপকে দেখিলে স্বর্গীয় কোন অপ্সরা জাতি, অথবা অন্য কোন প্রণয়-ধন প্রাণী বলিয়া বোধ হইত। যথন তাহারা পর-স্পার নিরীক্ষণ ও হাস্য করিত, অথচ মুখে কোন কথাটি কহিত না, তথন দেখিলে পর কাহার না বোপ হইত, যে সামান্য কথা দ্বারা আন্তরিক প্রীতিকে ব্যক্ত করা তাহাদের কদাচ অভিমত নহে।

প্র কি ঘটনা হইবেক, এই চিন্তাই দিবানিশি করেন, কিন্তু তদ্বিয়ে কিছুই স্থির করিতে পারেন না। মধ্যে মধ্যে তিনি এমনও ভাবনা করিতেন, যে আনি মরিলে ইহার ভরণ পোষণ কে করিবেক? না জানি মেয়েটা তখন কন্ত ক্লেশই পাইবে। মনে২ এই সকল বিষয় আন্দোলন করিতে২ তিনি তখন এককালে উদ্বেগসমুদ্রে নিমগ্ন হইতেন। কিন্তু কি হইবে, কি উপায় করিতে হইবে, এবং কিসেইবা ভাল হইবে, ভাহার বিষয় কিছুই স্থির করিতে পারিতেন না। সুতরাৎ ক্ষণকাল প্রনেশ্বরের নিক্ট প্রার্থনা করিয়া জাপনাআপনিই ক্ষান্ত হইতেন।

কুলিদেশে বিবি দিলাভূরের এক প্রাচীন পিসী তথন পর্যান্তও বাঁচিয়া ছিলেন। সেই রন্ধার যেমন কুলমর্য্যাদা তেমনি ধন সম্পত্তি, উভয়ই প্রচুররূপ, কিন্তু তাঁহার এক কুস্বভাব এই ছিল, যে আপনি যেটা ধরিতেন সেইটিই বলবৎ করিয়া বোধ করিতেন। ভাঁহার সহিত অন্যের মতান্তর হইলে তিনি তাহাকে যাহার পর নাই দ্বেষ করিতেন। সেই রন্ধা ইইতেই বিবি দিলাভূরের এত ক্রেশ। ফলে সেই রন্ধা তাঁহার

সকল অনর্থের মূল। বিবি দিলাতুরের অপরাধের কথা বলিতেছি তুমি শুনিয়া বিবেচনা কর। তিনি, যাহার সহিত ননের মিলন হইয়াছিল, তাহাকেই পতিপদে বরণ করিয়াছিলেন এইমাত। ইহাতেই সেই বুদ্ধা তাহাকে যৎপরোনাস্তি তৎসনা করেন এবং নির্দিয়ভাব প্রকাশপূর্কক তাহাকে একেবারে স্পষ্ট করিয়া কহেন যে "তুই একেবারে আনার মন হইতে গিয়াছিস্, জন্মাবিছিলে আনি আর তোর মুখ দেখিব না, এবং তোর কখন কিছু উপকারও করিব না"।

এই সমস্ত কার্নেই বিবি দিলাতুর যুবক দিলাতুরের সঙ্গিনী হইয়া এই উপদ্বীপে আইসেন। তিনি অতিশ্য ক্লেশে পড়িলেও যে সেই পিনীকে জানাইতে চাহিতেন না, তাহার প্রধান কারণ এই। কিন্তু তথন আর তাহার দে অভিমান করিলে চলিবে কেন। সন্তানের জননী হইলে কাহারো অহঙ্কার সাজে না। বিবি দিলাতুর এত দিন অহঙ্কার করিতেন শোভা পাইত, এখন তাহার কন্যার কিসে লালন পালন হয়, কিসেই বা উত্তর কালে তাহার চলিতে পারে, সেই ভাবনাই প্রধান হইয়া উচিল। এক দিন তিনি মনেং বিবেচনা করিলেন, পিনী আমাকে গালিই দেউন, আর তিরস্কারই করুন, বজিনিয়ার জন্য একবার তাঁহার কাছে কিছু যাচ্ঞা করিয়া পাঠাইতে হইবে; নচেৎ আর অন্য কোন উপায় দেখিতে পাই না।

মনে মনে এই প্রকার বিবেচনা করিয়া বিবি দিলা-ভূর আপন পিসীকে এই বলিয়া এক পত্র লিখিলেন যে "আমি আপন স্বামীর সঙ্গে এই মরীচি উপদ্বীপে আসিয়া উপস্থিত হইলে পর কিছু দিন বিলয়ে তিনি কালগ্রাসে পতিত হইয়াছেন। একণে আমি অনাথা ও অসহায়া হইয়া এস্থানে রহিয়াছি। পতির মরণের পর আমি ভাঁহার কিছুমাত ধন পাই নাই। কিছু ছিল ধ্বাসর্কার অপরের পর্যাপ্ত হইয়াছে। অর্থা-ভাবে এখানে এমনি ক্লেশে পড়িয়াছি, যে আপনার উদর পোষণ করাও একান্ত কঠিন হইয়া উচিয়াছে। না হয়, আপনার ক্লেশই হউক, ভাহাও নয়, প্রমে-শ্বর আবার একটি কন্যা দিয়াছেন, সেটির ভর্গ পোষ-ণের জন্য আমাকে যথোচিত যাতনা সহ্য করিতে হই-তেছে। এ অনাধমগুলীতে আনার মুধপানে চায় এমন কাহাকেও দেখিতে পাই না। ভুমি পিসী হও বলিয়াই তোমার নিকট ছঃখের কথা জানাইতেচি. অপরের কাচে হইলে কদাচ এ কথা বলিতাম না, আর বলিলেও অপর হইতে কোন উপকার হইবার সম্ভাবনা নাই। যাহা হউক পিসি ! মেয়েটি লইয়া বড় ছঃখ পাইতেছি, ৰদি অনুগ্ৰহ করিয়া ভুমি আমাকে কিছু পাঠাইয়া দাও তাহা হইলে আমাকে জন্মের মত কি-निया दांथ "।

এইরপে বিবি দিলাতুর কাকৃতি বিনীতি করিয়া সেই পত্রখানি লিখিয়া পাঠাইলেন, কিন্তু সে রন্ধা তাহার কিছুই উত্তর দিলেন না। বিবি দিলাতুরের মন ক্ষণ-কালের জন্য অসম্ভুট পাকিত না। সুত্রাং তিনি তাদুশ অপনানে জ্রক্ষেপও করিলেন না। তিনি মনে মনে বিলক্ষণ জানিতেন যখন তিনি আপন পরিবার বর্গের অমতে আপন বিবাহ নির্বাহ করিয়াছিলেন তখন

ভাহারা ভাঁহার নামে জ্বলিয়া উঠিবেক ভাহাতে কোন সন্দেহ নাই। সুত্রাং তিনি সেই অপমানকে আর মূতন বলিয়াই ধর্ত্তব্য করিলেন না। বিশেষতঃ তিনি তখন সন্তানবাৎসলারসে এমনি নিমগ্রা ও মতপ্রায়া হইয়াছিলেন যে তাঁহার তখন অপমানের উদ্বোধ হওয়াই দুর্ঘট। এই সকল কারণবশতঃ তিনি পত্রের কোন উত্তর পান নাই, বলিয়া কিছুমাত কুল হইলেন না। যদি সে রদ্ধা এই উপলক্ষে তাঁহাকে আরো কতগুলা গালি তিরস্কার দিয়া লিখিয়া পাঠাইতেন তাহা হইলেও বোধ হয় তিনি তাহা অনায়াসে সহ করিতে পারিতেন, ভাহাতে কোন সন্দেহ নাই। তিনি মনে২ ব্রিয়াছিলেন আমার ছঃথে পিসীর ছঃখ হউক বা নাই হউক, আমার কন্যার উপরি তাঁহার অবশ্যই কিছু দয়া প্রকাশ হইবেক, তাহার ভুল নাই। মনে মনে এইরূপ ভাস্তির পর্বশ হইয়া ভিনি আরো কয়েকবার ভাহাকে পত্র লিখিয়াছিলেন, কিন্তু কে কার কথা শুনে ? তিনি একটি কথাও তাহার উত্তর পাই-লেন না।

তিন বৎসর পরে বিবি দিলাতুর শুনিতে পাইলেন যে ১১৩৮শ বঃ অন্দে ক্ষেপেদশবাসি মনস্থার দিলা-বর্দন্মই এই উপদ্বীপে গবর্ণর হইয়া আসিবার সময়ে, ভাহার পিসী তাঁহাকে দিয়া ভাহার জন্য এক পত্র পাঠাইয়া দিয়াছেন। পত্রখানি ভদবধি ভাঁহার কাছেই রহিয়াছে। এই কথা শুনিবামাত্র ভিনি বোধ করি-লেন যে এতদিন যে আমি ধৈর্যা ধরিয়া রহিয়াছিলাম, বুঝি পরমেশ্বর ভাহার ফল আমাকে প্রদান করিলেন। এই কথা মনেহ বিবেচনা করিয়া বিবি দিলাতুর অমনি সত্ত্বে বন্দরলুইতে গমন করিলেন। তথন তিনি হর্ষে এমনি জড়প্রায়া হইয়াছিলেন যে গবর্ণরের কাছে যাইতে গেলে পরিচ্ছন্ন হইয়া যাওয়া উচিত কি না সে বিষয়ে আর কিছুমাত্র অনুধাবনই করিলেন না। সম্ভানের কুশলের জন্য মাতার আকাজ্জা যত দূর পর্যান্ত বাড়িতে পারে তাহার স্থানতা না হওয়াতে তিনি তাহাতে মুক্ষপ্রায় হইয়াছিলেন। এবং হয়ত তিনি ঐ গবর্ণরে পুরুষ জ্ঞানই করেন নাই। বিবি দিলাতুর পত্তের জন্য গবর্ণরের কাছে গমন করিলেন বটে, কিন্তু সে পত্র তাঁহার অভীফাদিজার উপযুক্ত ছিল না। তিনি মনেহ যে সমস্ত আশা করিয়াছিলন সেই পত্রখানি তাহার নিতান্ত বিপরীত।

রজা ভাতৃকন্যাকে এই বলিয়া পতা লিখিয়াছিলেন যে ''আমি তথনি বুঝিতে পারিয়াছিলান, ভুই দুর্দ্দশা রাখিতে আর স্থান পাইবি না। তোর তথন আগ্রীয় স্বন্ধনের কথায় কাণ দিতে মন যায় নাই, তাহার সমুচিত কল এখন বসিয়া ভোগ কর। আমরা ভোর ভাল করিয়া বেড়াইতান, আমাদের কথা ভোর ভাল বোধ হয় নাই। ভোর কেবল মতিছেল বৈত নয়। নহিলে ভুই আপন ইছায় একজন ঘোর লক্ষ্পট ও বর্ষর প্রাটকের হস্তে বা পড়িবি কেন? যে জন এত দূর পর্যন্ত রেপুর পরবশ হইয়া স্বেছাচারী হয়, ভাহার এ সকল দুর্গতি ও শান্তি হওয়া বিচিত্র ব্যাপার নহে। যার বেমন কর্মা ভার ভেমনি ফল ভোগ করিতে হয়, এ কথা কি ভুই কখন কাণে শুনিস্ নাই। ভুই তথন

যে বড় আপন ইচ্ছায় বিবাহ করিয়াছিল। সে সময়ে ভুই পরে কোথায় দাঁড়াইবি একথা একবার মনেতেও করিতে পারিস্নাই। তুই আমাদের **এ অকল**য় কুলে কালি দিয়াছিস্, ভুই তেমন কর্মা করিয়া এ কুল ছাড়িয়া যে দূরে রহিয়াছিন, ইহাতে আমরা একপ্রকার পরিতাণ পাইয়াছি। তোর মত বৈরিণীর কি মুখ দেখিতে আছে। তোর মত কলঙ্কিনীর কি কথা শুনিতে আছে। তোর উপকার করায় ত কোন ফল নাই। তোর ছঃথে ত ছঃখ বোধ হয় না। ভুই এখন কোন্মুখ লইয়া ছুঃখের কথা লিখিয়া পাঠাইস। তোর ছঃখ ত কিছু নাই, যেখানে তুই রহিয়াছিস্লে যেমন উর্বার, তেমনি পরিক্ষত স্থান; সর্বাতোভা-বেই ত ভাল স্থান শুনিতে পাই। অলগ ভিন্ন কর্মাণ্য वाक्ति मार्क्ट रमथारन धक्छ। नग्न धक्छ। उलारम दिन-পাত করিতে পারে। তবে কেন তোর এত তুঃখ হইতেছে "।

এইরপে ব্লা আপনার ভাতৃকনাকে সেই পত্রে বাহার পর নাই ভর্মনা করিয়া আপনারও গোটাকত গুণের কথা স্মরণ করাইয়া দিবার জন্যে পত্রের শেষে লিখিয়াছিলেন "দেখু দেখি, বিবাহ করিলে পরিণামে অমুখ ঘটিবেক বলিয়া আমি একাকিনী এ জন্মটাই কট্টাইলাম"। সেই ব্লার অতিশয় কুলাভিনান ছিল, এই কারণবশতঃ তিনি সংকুলজাত ও সংপাত্র নহিলে কখন বিবাহ করিব না, এইরপ প্রতিজ্ঞা করিয়াছিলেন। তিনি প্রচুর ধনবতী ছিলেন, এবং যে দেশে বাদ করিতেন সেখানেও ধনের কথা ও

ধনের চর্চা বই অন্য বিষয় অধিক ছিল না; প্রস্ত যাহার। বিশিষ্ট কুলে জন্মিয়া ও ধনবান হইয়া নিষ্ঠুর ও ছুর্জনের সহবাস করিতে অনুরক্ত, তাদৃশ কুলোক-দিগের মুখাবলোকন করিতে তাঁহার কখনই কুচি হইত না।

সর্ধশেষে বৃদ্ধা ঐ পত্তেতে পুনশ্চ পাঠে এই লিখিয়াছিলেন যে ''আমি অনেক ভাবিয়া চিস্তিয়া এই যে
গবর্ণর ঘাইতেছেন ইঁহার নিকট ভোর জন্য কিছু
অনুরোধ করিয়া পাঠাইলাম, তুই ভাহা জানিতে
পারিবি''। বাপু হে! সেই বৃদ্ধা গবর্ণরের কাছে।
যে অনুরোধ করিয়াছিলেন, ভাহাতে যে বিবি দিলাভূরের পক্ষে কোন উপকার দর্শিতে পারিত ভাহা
কোন মতেই সম্ভব নহে; বরং ওাঁহার নিকট ভাতৃকন্যার এত ছর্নাম করিয়াছিলেন, যে ভাহাতে ভাঁহার
শক্ততা প্রকাশ করাই স্পান্টরূপে ব্যক্ত হইয়াছিল।

প্রদিকে বিবি দিলাতূর, পত্র আসিয়াছে সংবাদ পাইবামাত্র অমনি ব্যস্ত সমস্ত হইয়া এই প্রদেশের গবর্ণর দিলাবর্দান্ন ইর নিকটে উপস্থিত হইলেন। কুসংস্কারাবিউ নহেন এমন ব্যক্তিমাত্রেই বিবি দিলাতূরকে দেখিলে অভিশয় মান সমুম এবং কিসে ভাঁহার উপকার হয় এমন চেকা না করিয়া থাকিতে পারিতেন না, কিন্তু হুর্ভাগ্যক্রমে সেই গবর্ণরের মন এমলি বিপরীত হইয়াছিল, যে তিনি তথন তাঁহাকে বিষদ্ফিতেই দেখিলেন। বিবি দিলাতূর মেয়েটি লইয়া যে প্রকার হুরবস্থায় পড়িয়াছিলেন, তাহা তাঁহার নিকটে আদ্যোপ্ত বর্ণনা করিয়া কহিতে লাগিলেন, কিন্তু তিনি সে

সকল কথা শুনিয়া তাঁহার হাতে দেই পত্রথানি দিয়া কেবল তুই চারি কথায় সজ্জেপে এই উত্তর করিলেন '' তাল, দেখা যাইবেক; এ বিষয়ে বিবেচনা করিব। বিশেষ কারণ না দেখিতে পাইলে, আমি আপাততঃ কিছু উপায় করিতে পারি না । তুমি যেমন, এমন আরো শত সহত্র ব্যক্তি ছংখা আছে। কেবল ছংখের কথা শুনিয়াই যদি তোমার উপকার করিতে হয়, তবে আরহ সকলে কি অপরাধ করিলেক? তুমি সদংশে জিলিয়া তাহা যে প্রকার কলক্ষিত করিয়া আসিয়াছ তাহাতে তোমার বিলক্ষণ অভদ্রতা প্রকাশ পাইন্য়াছে। কলে তুমি বড়ই কুক্ম করিয়াছ"।

এইরপ কর্কশ উত্তর পাইয়া বিবি দিলাতুর এককালে একান্তহতাশা ও ভগ্নমনোরথা হইয়া পড়িলেন।
কি করিবেন ভাবিয়া চিন্তিয়া স্থির করিতে না পারিয়া
তথা হইতে গৃহে ফিরিয়া আইলেন এবং পরিবারের
কাহারো সহিত কোন কথা না কহিয়া পত্রখানি একহানে ফেলিয়া অতি বিমর্য ভাবে একধারে বসিয়া
রহিলেন। ক্ষণৈককাল বিলম্বে মার্গ্রেট্কে নিকটে
ডাকিয়া কহিলেন "সখি! এত কালপর্যান্ত যে পিসীর মুখ চাহিয়া ছিলাম, আজি ভাহার সমুচিত কল
পাওয়া গিয়াছে। এ দেখ ভাঁহার পত্র পড়িয়া রহিয়াছে" মার গ্রেট্ এই কথা শুনিবামাত্র অমনি কই কই
বলিয়া সন্থরে সেই পত্রখানি তুলিয়া লইলেন। তুলিয়া লইলেন বটে, কিন্তু আপনি ভাহা পড়িতে পারিলেন না। সেই ছই গৃহন্থের মধ্যে কেবল বিবি দিলাতুবই লিখিতে পড়িতে জানিতেন এই মাত্র। সুতরাং

\*শোক সম্বরণ করিয়া ভাঁহাকেই তাহা পাঠ করিয়া শুনা-ইতে হইল। মার্থেট পতের নিঠর মর্ম শুনিয়া এককালে অবাক্ হইয়া রহিলেন। থানিক পরে সজ-লনখনে কহিতে লাগিলেন ''স্থি! ভাল, আমাদের যেমন ৰূপাল তেমনি প্লাকিলেইত ভাল হয়। আতীয় সজন বন্ধু বান্ধবের নিকট সাহায্য প্রার্থনায় আমাদের প্রয়োজন কি? তুঁহারাই যেন আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন, যিনি বিশ্বস্তুর প্রমেশ্র, তিনিত আমাদি-গকে বিস্মৃত হন নাই। আমাদের পিতা, মাতা, অভি-ভাবেক প্রভৃতি সকলই ভিনি, যখন যাহা জানাইতে হবে, তখন তাঁহাকেই জানাইলে ভাল হয়, তিনি অব-শাই তাহার বিবেচনা করিবেন। তাঁহার অনুগ্রহেতে স্মামরা এখন পর্যান্তও কোন ক্লেশ পাই নাই। ভবি-ষাতে কখন্ কি হট্বে, সে জনা তোমার অগ্রে এত ভাবনা চিন্তা এবং ক্ষোভ করিবার আবশ্যক কি? সবি-শেষ জানিয়াও তুমি এত অবোধের মত কাজ কর কেন ?।

এইরপে নার এেট ভাঁহাকে বিস্তর বুঝাইতে লাগিলন। কিন্তু মর্মান্তিক বেদনা বোধ হইয়াছিল বলিয়া, ভাহাতে ভাঁহার মন প্রবোধ মানিলেক না। অবিরত নয়ন-জলধারায় বক্ষঃস্থল ভাসিয়া শাইতে লাগিল। মার্থেটের মন অতি কোমল ছিল, অপ্পেতেই আর্ফ্রেট। তিনি অনেক ক্ষণ পর্যন্ত বিবি দিলাভুরকে বুঝাইয়া অবশেষে ভাঁহার রোদন দেখিয়া আর বিনা রোদনে থাকিতে পারিলেন না। দেখিতে ২ ভাঁহার নয়নদ্য অঞ্জলে পরিপূর্ণ হইয়া উঠিল; এবং অন্ত-

र्वाष्ट्रभ छाँहात कर्रुष्मम व्यवकृष्ट हहेन । उथन मिनाजुत তাঁহাকে "না, না, প্রিয়দখি। আর কাঁদিও না" বলিয়া বাছলভায় আলিঙ্গন করিলেন। ভৎকালে পাল ও বর্জিনিয়া কিঞ্চিৎ অন্তরে ছিল, সহসা জননী-দিগকে কাঁদিতে দেখিয়া, চ্ততবেগে ভাঁহাদেব নিকটে আইল। এবং স্বিশেষ কারণ না জানিতে পারিয়া তাঁহাদের রোদন দেখিয়াই মহাব্যাকুল হইতে লাগিল। বর্জিনিয়া ভয়ে কাঁপিতে কাঁপিতে একবার আপনার মাতা ও একবার পালের মার কাছে যাইতে ও আসিতে লাগিল, এবং এক একবার ভাঁহাদিগকে আলিঞ্চন করিয়া অঞ্জল মুচাইয়া দিতে লাগিল। পাল সেখানে দাঁডাইয়া রাগে থর থর করিয়া কাঁপিতে লাগিল। কি জন্য মায়েরা কাঁদিতেছেন, কেবা তাঁহা-দিগকে এমন করিয়া কাঁদাইলেক, এবং কাহার উপ-রিই বা ইহার শোধ ভুলিতে হইবেক, সে তাহার কিছুই জানিতে না পারিয়া, কেবল অন্যমনক্ষের মত দণ্ডায়মান রহিল, এবং পায়ের বুড় আঞ্ল দিয়া মুক্তিকা খনন করিতে লাগিল।

নেরী ও দমিক আপন আপন কাজ করিতেছিল।
তাহারা স্বামিনীদের ক্রন্দনের শক্ষ শুনিবামাত তথাব
আসিয়া উপস্থিত হইল, এবং দেখিল, তাঁহারা কেবল
অনবরত রোদনই করিতেছেন, পাল রাগে বাড
হেঁট করিয়া নিকটে দাঁড়াইয়া রুহিয়াছে। ইহা দেখিয়া
তাহারাও যাহার পর নাই ব্যাকুল হইয়া কাঁদিতে
আরম্ভ করিল। তৎকালে এ স্থানে তাহাদের হাহাকারের আর সীমা পরিশেষ রহিল না। কেহ বলি-

তেছে "মা সকল কাঁদিতেছ কেন? কেহ জিজ্ঞাসিতেছে 'গৃহিণী ঠাকুরাণীরা রোদন করিতেছ কেন? কেহ নিষেধ করিতেছে ''হে মা! আর কাঁদিও না কাস্ত হও '' এই সকল কথা বলিতে২ তাহারা সপরিবারে একেবারে উচ্চম্বরে রোদন করিতে আরম্ভ করিল।

বিবি দিলাতুর সাক্ষাতে সেই প্রকার অকপট প্রণ-रयत िङ्क मकल पिथिया त्रामन श्टेट काल श्टेटनन, এবং "এস ২ বাবা এস, এস ২ মা এস " বলিয়া পাল ও বর্জিনিয়াকে কোলে করিয়া লইলেন। এবং বার বার মুখ চুম্বন করিয়া তাহাদিগকে এই বলিয়া সাস্ত্রনা করিতে লাগিলেন " বাছা সকল! চুপকর ২, আর কাঁ-দিও না। আমি আর কিছুর জন্য কাঁদি নাই, কেবল তোমাদের জনাই এত ক্লেশ বোপ হইয়াছিল, এখন আবার তোমাদের মুখ চাহিয়া অন্তঃকরণে প্রবোধ দিলাম। এখন যে সুখ বোধ হইল, তাহাতে অকক্ষাৎ বে ছঃখটা আসিয়াছিল, তাহা এক কালে দৃর হইয়া গিয়াছে"। ছেলেরা এ সকল কথার মর্মা বুঝিতে পারিল না, কেবল তাহারা মাতাদের মনে পুর্বের মত শাস্তি জন্মিয়াছে দেখিয়া, তাহাদের মুখপানে চাহিয়া রহিল, এবং মৃতু মৃতু হাস্যের সহিত তাহাদি-গকে নানা প্রকার সোহাগ করিতে লাগিল। এইরূপে সেই দোষহীন পরিবারেরা আত্মসুখ সম্পাদন করিয়া গিয়াছে। তাহাদের তুঃখের কারণ তিল-প্রমাণ হইলে, তাহারা তাহাকে ক্ষণেকের মধ্যে তাল-প্রমাণ করিয়া ভুলিত।

এইরূপে প্রতিদিন সেই বালক ও বালিকার মূতন

মৃতন বৃদ্ধির কৌশল ও মিদ্ধ প্রণয়ের চিহ্ন সকল প্রকাশ পাইতে লাগিল। তাহাদের এক দিনের স্নেহের কথা বলি, প্রাবণ কর। এক রবিবার সেই কর্ত্রীরা অতি প্রত্যুবে উঠিয়া উপাসনা করিবার জন্য বাতাবি গিরিজায় গমন করিয়াছিলেন। এমত সময়ে কোথা হইতে এক মাগী কাফুীদাসী তাহাদের উঠানে আসিয়া উপস্থিত হইল, এবং কলাতলার ছায়াতে উপবেশন করিল। তাহার শরীর কেবল অন্থিচর্ম্যার, এবং মুখ্যানি যেমন শুদ্ধ তেমনি স্লান হইয়াছিল। আর তাহার পরিধেয় বস্ত্রখানি সাতিশয় মলিন এবং শত্তর্প্রস্তু কেবল তন্ত্রুসার মাত্র। দেখিলে অবশাই দুঃখিত হইতে হয়, সন্দেহ নাই।

তথন বর্জিনিয়া ঘরের ভিতরে বসিয়া পরিবারদিগের জন্য জলযোগের দ্রব্য সামগ্রী প্রস্তুত করিতেছিল। মাগী কথন কোন্দিক্ দিয়া আসিয়াছিল,
ভাহা সে দেখিতে পায় নাই। পরে সে ঘরের ভিতর
হইতে বাহির হইবামাত্র, সেই মাগী সম্বরে উঠিয়া
গিয়া ভাহার পাছখানি ধরিয়া কাঁদিতে লাগিল।
কর্জিনিয়া ভাহাকে "আহা! ভুমি কাঁদ কেন? ভোমার
কি হইয়াছে? আমার কাছে বল" এই কথা বার ২
জিজ্ঞাসা করিতে লাগিল। ইহাতে সে অতি করুণম্বরে
কহিতে লাগিল" মা! আমি অতি ছঃখিনী, অনাথা,
আমার কেহই নাই। একমাস হইল, আমি এখানকার বনমধ্যে প্রবেশিয়া নানান্থানে ঘুরিয়া বেড়াইভেছি; কাহারো আগ্রয় পাইতেছি না। মাসাবধিই
প্রায় কিছু খাইতে পাই নাই; এককেক্সুধায় ও ভূঞায়

আমার প্রাণ কঠাগতপ্রায় হইয়া উঠিয়াছে। ব্যাধেরা শিকারী কুকুর লইয়া বনে ২ শিকার করিয়া বেড়ায়, আমিও তাহাদের পশ্চাৎ২ থাকিতাম; আমার ক্লেশের बात পরিশেষ নাই। এই উপদ্বীপে রুফানদীর উপ-কলে একজন ধনবান ক্ষক আছেন, আমি ভাঁহার নিকটে দাসী ছিলাম, ভাঁহার নিষ্ঠুরতার কত কথা কহিয়া জানাইব। এই দেখ মা। আমার সর্বাঙ্গে কত শত ২ প্রহারের চিত্র সকল রহিয়াছে। তিনি কথায় ২ দিবারাত আমাকে নিগ্রহ করেন, একারণ আমি ভাঁহার দাস্যকর্ম পরিত্যাগ করিয়া পলাইয়া আসিয়াছি। একণে মা। তোমার শর্ণাগত হইলাম, কিঞিৎ দ্যা প্রকাশ করিয়া আমাকে এযাতা রক্ষা কর; নহিলে আমার প্রাণ যায়" এই সকল কথা কহিয়া সেই দাসী ষর্জিনিয়ার নিকট আপনার গাত্র প্রালয়া প্রহারের চিত্রু সকল দেখাইতে ২ কহিতে লাগিল "দেখ্যা! আমার ষাত্তনা দেখ। রক্ত মাংসের শরীরে আর কত যাত্রা সহা যায় বল দেখি। হে দেখ মা। আমি এ যাতনার হাত থেকে এড়াইবার জনা জলে ড বিয়া মরিতে চেষ্টা क्तियां क्रियांम, किन्छ (कामता धर्यात्न तान क्रिया तहि-য়াছ জানিতে পারিয়া, একবার তোমাদের নিকট ছঃখের কথা কহিতে আইলাম। একণে যাহা উচিত হয় কর "।

কাক্রি দাসীর মুখ হইতে সেই স্ক্রুল তুঃখের কথা শুনিয়া ও তাহার গাতে প্রহারের চিহু সকল দেখিয়া, বর্জিনিয়ার মন একেবারে দয়ারসে আর্ড্রান্ট্রন। ইছা-তে সে কাতরভাপ্রকাশপূর্বক ভাহাকে যথেউ আখাস मिया कहिल "विका। कलाल मन्द्र हरे तह ब नकल घर्षेना इस, क्रिट्र कि ? अठ गांकून इटेख ना, धीत হও, ভোমাকে কিছু 🍲 সাম্ঞী আনিয়া দিতেছি, অগ্রে খাও, পরে বাহা বিহিত হয় করা বাইবেক"। এই বলিয়া বর্জিনিয়া খরের ভিতর খেকে এক পাত্রপূর্ণ খাবার সামগ্রী আনিয়া তাহার সম্মুখে উপস্থিত कतिल। मात्री मात्री अपनक मित्नत शत छेश्क्रके দ্রব্য সকল আহার করিয়া সাতিশয় পরিতোষ প্রাঞ্চ হইল। সে আহারাদি করিয়া নিশ্চিশু হইয়া বসি-য়াছে, এমত সময়ে বজিনিয়া, সেই মাগীকে কহিল "হাঁগোৰাছা! আমি ভোমার সঙ্গে গিয়া ভোমার উপরি ভোমার প্রভুর ক্ষমা প্রার্থনা করিয়া আইলে কি তোমার পক্ষে কোন উপকার দর্শিতে পারে? তোমার এ ছুঃখ দেখিলে যদি তাহার ছুঃখ বোধ না হয়, তবে ৰোধ হইবেক ভাহা হইতে কঠোরহৃদয় এ ভূমগুলে আর কেহই নাই। এখন বিবেচনা কর দেখি, যদি আমি গেলে ভোমার কোন বিশেষ ফল দর্শে তবে আমাকে সঙ্গে করিয়া তথায় লইয়া চল "। এই কথা গুনিয়া মাগী অমনি আহলাদে কহিয়া উচিল ''আহা মা! যদি তুমি এইটি করিতে পার, ডাহা ছইলে তোমার কি না করা হয়। আমার উপরি আ-মার প্রভুর কোপ শান্ত করিয়া দিতে পারিলে আমি এ যাতা পরিতাণ कीই। ইহার জন্য আমাকে যাহা করিতে অনুমতি করিকে, আমি তাহাতেই সমত ও প্রস্তুত আছি। তুমি আমাকে যে সাজ্যাতিক কুধা कुक्शांत्र ममत्य अन जन निया श्रांश त्रकी कतितन, कामि

ভোমার অভিমত তিন্ন কোন কার্য্য করিতে প্রব্রুত্ত হইব না।

অনন্তর বর্জিনিয়া ব্যস্ত 📲 হইয়া, পালকে নিক-छाकिया कहिन " < एक पाना! अहे अनाथा</li> স্ত্রীলোকটি আপন প্রভুর নিকট হইতে বিস্তর নিগ্রহ পাইয়া এখানে পলাইয়া আসিয়াছে, এবং আসিয়া আমার শরণাগত হইয়াছে। আমি উহার সঞ্চে গিয়া উহার প্রভুর নিকট কিছু অনুরোধ করিয়া আসিতে চাই; ভুনি আমার সঙ্গে চল"। পাল এই ৰুণা শুনিয়া তথনিই সম্মত হইল। অনস্তর সেই কাফি-দাসীকে সঙ্গে লইয়া, পাল ও বর্জিনিয়া বহির্গত হইল। তাহারা পথ ঘাট কিছুই জানিত না, আগে২ সেই মাগী যে পথ দিয়া যায়, তাহারাও সেখান দিয়া যাই-তে লাগিল। মাগীও বড় পটুছিল না। যাইতে২ এমনি এক ছুৰ্গম পথ ধরিল, যে সেখানে কেবল সোজা সোজা পর্বত বহিয়া উঠিতে এবং কটে সূটে তাহার অপর দিক্ দিয়া নামিতে হয়। আবার তাহার মধ্যে গহন বন, জঙ্গল, নদী, নালা, ঝরণা প্রভৃতিও পার হইতে হয়। সে জানিলে এমন পথে কদাচই ু যাইত না। যাহা হউক, এইরূপে তাহারা তাহার সঙ্গেহ সেই সকল দুর্গম পথ উত্তীর্ণ হইয়া কৃষ্ণানদীর উপ-কূলে উপস্থিত হইল, এবং দেখিল, তথায় এক অপূৰ্ম অউালিকা, ফল ফুলে মুশোভিত 🛡 ক্লমমূহে পরিরত হইয়া সাতিশয় শোভা পাইতেছে। আর ঐ সকল স্থানের চতুঃসীমার ক্ষেত্র সকল বিবিধ প্রকার শস্য-সমূহে বিক্ষিত হইয়া রহিয়াছে; অপর সেই সকল ক্ষেত্রে বছসন্থাক লোক জন ক্ষাবিকশ্ব করিতেছে; এবং কর্তার মত এক ব্যক্তি দক্ষিণ হস্তে যক্তি, বাম হস্তে ছঁকা লইয়া তামাকু খাইতেহ তাহাদের কাজকর্দোর তত্ত্বাবধান করিয়া বেড়াইতেছেন। কর্তা ব্যক্তির শরীরটি বড় দীর্ঘ নয়, বড় থর্বাও নয়, মধ্যমরূপ, কিন্তু অভিশয় ক্ষণ। চক্ষু ছটা কোটরে প্রবেশ করিয়াছে; তত্ত্পরি জ্রছটিও সন্ধুচিত। স্বভাব নিতান্ত তমোময়। বস্তুতঃ তাহার মূর্ত্তিটা অভিশয় ভয়ানক ছিল। বর্জিনিয়া পালের সঙ্গেহ অকুভোভয়ে তাহার নিকটে উপনিয়া পালের সক্ষেহ অকুভোভয়ে তাহার নিকটে উপনিয়া পালের সক্ষেহ অকুভোভয়ে তাহার নিকটে উপনিয়া পালের সক্ষেহ করিয়া আপনার পশ্চান্থ্রিনী এই দাসীটির অপরাধ মার্জনা করন্। অপরাধ মার্জনা করিলে পরমেশ্বর অবশ্যই মঙ্গল করিবেন "।

বর্জিনিয়ার তাদৃশ প্রার্থনার সময়ে ফ্রবককে বোধ হইল, বেন তিনি তাহাদের অতি সামান্য পরিচ্ছদ দেখিয়া ইতরলোক বিবেচনায় সে সকল কথা শুনিয়াও শুনিতেছেন না। খানিক ক্ষণ পর্যস্ত সেই সর্বাহ্যস্থারী বর্জিনিয়ার রূপলাবণ্য, বিশেষতঃ কুঞ্চিতালকে তাহার সেই চাঁদমুখ খানির সাতিশয় শোভা নিরীক্ষণ করিয়া সদয়ভাবে তাহার সেই সুমধুর বাক্যের উত্তর না দিয়া থাকিতে পারিলেন না। তিনি অমনি আপনার যফিগাছটি উর্দ্ধে তুলিয়া সাতিশয় দূঢ়বাক্যে কহিতে লাগিলেন 'পরমেশ্বর' সাক্ষী! আমি যথার্থ বলিতেছি, আমি কেবল তোমার অসুরোধেই এবার উহার দোষ সকল মার্জনা করিলাম। এ অনুরোধ অন্যের হইলে আমি কদাচ শুনিতাম না। আর

উহাকে ক্ষমা করিয়া পরমেশ্বরকে প্রীত করাও আমার উদ্দেশ্য নহে"। বজিনিয়া ক্রয়কের প্রমুখাৎ এই কথা শুনিবামাত্র অমনি সেই দাসীকে ইঙ্গিত দারা জানাইয়া তাহার হৃদয়কে নির্ভয় করিল, এবং আর কালব্যাজ না করিয়াই পালের সঙ্গে তথা হইতে প্রস্থান করিল।

তাহারা যে পথদিয়া গিয়াছিল প্রত্যাগমন কালে সেখান দিয়াই আসিতে লাগিল। প্ৰিমধ্যে উচ্চ পর্বতের উপরি উঠিবার সময়ে তাহাদের বড়ই কষ্ট বোধ হইতে লাগিল। একে ভাহারা তত বেলা পর্যান্ত কিছুই আহার করে নাই, তাহাতে আবার দাত আট ক্রোশ পথ চলাতে নিতান্ত প্রান্তও হইয়াছিল। মুত্রাং আরু অধিক চলিতে সমর্থ না হইয়া, সেই পর্বতের উপরিভাগে এক ব্লক্ষের তলে উপবিষ্ট হইল। বর্জিনিয়া ক্রুপায় ও ভূফায় এমনি কাতর হইয়াছিল, যে সেখানে থানিককণ বসিয়া থাকিতে ২ তাহার সর্বাঙ্গ শিথিল হইতে লাগিল। এবং অবিলয়েই ভূমি-শ্যা অবলম্ব করিয়া নিদ্রিত হইল। পাল তাহার ভাদৃশ কাতরতায় অতিশয় ব্যাকুল হইয়া কহিল "বর্জি-নিয়ে। এখন কি করি বল দেখি ! বেলা ত ছুই প্রহর অতীত হইয়াছে ; কুপায় ও ভূফায় ভূমি বড়ই কাতর হইয়াচ দেখিতেচি। এ পর্বতের উপরি যে কিছু খাই-বার দ্রবাসামগ্রী পাওয়া থায় এমন বোধ হইতেছে না। করি কি ? কোথায় যাই ? চল আমরা ছজনে এখান হইতে, নামিয়া পুনর্কার সেই ক্রমকের নিকটে গমন করি এবং তীহার নিকট হইতে কিছু খাদ্যদ্রব্য চাহিয়া

লইয়া আহার করি, নচেৎ আর কোন উপায় দেখি-তেছি না"।

পালের এই কথা শুনিয়া বর্জিনিয়া কহিয়া উঠিল "নানাভাই ও কথামুখে আনিও না। সেই ক্লয-কের আকার প্রকার দেখিয়া আমার ভয় হইয়াছিল. আর আমি তাহার কাছে প্রাণ থাকিতেও যাইব না। তোমার কি মারণ হয় না ভাই? মায়েরা আমাদিগকে সর্বাদা কহিয়া থাকেন " ছুটের অন্ন বিষভুল্য"। পাল কহিল "ভাল সেখানে যেন নাই গেলে, এখনকার কৰ্ত্তব্য কি তাহা বল। এখানে কোন গাছে কিছু ফল দেখিতে পাইতেছিনা, যে তাহা খাইয়া দিবাভাগ যাপন করিব। বনের মধ্যে ইতস্ততঃ অন্বেষণ করিলেও কাঁচা লেবু, বুনো ভেঁতুল মিলাও ভার, আর ভাহা পাইলেই বা এসময়ে কি উপকার দর্শিবেক?" এই সমস্ত কথাবার্তা হইতেছে এমত সময়ে তাহারা শুনিতে পাইল পর্বতের এক স্থানে কল ২ শক্তে ঝর্ণাপাত হইতেছে। শুনিবামাত্র ভাহারা তৎক্ষণাৎ উঠিয়া সেই দিকে চলিল, এবং অবিলয়ে সেই নির্মারের নিকট উপ-স্থিত হইয়া তাহার জলে হস্ত মুখ প্রকালন ও কিঞ্চিৎ পান করিয়া আপাততঃ শ্রান্তি দুর করিল। অনন্তর সেখান হইতে ফিরিয়া আসিবার সময়ে বর্জিনিয়া দেখিল একটি পর্বভীয় খেজুর গাছে কাঁদি২ ফল ফলিয়া রহিয়াছে। দে ফল খাইতে অঁতি মিট ও সুসাত্। গাছটি যেমন সরল তেমনি দীর্ঘাকার ছিল, কিন্ত তাহার মূল অবধি অগ্রভাগ পর্যান্ত এমনি এক প্রুকার কঠোর বল্কল বা চুমুরীতে ব্যাপ্ত, যে তাহাতে উঠা সহসা কাহারো সাধ্য হইত না। পালের সঙ্গে কোন অন্ত্র ছিল না, যে তাহা দিয়া সে সকল কাটিয়া পথ পরিষ্কারপূর্বক তাহার উপরি উঠিবে। সে তখন মনে২ করিল, অগ্নি লাগাইয়া এ সকল দক্ষ করিয়া ফেলি, কিন্তু সেখানে আগুন পাওয়াও সহজ ব্যাপার নহে। সমভিব্যাহারে চক্মকিও ছিল না যে তাহাদ্বারা অগ্নি তুলিয়া সেই কার্য্য সমাধা করিবেক। এইরপে অনেক কণ ভাবিতে২ কাফ্নিরা যেমন করিয়া আগুন তুলিয়া থাকে, হঠাৎ তাহা তাহার স্মারণপথে উপস্থিত হইল। দেখ কি বিচিত্র ব্যাপার, যাহার যখন যেটা আবশ্যক হয়, তখন তাহার প্রাপ্তিবিবরে, একটা নয় একটা উপায় হইয়া পড়ে।

অতঃপর পাল, বন হইতে ছইখানি অতিশয় নীরস
শুক্ষকান্ঠ ভাঙ্গিয়া আনিল, এবং আগাসক একখানা
পাতরের খণ্ড কুড়াইয়া লইয়া তদ্ধারা সেই কান্ঠদ্বয়ের
একখানার মধ্যে একটি গর্ত্ত অন্যথানার অগ্রভাগ
সেই গর্ত্তের উপযুক্ত সক করিয়া প্রস্তুত করিল। পরে
প্রথম কান্ঠখণ্ডের গর্ত্তমধ্যে দ্বিভীয়ের অগ্রভাগটি প্রবেশিত করিয়া ঘন২ পাক দিতে আরম্ভ করিল। এইরূপে কণকাল পাক দিতে২ ভাহা হইতে তুই এক
অগ্নির ক্ষুলিঙ্গ প্র্যুম নির্গত হইতে লাগিল। ইতিপূর্ব্বে গাছকত শুক্ত্ব্ণ একত্র করিয়া একটি লুটি পাকাইয়া নিকটেই রাখিয়াছিল, ঐটি তখন সেই ক্ষুলিঙ্গে
ধরিবামাত্র অবিলম্বেই জ্বলিয়া উঠিল। পাল অমনি
সেই জ্বন্ত লুটটি লইয়া সত্ত্বে সেই রক্ষের মূলে লম্বন
মান চুমুরীতে ধরাইয়া দিলে পর, সেই সকল বাকল

ক্রমে২ দক্ষ হইয়া ভূমিতে পতিত হইতে লাগিল। ইহাতে পথ পরিক্ষত হইতে আর বিলয় হইল না।

অগ্নি নির্মাণ হইয়া গেলে পর, পাল সেই বুকে আরোহণ করিয়া ভাহা হইতে সেই সকল কল পাডিয়া আনিল। তন্মধ্যে পরিপক্ত ফল সকল বাচিয়া২ আপ-নারা অগ্রেই ভোজন করিল। তাহাতে তাহাদের এক প্রকার ক্ষরিবতিরও ব্যাঘাত হইল না। পরে অবশিষ্ট অপক ফল সকল সেই বুক্ষতলম্ব উষ্ণ ভন্মৱা-শির মধ্যে নিক্ষিপ্ত ও স্থিন করিয়া খাইতে লাগিল। সেই বিশ্ব করা ফলের আসাদ প্রায় পরিণত ফলেরই মত। যাহা হউক তাহাদিগের তাদুশ আহার অতি সামান্যরূপ হইলেও তথন তাহা পরিতোষকর হইয়া-हिन, मत्निर नारे। तम पितम প्राचःकात विकल সংকর্ম করিয়া আসিয়াছিল তাহাতে তাহাদের অন্তঃ করণ সম্পূর্ণরূপেই পরিতৃপ্ত ছিল। ফলে তাদুশ তৃপ্তি থাকিতে আহারাদির ভৃপ্তি ভৃপ্তিমধ্যেই পরিগণিত হইতে পারে না। তাহাদের সে দিনের আহলাদ কি বর্ণনা করিয়া পরিচয় দেওয়া যায় ? যদি তখন সম্ভতি-বংসলা মাতাদের কথা তাহাদের মনে মধ্যে২ উদিত না হইত, তাহা হইলে তাহাদের আমোদের আর ইয়তা থাকিত না। এইরপে জলযোগ করা সমাপ্ত হইলে পর বর্জিনিয়ার মনে, আমাদের অদর্শনে মায়ে-বা কি ভাবিতেছেন, কি বাই করিতেছেন, এই বিষয় मर्खनार सार्व ଓ उद्देशन के उरकेश रहेट वार्शिन। ভাহাতে পাল বজিনিয়াকে দুঢ়বাকো বুঝাইয়া কহিতে লাগিল " ভগিনি। ভাবিত হইও না, স্থির হও, আমরা

অবিলয়েই গৃহে গমন করিয়া জননীদের মন হইতে। শক্ষাদূর করিতে সমর্থ হইব।''

সমনম্ভর তাহারা, চল তবে এখান হইতে প্রস্থান করা যাউক, এই কথা বলিয়া গাতোখান করিল। গাতোখান করিল বটে, কিন্তু ভাহারা অবিলয়ে বিষম বিপজ্জালে জড়িত হইয়া পড়িল। তাহার। নিজে দেখানকার পথ ঘাট কিছুই চিনিত না, অথচ সে সকল পথ দেখাইয়া দেয় এমত কোন ব্যক্তিও তাহাদের সম-ভিব্যাহারে ছিল না : সুতরাং এমত স্থলে বিপদ ঘট-না না হইবার বিষয় কি ?। যাহা হউক, যে বিপদ উপস্থিত হইল, তাহা ভয়ানক বটে, কিন্তু পাল বড সাহসিক ছিল, ভাহার সাহস সহসা থকা হইবার নহে। সে তথন সেই সাহসে নির্জন্ন করিয়া বর্জিনিয়াকে কহি-তে লাগিল "ভগিনি। ঐ দেখ, এখন আমাদের ঘরের উপরি রৌদ্র পতিত হইয়াছে। বেলা অবসান হইলেই আমাদের চালের উপরি রৌদ্রপাত হইয়া থাকে। এখন বোধ হইতেছে সন্ধ্যা হইতে আর বড় বিলয় নাই। অভএব এখন এক কর্মা করা কর্ত্বা, আ-ইস আমবা প্রাতঃকালে বে তিশিরা পর্বতদিয়া আসি-য়াছিলাম, এখন আবার সেই পর্বতদিয়াই ফিরিয়া ষাই"। এই বলিয়া তাহারা ছুই ভ্রাত্ত-ভগিনীতে তথা হইতে ফিরিয়া সেই পর্থদিয়া আসিতে লাগিল। এবং নেই পর্বতের উত্তর দিকের যে শৃঙ্গ হইতে রুফানদী বহিণত হইয়াছে, সেই মোহানার নিকট আদিয়া উত্তীর্ণ হইল। অনস্তর তাহারা মুহুর্টেককাল ভ্রমণ করিয়া ঐ মহানদীর কূলে আসিয়া উপস্থিত হইল।

তৎকালে ওখান হইতে আর এক পা অগ্রসর হওয়া তাহাদের বিবেচনায় সহজ বোধ হইল না।

এই যে মরীচি উপদ্বীপ দেখিতেচ, ইহার অধি-কাংশ এবং অত্তা অনেকং নদ নদী পর্বতাদি বস্তু সকলের নাম অদ্যাপিও কাহাবো বিদিত নছে। বিশে-वडः ७९काटन এ ममुनाग्न कानियात मञ्जावनाहे जिल না। এদিকে পাল ও বর্জিনিয়া সেই নদীর কলে দ্ঞায়-मान इरेश पिथल, य नमीरि मिरे शर्या उत् उक डिक শুঙ্গ হইতে বিস্তারিত শিলারাশির উপরি পতিত হইয়া সাভিশয় ফেনিল হইতেছে। সাহসিক পাল দেই স্থান দিয়া পদব্রজে পার হইবার উপক্রম করিল। ৰজিনিয়া সেই নিব্রিপাতের শব্দ শুনিয়া ও সাতিশয় ক্রতবেগে জলপ্রবাহকে প্রবাহিত দেখিয়া ভয়ে ভাষা পার হইতে চাহিল না। ইহাতে পাল তাহাকে সাহস প্রদানপূর্বক আপনার প্রচদেশে আরোহণ করা-ইয়া দেই আেতোজলে নামিল, এবং তাদুশ ভয়ন্ধর ধ্বনিতেও শক্ষিত না হইয়া "বর্জিনিয়ে। কিছু ভয় নাই, কিছুই ভয় নাই, এখনই ইহা পার হইব, আমি তোমার ভরে ক্লান্ত ও আন্ত হই নাই"। এই কথা বারংবার বলিতে২ বর্জিনিয়াকে লইয়া সেই দুর্গম স্থান উडीर्ग इरेन। अनस्रत शान विक्रिनिशांटक कहिएड লাগিল "আজি যদি দেই ক্লমক তোমার অনুরোধে সেই কাফি, দাসীর অপরাধ মার্জনা না করিত, তাহা হইলে আমি ভাহার সঙ্গে একটা ঘোর বিবাদ না করিয়া আসিতাম না "। এই কথা শুনিয়া বর্জিনিয়া কহিয়া উঠিল "কি বলিলে দাদা! যদি আমি আগে

জানিতে পারিতাম তোমার সেই নিঠুর নরাধমের সহিত বিবাদ করিবার মানস আছে তাহা হইলে আমি তোমাকে সঙ্গে করিয়া আনিতাম না। ভাই! পরের মন্দ করা বড়ই সহজ, কিন্তু ভাল করা তেমন সহজ বোধ হয় না।"

পাল তথন পর্যান্তও বর্জিনিয়াকে নামাইয়া দেয় নাই, সে মনে২ করিল আর পোঁয়া ছুই তিন পথ বৈ নাই, আমি বর্জিনিয়াকে আর না নামাইয়া একেবারে উহাকে শুদ্ধই ত্রিশিরা পর্বতের উপরি আরোহণ করিব। কিন্তু সে ইতিপুর্বের পথশ্রমে সাতিশয় ক্লান্ত হইয়াছিল, একারণ বজিনিয়াকে না নামাইয়া আর অধিক ক্ষণ থাকিতে পারিল না। পরে তাহাকে নামাইয়া ছুই জনে একত বসিয়া বিশ্রাম করিতেছে এমত সময়ে বর্জিনিয়া পালকে কহিতে লাগিল, "দাদা পাল। বেলা অবসান হইল, এখন প্র্যান্তও আমরা বার্টীতে পঁছচিতে পারিলাম না। তোমার এখনও কিঞ্চিৎ শক্তি আছে, কিন্তু আনি নিতান্ত ক্লান্ত হইয়া পড়িয়াছি; আমার আর এক পাও চলিবার শক্তি নাই। যাহা হউক, এখন এক কর্ম্ম কর, ভূমি একবার সত্ত্বে গৃহে গিয়া জননীদিগের চিন্তা দুর করিয়া আইস ; আমি ততক্ষণ এখানে বসিয়া থাকি।"

এই কথা শুনিয়া পাল কহিতে লাগিল "ভগিনি! বল কি? আমি এই পর্বতীয় বনভূমিতে ভোমাকে একাকিনী রাখিয়া কোখাও যাইতে পারিব না। যদি এখানে রাত্রি হয়, ভাহারি বা এত চিস্তা কি? দিনের বেলায় যেমন কাঠে ২ ঘর্ষণ করিয়া আগুন ভুলিয়াছি- লাম, রাত্রিকালেও সেইক্রপ করিব, এবং ভেমনি করিয়া ফল পাড়িয়া আনিয়া ভোজন করিব। আর ব্লেক্র পত্রসকল তলে বিস্তীর্ণ করিয়া ছুই জনে শয়ন করিয়া পরম সুখে নিজা যাইয়া রাত্রি যাপন করিব "।

পাল এরপ আশ্বাদের কথা কহিয়া সাহস দেওয়াতে বিজনিয়ারও কিঞ্চিৎ ক্লান্তি দূর হইল। ইহাতে সেতৎক্ষণাৎ গাতোখান করিয়া অনতিদূরস্থিত অবনত একটি প্রাচীন শাল গাছ হইতে গুটিকত বড় ২ পাতা পাড়িয়া আনিল এবং তাহাতে পাদতাণ (মোজা) প্রস্তুত করিয়া পরিধান করিল। সাতিশয় বন্ধুর পাষাণখণ্ডনয় পথ পর্যাটন করিয়া তাহার পা-হুখানি এককালে স্থানে ২ ক্ষত ও ক্ষোটিত হইয়া গিয়াছিল, কিন্তু সেই মোজা জোড়াটি পরিধান করাতে তাহার চলনের আপাত্তঃ কিঞ্চিৎ স্ববিধা হইল।

বর্জিনিয়া অনুভব করিয়া দেখিল মোজা পায় দিয়া চলিতে আর কিছু বেদনা বোধ হইতেছে না। ইহাতে সে একগাছি কঞ্চীর যাটি তাঙ্গিয়া লইল, এবং এক হস্ত পালের ক্ষন্ধে দিয়া ও অপর হস্তে সেই যাটি অবলম্বন করিয়া পুনর্বার সেই ছুর্গম পথ চলিতে আরম্ভ করিল। এদিকে ভূর্য্য অস্তগত হইলে পর দিক্ সকল ক্রনে তমাময় হইতে লাগিল। প্রকাণ্ড শাখাযুক্ত উচ্চ ২ রক্ষ সমূহ ব্যবধান থকাতে ত্রিশিরা পর্বাত কোন্দিকে রহিল আর চুন্টিগোচর হইল না। এতক্ষণ তাহারা ভূর্য্যের আলোকে সেই পর্বাতের শৃঙ্গাদি দেখিয়া দিক্ নির্গ্ন করিয়া আসিতেছিল, এখন আর সে উপায়ও রহিল না। তাহারা তখন সাহস করিয়া কতক চুর

পৰ্য্যস্ত আসিতে লাগিল ৰটে, কিন্তু অবশেষে জানিতে পারিল, যে ভাহারা সহজ পথ হারাইয়া এক কুৎসিত পথে আসিয়া পড়িয়াছে। ইহাতে পাল বর্জিনিয়াকে তথায় বসাইয়া অগ্রপশ্চাদ্রাগে ইতস্ততঃ খানিককণ দ্রুতবেগে পাবমান হইয়া, কোন্ দিক্ দিয়া গেলে পর সেই কুস্থান হইতে বহির্গমনের পথ পাওয়া যায়, তাহা অন্নেষণ করিতে লাগিল; কিন্তু তাহার তাদৃশ শ্রমে কিছুই ফল দর্শিল না। অনস্তর সে আর কিছু উপায় না দেখিয়া এক উচ্চ ব্লেকর উপরি আরোহণ করিল, এবং কোন দিকে সেই তিশিরা পর্বত আছে তাহা দেখিতে লাগিল; কিন্তু তৎকালের অস্ত্রমিত সুর্যোর আভা তরুগণের শিথরদেশে পতিত হওয়াতে কেবল তন্মাত্র ব্যতীত আর কিছুই দৃষ্টিগোচর হইল না। এদিকে বনের উপরিভাগে উচ্চ২ পর্কতের ছায়া পতিত হইয়াছে, ৰায়ু একেবারে সর্বতোভাবে স্থির হইয়াছে। অরণাচারী মুগ শবরাদি পশু সকল নানা স্থানে সঞ্রণ করিয়া, বিশ্রাম করিবার জনা সেই বনে আসিয়া উপস্থিত হইতেছে; এবং তাহাদের ঘোরতর গভীর নিনাদে বনভূমির নিঃশক্ষতা দুর হইয়া যাইতেচে, এমত সময়ে পালের মনে এমন ভর্মা হইল, যে যদি কোন ব্যাপ মুগয়া করিবার আশব্যে এই দিক দিয়া আগমন করিবা থাকে, তবে ডাকিলে পর সে ত'হা অবশাই শুনিতে পাইবে। ইহা ভাবিয়া সে উচৈচঃমরে ডাকিয়া কহিতে লাগিল "কে হে ! কে আদিতেছ হে ! ডুমি একনার অনুগ্রহ ক্রিয়া এদিকে আইদ, এবং আদিয়া বজিনিয়াকে

অভয় প্রদান করিয়া যাও"। পাল এইরপে অনবর্জ চীৎকার করিতে লাগিল, তথাপি কাহারো উত্তর পাইল না। তথায় মানুষ থাকিলে ত উত্তর দিবেক? তথন সেখানে জনমনুষ্যের সমাগম ছিল না। কৈবল তাহার চীৎকার শক্ষই কাননমধ্যে প্রতিশক্তিত হওয়াতে তখন সেই বনই তাহার কথার এক প্রকার উত্তর দিতে লাগিল। এ ধ্বনির সঙ্গের হইল। তাহাতে তাহার মনে কিঞ্চিৎ ভয়ের সঞ্চার হওয়াতে সে তংকাণ বুক্ষ হইতে অবতীর্ণ হইল।

তদনস্ত্র সে ভাবিতে লাগিল আমরা এসলে কি আহার করিয়া এ রাত্রিকাল যাপন করি। কোন ভানে বা সেই কলের ব্লক? কোথায় বা পর্বাতীয় নির্বার? অন্ধকারে কিছুই দেখিতে পাওয়া যাইতেছে না। কাঠে ২ ঘর্ষণ করিয়া যে অগ্নি জ্বালাইৰ, ভাছারই বা শুষ্ক কাষ্ঠ এখন কোথায় পাই?। এখন ত আমরা বিষম সস্কটে পজিলাম, উপায় কি। ? মনে ২ এ সকল ভাবনা করিয়াও পাল কিছুই স্থির করিতে পারিল না ; বরং আপনাকে নিভান্ত অক্ষম বোধ করিতে লাগিল। अनुस्तु तम এकास निक्रभाग शहेश विना द्वापतन आंद्र থাকিতে পারিল না। বজিনিয়া ভাইকে রোদন করিতে দেখিয়া কহিল দাদ! পাল। আর রোদন করিও না! ভোমার রোদন দেখিলে আমার মন অভ্যন্ত শোকা-কুল হয়। আমার ভাগ্য অভিমন্দ। আমি কেবল ভোমাকেই বিপদগ্রস্ত করিলাম, এমত নছে, আমাদের অনুপস্থিতিতে জননীরাও এক্ষণে যেরূপ শোকসাগরে

নিমগ্ন হইয়া ক্লেশ পাইতেছেন আমি তাহারও মূলী-ভূত কারণ হইয়াছি। আঃ! আমি কি মন্দবুদ্ধিও ক্লত-ভ্লের কর্ম্ম করিলাম ?" এই কথা বলিতে২ নয়নজলে তা-হার কক্ষংস্থল ভাসিতে লাগিল। তথাপি সে ধৈর্যাপু-ক্ষক পালকে সম্বোধন করিয়া কহিতে লাগিল "দাদা! আর কন্দন করিবার আবশ্যক নাই। ভয় কি? আমরা একাস্ত নিক্রপায় হইয়াছি, দেখিয়া পরমেশ্বর কি আমা-দের নিস্তারের কোন উপায় করিয়া দিবেন না?। আইস দেখি এখন আমারা একাস্তচিত্তে একবার ভাঁহাকে ভাকি। তিনি অন্তর্যামী, ক্লপাকটাক্ষে আমাদিগকে অবলোকন করিয়া আমাদের মনঃ হইতে এই চিন্তা ভূর করিয়া দিবেন সন্দেহ নাই"।

এইরপে তাহারা তদ্গত চিত্তে মনে২ জগদীশ্বরের প্যান করিতেছে, এমত সময়ে কুঞ্বুরের ধ্যনি তাহাদের কর্ণগোচর হইল। ইহাতে পাল কহিতে লাগিল '' এ অবশাই কোন ব্যাধের কুকুর হইবেক। বোধ হইতেছে সে শিকারে আসিয়া ইতস্ততঃ ভ্রমণ করিয়া বেড়াই-ভেছে। ক্ষণকাল পরে তাহাদের বোধ হইল, যেন মেই কুকুর্ধ্যনি অতি নিকটেই হইতেছে, তাহাতে বর্জিনিয়া পালকে কহিল '' দাদা! অনুতব করিয়া দেখ দেখি, আমাদের বাঘার শব্দের মত বোধ হইতেছে না? তাহার ডাকের শব্দ চিক এই প্রকার। বোধ হইতেছে আমাদের বাড়ী এখান হইতে বড় দূর না হইতে পারে। এই সকল কথা বলিতেছে, এমত সময়ে বাঘা আসিয়া ভাহাদের নিকট উপস্থিত হইল। সে কুকুরটা তথন আহ্লাদে এক এক বার তাহাদের পায়ে লচিতে

এবং ঘন ২ ডাকিডে লাগিল। পাল এবং বর্জিনিয়া এত যে ভাবনা করিতেছিল, তথন তাহারা বাঘার সেই প্রকার সোহাগ করা দেখিয়া এককালে সে সমুদা-য়ই বিস্মৃত হইল। খানিক পরেই দেখিল যে দমিঙ্গ ভাহাদের অভিমুখে ধাবমান হইয়া আসিতেছে। ইহাতে ভাহারা নিতান্ত বিস্ময়াপন্ন হইল।

"পাল ও বর্জিনিয়া দমিষ্কের স্বহস্তের পালন করা ধন। সে সমস্ত দিনের পর তথন তাহাদের উদ্দেশ পাইয়া একেবারে আনন্দে অভিভৃত হইয়া পড়িব। সহসামুখ দিয়া বাঙ্নিষ্পত্তি করে তাহার তথন এমন ক্ষমতা রহিলনা। কণকালের মধ্যে সেই ভাব সম্বরণ করিয়া, ভাহাদিগকে কভিতে লাগিল 'বাছা সকল। সমস্ত দিন ভোনাদের উদ্দেশ না পাইয়া তোমাদের মায়েরা এককালে বৎস-হারা গাভীর মত ব্যাকুল হইয়া ঘর ও বাহির করিতেছেন। তাঁহাদের সে ক্লেশের কথা কহিয়া জানাইবার নহে। তাঁহারা সকাল বেলায় আমার সঙ্গে ভজনালয় হইতে ঘরে আসিয়াই ভোমা-দিগকে দেখিতে না পাইয়া এককালে বিন্ময়াপন হই-কিছু দবে মেরী আপনার কর্ম্ম কাজ করিতে-ছিল, ভাগাকে ডাকিয়া তোমাদের কথা জিজ্ঞাসা করি-লেন, সে তাহার কিছুই বলিতে পারিলনা। কোথায় গেলে ভোমাদের অন্বেষণ পাওয়া যায় ভাহাও হঠাৎ জানা চুর্ঘট হইল। সুতরাং ভাঁহাদের নিশ্চিন্ত থাকি-বার বিষয় কি ?। আমি প্রথমতঃ সকল কেত্র ও সকল উদ্যান অনুসন্ধান করিয়া দেখিলাম কোন স্থানেই উদ্দেশ পাইলান না।

অবশেষে এই উপায় স্থির করিলাম, যে ভোমরা যে সকল পরিধেয় বস্তু ছাডিয়া রাখিয়া আসিয়াছিলে তাহা বাঘাকে আত্রাণ করাইতে লাগিলাম। তাহাতে বাঘা তৎক্ষণাৎ আমার মনোগত ভাব বুঝিতে পারিল এবং তোমরা যে পথ দিয়া আসিয়াছিলে, সেই পথ দেখাইবার ক্ষনা মে আমার আগে ২ লেজ লাডিতে ২ ও পথ সুঁকিতে ২ আসিতে লাগিল। এইরূপে আমি বাষার সঙ্গে রুফানদীর তীর পর্যান্ত আসিয়া উপস্থিত হইলাম। তথায় এক জন রুষকের সহিত সাক্ষাৎ হইবাতে আমি তাহার নিকট তোমাদের কণা জিজ্ঞাস। করিলাম। ইহাতে সে কহিল কয়েক দিন হইল আমার একটি দাসী কোন অপরাধ করিয়া পলায়ন করিয়া-छिन, अमा প্রাতঃকালে তাহাকে লইয়া এক বালক ও একটি বালিকা আমার নিকটে আসিয়া, ভাহার প্রতি আমার ক্ষমা প্রার্থনা করিয়াছিল। তাহাতে আমিও সম্মত হইয়াচি, কিন্তু তাহারা কোপা হইতে আসি-য়াছিল এবং কোথায় গিয়াছে ভাহা কিছুই জানি না। क्रयक এই সকল कथा विलिल वर्षि, किन्तु ভাষার कि প্রকার ক্ষমা করা ভাষা বুঝিতে পারিলাম না। अअ नि दाता त्मरे मामीत्क निर्द्धन कतिया त्मथारेतन পর, আমি দেখিলাম যে তাহার ছুইখানি পা এক ব্লুহৎ কাঠখণ্ডের সহিত লৌহশুম্বলে বদ্ধ রহিয়াছে। এবং আর একগাছ। শিঞ্চলে তাহার গলদেশ বেটিত হইয়াছে। আর তাহাতে কোন ভারি বস্তু ঝুলাইবার জন্য তিন্টা ছক্ও লাগান আছে।

সমনস্তর ৰাঘা সেই স্থান পরিত্যাগ পুরঃসর পথ

মুঁকিতে ২ আমার আগে ২ ৰাইয়া, বে পর্বতশৃঙ্গ হইতে রফানদী উৎপন্ন হইয়াছে, তথায় গিয়া দণ্ডায়-মান হইল, এবং উচ্চঃম্বরে শব্দ করিতে লাগিল। ঐ স্থানটি জলপ্রঅবণের অতি সন্নিহিত। তথায় গিয়া দেখিলাম একটা খর্জ্বেরক্ষের চতুর্দিকে ভন্ম ও অকার সকল পতিত রহিয়াছে। অবশেষে খুঁজিতে২ এই স্থান প্রাপ্ত হইলাম।

''আমরা এখন ত্রিশিরা পর্বতের টিক নীচে রহি-য়াছি। এখান হইতে আমাদের গৃহ প্রায় ৬ ছয় কোশ পথ অন্তর হইবেক। যাহাহউক আজি তোমরা य श्रकात छे दक्ष ७ वनकत कल था देश तिशाह, তাহা শুনিয়া আমার অত্যন্ত আমোদ হইল "। এই সকল কথা কহিয়া দমিল পিউক, বিবিধ প্রকার ফল, ও চিনির জলেতে মদিরা মিশ্রিত এক ভাও পানীয় দ্রব্য তাহাদের সম্মুখে স্থাপন করিল। তথন বজি-নিয়ার আর কোন বস্তুতে চৃষ্টি কিয়া কোন কথায় কাণ দেওয়া নাই, সে কেবল অন্যমনক্ষের মত হইয়া বসিয়া রহিল। দমিকের মুখ হইতে কাফ্রি দাসীর ছুরবস্থার কথা শুনিয়া অবধি তাহার অন্তঃকরণে মর্মান্তিক তুঃখ বোধ হইতে লাগিল এবং মায়েরদের কাতরতার কথা মারণ হওয়াতে, তাহা যৎপরোনান্তি রুদ্ধি পাইয়া ভাহাকে বিহ্বল করিয়া তুলিল। খানিককণ পরে বর্জিনিয়া এক দীর্ঘ নিঃখাস পরিত্যাগ করিয়া কহিয়া উঠিল '' লোকে আর ২ কর্ম সকল অবলীলাক্রনেই করিতে পারে বটে, কিন্তু পরের উপকার করা তাহ:-দের পক্ষে বভ সহজ ব্যাপার নহে "।

অনস্তর ভাহারা উভয়ে সেই ভক্ষাও পানীয় দ্রবা সকল বিভাগ করিয়া খাইতেছে এমত সময়ে, তাহারা দেখিতে পাইল অতি দুরে যেন কেই একটা আলো লইয়া আসিতেছে। ইহা দেখিয়া তাহারা সকলেই নিভান্ত বিস্ময়াপন হইয়া ব্যস্ত সমস্ত হইতে লাগিল। দমিক অতি সত্তরে একটা মদাল জালিয়া পাল ও বর্জি-নিয়াকে সমভিব্যাহারে করিয়া কিঞ্চিৎ অগ্রসর হইল। অনেক পথ পর্যাটন করিয়াছিল এবং পায়ে অতিখয় বেদনা হইয়াছিল বলিয়া পাল ও বর্জিনিয়া "আর চলিতে পারা যায় না এখানে থাকা যাউক আইস " বলিয়া দমিক্লের কাছে চলিবার অনিচ্ছা প্রকাশ করিল। দমিজ তথন বড সম্ভটেই পডিল। কি করিলে ভাল হয় তাহা তথন স্থির করিতে পারিল না। সে তথন মনে২ ভাবিতে লাগিল, এখন আমি কি করি ? ইহা-দিগকে রাখিবার জন্য কাহারো কোন আশ্রয় স্থান অম্বেষণ করি, কি ইহাদিগকে লইয়া এই স্থানেই অব-ন্তিতি করিয়া নিশা যাপন করি।

এইরপে দোলায়মান হইয়া দমিল তাহাদিগকে
কহিতে লাগিল "তোমরা যথন ছেলে মানুষ ছিলে,
তথন আমি তোমাদিগের ছুই জনকেই এককালে
কোলে করিয়া লইতাম; এখন তোমরা বড় হইয়াছ,
আমিও রুদ্ধ হইয়াছি, শক্তি সামর্থ্য পূর্ব্বের মত কিছুই
নাই, তাহা থাকিলেও ভোমাদিগকে কোলে করিয়া
যাইতে পারিতাম। এখন সে চেটা করাও নিক্ষল"।
এই সকল কথা হইতেছে এমত সময়ে মারুণের এক
দল কাফি, সৈন্য আসিয়া তাহাদের সম্মুখীন হইল।

धे मत्नत व्यथाक, भान ও विक्रिनियादक उपवद्य (पथिया সাহস দিয়া কহিতে লাগিল "ভয় কি বৎস! ভয় কি वर्षा आंकि প্राज्ञकात्व क्रकानमीत क्व मिशा यथन তোমরা দেই কাফি দাসীকে সঙ্গে লইয়া তাহার উপরি তাহার প্রভুর ক্ষমা চাহিতে যাও, তথন আমি তোমা-দিগকে দেখিতে পাইয়া ছিলাম। তোমাদের তাদুশ গুণে আমি নিতাস্ত বশীভূত হইয়াছি। চলিতে পারিতেছনা তাহাতে ভাবনা কি? আমি তোমাদিগকে লইয়া গুহে উত্তীর্ণ করিয়া দিতে প্রস্তুত আছি "। এই বলিয়া সেই দলপতি দলের চারিজন বলবান সেনাকে সঙ্কেত করিলে, ভাহারা তৎক্ষণাৎ রুক্ষের শাখা ও লতাদি দার। এক প্রকার যান প্রস্তুত করিয়া আনিল, এবং ভদুপরি পাল ও বর্জিনিয়াকে আরোপণ করিয়া তাহা ক্ষেতুলিয়া লইল। দমিক সেই জ্বন্ত মসা-निं इस्ट क्रिया আत्तर श्व (म्थाइया याहेर् वर ৰাহকেৱা পশ্চাৎ২ আসিতে লাগিল। অবশিষ্ট সেনারা তাহাদিগের সঙ্গে সঙ্গেই আসিতে থাকিল। ইহাতে বর্জিনিয়া নিতান্ত পরিভুক্ত হইয়া পালকে কহিল "দাদা পাল। দেখিলে ত, করণাময় প্রমেশ্বর সৎকর্ম্মের शुबकाब ना मिया कमां निम्छि शास्त्र ना "।

প্রায় ছুই প্রহর রাত্তি হইয়াছে এমত সময়ে তাহার।
আপনাদের বাটীর নিকটস্থ পর্বতের নীচে আসিয়া
উপস্থিত হইল। দৈবাৎ ভাহাদের দৃষ্টি পর্বতের
উপরিভাগে পতিত হওয়াতে দেখিতে ও শুনিতে
পাইল তথায় কয়েকটা আলো জ্বলিতেছে এবং
ধাকিয়া২ "বাহারা আইলিরে! বাহারা আইলিরে!"

বলিয়া জননীরা উচ্চঃ স্বরে ডাকিতেছেন। মায়েরদের 
তক্রপ চীৎকার শুনিয়া তাহারা অতি সন্থরে তাহার 
উপরি উঠিতে লাগিল। এবং ''এই আমরা আইলাম গো মা' এই আমরা আইলাম গো মা' বলিয়া বারহ 
উচ্চঃ স্বরে ডাকিয়া কহিতে লাগিল। জননীরা সেই 
শব্দ শুনিবামাত্র অমনি সন্থরে তাহাদের নিকট আগবাড়াইয়া আসিতে লাগিলেন। ছই জননী এবং 
মেরী এই তিন জন তিন মসাল হাতে করিয়া দেখিতেহ 
তাহাদের সম্মুখে আসিয়া উপস্থিত হইল। কেহ বাবা 
আইলি, কেহ মা আইলি, কেহ বাছারা আইলি, বলিয়া 
সকলে তাহাদিগকে মুখচুম্বন করিয়া এক এক বার 
কোলে করিতে লাগিল।

পরে বর্জিনিয়ার মা, সাতিশয় আনন্দিত হইয়া আনদাশ্রুপূর্ণ লোচনে গদ্গদস্বরে তাহাদের চিবুকে হাত
দিয়া কহিতে লাগিলেন "হাঁরে বাছা সকল! তোরা
সমস্ত দিন কোপা ছিলি, বল্ দেখি, ভোদের ভাবনায়
আনাদের সমস্ত দিন যে প্রকার যাতনা গিয়াছে,
তাহার কত পরিচয় দিব। যাইবার সময়ে যদি মেরীর
কান্ছে বলিয়া যাইতিস্, তাহা হইলে আনাদিগকে
এত ভাবিতে হইত না। ও না! বাজীতে আসিয়া
মেরীকে জিজাসা করিলাম, সে কিছুই বলিতে পারিল
না। খানিক ক্ষণ পর্যান্ত, ছেলেরা এখানেই গিয়াছে
এখনই আসিবে এই বজিয়া মনকে প্রবোধ দিয়া রাখিলাম। পরে যত বেলা হইতে লাগিল তত প্রাণ
কাটিয়া যাইতে লাগিল। একবার ঘর একবার বাহির
করিতে লাগিলাম, কিছুতেই শান্তি বোধ হইল না"।

মায়ের মুখ থেকে এ সকল ব্যাকুলতার কথা শুনিয়া বজিনিয়া অমনি তাঁহার গলাটি ধরিয়া মৃত্ মধুরস্বরে কহিতে লাগিল "দেশ মা! তোমরা ভজনা করিতে গেলে পর একটি কাফি, স্ত্রী আমাদের উঠানে আসিয়। रिमन, त्म क्रकानमीत उपकृतनामी এक धनामा क्रसरकत দাসী। আহা। তাহার ছঃখ দেখিয়া আমার বুক ফাটিয়া যাইতে লাগিল। তাহার না আছে পেটে ভাত, ना আছে অঙ্কে বসন, আবার সর্বাঙ্ক প্রহারের চিছে পরিপূর্ণ। মাসাবধি প্রায় বনে২ ফিরিয়া অনাহারে কাল কটি ইয়াছে। সে আমাকে দেখিতে পাইবা-মাত্র আমার পা ছুখানি জড়িয়া ধরিয়া ''না আমাকে तका कत " वित्या आश्रेनात ममुमाय द्वार आएमा-পান্ত কহিয়া শুনাইল। তাহাতে আমি আগে তাহাকে ভোজনাদি করাইয়া আপনার সঙ্গে লইয়া, দাদাতে আমাতে তাহার প্রভুকে অনুরোধ করিবার জন্য রুফা-নদীর তীরে সেই ক্রমকের কাছে গিয়াছিলাম। এখন আমরা দেখান হইতে আসিতেছি। পথে ঘোরতর বিপদ্সাগরে পড়িয়া ছিলাম, কেবল এই সদয় সেনাপ-তির অনুগ্রহেতেই তাহা হইতে উত্তীর্ণ হইলাম। উনি নহিলে আজি আমরা এ পর্যান্ত আসিতে পারিতাম না"। বর্জিনিয়ার মুখহইতে এ সকল কথা শুনিয়া বিবি দিলাত্র এককালে অবাক্ হইয়া সাভিশয় স্নেহের সহিত তাহাকে কোলে করিয়া লইলেন এবং দেখিলেন যে বজিনিয়ার নয়ন হইতে অঞ্পারা বহিয়া পড়ি-তেছে। ইহাতে তিনি তখন আপন বসনাঞ্চল দারা ভাহার মুখ চোখ মুছাইয়া দিয়া কহিলেন ''বাছা। পর-

মেশ্বরের নিয়ম এই যে ক্লেশের পর সুখ হইয়া থাকে। আনি এতক্ষণ যেমন জ্বলিতে চিলাম, এখন তোমাকে পাইয়া আবার তেমনি শীতল হইলাম"।

এদিকে মার্থেটও তথন আপনার পুত্র পালকে কালে করিয়া মুখচুষন পূর্বাক জিজ্ঞাদিতে লাগিলেন "হারে বাছা! তুমিও কি সংকর্মা করিতে গিয়াছিলে?"। পরে তাহারা সকলে ছেলেদিগকে সঙ্গেলইয়া আপনাদের ঘরে আইলেন, এবং যাহার পর নাই সমাদর ও সন্মান পূর্বাক সেই সকল সেনাদলকে আহারাদি করাইয়া বিদায় করিলেন।

সেই ছুই পরিবারের মনে ঈর্ষা ও দ্বেষ কিছুমাত্র চিল না, মানের আকাজ্ফাও চিল না ; সুতরাং তাহাতে তাহাদের অমুখের সম্ভাবনা কি? মর্যাদা লাভ করি-বার আশায় কপটতা প্রকাশ করিতে তাহাদের কিঞ্চি-ন্মাত্রওঅভিলাষ হইত না। পরস্পর কুৎসা এবং গ্লানি করিতে পরাত্মখ থাকিতেন। পরস্পর একবাকাতা রক্ষা করা যে তাহাদের প্রধান তাৎপর্যা চিল, তাহা বিলক্ষণ প্রতীত হইত। স্থানান্তরের নববাসিত প্রদে-শের মত এই উপদ্বীপেতেও আধুনিক নিবাসিগণের মধ্যে দোষীর নিন্দা ও দোষের কথার ভ্রোভ্যঃ আন্দোলন গ্ইত, কিন্তু দোষীদিগের কাহার কি চরিত, কাহার কোন্ ধর্ম এবং কাহার কি নাম, ভাহা কেহই অবগত ছিল না। ,যখন কোন পথিক বাতাবিকুঞ্জের পথ দিয়া আসিবার সময়ে প্রতিবেশবাসীদিগকে এই ছুই কুটীরবাসীদের কথা জিজ্ঞাসা করিত, তখন সেই অপরিচিত ব্যক্তিরাও তাহাদিগকে এই বলিয়া উত্তর

করিত "বে আমরা জানি এ হলে যাঁহারা বাস করেন তাঁহারা অভাস্ত ভদ্র লোক"। বস্তুতঃ ভাহাদের গুণের কথা বর্ণনা করিয়া শেষ করা ছর্ঘট। ভাহাদের এপ্রদেশে প্রক্ষরভাবে বাস করা কেমন ধারা ভাহা শুনিবে? যেমন সৌরভময় কুমুম, কন্টকারত লভা পাভায় সমাক্ষর থাকিয়া দিল্পাগুলীকে আমোদিভ করে ভদ্রপ। মুরভি কুমুম কোধায় কি ভাবে কি প্রকারে থাকে ভাহা দেখিতে না পাইলেও যেমন ভাহার সৌরভ প্রাপ্তিতে আমোদিভ হইতে হয়, ভেমনি ভাহারা এথানে অজ্ঞাভবাসীদের মত থাকিয়া কেবল নিজহ গুণ দ্বারা জনমগুলীর মনোরঞ্জন করিয়া গিয়াছে।

সেই পরিবারের। যখন পরস্পার কথোপকথন করিত তথন তাহাতে কাহারো নিন্দার গন্ধও পাকিত না। তাহাদের মনের সংস্কার এই ছিল, যে বাস্ত-বিক দোষ উল্লেখ করিয়া পরকে নিন্দা করা একাস্ত যুক্তিবিরুদ্ধ না হইলেও অনিউ করা সিদ্ধ হয়। কারণ নিন্দা করিবার নময়ে নিন্দকের মনে চপলতা, অবহেলা, এবং মিথ্যাকম্পনার প্রপঞ্চ উদয় হইতে থাকে। দেখ ষাহাকে ছফ বলিয়া বোধ করা যায়, তাহার প্রতি ঘৃণা করা কিছু অসম্ভব নহে। এবং যাহার প্রতি ঘৃণা করিতে হয়, তাহার উপবি সহজেই বিরাগ জন্মে। সুত্রাং সেই বিরাগকে কপট বন্ধু ভায় আরু ভ না করিলে, সে ব্যক্তির সঙ্গে আর কদাচ সহবাস করিতে পারা যায় না। কিন্তু তাহাদের স্বভাব এইপ্রকার যে তাহার। বিশেষ কোন কারণ না থাকিলেও যেরপে

সাধারণ লোকের হিত করা যায় এমন উপায়ের অস্তে-ষণে সর্মদা কথোপকথন, ও তত্ত্বিষয়ের আন্দোলন এবং অনুশীলন করিত। সম্পূর্ণ ক্ষমতা না থাকিলেও তাহারা সংকার্যা সাধনে যথাসাধা চেন্টা করিতে ক্রটি করিত না। তাহারা এই নির্জন দেশে তাদুশ ভাবে বাস করাতেই পরস্পর তুঃখের তুঃখী ও সুখের সুখী হইয়া কাল্যাপন করিত। সুতরাং ভাগতে তাগাদের সেই ভাব নিস্তেজ না হইয়া বরং উত্তরোত্তর প্রবলই হইয়াছিল। প্রতিদিন তাহাদের মনে যে নব২ প্রস-মতা উংপন্ন হইত, ভাহার মূলীভূত কারণ দেই অক-পট ভাবকেই বলিতে হইবেক। বিশেষতঃ তাহাদের প্রতিবেশবাসীদেব বিষয়ে কোন উপন্যাস এবং সামা-জিকদিগের কোন গ্রানি ঘটিত কথোপকথন কবিবার আবশ্যক থাকিত না। তাহারা কেবল অনুক্ষণ সকল কর্মে স্বভাবজাত পদার্থের সৌন্দর্যা দর্শনেই সাতিশয় পরিত্রপ্ত থাকিত। এতাদৃশ জনমানববজ্জিত প্রদেশে পাকিয়া তাহারা ক্ষণকালের জনাও মুখ সম্ভোগে বঞ্চিত হয় নাই। ত'হারা কেবল প্রক্রজিজাত পদার্থের নিরস্তর উপভোগে প্রতিদিন ফুতনং মুখ সচ্ছল সাম্রাগ করত সৃষ্টিকর্তার প্রতি পনাবাদ করিয়া কাল-उर्व करियां डिल ।

পালের যথন দ্বাদশনর্থ বয়ংক্রম, তথন সে ইউরো-পোনের বংশরের বালক হইতেও সম্থিক বল-বান্ও বুদ্দিমান্ হইয়া উচিল। দ্যিক এ সকল ক্ষেত্রে সমস্ত গাছ পালা এবং নানাজাতীয় শ্সা রোপণ করিত, পাল সাবকাশ মতে সে সমুদ্য গুলি পরিষ্কৃত

করিয়া দিড, এবং ভাহার সমভিব্যাহারে গিয়া বাতাবিলেবু, কমলালেবু, পাতিলেবু, কাগজিলেবু, ভিন্তিড়ী,
থক্জুর প্রভৃতি রক্ষের নিকটবন্তি বনে ক্ষুদ্রং চারা সকল
সমূলে উৎপাটন করিয়া আনিয়া, আপনাদের এ সকল
ক্ষেত্রে রোপণ করিয়া দিত। ভদ্বাভীত এসব ক্ষেত্রের
স্থানে২ উত্থোত্তম পুষ্পারক্ষণ্ড রোপিত করিয়া দিয়া
ছিল। এ সকল পর্যভীয় স্থানে রুষিকর্মা সম্পন্ন করা
কি সহজ্র ব্যাপার ? পাল নিজ বাহুবলে দিবারাত্র পরিশ্রম করিয়া কেবল এ সকল স্থানকে উর্ম্বরা করিয়া
ভূলিয়া ছিল। এ দেখ, গণ্ডশৈলের উন্তত্তম প্রদেশে
পালের স্বহস্তার্জিত নানাজাতীয় অগুরু, চন্দন, অশ্বর্থ,
বট, প্রভৃতি রক্ষ সকল নানা বর্ণের কুসুম ও পত্রে
সুশোভিত হইয়া, আজি পর্যান্ত্রও শোভা বিস্তার
করিভেছে।

এই উপদ্বীপত্ত শৈলশিখর হইতে নিক্রপাত হইয়া যে নদী প্রবাহিত হইতেছে, তাহার নির্দ্ধল জলেতে তরু গুলা লতাদির হরিদ্ধ প্রতিভাও অবনত পর্কতের প্রতিবিদ্ধ, এবং আকাশের প্রতিজ্যা পতিত হইলে যে কি পর্বান্ত শোভা পাইত, তাহা কি বর্ধনা দারা ব্যক্ত করা সহজ?। ইতিপূর্ব্বে এতং প্রদেশের ভূমি সকল অত্যন্ত দুর্গম ছিল, ইজ্যাক্রমে যেখানে সেখানে গমনাগমন করা বড় সহজ ব্যাপার ছিল না। পরে কেবল পালের অপ্রিন্মিত পরিশ্রেম-প্রভাবে এখানকার এক প্রদেশ হইতে প্রদেশান্তরে যাভায়াত করা অনায়াসেই হইতে লাগিল। এখনও প্রায় সেই প্রকার রহিয়াছে, বড় লুপ্ত হয় নাই। পাল, এই সকল

পথ ঘাট প্রস্তুত করিবার জন্য যে২ উপায় করা আব-শাক, তদ্বিয়ে আপন পরিবার এবং আমার নিকট হইতে, সর্বাদাই পরামর্শ গ্রহণ করিত। আদৌ সে এই গুহার পরিপিভাগে মগুলাকারে একটি পথ করিয়া তৎসংলগ্ন আর কয়েকটি অপ্পপরিসর পথ আপনা-🚁র ক্ষেত্রের মধ্যভাগ পর্যান্ত প্রস্তুত করিয়া দিয়াছিল। পাল ইতস্ততঃ পরিভ্রমণ করিবার জন্য পর্বতাদি হইতে প্রস্তুরখণ্ড সকল আহরণ করিয়া পথ প্রস্তুত করিতে যে প্রকার পরিশ্রম করিয়াছিল ভাষা অনোর সাধ্য নহে। সে নানা স্থান হইতে তরু গুলা লতাদি আনয়ন পূর্বক এখানকার উপযুক্ত স্থানে সুগৃঙ্খলা পূর্বক রোপিত করিয়া এক মনোহর প্রাক্ত শোভার স্থান সম্পন্ন করিয়াছিল। এই উপদ্বীপের নানা স্থান হইতে কুড়ি সকল সংগ্রহ করিয়া আনিয়া তদারা এই ক্ষেত্র মধ্যে এক স্তৃপ রচনা করিয়া তাহার তলস্থ পরিধিমগুলে ভরুলতা, রাধালতা, ঝুমকালতা, মাধ-ৰীলতা, অপরাজিতা, প্রভৃতি বিবিধ প্রকার পুষ্পের লতা সকল রোপণ করিয়াছিল। সেই সকল লতা বৰ্দ্ধনান হইয়া অনভিবিলম্বে সেই প্রস্তর স্তুপকে পত্র পুষ্প সমূহে সমাচ্ছ করিয়াছিল। অত্তা ক্ষুদ্রহ পর্বতীয় নদীর উপকূলজাত যে সকল প্রাচীন ব্লক্ষ, যাহার তলে আতপতাপিত পথশ্রাম্ভ পাস্থ সকল উপস্থিতি মাত্রে গতক্লম হইয়া থাকিত, তথা হইতে ঐ বনতর শ্রেণী পর্যান্ত যে পথ দেখিতে পাও, তাহা পাল স্বয়ৎ স্বহস্তে প্রস্তুত করিয়া গিয়াছে।

ভাহারা এই বিজনদেশবাসী হইয়া অত্তা প্রভােক

স্থানকে বিশেষ২ প্রবণমনোহর অথচ সম্ভূত এবং यूननिङ नाम निया यूनिथा । कत्रियाहिन। अपूर्त स गर्धां मन दिया बाहे एउट्डि, जेहात अक खान हहे एउ अहे দ্বীপে যে সকল জাহাজ আসিতে থাকে তাহা বিলক্ষণ রূপে দেখিতে পাওয়া যায়, একারণ তাহারা ঐ স্থানের নাম "প্রীতিবিকাশ" রাখিয়াছিল। উহার উপরি-ভাগে পাল ও বর্জিনিয়া বিনোদচ্ছলে একটি বেণুদ্ত রোপণ করিয়া রাখিয়াছিল। তথায় তাহারা দগুায়-মান হইয়া দুর হইতে আমাকে আদিতে দেখিবামাত একখানি পতাকার ন্যায় শুজ্র চীরখণ্ড সেই বেণুদ-ণ্ডের অগ্রভাগে ভুলিয়া দিত। অতি দুরাগত পৌত দর্শনে লোকদিগকে অপর শৈলশিখরে নিশান তুলিতে দেখিয়া, পাল ও বজিনিয়াও সেই প্রকার করিতে শিথিয়াছিল। আমি একদা আপন আলয় হইতে এখানে আসিতে ছিলাম, এমত সময়ে দেখি-লাম যে ভাহারা আমাকে দেখিয়াই সেইরূপ কার্য্য করিতেছে। ইহাতে আমি মনে করিলাম, যে আমা-রও ঐ বেণুদত্তের গাত্তে তাহাদের গুণাসুবাদ কিঞ্চিৎ কোদিত করিয়া রাখা উচিত। আমার মনের কথা এই यে, यमि कथन कालाखदा देवा कावादा पृष्टिभर्ष পতিত হয়, তবে তাহার মনে অবশ্যই প্রতীত হই-विक य व खल कथन ना कथन कान महामरस्त्रा বাস করিয়া গিয়াছেন। বৎসন এ বিষয়ে একটা অবা-ন্তর কথা কহিতেছি প্রবণ কর।

একদা আমি পর্যাটন করিতে২ এক অর্ণাময় স্থানে উত্তীর্ণ হইয়া দেখিলাম, তথায় একটি পাষাণময়ী মূর্তি বিরাজ্যানা রহিয়াছে। তাহা যে মহাত্মার প্রতিমর্তি, তাঁহার গুণোৎকীর্ত্তন সেই মূর্ত্তির অবস্থান পাষাণেই কোদিত হইয়া তখন পর্যান্ত বর্ত্নান আছে। দর্শন मार्ज जामात जरुःकत्रा जास्नाम मागत উरम्ब हरेरज লাগিল। লিপি পাঠ করিতে২ বোধ হইল, যেন কোন পূর্বকালের লোক আসিয়া আমার সঙ্গে কথা বার্ত্তা করিতেছেন। প্রায় হুই হাজার বৎসর পূর্বে তাহা নির্দ্মিত হইয়াছিল, তথাপি তদর্শনে কাহার ননে आहीन कीर्जित गात्रन ना इटेक ?। त्मरे खरनादकीर्ज-নের লিপি দেখিয়া বোধ হইল, ইহা অবশাই কোন প্রাচীন জাতির বিবরণ হইবেক। কিন্তু তাহাদের কেহই তথন তৎপ্রদেশে বর্ত্তমান ছিল না। সেই লিপি দেখিয়া আমার মনে যে সংস্কার উদিত হইয়াছিল তাহা কি যুগান্তেও ল্পু হইতে পারে? অদ্যাপি তাহা আমার মনে জাগরুক রহিয়াছে। বেণুদণ্ডে লিখিবার পূর্বে সেই কথা আমার ক্ষরণ হওয়াতে আমি মনে২ স্থির कतिनाम, এই भाजामत् आमिल উराम्ब खनान्याम-কোদিত করিয়া রাখিব। মনে২ এই সঙ্কপ্প স্থিব করিয়া আমি সেই বেণুদত্তে এই কথা লিখিয়া রাখিলাম যে "ধার্মিকেরা তোমাদিগকে সৎপথ প্রদর্শন করাউন, এবং ধর্ম তোমাদিগের সঙ্গী হউন, ও তোমরাও সেই ধর্মপথের পথিক হইয়া নিরাপদে কাল হরণ কর "। পরে যে গন্ধরক্ষের ভলে উপবিষ্ট হইয়া পাল সমুদ্রের তরঙ্গ দর্শন করিত ভাহার বলকলে এই কথা কোদিত করিয়া রাখিলাম। "বৎস। ভুমিই ঈশ্বতত্ত্ব জানিতে অনুরক্ত "। অবশেষে বিবি দিলাতুরের দেহলীর উপ-

রিভাগে এই কথা লিখিয়া রাখিলাম "নিষ্পাপ ও অপ্রবঞ্চক ব্যক্তিরাই এই স্থানে অবস্থিতি করিতে-ছেন" সমনস্তর সেই ধরজাদণ্ডে তাদুশ গুণোৎকীর্ত্তনর লিপি দেখিয়া বর্জিনিয়ার মনে কিছুমাত্র সম্প্রোষ হইল না। তাহার বিবেচনায় তদ্ধপ লেখা অতিশয় প্রৌটোজি এবং ছুরবগম হইয়াছিল। সে তাহাতে মনে২ কিঞ্চিং বিরক্ত হইয়াছিল বটে, কিন্তু আমার উপরি তাহার ভাবের ব্যতিক্রম হয় নাই। অনেক-ক্ষণের পর রে আমার নিকট "প্রকারাস্তরে লিখিলেই ভাল হইত" এই কথাটি মুখদিয়া নির্গত করিল। ইহাতে আমি "না হবে কেন, অকপট ধর্মের লক্ষণই এই" এই কথা বলিয়া প্রশংসা করিতে লাগিলাম। এ কথাতেও তাহার কিঞ্চিং লক্ষাবোধ হইল।

এই যে সকল পদার্থ চতুর্দ্দিকে রহিয়াছে দেখিতে পাও, এ সমুদায়ই তাহাদের সুখের সাধন ছিল। তাহারা অতি যৎসামান্য বস্তু-সকলেরও কোমলং নাম দিয়া বিখ্যাত করিয়া গিয়াছে। সম্মুখে যে তৃণাক্ষ্ম ভূমিখণ্ড পতিত রহিয়াছে, ওখানে তাহারা চারি দিকে কমলালের ও কদলী রক্ষের শ্রেণী রোপণ করিয়া দিয়াছিল। পাল ও বর্জিনিয়া বিনোদ করণের ছলে তথায় যখন তখন নৃত্য করিয়া থাকিত। এই হেতু তাহারা থ স্থানকে 'প্রীতিভূমি বা বিনোদপদ' বলিয়া ডাকিত। আর ওখানে বছকালের একটি প্রাচীন রক্ষ ছিল, তাহার তলে বিদয়া তাহাদের মাতার। প্রায় আপনাদের ছর্জাগোর কথা কহিতেন, এই হেতু তাহারা সেই স্থানের 'পোকস্থদন'' নাম দেয়।

ইহা ব্যতীত ভাহারা ক্ষেত্র সকলেরও ভিন্ন২ নাম দিয়া প্রসেদ্ধ করিয়াছিল।

সেই প্রবাসিত ছুই পরিবার যখন আপনাদের জন্মভূমির ব্রভান্ত স্মরণ করিত তথন তাহাদের প্রবাসের
ক্রেশ এককালে শিথিল হইয়া পড়িত। তাহাদের
শুনের কথা বর্ণনা করিতে গেলে, আমার হৃদ্য বিদীর্ণ
হয়। এখানে যে কয়েকটা বৃক্ষ বিশৃষ্খলভাবে রহিয়াছে,
ও যে সকল নির্মার পতিত হইতেছে, এবং যে সমস্ত
পাষাণথণ্ড ইতস্ততঃ বিক্ষিপ্ত রহিয়াছে, এ সমস্তই
তথন প্রবাদনাহর এক২ নামে প্রসিদ্ধ হইয়াছিল।
এখন কি তাহার কিছু মাত্র আছে? ক্রমে২ সমস্তই
বিনম্ট হইয়া গিয়াছে। এই সকল স্থান দেখিলে গ্রীস
দেখের জ্বলময় প্রাপ্তর মনে পড়ে। ফলে এখানকার পুর্বের কথা সরণ হইলে চিত্তে থৈগ্য ধারণ করা
নিভান্তই ভার হইয়া উঠে।

সন্দুপেই যে ভূমিভাগখানি দেখা যাইতেছে, ইহার
মধ্যস্তলে "বর্জিন্য়ি বিরাম" নামক এক নির্দ্ধিত
স্থান ছিল, তাহা এখানকার সর্বস্থান অপেকা অধিক
মনোহর। আর "প্রীতিবিকাশ" নামক এক কোণাকার সুদৃশ্য স্থান ঐ গগুশৈলের প্রস্থদেশে বর্ত্তমান
আছে। তথায় নির্বার পতিত হইযা অতিশয় বেগে
প্রবাহিত হইতেছে। ঝরণার কিঞ্ছিৎ দূর অন্তরে
বিস্তারিত গোপ্রচারের মধ্যবর্ত্তি এক পক্ষিল স্থান
আছে। পাল ভূমিষ্ঠ হইবামাত আমি মার্থ্রেটকে
সেই স্থানে একটি নারিকেল রক্ষ রোপণ করিয়া দিতে
পরামর্শ দিয়াছিলাম। মনে করিয়াছিলাম যদি উক্তর-

কালে কথন ভাহার পুত্রের বয়ংক্রম জানিবার আব-শ্যক হয়, তবে তাদুশ নিদর্শন দর্শনেও বিশেষ উপ-কার জন্মিতে পারিবেক সন্দেহ নাই। আজ্ঞানুব-র্ত্তিনী মার্থ্রেট আমার উপদেশানুসারে তথায় একটি নারিকেল গাছ রোপণ করিয়া দিয়াছিলেন। বিবি দিলাত্রও দেখাদেখি আপন তন্যার বয়ঃক্রম জানিবার জন্য ভাহারি পাখে আর একটি নারিকেল গাছ রোপণ করিয়া দিতে বিলম্ব করেন নাই। সেই ছুটি নারিকেল গাছ ভাঁহাদের ভনয় ও ভনয়ার নামে খ্যাত ও সন্তাননির্বিশেষে পালিত হইয়াছিল। এই-রূপে পাল ও বর্জিনিয়ার বয়ঃক্রম অনুসারে গাছ ছটিও বৰ্দ্মান হইতে লাগিল, কেবল ভাহাদের উচ্চভাদি পরিমাণেই ঐক্য রহিল না। বালক বালিকার বয়ঃক্রম बात बरमत इडेल, महे छूडे शांड काँमि काँमि कन ফলিয়া অতিশয় শোভমান হটল। ফল সকল পর্ম-তীয় নির্বারের অভিমুখে লম্বমান থাকাতে সেই শো-ভারও কিঞ্চিৎ বৈলক্ষণা হইয়া উল্মাছিল।

সেই ছুই নারিকেল গাছই এথানকার ক্লিম শোভা।
তাদ্রির প্রক্লিজাত বস্তুমাত্রই এই শিলামর প্রদেশের
অলস্কার স্বরূপ। ঐ যে যৎকিঞ্চিৎ ভূমি নিম ও আর্দ্র
রহিয়াছে, উহাতে তখন বিবিধপ্রকার সুরভি ঘাস
এবং নানাজাতীয় উৎক্রই গুল্ম লতা প্রভৃতি জনিয়া
হরিদ্ধ আভাদ্বারা ঐ স্থানের কি পর্যাস্ত শোভা বিস্তার
না করিত? সেই সকল তুণ গুল্ম লতাদির মধ্যে২ এক
জাতীয় শণ কুমুমিত হইয়া সেই শোভাকে দ্বিগুণিত
করিয়া ভুলিত। আমরা প্রতাহীবেলা অবসান হইলে

সেই স্থানে গিয়া সেই শোভা নিরীক্ষণ করিতাম।
এবং সমুদ্রের তীরে হংস, সারস, বক, চক্রবাক প্রভৃতি
কলবিহ্লম সকলের অপরূপ উজ্জীনগতি ও ক্রীডা
দর্শনে চিত্ত বিনোদিত করিতাম।

বর্জিনিয়া নির্ববের উপাস্তভাগে বসিয়া থাকিতে নিভান্ত সমুষ্ট হইড। বিশেষতঃ সেই নারিকেল রক্ষের তলে ছায়ায় বসিয়া আপনাদের ছাগ মেষাদি পশু সকল চরাইতে ভাল বাসিত। যথন সেই সকল পশু ইতস্ততঃ নানাজাতীয় গুলা ও ত্ণের মঞ্জুরী সকল ভোজন করিত, তখন বর্জিনিযার আরু আমোদের ইয়তা থাকিত না। পাল উক্ত স্থান বর্জিনিয়ার নির্তিশয় বিনোদাস্পদ জানিতে পারিয়া, বন হইতে নানাবিধ পক্ষীর শাবকও ডিয়গুদ্ধ কুলায় সকল আন-য়ন করিয়া, সেই স্থানের সন্নিহিত পর্বভীয় বিদারের মধ্যে২ সাজাইয়া রাথিত। পক্ষি-মাতারা প্রকৃতি-সিদ্ধ স্নেহের পর্বশ হইয়া পশ্চাৎ২ তথায় উপস্থিত হুইতে বিলম্ব করি 🚁।। অবিলয়ে সেই স্থলে আবার মূতন বাস করিতে আরম্ভ করিত। বর্জিনিয়া প্রতি-নিয়ত বৈকাল বেলায় ঘাইয়া তাহাদিগকে পান্য, মন্ত্ৰা, চীনা, মটর প্রভৃতি শস্য সকল ভাগ করিয়া ছড়াই্যা দিত। সে তথায উপস্থিত হইলে, শ্যামা প্রস্তৃতি যে সকল পক্ষী নীস দিতে পারিভঃ তাহারা তথা হইতে কদাচ অপসরণ কবিত খা। মরকত মণির ন্যায় মুন্দর গরিম্বর্ণ পরকুত পক্ষীরা সেই সময়ে চতুর্দ্দিক্তিত ভাল থক্ষরাদিরক হইতে অবতরণ করিত। তিতিরি পক্ষী সকল সত্তরে ঘাসের উপরিদিয়া ধাবমান হইয়া আ- নিত। তাহাদিগকে দেখিয়া বোধ হইত যেন কুঞ্চুটশাবক সকল চিচিকু চিধ্বনি করত মৃথে২ অগ্রসর হইয়।
আসিতেছে। পাল ও বজিনিয়া এইরূপ বিহঙ্গমমৃথের
কীড়া কৌতুকাদি দর্শন করিয়া যাহার পর নাই প্রীতি
প্রাপ্ত হইত।

এইরূপে সেই রুদ্ধ মহাপুরুষ ভাহাদের সমস্ত ব্রভান্ত বর্ণন করিতে২ শোকাবেগ সম্বরণ করিতে অস-মর্থ হইয়া আক্ষেপ করিয়। কহিতে লাগিলেন ''কোপায় গেলেরে প্রাণাধিক প্রিয়তম বাছা সকল। আহা। তোমরা কি অনিকচনীয় সাধুতায় বাল্যাবস্থা যাপন করিয়া গিয়াছ। তোমাদের অবিরত সরল কার্যো সে সৰুল কাল কি পৰ্যান্ত না বিখ্যাত হইয়াছিল। তোনা-দের জননীরা তোনাদিগকে ভূয়োভূয়ঃ বাহলতায় আলিঙ্গন ও মুখচুষন করত কোড়ে তুলিয়া প্রমেখ-রের প্রতি কত কত বার ধন্যবাদ না করিতেন।। ভোনাদের সেই অলোকসামান্য সদৃতভা দেখিয়। সেই ছুই প্রস্থৃতি তদবস্থাতেও পর্মসুথে জীবন্যাপন করিবার আশ্বাস করিতেন। তোঁমাদের তৎকালীন সুথজনক ব্যাপার দর্শনে ভাহাদের যে কি পর্যান্ত সম্ভোষ উৎপন্ন হইত, তাহা কি বর্ণনা দ্বারা ব্যক্ত করিতে পারা যায়। আমি কভ কভ বার ভোমাদের সমভিব্যাহারে গণ্ডশৈলের ছায়ায় বসিয়া আহারাদি করিতাম!"।

এইরূপ বিস্তর আক্ষেপ করিয়া তিনি আমাকে পুন-করির সম্বোধন করিয়া কহিতে লাগিলেন ''বৎস! সর্কানাশ যাহা হইবার তাহা হইয়া গিয়াছে, একণে পরে যে যে ঘটনা হইয়াছিল তাহার বিবরণ করিতেছি। মনোযোগ পূর্বক শ্রবণ কর।

ভাহারা প্রতিদিন কি প্রকার পরিশ্রম করিতে হইবেক সভত ভদ্বিয়েই কথা বার্তা করিত। পর দিবস বে বিষয়ে যত পরিমাণে পরিশ্রম করিতে হইবেক, পাল তাহার প্রথা স্থির করিতে বিলম্ব করিতে না। অপর, পরিবারগণের কিনে সুখা ও সচ্ছক জিরিতে পারে তদ্বিয় চিন্তা করাও পালের ভার ছিল। সেকখন কোন স্থানে যাতায়াতের পথ পরিস্থার বা সংস্থার করিত। কখন পরিবারদিগের উপবেশনের জন্য কোথাও বেদির মত মঞ্চ প্রস্তুত করিত। কোন কোন সময়ে সে অন্যমনক্ষের মত এক নির্দ্দের হারো পড়িলে তথায় বজিনিয়া পরমসুখে উপবেশন করিতে পারে তদ্বিয়ই চিন্তা করিত।

রাজিকালে ছই পরিবারে এক গৃহে আহার করিতে বসিতেন। শায়নের পূর্বে থানিক ক্ষণ বিবি দিলাতুর কিয়া মার গ্রেট, পূর্ব্বকালে যে সকল পর্যাটকেরা রাজিধাগে পথ হারাইয়া গহন বনে দ্যুকর্ত্বক আক্রান্ত হইয়া ঘোর বিপদ্দাগরে নিমগ্ন হইয়াছিল, এবং যে সকল পোতবণিকেরা প্রবল ঝড়ের বেগে ভগ্ননিমগ্নণাত হইয়া অতি কথে কোন মুক্দীপে উত্তীর্ণ হইয়া মহাক্রেশ সহ্য করিয়াছিল, তাহাদের ছঃখজনক উপাধ্যান কহিতে আরম্ভ করিতেন। এইরূপে জননীদিগের মুখে সেই সকল ইতিহাস প্রবণ করিতেহ সেই শিশুদ্ধে কোমল চিত্ত এককালে কারণারসে আর্ড্র হইয়া

উটিত। ভাহাতে ভাহারা তৎক্ষণাৎ সাতিশয় ব্যগ্রতা সহকারে পরনেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়া কছিত 'হে করুণাময় প্রণতপাল জগদীশ! যদি তুমি রুপা করিয়া সেই ছুর্ভাগ্যবান ব্যক্তিদিগের প্রতি আমাদি-গকে কোন সাহায্য করিবার ক্ষমতা প্রদান করিতে, ভাহাহইলে তথন আমাদেব কতই আনন্দ হইত।"। অনস্তর নিদ্রা যাইবার সময় উপস্থিত হইলে পর ভাহারা পৃথক্ গৃহে পৃথক্ শ্যায় শ্য়ন করিতে গ্যন কবিয়া, কভকণে বজনী প্রভাতা হইবে এবং কভক্ষণে-ইবা তাহারা পরস্পার পুনর্বার সাক্ষাৎ করিবে এট চিম্বায় নিতান্ত অপীর হইত। অত্যন্ত ঝড় ও রন্টির সময়ে তাহারা অতি সামান্য গুহে অবস্থিতি করিয়া মনে২ প্রনেশ্বরের প্রতি ধন্যবাদ প্রদান করিত এবং কহিত 'হে করুণাময়। আমাদিগকে কি নির্কিছেই রক্ষা করিতেছ। যাহারা আমাদের হইতে দূরবর্তী তাহারা এখন্কে কি বিপদে পডিতেচে তাহা কিছুই দেখিতে পাইতেছি না, বোধ হয় তুমি তাহাদিগকেও এমনি ভাবে রক্ষা করিয়া থাকিবে সন্দেহ নাই ''।

বিবি দিলাতুর প্রতিদিন কোন নির্দিষ্ট সময়ে ধর্মপুস্তকেব কোন অংশ হইতে একইটি চিডরঞ্জক উপাখ্যান উদ্ধৃত করিয়া উচ্চঃস্বরে পাঠ করিতেন।
তাহাতে শ্রোত্গণের পক্ষে যে কি পর্যাস্ত উপকার
দর্শিত তাহা বর্ণনাদাবা ব্যক্ত কুরা দুর্ঘট। তাহাদের
আন্তরিক ভাব ও বাহ্ চেষ্টার সহিত, ধর্মপুস্তংকর
প্রধান মর্মা, প্রমার্থক্কান ও নীতিক্কানের তুলনা
করিয়া দেখিলে কিছুনাত ইতর বিশেষ বোধ হইত

না। ভাহাদের কোন বিশেষ উৎসব উপলক্ষে আমোদ করিবার আবশ্যকতা ছিলনা, প্রতিদিনই তাহা-দের পর্কাহস্বরূপ বোধ হইত। তাঁহারা যে২ বিষয় চিন্তা করিতেন ভাহাই মানবজাতির পরম মঙ্গল-জনক। তাহাদের হৃদয় এশ্বরী ভক্তিতে এতাদৃশ পরিপূর্ণ ছিল যে ভাহাদের গভানুশোচনে নির্ভি, ও বর্ত্তমানে ছুর্ঘটনায় সহিফুতা, এবং ভাবি সম্পদে প্রত্যা-শালাভ হইবার কিছুমাত্র ব্যাঘাত হইত না। এই রূপে সেই নারীরা লোকালয় পরিত্যাগ পূর্ব্বক এই নিরালয় ও নির্জন প্রদেশে বাস করিলেও ভাহাদের অন্তঃকরণে বিজ্ঞাতীয় ধর্মনিষ্ঠা ছিল। সুত্রাং ভাহাতে ভাহাদের মনে সাংসারিক যাতনা-সকলের উদ্বোধনাত্রই হইত না।

মনুষ্যের মন যেমন ইচ্ছা তেমন সুদৃঢ় বা সুযক্তিত হউক না কেন, তাহা কোন না কোন সময়ে কারণের গতিকে অভিভূত না হইয়া যায় না। এই কারণবশতঃ তাহাদেরও তাদৃশ ঘটনা কথন২ ঘটিয়া উঠিত, কিন্তু তৎক্ষণমাত্র তাহার শাস্তি হইয়া তিরোভূত হইতে আর কিছুমাত্র কালবিলম্ব হইত না। বিশেষতঃ সেই পরিবারদ্বরের কাহারো মনে কথন কোন ছঃখ উদিত হইলে সকলে মিলিয়া তাহা দূব করিবার চেকী পাইত। মার গ্রেট আপনার স্বভাবসুল আমোদ প্রমোদের কার্যা করিতে চেকী করিতেন। বিবিদিলাভূর ধর্মবিষ্যুক তর্কবিতর্ক করিতে নিযুক্ত হইতেন। দ্যার্দ্রে ক্ষয়া বজিনিয়া বাছলতায় তাহাদের কণ্ঠদেশে আলিক্ষন করিয়া সজল নয়নে বিবিধপ্রকার সাস্ত্রনা করিত।

আর পাল কেবল অকপটভাবে ভাহাদের স্বাস্থ্যজ্ঞনক ব্যাপার সম্পাদন করিতে ভৎপর থাকিত। মেরী ও দমিঙ্গও ভৎপ্রতীকারের চেক্টা করিতে কোন ক্রটি করিত না। স্বামিনীদের কাহারো কোন কিছু হুর্ঘটনা বা ক্ষাভ জামিলে ভাহারা ছই জ্বীপুরুষে যথাসাধ্য সাহায্য করিবার জন্য সত্তর হইয়া, যে ব্যক্তি রোদন করিত ভাহার সঙ্গেই রোদন করিতে থাকিত। এই-রূপে যখন যে ছঃখ উপস্থিত হইত, তথন সেই নির্দোষ পরিবারেরা একাগ্রচিত্তে ভাহা দমন করিতে সমর্থ হইত। ফলতঃ ভাহারা ভাদৃশ একতা প্রভাবে বিষম সক্ষটকেও সক্ষট বোধ করিত না।

অত্যন্ত ছদিন ভিন্ন প্রায় প্রতি নির্দারিত দিবসেই সেই ছই সথী একত্র ইইয়া ভজনালয়ে রীতিমাজ উপাসনা করিতে গমন করিতেন। তথায় এই উপদ্বীপ্রাসী অন্যান্য ধনাঢ্য ব্যক্তিও গমন করিতেন। স্কুতরাং তাঁহাদিগের সহিত উহাদের বারংবারই দেখা সাক্ষাং হইত। তাঁহারা পরস্পরায় উহাদিগের ভজতাও সুশীলতাদি গুণ সকল প্রবণ্গোচ্র করিয়াছিলনে, একারণ সাতিশয় আগ্রহপূর্বক তাহাদের সহিত আলীপ পরিচয়াদি করণের অভিপ্রায়ে, উহাদিগকে কখনং কোন কার্যোপলক্ষে নিমন্ত্রণ করিতেন, কিন্তু বিবি দিলাতুর তাহা স্বীকার করিতে বাসনা করিতেন না। কারণ তাহার প্রুব্ধ জ্ঞান ছিল যে ধনীরা প্রায় তোষামোদের বশীভূত হন, এবং দরিজ্ঞদিগকে প্রায় তাহাদের অনুগম ও তোষামোদকতা করিত্র হয়। গ্রেষ সমস্ত ধনীদিগের অনুগম-প্রভৃতিতে

প্রীতি জন্মে, তাঁহারাই নির্ধনদিগকে অম্বেষণ করিযা থাকেন। কিন্তু তাহাদিগের তেজ ও একান্ত স্বাধীনতা ছিল, তাহারা অধীনতা স্বীকার করিবার পাত্র ছিল না। তাহাদের তুলাস্বভাবের ব্যক্তি কি ভূমণ্ডলের মধ্যে আর নেত্রগোচর হয়?। তাহারা কেবল ধনীদের সংসর্গই পরিত্যাগ করিয়াছিল এমত নহে, কিন্তু এখানকার নিতান্ত অনতিজ্ঞ কুব্যবহারী অধমজাতিদিগের সহিতও কোন সংঅব রাখিত না। এজন্য অনেকে তাহাদিগকে অহান্ত ভীক্স্বভাব বোধ করিত। কেহ২ বা তাহাদিগকে অহস্কানী বলিয়া গণ্য করিত; কিন্তু তাহাদিগের সুশীলতা ও ভদ্রতা প্রভৃতি এমনি কতকগুলি সদ্পুণ ছিল যে তৎপ্রভাবে তাহাদের স্থান জন হইতে মান, ও নির্ধন হইতে বিশ্বাস ও প্রদ্ধা প্রাপ্ত হইবার কিছুমাত্র ব্যাঘাত হইত না।

যতক্রণ পর্যান্ত তাহাদের গিরিজার কর্মা সমাহিত
না হইত তাবৎপর্যান্ত কতিপয় ইতর লোক অনুগ্রহ
প্রাপ্তির প্রত্যাশায় তাহাদিগকে অপেক্ষা করিয়া
বাহিরে দণ্ডায়ুমান থাকিত। কখন২ বিপন্ন ব্যক্তিরাণ্ড
তাহাদের নিকট পরামর্শ লইতে গমন করিত। কোন২
দিবদ দরিদ্র বালক বালিকারা আপেন২ মাতাকে নিতান্ত
পীড়িত দেখিলে সর্ক্ষূর্ণ কাতরভাবে উাহাদের নিকট
গমন করিত, এবং বাক্সাকুল লোচনে তাহাদিগের
নিকট পীড়িত জননীকে দেখিয়া আসিতে প্রার্থনা
করিত। এই উপদ্বীপরাসী লোকদিগের যে রোগ
সচরাচর হইয়া থাকে, তাহার উপশ্যনার্থ এক প্রকার
মহৌষধণ্ড তাহাদের নিকট প্রস্তুত থাকিত । সংবাদ

প্রাপ্তিমাত ভাহারা স্বয়ৎ রোগীর নিকটস্থ হইয়া রোগের বলাবল বুঝিয়া সেই ঔষধ প্রয়োগ করিতেন, ঔষধেরও সাতিশয় গুণ প্রকাশ পাইত। তাহাদের মনে এই সিদ্ধান্ত স্থির ছিল যে, যদি রোগী ব্যক্তির কোন প্রকার মনঃক্লেশ থাকে, তাহা হইলে তাহার সে রোগের যাতনা অত্যম্ভ অসহা হয়। এই হেতু তাহারা রোগীকে দর্শন করিয়াই প্রথমতঃ তাহার মনঃক্লেশ দুর করিতে চেটা পাইতেন। বিবিদিলাতুর স্থীভাব প্রকাশ পূর্বক সম্পূর্ণ শ্রদ্ধার সহিত সেই রুগ্নাদিগের সরিপানে ঈশ্বরতত্ত্ব কহিতে আরম্ভ করিতেন। তাহাতে সেই২ পীডিত ব্যক্তি শুনিতে২ বোধ করিত যেন তাহার সম্মধে ঈশ্বর স্বয়ৎ আদিয়াই কথাবার্ছা করি-তেছেন। মাতৃদ্বের এতাদুশ সাধুভাব দর্শনে বর্জি-নিয়া হর্ষিভ্যনে ও প্রসম্বদনে তথা হইতে গুহাতি-মুখে গমন করিত। কোন ২ দিন ভাহার। অধিক পথ পর্যাটন করিবার বাসনা করিয়া, সম্মুখন্থ পর্বত পার হইয়া আমার কুটীরে উপত্তিত হইতেন। সে দিন আমরা মহা আমোদ প্রশ্নক সকলে একত হইয়া আহারাদি করিতাম। আমার বাসস্থানের অদুরেই এক কুদ্র নদী প্রবাহিত আছে, তাহার ধারেই এই প্রমোদ-ভোজন সম্পন্ন হইত। ইচ্ছানুসারে কদাচিৎ সমুদ্রতীরেও এপ্রকার আহারাদি হইয়া থাকিত। ভোক্সের দিন আমরা ব্লক্বাট্টিকা হইতে নানা জাভীয় ফল, মূল, শাক, পাত, লইয়াই তথায় বাইতাম। .আর্থ সামগ্রী পত সেখানে অতি মুলভ। যাহাথ লইয়া যাইতাম তাহাতে আমাদের বিবিধপ্রকার খাদ্য- জ্বা প্রস্তুত করিতে কোন অপ্রত্বল হইত না। এইরপে
আমরা ভোজনাদি সমাপন করিয়া ইতস্ততঃ পর্যাটন
ও পর্যাতীয় পদার্থের ও সাগর-তরঙ্গের অপূর্ব্ধ শোভা
নিরীক্ষণ করত চিত্তবিনাদনে উদ্যত হইতাম। সেই
সময়ে পাল জলবিহার বাসনায় সমুদ্রের তরঙ্গাভিমুথে
ঝক্ষা দিয়া পতিত হইত এবং উচ্চং তরঙ্গ সকল নিকটক্ষ হইবামাত্র সে অমনি সত্তর হইয়া তটাভিমুথে,
প্রত্যাগত হইত। বর্জিনিয়ার স্বভাব অতি সুকুমার
চিল, একারণ সে প্রিয়তম পালের তাদৃশ সাহস
দেখিয়া, পাছে ভাহার কোন বিপদ্ঘটে, এই আশক্ষায় একান্ত ব্যাকুল হইয়া তাহাকে ডাকিয়া কহিত
'দাদা! ক্ষান্ত হও, এমন বিষম ভয়ন্কর জলবিহার
হইতে নির্ভ হও। এ দুধর্য সমুদ্রের কলোল দেখিয়া
আমার হাৎকক্ষা হইতেছে। ভোমার আর এমন
সাহস প্রকাশে কাজ নাই।''

ভোজনাদি সনাপন হইবার পরে যথন আমরা নিশ্চিন্ত ইইয়াবসিতাম তথন, পাল ও বর্জিনিয়া আমাদের সন্মুখে আসিয়া রক্তক্তের সহিত নৃত্য এবং সুললিত প্রবিশননাহর নধুরস্বরে গান করত আমাদিগকে যৎপরোনান্তি পরিতৃতী করিত। বর্জিনিয়া
প্রায় গানই করিত। তাহার গানের ভাব প্রায় এই
প্রকার হইত যে যাহার। গ্রামবাসী হইয়া অঞ্গী ও
অপ্রবাসী হয় ভাহারাই মুখী এবং ধনোপার্জনের জন্য
যাহারা দূরে যায় ভাহাদের হইতে আর ছঃখী কেইই
নাই। কোনহ সময়ে ভাহারা ভাই বোনে ভাঁড়ামি
ও অভিনয় আদি করিয়া আমাদিগকে আমোদিত

করিত। সে সকল অভিনয় তাহাদিগকে শিখাইয়া
দিতে হইত না। তাহারা কেবল অপরের দেখা
দেখিই শিক্ষা করিয়াছিল। ফলে এ সকল বিষয়ে
কোন বালক ও বালিকাকে উপদেশ দিতে হয় না।
বর্জিনিয়া জননীর মুখে যে সকল ইভিহাস শুনিত
তাহার মধ্যে যে অংশ চিত্তরঞ্জক ও করণাজনক
তাহা অবিকল অনুকরণ ও অভিনয় দ্বারা ব্যক্ত করিতে
পাবিত।

একদা ভাহারা এমনি এক আশ্চর্যা অভিনয় করিল যেন বর্জিনিয়া প্রান্তর হইতে দমিজের ডমরুধানি প্রবণ করিয়া এক কলসী নাথায় করিয়া সত্তরে তথায় উপস্থিত হইতেছে, এবং অদূরবর্ত্তি নদীর জল আনি-বার জনা উদাম করিতেছে। তথায় তথন মেরী এবং দ্যিক মেষপালকের পরিক্ষদ পরিধান করিয়া যেন ছাগ মেষ প্রভৃতি পশু চারণে প্রব্রুত আছে। এবং সহসা বর্জিনিয়াকে মেষাদির মধ্যদিয়া যাইতে দেখিয়া ভাহারা অসভ্যতা পূর্ব্বক তাহাকে হাত দিয়া অপসারিত করিয়া দিতেছে এমত সময়ে যেন পাল সচকে তাহা দেখিতে পাইয়া ক্রোধে অন্ধপ্রায় হইয়া ভাহাদিগকে দুরীক্ত করিয়া বর্জিনিয়ার মস্তক হইতে সেই কলসীট লইল, এবং তাহা নদীজলে পূর্ণ করিয়া তাহার মস্তকে পুনর্বার তুলিয়া দিল। অনস্তরু দে রক্তপুল্পে এক ছড়া মালা গাঁথিয়া বর্জিনিয়ার জগল-দেশে দিয়া তাহার সমস্ত মনের কোভ এককালেই দুর করিয়া দিল। তাহাদের তাদৃশ মনোমোহন কৌতুক দৰ্শনৈ আমি আনন্দিতমনে তৎক্ষণাৎ বর্জি- নিয়ার পিতা সাজিলাম এবং ক্ষণমাত্র কালব্যাজ না করিয়া বর্জিনিয়াকে পালের সহিত বিবাহ দিলাম।

বংস। আর এক রহস্যের কথা কহিতেছি প্রবণ কর। সংবংশরের মধ্যে তাহাদের মহোৎসব করিবার আর কোন বিশেষ দিন নিৰ্দ্ধারিত ছিল না। কেৰল সেই छूटे मधीत खनानिन উপলকেই মহোৎসৰ হইত। উভয়ের জন্ম-তিথির পূর্ব্বদিবস বৈকালে বর্জিনিয়া कञकश्रीन मयुमा, हिनि, धर कमनीयन, मिलिङ করিয়া এক প্রকার পিউক প্রস্তুত করিয়া, এই উপদ্বী-পৰাসী যাৰতীয় ইউরোপীয় দীন দরিক্র ব্যক্তিকে ভোজন করাইয়া পরিতৃপ্ত করিত। ঐ সকল ছুর্ভাগ্য-वान् वाक्तिएमत मागच श्रीकादत এकाल अध्यक्षा छिन, অপচ সহিশৃতাজনক বিশেষ জ্ঞান ছিল না। সুতরাং এই বনাভূমিতে বাস করিয়া তাহাদিগকে মহাকটেই কালহরণ করিতে হইত। কিঞ্ছিৎ ক্লেখ স্বীকার করিয়া ক্রষিকর্মের প্রথা জানিলে আর তত কট পাইতে হইত না। বর্জিনিয়া সেই সকল পিষ্টক স্বহস্তে প্রস্তুত করিয়া 🗨 হাদিগকে বিভরণ করিত। তৎকালীন ভাহার এত দয়া প্রকাশ পাইত যে সে সকল অতি সামান্য বস্তু হইয়াও তাহাদের পক্ষে অমৃতত্ত্বা ও বছমূল্য পদার্থ জ্ঞান হইত। জন্মতি-থির দিন উপস্থিত হইলে পাল স্বয়ং সেই সকল পিষ্ট-কের পাত লইয়া অনবরত বিতরণ করিতে থাকিত। একবার দেই উৎসবের সময়ে আমি উপস্থিত হইয়া দেখিলাম, একটি জীলোক অতি শীর্ণশরীর, শতগ্রন্থি-युक्त प्रतिन दमन পরিধান, নিজেও অতি মলিন.

মানবদনে তথায় উপস্থিত হইয়া এক পাশ্বে দগুায়-মানা রহিয়াছে। নিতান্ত কাতর ও ভীরু স্বভাবের তিন চারিটি শিশু সন্তানও তাহার সঙ্গেই আসিয়া-ছিল। বর্জিনিয়া ভাহাদিগকে তদবস্থায় দর্শন করি-বামাত্র অভিমাত্র সত্তর হইয়া তাহাদের সম্মুখীনা इहेन, बदर नाना श्वकांत कथा वार्डा कहिया अ जापगा-কুসারে তাহাদিগকে ভোজনাদি করাইয়া তাহাদের লব্ধা দুর করিতে উপক্রম করিল। তাহাদের ভোজ-নের সময়ে বর্জিনিয়া সমুদ্য খাদ্য সামগ্রীর নাম ও গুণ একাদিকমে ব্যাখ্যা করিতে লাগিল। দিবার সময়ে বিশেষ করিয়া কছিল দেখ এই যে পানীয় ভোষাদিগকে পান করিতে দিতেছি, ইহা আমার মাতা মার গ্রেট স্বহস্তে প্রস্তুত করিয়াছেন। আর এই नकल कल आगांत मामा शाम नाना वनत्रक इटेटल পাডিয়া আনিয়াছেন। তোমরা এ সকল অকুতোভয়ে ভোক্তন ও পান কর। তাহারা তত ভীত এবং দলক হইলেও বর্জিনিয়া কেবল নিজ গুণে ভাহাদিগকে সেই সকল দ্ব্য সামগ্রী ভোজন করাইয়া আলাপ পরিচয় করিতে ক্রটি করিল না। যদি তখন সে পালের সাহায্য পাইত তাহা হইলে নৃত্য পর্যান্তও না করা-ইয়া ছাডিত না. এবং যাবং পৰ্যান্ত তাহাদিগকে সুখী ও সম্ভোষী না দেখিতে পাইত তাবৎ তাহাদিগকে কদাচ বিদায় করিত না।

বর্জিনিয়ার মনের অভিপ্রায় এই ছিল যে, যেমন আমরা সপরিবারে সুখসচ্দ ভোগ করিভেছি, এমনি সকল লোকেই করুক। একারণ সে পরছঃখে অনুধা- বন করিয়া যখন তখন মুক্তকঠে কহিত ''দেখ দেখি আমরা কেমন আশ্চর্যারপে অপরিমেয় মুখসমৃদ্ধি ভোগ করিতেছি''। বাহারা সেই মহামহোৎসবের কার্য্য দর্শন করিতে আসিতেন তাহাদের গৃহে বাইবার সময়ে বর্জিনিয়া যাহাকে যে বস্তুর অভিলাষী বুঝিতে পারিত তাহাকে তাহা গ্রহণ করাইতে যৎপরোনাস্তি আগ্রহ প্রকাশ ও অনুরোধ করিত। এবং প্রকারাস্তর করিয়া কহিত এ বস্তুটি নূতন, ইহা আর কোথাও পাওয়া বায় না, ভোমাকে এইটি অবশ্যই লইতে হইবেক, তুমি এইটী লইলে মনে বড়ই প্রীতি পাইব। বর্জিনিয়ার এতাদৃশ প্রার্থনায় তাহারা তদ্গ্রহণে সম্মত হইতেন। মুতরাং কোন বস্তু গ্রহণের জন্য লালসা প্রকাশ করিলে যেমন দারিদ্রাজনিত মনঃক্ষোত প্রকাশ পায়, তাহার সম্ভাবনাই থাকিত না।

আহা! বর্জিনিয়ার কি অপুর্ব্ব চতুরতাই ছিল! তাহা
মনে পড়িলে আর ধৈর্যাধারণ করিতে পারা বায় না।
তাহার কেবল এইমাত গুণ ছিল এমত নহে, কিন্তু
সকলে তাহাকে অপার দয়ার সাগর কহিত। তাহার
এক২ দয়ার পরিচয় শ্রেবণ করিলে কাহার মনঃ না
আর্দ্র হয়? বর্জিনিয়া সেই উৎসব সময়ে বদি সেই
সকল ব্যক্তির মধ্যে কাহারো বসন ছিল বা জীর্ণ
দেখিতে পাইত, তাহা হইলে তৎক্ষণাৎ আপন মাতার
অনুমতি লইয়া আপনার এক প্রস্থ পুরাতন পরিক্ষদ
বাহির করিয়া পালের হস্তে দিয়া কহিয়া দিত দাদা!
ভূমি এই বসনপ্রস্থটি লইয়া অমুক ব্যক্তির কুটীর
দারে রাখিয়া আইস, কিন্তু সে কিয়া তাহার আর

কেহ যেন ইহা না জানিতে পারে "। পালও তদনুসারে কার্য্য করিতে ক্ষণকাল বিলম্ন করিত না। এই
রূপে বর্জিনিয়া অলক্ষিতরূপে লোকের উপকার করিয়া
কেবল দৈবী রূপাই প্রকাশ করিত। পরমেশ্র যথন
কাহার শুভ করেন তখন তাঁহাকে যেমন কেহ জানিতে
পারে না, কেবল তদত্ত শুভ ফল প্রাপ্তি মাত্রই
জানিতে পারে, তেমনি বর্জিনিয়াকে কেহ জানিতে
পারিত না, কেবল তাহার তাদৃশ আনুকুল্য মাত্রই
উপলব্ধ হইত।

মানবজাতির মন বাল্ফালাবণি কেবল কাম্পনিক সুখের জ্রান্তিতেই পরিপূর্ণ হইতে থাকে, স্বাভাবিক সুখানুভবের পরমানন্দ একবারও উদ্বৃদ্ধ হয় না, এবং অন্তরাত্মাও সামান্য জ্ঞানে ব্যাপ্ত হইয়া কেবল ক্লতিম সুখাস্বাদনেই তৎপর হয়, কিন্তু প্রকৃতি হইতে যে কি পর্যান্ত অক্ষয় সন্তোষ পাঞ্জ্যা বায় তাহা কিছুমাত্রই অনুধাবন নাই।

পাল এবং বর্জিনিয়ার নিকট দিন-জ্ঞাপক পঞ্জিক।
থাকিত না, সময়নির্ণায়ক ঘটকায়ন্ত্রও থাকিত না,
তাহারা পুরারত্তের কোন গ্রন্থ বা কালনিরূপক
কোন শাস্ত্র অথবা দর্শনশাস্ত্র প্রভৃতির কিঞ্চিয়াত্রই
অপেক্ষা করিত না। তাহাদের জীবদ্দশার সাময়িক
ঘটনা সকল কেবল স্বভাবজাত পদার্থের অবস্থার
সহিত ঐক্য হইয়া পরিগণিত হইত। তাহারা রক্ষের
ছায়া দর্শন করিয়া দিবাভাগের প্রহর দণ্ডাদি সময়
নির্ণয় করিত। সময়েহ নানাজাতীয় তরুর ফল
পুত্র অবলোকন করিয়া বসস্তাদি ঋতুর পরিচয় প্রাপ্ত

হইত। এবং ক্ষেত্র হইতে ধান্যাদি শস্য সংগ্রহের কাল তাহাদের মৃতন বৎসরের দিন বলিয়া নির্দ্ধারিত ছিল। তাহারা সেই সকল প্রকৃতিসম্ভব বস্তুর বিষয়ে যখন২ কথোপকথন করিত তখন তাহাদের চিত্ত আন্ত্র নোহিত হইতে থাকিত। তাহাদের তৎকা-লীন সুথাকুভব বর্ণন করিয়া ব্যক্ত করা যায় না। যখন কদলীব্লকের ছায়া মূলগামিনী হইত তখন বর্জি-নিয়া কহিত ''আমাদের ভোজনের সময় উপস্তিত্ হইয়াছে" এবং চাকুন্দে পাতা সকল মুদ্রিত হইলে, রাত্রি আগতপ্রায় জানিয়া প্রতিবাসিনী সহচরীরা তাহাকে জিজ্ঞাস। করিত ''স্থি বর্জিনিয়ে! আমরা-ত এখন গৃহে চলিলাম, আৰার কতক্ষণ বিলয়ে তোমার সহিত সাক্ষাৎ হইবে ?'' বর্জিনিয়া উত্তর করিত ''যখন ক্লবকেরা ইকু মাড়িতে আরম্ভ করিবে, সেই সময়ে আমাদের পরস্পর সাক্ষাৎ হুইবে " এই কথায় ভাহারা প্রভ্রান্তর করিত "সথি! ভাল বলিয়াছ, ভোমার সহিত সাক্ষাৎ করিবার সেই সময় উপযুক্ত বটে।"

যদি কেহ ভাহাকে ভাহার কিম্বা ভাহার ভাতা পালের বয়স্কিজাসা করিত, ভাহা হইলে সে কহিত ''ঐ যে পর্ক্তীয় ঝরণার নিকটে একটি বড়, একটি ছোট, ছুইটি নারিকেল গাছ দেখা যাইভেছে, জামার ভাতা পাল উহার বড়টির বয়সী, এবং আমি ঐ ছোটটির ঠিক্সমবয়ক্ষ। আর শুনিয়াছি আমার জন্মাবিধ একাল পর্যান্ত ঐ সন্মুখন্ত আশ্রেকটি দ্বাদশবার ফলিয়াছে। এবং আমাদের কমলালের গাছের চিকিশ বার ফুল হইয়াছে। এইরপ তরুগুলা লভাদির সহিত্ত

তাহাদের জীবনের তাদুশ সম্বন্ধ দর্শনে বোধ হইত, যেন তাহারাই সাক্ষাৎ বনদেবতা। স্বীয় জননীদের জীবনবুভান্ত ব্যতীত, অন্যান্য ইতিহাসবিষয়ে তাহা-দের সম্পূর্ণরূপ অনভিজ্ঞতাছিল। কুটীরছয়ের নিক-हेन् डेमार्टन उक छला नज् गकत्न कन कन अंड-তির সময় নির্ণয় করা ব্যতীত তাহাদের প্রকারাস্তরে সময়জ্ঞান করিবার আর কোন উপায় ছিল না। তা-হারা কায়মনোবাকো অবিবত সাধারণের হিত করণে চেষ্টা করিত, এবং জগদীশ্বরের ঐশ্বরী শক্তিতে নির্ভর করিয়া বৈধ্যাধারণ করিতে, সমর্থ হইত। স্কুতরাং তাহাদের নীতিশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র এবং দর্শনশাস্ত্রের উপাৰ্ক্তন করিবার অপেক্ষা থাকিত না। ফলে তা-হারা কেবল প্রক্ষতির সন্তানের ন্যায় এম্বলে বর্জান হইয়াছিল। কথন কোন মহীয়সী চিস্তায় ভাহাদের ললাট-ফলকে সঙ্কোচ জন্মিতে পারিত না। কোন অহিত বা অপরিমিত আচরণে তাহাদের শোণিত ছুফ হইত না, এবং কখন কোন রিপু প্রবল হইয়া তাহাদের অন্তঃকরণকেও কদাচিৎ বিচলিত করি-তে পারিত না। তাহাদের মন কেবল অকপট প্রণয় ও নির্দোষতা এবং পবিত্রতায় পরিপূর্ণ ছিল। তাহার। যে অসাধারণ গুণরত্বে অলস্কৃত, তাহাদের মুখের আক্রতি ও শরীরের ভাব এবং অঙ্গসঞ্চালন প্রভৃতি-তেই বিলক্ষণরূপে প্রকাশ পাইত।

ক্ষেত্রকর্ম্ম সমাহিত হইলে পর, পাল যখন বর্জিনি-য়ার সহিত একাস্তে বসিত তাহাকে বার্ম্বার এই কথা কহিত "প্রিয়তমে! ভগিনি! বর্জিনিয়ে! আমি যখন২

একান্ত ক্লান্ত হইয়া গুহে আসি, তখন তোমার বদন-সুপাকর দর্শনে আমার চিক্ত-চকোর এককালে প্রমা-নন্দে চরিভার্থ এবং আমার সকল আন্তি শান্তি প্রাপ্ত रय। विकिनित्य। आत्ता এक आम्हर्या कथा विन, প্রবণ কর। যথন আমি পর্বতশিখবে পাকিয়া তো-मारक नीटि शुरम्भागात अवस्थि कतित्व मिथ, তখন তোমার মুখখানি যেন অবিকল একটি সুরভি গোলাব কুমুমের কোরকের ন্যায় বোধ হয়। আর শুন ভগিনি ! সকলে কহিয়া থাকে, যে শাবকের প্রতি ধাৰমান হইৰার সময়ে, তিজিরি পক্ষিণীর মন্দগতি অতি সুদুশ্য ও কমনীয় হয়, কিন্তু তোমার গৃহাভিমুখে গমন করিবার-সময়ে যে প্রকার মন্দর্গতি ও সাতিশয় শোভা প্রকাশ পায় তাহা দেখিলে তাহারা কদাচ তেমন বোধ করিতে পারে না। আর যৎকালে ভূমি চলিয়া যাইতে২ তরুগণে ব্যবহিত হও, তথন ভুনি কোপায় আছ এবং কি করিতেছ, তাহা অবগত হই-বার জন্য ভোমাকে আর অরলোকন করিবার আর-শ্যকতা থাকে না। কেননা তুমি যে পথদিয়া চলিয়া যাও, বোধ হয়, তথাকার শূন্যভাগে যেন কিছু অনির্ধ-চনীয় পদার্থই রহিয়া যায় ; किन्दु সে যে कि वञ्च आমি তাহা বলিতে পারি না। এবং যেখানে ঘাসের উপরি বসিয়া থাক, সেই স্থানটা দেখিলেও তৎক্ষণাৎ ভোমার মনোহর রূপলাবণ্য আমার মনে উদ্বন্ধ হইতে থাকে। পরে তোমার নিকটে উপস্থিত হইলেই আমার জ্ঞানে-ব্রিয় সৰল সম্ভোষামূতের অভিষেকে এককালে সর্বা-বয়ব-সম্পন্ন হইয়া উঠে। তোমার ইন্দীবর ভুল্য

নয়ন্যুগালের নীলিমার সহিত তুলনা করিলে আকা-भात नीनवर्ग किछूरे मरनाहत्रका वाध रग्न ना। आत ভোমার মধুর মনোহর স্বর যথন আমার কর্ণকুহরে প্রবিষ্ট হয়, তথন বসন্তমত কোকিলের পঞ্চ স্বর আবণে আর স্পৃহাথাকে না। যদি আমি অঙ্গুলির অগ্র-ভাগদারাও তোমার গাত সংস্পর্শ করি, তাহা হইলেও যেন এক অনির্বাচনীয় সম্ভোষের তেজ আমার সর্বাচ্চে ব্যাপিয়া যায়। বির্জ্জনিয়ে! ভূমি কি ত্রিশিরা পর্বতের নিকটস্নদীকূলের পাষাণরাশি উত্তীর্ণ হইয়া যাইবার দিন বিস্মৃত হইয়া গিয়াছ? সেই সময়ে ভীর প্রাপ্তির পুর্বের আমি যেন পরিশ্রাম্ভ হইয়া পতিত হই এমনি বোধ হইতে লাগিল, কিন্তু তোমাকে অবলয়ন করিবা-মাত্র আমার শক্তি তখন পুনরুজ্জীবিত হইয়া উচিল। যাহাহউক বৰ্জিনিয়ে! ডুমি যে গুণে আমাকে মুগ্ধ করিয়াছ, তোমার সে গুণের নাম কি, তাহা আমাকে বলিতে পার? সে গুণকে ভোমার বিজ্ঞতা বলিতে পারা যায় না, কারণ মাতাদিগের বিজ্ঞতা আমাদের হইতেও অভিরিক্ত, তাহাতে কিছু সন্দেহ নাই। আর তাহা তোষার স্নেহ বলিতেও পারি না। কেননা মাতারা অনেকবার স্নেহপূর্বক আমাকে ক্রোড়ে লইয়া পুলকিত হইয়া থাকেন। তবে তাহা তোমার অফ্র-ত্রিম সততা বলিলে বলা যায়। ভাবিয়া দেখ দেখি সেই কাফ্ডিদাসীর প্রতি তাহার প্রভুর ক্ষমা প্রার্থনা করিবার জান্য যে দিন ভুমি শূন্যপাদে রুফ্গানদীর निक्छे पिशा शमजटक छलिया यां अध्य मित्नत कथा আমার স্মৃতিপথ হইতে ইহ জন্মেও বিলুপ্ত হইবার

নহে"। এই সমস্ত কথা কহিয়া পাল তাহাকে কহিক
''প্রিয়তমে! এই দেখ তোমার জন্য আমি গহন বন
হইতে এই কুসুমিত লেবুর শাখা ছেদন করিয়া আনিয়াছি । ইহার গক্ষে তৎপ্রদেশ সৌরভনয় হইতেছিল, শীঘ্র ইহা গ্রহণ করিয়া আমার শ্রম চরিতার্থ
কর। আর এই দেখ শৈলশিখর হইতে তোমার
জন্য অপূর্ব্ব কমলমধুর ছাক তাঙ্গিয়া আনিয়াছি, ইহা
হইতে মধুপান করিয়া তুমি আপনার পরিজ্মণ জনিত
ক্লেশ দূর কর, সম্পুতি আমি অত্যন্ত ক্লান্ত হইয়াছি,
তুমি সর্ব্বাগ্রে একবার আমাকে সম্প্রেহে আলিঙ্গন
করিয়া পরিত্প্ত কর, আমার সকল শ্রান্তি দূর হউক।"

পালের এতাদৃশ অমৃতময় স্নেহরসাভিষিক্ত মধুর
মনোহর বাক্য প্রবণ করিয়া অকপটছদ্যা বর্জিনিয়া
পালকে আলিঙ্গন করিয়া কহিল, ''দাদা! যাহা বলিতেছ সকলি সত্য, আমিও অনেকবার পরীক্ষা করিয়া
দেখিয়াছি, ভোমার বদন নিরীক্ষণ করিলে আমার
ছদ্যে যে প্রকার অপর্য্যাপ্ত আনন্দের উদয় হয় ভাহা
পরিচয় দিবার নহে। মাতারা আমাকে অত্যম্ভ স্নেহ
করিয়া থাকেন, ইহাতে তাঁহাদের প্রতি আমুার যে
প্রকার ভাব জন্মে, তাহা পরিচয় দারা ব্যক্ত করা
কঠিন, কিন্তু মখন তাঁহারা ভোমাকে আমার জাতা
বলিয়া সম্বোধন করেন, তখন আমার সেই ভাব
কোটিং গুণে রুদ্ধি পাইয়া এককালে উদ্দেল হইয়া
উঠিতে থাকে। তাঁহারা আমাদের উভয়ের উপরি
অপর্যাপ্ত স্নেহ প্রকাশ করিয়া থাকেন বটে, কিন্তু
ভোমার প্রতি তজ্ঞপ করাতে আমার মনে যে প্রকার

সম্ভোষ জন্ম আমাকে স্নেহ করিলে কদাচ তেমন প্রীতি ৰোধ হয় না। ভাই ! ভুমি যে আমাকে বারবার কহিতেছ যে আনি ভোমাকে যৎপরোনাস্তি ভালবাসি, এ কথা কোনরপেই অযথার্থ বোপ হয়না, কারণ মানুষ পশু পক্ষী প্রভৃতি প্রাণিমাত্তেই বাল্যাবধি একতে সহ-বাস করিতে পাইলে তাহাদের পরস্পার সৌহার্দ্যি অব-শাই জ্বয়ে, ইহা তাহাদের স্বভাবসিদ্ধ গুণ। দেখ দেখি ভাই! আমাদের চতুর্দিকে যে সকল নানা-জাতীয় বিহঙ্গম একতে পালিত ও সম্বন্ধিত হইতেছে, তাহাদের পরস্পর প্রীতি আমাদের অপেকা কত অধিক। আর এক কথা বলি শুন, যখন ভূমি পর্বা-তের উপরিভাগ হইতে বংশীপানি কর, তৎকালে আমি নীচে থাকিয়া কেবল গুহাগত প্রতিধানিই শুনিতে পাই। অবণনাত আমার মন প্রসন্ন ও শরীর পুলকিত এবং নয়ন্যুগল আনন্দৰাজ্পে পরি-পূর্ণ হইতে থাকে। ইহাতে আমিও তৎকণাৎ মৃহু২ স্বরে তাহা অনুকরণ করিয়া থাকি। বিশেষতঃ যে দিন আমি সেই কাফি,দাসীর অপরাধ মার্জনা করাইবার জন্য ছ্রাহার প্রভুর নিকট অনুরোপ করিতে গিয়াছি-লাম, ভদিৰেশ ভূমি আমার পক হইয়া তাহার সহিত বাদালুবাদ করিতে ইচ্ছুক হইয়াছিলে, ভদবধি ভোমার প্রতি বে আমার কি পর্যাস্ত প্রীতি জানিয়াছে তাহা আমি ব্যক্ত করিতে সমর্থ নহি। তৎকালীন আমি তোমাকে শত সহজ্ৰ পন্যবাদ দিয়া মনে২ কতবার কহিয়া চিলাম যে আমার দাদার মত সদস্তঃকরণ অন্য কাহারও নাই, ইনি আমাকে কতই স্নেহ

করেন, ইনি আমার জন্য কতই কট স্বীকার করি-তেছেন। ফলতঃ ধদি ভূমি সে দিন আমার সঙ্গে ना थाकित्ज, जाहा हहेता, हग्न जाहात्क मिथियाहे ভয়ে আমার প্রাণ ত্যাগ হইত। আমি তোমার জন্য প্রতিদিন প্রমেশবের নিকট এই বলিয়া প্রার্থনা করিয়া থাকি যে ''হে জগদীশ! সকলে তোমাকে অনা-থের নাথ, ও অশরণের শরণ বলিয়া জানে। এব আমরা এই অনাথমগুলীতে থাকিয়া কেবল ভোমার শরণাপন হইয়াই কাল্যাপন করিভেছি। যেন আমাদের প্রতি ক্লপাবিতরণে কথন বিমুখ হইও এবং প্রার্থনা করি যেন আমার মাত্রয় ও দাদা পাল এবং দাস দাসীদিগকে প্রাণে২ রক্ষা করিয়া ভোমার অশরণশরণ নামটি সার্থক করিও "। দুশ প্রার্থনার সময়ে যৎকালে ভোমার নাম আমার মুখ হইতে উচ্চরিত হইতে থাকে, তখন ঈশ্বরের প্রতি আমার ভক্তি আরো দুচতর হইয়া প্রকাশ পায়। ইহাতে আমি তৎকণাৎ বিশেষ ব্যগ্রতা পূর্বক, যেন আমার দাদা পালের কখনই কোন বিপদ্না ঘটে এই कथा विनया अभिभारतत निक्र वात २ श्रार्थना क्रतिएक থাকি।

ভাই! আমার জন্য তোমার কট স্বীকার করিয়া এতাদৃশ পূর হইতে ফল ফুল আহরণ করিবার প্রয়ো-জন কি ছিল? আমাদিংগর উদ্যানে ত এ সকল জব্য যথেট পাওয়া বাইতে পারে। দেখ দেখি ইহার জন্য তুমি কত পরিপ্রান্ত হইয়াছ! দেখ দেখি তুমি আপাদমস্তক পর্যান্ত কত অপরিমিত খর্মজলে অভিষিক্ত ছইয়াছ। দেখ দেখি কত ক্রতবেগে তোমার নিশ্বাস প্রশাস বহিতেছে। আহা! এত প্রচণ্ড রৌদ্রে তোমার মুখখানি শুক্ষ ও মলিন করিয়া আসিবার কি প্রয়োজন ছিল?"। এই সকল কথা কহিতেই বির্জ্জন নিয়া নিতান্ত কুঠিতভাবে আপন বসনের অঞ্চল দিয়া পালের মুখের ঘর্মাজল মুছিয়া দিতে লাগিল।

এই মরীচি উপদ্বীপে কোন কোন বৎসর গ্রীম্মের অত্যন্ত প্রাত্নভাব ও তত্বপলক্ষে লোকের বিজাতীয় অনিষ্ট জন্মিয়া থাকে। সূর্যোর উত্তরায়ণ হইলেই তাহার তেজঃ প্রথরতর হইয়া অসহ্য বোধ হয়। **मिक्क नश्र वाश्र मिवाताज अविधास वहन हहेए** পাকে। তাহাতে পথের ধূলি সকল উজ্জীন হইয়া অনুক্ষণই গগণমগুলকে আছ্ন রাখিতে দেখা যায়। ভূমি সকল শুক্ষ ও নীরস হইয়া বিদীর্ণ হয় এবং ক্ষেত্রের শস্যাদি সকল এককালে দক্ষ হইয়া যায়। প্রচণ্ড সূর্য্যকিরণে সম্ভপ্ত পর্ব্যতীয় পাশ্বভাগ হইতে নির্ভিশয় উষ্টভাপ নির্গত হইতে থাকে। আর এখানকার ক্ষুদ্রহ নদী ও নির্যার সকল এককালে শুষ্ক হইগা লপ্তপ্রায় হয়। অপরাহু সময়ে বিস্তারিত প্রান্তরের মধ্যস্থল হইতে উথিত ৰাষ্প সকল দাবান-লের ন্যায় অসহ বোধ হয়। আর নভোভাগ তপ্ত-বায়তে পরিপূর্ণ থাকিয়া রাত্রিকালে কাছাকেও স্বাস্থ্য-বোধ করিতে দেয় না। নভোমগুলে পূর্ণচক্রমগুল কুজ্বটিকারত হইতে যদ্রপ দৃষ্ট হয়, তেমনি অন্ত্রা-कात त्यां विजिशित खेत नामि वाध रम। रनवारी বলীবর্দ্ধাদি সকল পর্বতের উপরিভাগে শান্তি পাইবার

বাসনায় আরোহণ করে কিন্তু তৎপ্রাপ্তিতে বঞ্চিত হইয়া কেবল খোরতর গভীর নিনাদে গহার সকল প্রতিধানিত করিতে থাকে। অসহ যাতনায় কে কাহার তত্ত্ব করে, কেবা কাহাকে জিজ্ঞাসা করে, সকলে আপনাকে লইয়াই বাতিবাস্ত। হা। হতোকি। गतिलाम (त । श्रिलाम (त । क्विन धरे अकरे मकरलव মুখে শুনা যায়। স্থানমাত্রই প্রচণ্ড সুর্যাভাপে ও উফ বাষ্তে পরিপূর্ণ। গ্রীন্মের যেমন আছেভাব, ক্লমি দংশ মশক মকিকাদিরও তেমনি উপদেব। মলুষ্য পশাদিরা ভাহাদিগকে যত দুর করিতে চেষ্টা পায় উহারাও তত ভাহাদের শোণিত পানের উপায় দেখিতে থাকে। আঃ! এখানকার কি অসহ গ্রীম। এই প্রকার ভয়ানক সময়ে একদা রাত্তিকালে বজ্জি-নিয়ার বড়ই ক্লেশ বোধ হুইতে লাগিল। সে সমস্ত রাত্রি অসুথ বোধ হওয়াতে নিজা যাইতে এবং শয়ন করিয়া থাকিতে সমর্থ হইল না। কেবল মূহমূছঃ দীর্ঘ নিশাস পরিত্যাগ করিতে লাগিল।

অনন্তর সে গাজোখান করিয়া থানিক কণ ইতস্ততঃ
পরিজ্ঞমণ করিতে লাগিল, কিন্তু তাহাতেও শান্তি বোধ
না হওয়াতে একবার ভূমিতলে উপবেশন করিয়া পশ্চাৎ শব্যায় গিয়া শয়ন করিল। নিজা ঘাইবার জন্যে
অনেক চেষ্টা করিতে লাগিল বটে, কিন্তু তাহার তৎকালীন মনের চাঞ্চল্যেনিজা হইবার বিষয় কি? শব্যা
কন্টক স্বরূপ বোধ হওয়াতে তাহার শ্যান থাকাই
ছক্ষর হউয়া উঠিল। অনন্তর সে নিতান্ত বিরক্ত
হইয়া গাজোখান করিল, এবং বাহির হইয়া বেড়া-

ইতে ২ পর্বাভীয় নির্বাহের অভিমুখে গমন করিছে লাগিল। সে দিন জ্যাৎসা-রাত্রি ছিল, চল্পের কিরণ নির্বাহ্ব বারিতে পতিত হইবাতে তাহার দীপ্তির আর ইয়তা ছিল না। বর্জিনিয়া ক্ষণেককাল সেই জলপ্র-পাতের উপরি একাস্কমনে দৃষ্টিপাত করিয়া রহিল। তখন পর্যান্ত পর্বতের পার্ম হইতে উষ্ণ তাপ বহিন্দিত হইতে নির্ভ হয় নাই। তাদৃশ বহিস্তাপ ও মনস্তাপ উভয় তাপে নির্ভিশয় সন্তাপিত হইয়া সে সেই নির্বারতে অবগাহন করিতে অবভীর্ণ হইল। তাহাতে তাহার শরীর আপাততঃ বিশ্ব হইল বটে, কিন্তু ভাহার মনে আরো শত সহত্র প্রকার সুকুমার বিষয় সকল স্মরণ হইতে লাগিল।

সর্বাত্রেই তাহার মনে হইল যে বাল্যকালে মাতারা যেখানে আমাকে এবং দাদাকে স্থান করাইয়া দিতেন এবং সম্পুতি আমার দাদা কেবল আমারই স্থান করিবার জন্য যে স্থানটি সমান ও পরিষ্কৃত করিয়া চতুদিনিকে গুল্ম লতাদিতে বেফিত করিয়া রাখিয়াছেন সে এই স্থান। পরে সে বিবসনপাত্রে জলে দপ্তায়মান থাকিতে২ দেখিতে পাইল যে তাহাদের জ্রাত্ত্তিনীর জন্মকালে রোপিত ছই নারিকেল বুক্ষের প্রতিচ্ছায়া তাহার বাছদ্বরে ও বক্ষঃস্থলে পতিত ইইয়াছে, এবং আপন মন্তক ভাহাদের প্রতিবিশ্বিত কল ও শাখায় সাতিশয় শোভা পাইতেছে। এই সকল অপরূপ দর্শন করিয়া বর্জিনিয়ার মনে তথন যৎপরোনান্তি সন্তোবের উদয় হইল। তৎকালীন বর্জিনিয়ার মনেহ এমনি বোধ হইল, যেন পালের স্বেহ কুমুমাপেকাও

অধিকতর সুকুমার, নিঝ্রবারি অপেকাও পবিত্তর এবং জডিতশাখা হইতেও দৃত্তর। মনে২ এই সকল বিষয় আন্দোলন করত সে তৎক্ষণাৎ এক দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিল। একে সে তথায় রাতিকালে একা-কিনী রহিয়াছে, তাহাতে আবার তাহার তাদুশ উদ্বোধ হইভেছে, সুতরাৎ তথন তাহার মনোবুত্তির অন্যথা-ভাবের অসম্ভাবনা কি? বখন তাহার তাদুশ আন্দো-লনে মনের প্লানি হইতে লাগিল, তখন সে অমনি সেই ব্ৰক্ষয়া হইতে অপসূত হইয়া জল হইতে গাতো-थान कविन । ध्वर महे सिक्ष निर्वादवीदिक पिनकद কিরণ অপেকা অধিকতর সম্ভপ্ত বোধ করিতে লাগিল। পত্নে সে, আপনার মনে২ যে প্রকার ভাব উদয় হইতে লাগিল তাহা কি প্রকারে মাতাদিগকে গোপন করিবে সেই জন্য সাতিশয় ব্যাকুল হইয়া গৃহের অভিমুখে গমন করিল। গুহে উপস্থিত হইয়া সাহসে নির্জর করিয়া মনে করিতে লাগিল, আমি এখন মার কাছে গিয়া আপনার মনের বেদনা সকল ব্যক্ত করিয়া কহি। এই ভাবিয়া সে বিবি দিলাভূরের নিকট গমন করিল, কিন্ত পালের নাম উচ্চারণ করিবার সময়ে ভাছার সেই ক্লেশ সহঅগুণে বৃদ্ধি পাইতে লাগিল। সুভরাৎ তাহার তথন কোন কথা কহা বড় সহজ হইয়া উচিল ना। अवस्थित त्र धककाल निक्रभाग इहेगा क्वन অনবরত নয়নবারিতে জননীর ক্রোড অভিবিক্ত করিতে লাগিল।

বুঁদ্ধিমতী বিবি দিলাভূর, কন্যার ভাতৃশ মনোগভ ভাব ও উদ্বেগ, ভাবে বুঝিতে পারিয়াও ভাহার নিকটে ভিষিয় ব্যক্ত করা যুক্তিযুক্ত বোধ না করিয়া ভূয়োভূয়ঃ কহিতে লাগিলেন "বংসে বিজ্ঞিনিয়ে! উৎকঠার সময়ে জগদীশ্বরের আরাধনায় মনোনিবেশ কর,
তাঁহার প্রসাদে তোমার স্বাস্থ্য শাস্তি প্রভৃতি সমুদ্যই
রক্ষিত হইবেক। তোমাকে তাঁহার এতাদৃশ অসহ্
যাতনা দিবার তাংপর্যা এই যে, তিনি ইহার পরে
তোমাকে অশেষ শুভ ফল প্রদান করিয়া সম্পূর্ণ সুখভাগিনী করিবেন। বংসে! এই যে পৃথিবী দেখিতেচ, ইহা তোমাদের চরিত্র-পরীক্ষার স্থল, অর্থাৎএখানে সচ্চরিত্রে কাল্যাপন করিলেই পরিণানে সুখী
হইতে পারিবে।"

উত্তরায়ণের পর সূর্যোর সাতিশয় উষ্ণ কিরণে আরুট হইয়া সমুদ্র হইতে বাষ্প সকল উথিত হইয়া থাকে, এবং সেই সকল বাষ্পে এই উপদ্বীপকে আছ্ম করে। যখন তাহা ঘনীভূত হইয়া পর্বতশিখরে একত্র হয়, তখন তাহা হইতে বিছাৎ হইতেথাকে ও তাহার সঙ্গেই বজাঘাতও হয়। তৎকালে সেই ভয়ানক বজ্ব-পাতধ্বনিতে বন ও গহার প্রতিধ্বানিত এবং সঙ্গেই মুষলধারায় বারি বর্ষণ হইতে থাকে। বর্ষার জলে পর্বতীয় গুহা সকল প্লাবিত হইয়া যায়। এই যে সম্মূর্ণ কুটীয়দ্বয়ের ধ্বংসাবশেষ দেখিতেছ, তখন সেই রুটিতে ইহার যৎপরোনান্তি হানি হইত। বিশেষতঃ এই গুহার মধ্যবর্তি ভূমির দ্বারদেশ এককালে জল-প্লাবিত হইয়া যায়,ও তাহার বহির্তাগে সেই বর্ষণবারি মতিশয় বেগে প্রবাহিত হইতে থাকে। সে সময়ে স্থানের চতুর্দিক অবলোকন করিলে এককালে সকল

হল জলময় ও একাকার বোধ হয়। বর্ধাকালে কো-পায় গগুলৈল সকল, কোথায় বা তরু গুল্মাদি সমূহ, কোথায় বা সেই বিভক্ত ভূমিভাগ সকল অবস্থিত থাকে, ভাহার উপলব্ধি করা অভিশয় হুষ্কর হইয়া উঠে।

এতাদৃশ তুর্দিনের সময়ে সেই সকল ভীত গৃহস্থেরা
বিবি দিলাভুরের গৃহমধ্যে একত্রীভূত হইয়া দৃচ্তর
ভক্তিযোগ সহকারে পরমেশ্বরের নিকট প্রার্থনা করিত।
সাহসী পাল দমিকের সহিত সর্বত্র ভব্বাবধান করিয়া
বেড়াইত, এবং মধ্যে২ সেই সভয় পরিবারবর্গকে
সাহস দিয়া কহিত "ভয় করিও না, ঝড় অবিলয়েই
স্থাতি হইবেক অনুভব হইতেছে, এক্ষণে ইহার অনেক
স্থানতা বোধ হয়"। কলতঃ পাল যাহা বলিত, প্রায়
ভাহার অন্যথা হইত না।

এক দিন এইরপ ঘটনার পর, ঘর হইতে বাহির হইলে হইতে পারা বায়, এমন সময় উপস্থিত হইবানার, বাকুলছদয়া বিজ্ঞানিয়া ক্ষণমাত্র বিলম্ব না করিয়া বাস্তসমস্ক হইয়া আপন প্রীতিভূমি-নামক বিপ্রাম স্থান দেখিবার জন্য বাহিরে গমন করিতে উদেয়াগ করিল, তথন পাল ভয়েৎ তাহার নিকটস্থ হইয়া কহল "ভগিনি! এত তাড়াতাড়ি বাওয়া উচিত নয়, আমার হস্ত ধরিয়া অম্পে২ গমন কর"। পালের এই কথা শুনিয়া বিজ্ঞানিয়া ঈয়ৎ হায়া পূর্বাক তাহায় হস্ত অবলম্বন করত, উভয়েই কুটীর হইতে বহির্গমন করিল এবং দেখিল বে পর্বাতীয় পার্য দিয়া অভিশয় বেগের সহিত নির্বার সকল পতিত হইতেছে, উদ্যান্মন্থ চৌকা সকল জলে পূর্ণ রহিয়াছে। রক্ষের আল-

বালের মৃত্তিকা সকল খৌত হইয়া বাহির হইয়াছে। পক্ষি সকল বুকের শাখায় বসিয়া চিচিকুচি ধ্বনিভে আর্ত্তনাদ করিতেছে। এই সমস্ত অপ্তত ঘটনা দর্শনে তাহার। উভয়ে অতিশয় খেদ প্রকাশ করিতে লাগিল। পরে বড় সাধের বিনোদপদ উৎসম্ম হইয়া গিয়াছে নয়নগোচর করিয়া বর্জিনিয়া পালকে সম্বোধন করিয়া কহিল "দাদা! ভূমি পর্বতের নানা স্থান হইতে বে मकन कूनांग्र अरम्पन कतियां अथीरन आनिमाहित्न रम সকল এ ঝটিকায় এককালে বিন্তু হইয়া গিয়াছে। আর এত যে পরিশ্রম করিয়া উদ্যানে, ব্লক্ষ সকল রোপণ করিয়াছিলে তন্তাবতই ধ্বংস প্রাপ্ত হইয়াছে। হায়২ ৷ পৃথিবীর যত বস্তু সকলই বিনশ্বর ৷ কেবল আকাশেরই পরিবর্তনাদি কখন দৃষ্ট হয় না"। এই-রূপ খেদের কথা শুনিয়া পাল উচ্চঃম্বরে কহিতে नांशिन '' रिर्क्शिनरम् । प्रथ प्रिथि कि क्लांट व विवम् ! আমি তোমাকে কথনই কোন অবিনশ্ব আশ্চর্য্য বস্তু আনিয়া দিতে পারিলাম না। পৃথিবীমগুলেতেও এমন কোন বস্তু নাই বে তাহা তোমাকে দিলে আমার সাতি-শয় তপ্তি জান্মতে পারে"। বির্জ্জিনিয়া এই কথা শুনিয়া লজ্ঞায় নম্রমুখে কহিতে লাগিল "দাদা। ভোমার নিকট যে কিছু নাই এ কথা কে বলিবেক? তোমার নিকট একথানি ছবিত আছে"। বৰ্জিনিয়ার মুখ হইতে এই কথা বহিৰ্গত হইতে না হইতেই পাল তথা ছইতে সত্তরে ধাৰমান আসিয়া, তদবেষণার্থ নিজ জননীর গৃহমধ্যে প্রবেশ করিল এবং অবিলয়ে তাংশ লইয়া গিয়া ভাহার হল্তে সমর্পণ করিল।

অনন্তর পালের হস্ত হইতে সেই ছবিখানি প্রাপ্তিনাত্র বর্জিনিয়ার আর আহ্লাদের সীমা পরিশেষ রহিল না। ইহাতে সে তৎক্ষণাৎ পালকে সংঘাধন করিয়া কহিতে লাগিল 'দাদা! যাবং আমি বাঁচিয়া থাকিব তাবং ইহা আপন ছাড়া করিব না। আমি জানি এই ছবিখানি তোমার সাতিশয় প্রিয় বস্তু, কিন্তু তুমি আমাকে ইহা দান করিলে। এমন অমূল্য নিধি হাতে পাইয়া কি আমি জীবন থাকিতে বিস্মৃত হইতে পারিব? পাল বর্জিনিয়ার তাদৃশ প্রণয়ালাপে মুক্ষপ্রায় হইয়া বাহুলতা প্রসারণপূর্বক তাহাকে আলিঙ্কন করিতে উদ্যত হইবামাত্র, বর্জিনিয়া কৌশলক্রমে তাহার নিকট হইতে অপস্ত হইয়া অতিশয় ক্রেতবেগে কুটীরাতিমুখে প্রস্থান করিল। নিরূপায় পাল এককালে বিষপ্প হইয়া যেথানকার সেইখানেই দণ্ডায়নান রহিল।

এতাদৃশ ঘটনার এক দিন পরে একদা বিবি দিলাতুর এবং মার গ্রেট উভয়ে একজে সমাসীন আছেন
এমত সনয়ে মার গ্রেট তাহাকে কহিতে লাগিলেন
'ভাল ভগিনি! আইস না কেন আমরা পাল ও
বিজ্ঞানিয়াকে পরিণয়পাশে বদ্ধ করিয়া ইহাদের
পরস্পরের প্রণয় দৃঢ়ীভূত করি। ইহাদের পরস্পর
অত্যন্ত সৌহার্দ আছে, কিন্তু প্রণয় কাহাকে বলে
তাহা জানে না। পালকে সমর্থ হইয়া আপন মুখে
এ বিষয় বাক্ত করাইতে আমাদের আর বিলম্ব সহে
না। কত দিনের পরে তাহার এতাদৃশ বিষয়
বাক্ত করিবার ক্ষমতা জিয়াবেক তাহাও বলা ছর্ঘট।

অতএব আমার মত এই শুভকর্মে বিলম্ব করা কদাচই কর্ত্ব্য নহে।"

বিবি দিলাতুর এই প্রস্তাব শুনিয়া উত্তর করিলেন "ভগিনি। বলিতেছ বটে, কিন্তু তাহারা এখন অতি শিশু, বিশেষতঃ দরিদ্র। বির্ফানয়ার সম্বানেবাও यमि এই প্রকার তুঃখে লালায়িত হয়, ভাহা হইলে कि আনৱা তাহা দেখিতে সমর্থ হইব? ইচ্ছা করিয়া এক যাতনার উপরি অন্য যাতনা ডাকিয়া আনিতে চেটা কর কেন? দেখদেখি প্রিয়সখি। আমাদের ভুত্য দ্মিঙ্গ, বয়োবাছন্য প্রযুক্ত এখন আরু অধিক পরিশ্রম করিতে সমর্থ হইতেছে না, মেরীও সম্পিক বয়ক্ষা হইয়াছে। এত দিন ত আমরা উহাদের সাহায্যে এই বিজন प्तरभ वाम कविया कालयाशन कविलाम, धकरन शाल ব্যতীত আমাদের কোন গত্যস্তর নাই। দিবানিশি কেবল এ সকল বিষয় চিস্তা করিয়াই আমার ক্রদয় শুক্ষ হইতেছে। আমরা এই বিবাহ বিষয়ে এখন এইমাত্র স্থির করিতে পারি যে, পাল সমর্থ হইয়া স্বীয় পরিশ্রম দারা আমাদিগকে প্রতিপালন করিতে পারক হইলেই বজ্জিনিয়ার সহিত তাহার বিবাহ দিব। একণে আনাদিগের যেপ্রকার দৈন্যাবস্থা, তাহাতে দিন্যাত্রা নিৰ্বাহ হওযাই কঠিন। যাহাহউক স্থি। আমি এক পরামর্শ বলি শুন, আইস আপাততঃ আমাদের পালকে ভারতবর্ষে বাণিজ্য-করিতে পাঠান যাউক। পাল তথা হইতে যৎকিঞ্চিৎ যাহা উপাৰ্জন করিয়া আনিবেক, তদ্বারা আমরা আর এক জন দাস কয়-করিতে পারিব। সে তথা হইতে ফিরিয়া আইলেই

বর্জিনিয়ার সহিত তাহার বিবাহ দিতে আর বিলম্ব করিব না। আমি বিলক্ষণ জানিতে পারিয়াছি পাল ভিন্ন অন্য পাত্রের হস্তগত হইতে বর্জিনিয়ার ইন্ছা কোনক্রনেই হইবেক না। বিশেষতঃ এ বিষয়ে আমা-দের প্রতিবেশবাসী পরমহিতৈষী বর্ষিপ্ঠ মহাশয়ের কি অভিপ্রায় তাহাও জিজ্ঞাসা করা বাউক" এই কথা বলিয়া তাহারা উভয়ে আমাকে এ বিষয়ের অভিপ্রায় জিজ্ঞাসা করিলেন।

তাহাদের তাদৃশ প্রস্তাবে আমি উত্তর করিলাম "এ বড় ভাল কথা, ভারত মহাসাগর কিছু বড় ভয়ানক নহে, कात्नत सूरिभा थाकित्न म्र् मात्मत मर्था उथाव উপস্থিত হওয়া যায়। পালের হস্তে কিছু আমরা অধিক ভার সমর্পণ করিব না। বে সকল বস্তু পালকে দিয়া পাঠাইব, ভত্তাবৎ প্রতিবেশবাসীদের নিকট হই-তেই সংগৃহীত হইবেক। সে সৰুল ব্যক্তির সহিত পালেরও বিলক্ষণ আত্মীয়তা আছে, তাহার জন্য কিছু ভাবনা নাই। আমাদের এখানে কতকগুলি অপরি-ষ্কুত তুলা প্রস্তুত আছে, বস্তুাদি না থাকায় তাহা আমাদের নিতান্ত অব্যবহার্য হইয়া রহিয়াছে। আমাদের প্রতিদিন জ্বালাইবার আবল্স কাঠও কতক-श्रुनिन পाउम्रा याहेरवक। अश्रुत अश्रादन এक श्रुकात বন্য রেসম অতি মূলত। এই সকল সামান্য২ বস্তু এন্থলে যথেষ্ট আছে, কিন্তু তাহা ভারতবর্ষে বছ মূল্যে বিক্রম হইতে পাবে। আমার মতে পালকে দিয়া পেই দ্রবাজাত পাঠান যাউক। যদি এবিষয়ে এই উপদ্বীপের শাসনাধিপতি মনস্থার দিলা বর্দ্দেই মহো-

দয়ের অনুমতি গ্রহণ কবা আবশাক হয়, তাহা বরং আমার ভার রহিল। কিন্তু সর্বাগ্রে একবার এ কথা পালকে অবগত করিয়া দেখা কর্ত্তব্য'।

এইরূপ যুক্তি স্থির করিয়া পালকে অভিপ্রেড বিষয় বিজ্ঞাপন করিলে পর, সে উত্তর করিল "সন্দিশ্ধ ভাবি নৌভাগ্যে নির্ভর করিয়া আপনি আমাকে জননী ও জন্মভূমি এবং প্রিয় পরিবারবর্গকে পরিত্যাগ করাইতে वामना कतिराउट्डन त्कन? आभारमत এতাদৃশ छैर्सता ভ্মিতে ক্ৰিকৰ্ম করা অপেকা অন্যত্ত অন্য ব্যবসায় অবলয়ন করিলে যে অধিক সৌভাগ্য হইবেক ভাহার সম্ভাবনা ও স্থিবতাই বা কি?। এ স্থলে এক গুণে শত গুণ লাভ হইতে পারে। যদি আপনারা আমাকে ব্যবসায় করাইতেই বাসনা করেন, তাহা হইলে ল্ইস্বন্দরে ব্যবসায় অপেক্ষা আমি স্থানাস্তবে অধিক লাভ করিতে পারিব, ইছা আপনাদের কি প্রকারে প্রভায় হইল? আমার মতে ভারতীয় নানা স্থানে পরিত্রণ করা অপেকা এ ভলে ব্যবসায় বাণিজ্য করা সর্বতেভিাবে শ্রেরস্কর। ভবে এই এক কথা বলিলে বলিতে পারেন ৰে আমাদের দমিক বুদ্ধ হইয়াছে, কিরুপে এখানে এ সকল কর্ম চলিতে পারিবেক। কিন্তু আমি ত এখন यूवा बंधि, এখন দিন হ আমার বল ও উৎসাহ इषि পাইতেছে। যদি আপনাদের এ বিষয়ে একান্ত মতই হয়, তাহা হইলে আমা হইতেই এখানকার কার্য্য কর্ম সৰল নিৰ্বাহ হইবেক ভাহার চিস্তা কি? বিশেষতঃ আমার অনুপস্থিতে এখানে আর এক মদ্দ ঘটনা ঘটলেও ঘটতে পারে। বির্দ্ধিয়াকে এখনই অসুস্থ

দেখিতেছি, যদি তাহাকে ছাড়িয়া যাওয়া হঁয়, তাহা হইলে কি নিস্তার আছে? না মহাশয়! আমার যাওয়া হইতে পারিবেক না। আমি শরীর ধারণে এ সকল প্রিয় জন পরিত্যাগে কদাচ প্রারুত্ত হইতে পারিব না"।

পালের প্রমুখাৎ এতাদুশ উত্তর প্রবণ করিবার সময়ে আমার হৃদয় বিদীর্ণ ইইতে লাগিল। সেই সময়ে বির্জ্জনিয়া যাদুশ অবস্থায় ক্লেশ ভোগ করিতে-ছিল, তাহা আমার অগোচর হয় নাই; বিশেষতঃ তাহার মাতা বিবি দিলাতুরও কৌশলক্রমে আমাকে তাহার অভিপ্রায় জ্ঞানাইয়া ছিলেন যে, পাল ও বর্জি-নিয়াকে কতিপয় দিবসের জন্য কোন কৌশলে পৃথক্ করিয়া রাখা কর্ত্ব্য। কিন্তু আমি তাহার সেই অভি-প্রায় পালকে তখন সক্ষেত্ত করিতে সাহস করিলাম না।

এইরপে ক্রমাগত কতিপয় দিন সেই সকল বিষয় লইয়া আন্দোলন হইতে লাগিল। ইতিমধ্যে শুনিতে পাইলাম, বিবি দিলাতুরের পিসী ফ্রান্স দেশ হইতে এক জাহাজ পাঠাইয়া দিয়াছেন এবং তৎসমভিব্যাহারে এক পত্রও প্রেরিত হইয়াছে। এত দিনের পর সেই রন্ধা আপন মরণ নিকটবর্তি দেখিয়া আপনার চিরছুঃখিনী জ্রাতৃকন্যাকে স্মরণ করিল। বিবি দিলাতুর কতবার কাকৃত্তি ও বিনীতি করিয়া লিখিয়াছিলেন কিন্তু তখন তাহাতে তাহার পাষাণ-ক্রম লোল হয় নাই। সমুচিত উপায় নহিলে তাদুশ দারণ কঠোর ক্রমাকে বিচলিত করা কাহার সাধ্য ? তাহা যুগসহ-

ত্রেও শ্বেহরুসে আর্দ্র ইবার নহে। একেত সেই রদ্ধা সহজেই জরাগ্রস্ত হইয়াছিল, তাহাতে এক বদ্ধমূল সাজ্বাতিক রোগ উপস্থিত হইয়াই তাহাকে শ্যাগত করে। এই কারণ বশতই সে আপনার ভাতৃকন্যাকে এই বলিয়া পত্ৰ লিখিয়াছিল বে "আমি একণে অতি ৰদ্ধা এবং অপ্রতিবিধেয় রোগগ্রস্তা হইয়াছি, এ সময়ে আমার নিকটে থাকা তোমার সর্বতোভাবে কর্ত্তবা, অতএর পত্র প্রাপ্তিমাত্র অবিদয়ে ফাস্সে প্রত্যাগমন করিবে, যেন অন্যধা না হয়। অধিক দুর বলিয়া যদি শ্বয়ং আসিতে একান্ত সম্মত না হও, অন্ততঃ তোমার তনয়া বর্জিনিয়াকে এই জাহাজে করিয়া পাঠাইয়া দিতে কোন আপত্তি করিও না। আমি এখানে তাহার বিদ্যাভ্যাসের প্রতি বিশেষ যত্ত্বতী হইব, ও একটি মান ধন কুল সম্পন্ন ব্যক্তির সহিত তাহার বিবাহ দিব ; এবং অবশেষে মর্ণকালে তাহাকেই আমার যথাসর্ধ-ষের উত্তরাধিকারিণী করিয়া যাইব। ইহাতেও বদি তোমার নত না হয় তাহা হইলে আমার উপরি তো-মার কোন আশা করিবার প্রয়োজন নাই "।

পত্তের এতাদৃশ মর্শাববোধে সমুদ্য পরিবার এক-কালে শোকসাগরে নিমগ্ন হইল। দমিল ও মেরী শুতমাত্তেই উচ্চস্বরে রোদন করিতে আরম্ভ করিল। পাল একেবারে বিক্ময়রসে নিমগ্ন ও স্পন্দহীন-কলেবর হইয়া বেখানকার সেইখানেই দগুায়মান রহিল। তৎকালীন তাহার সেই প্রকার ভাব দর্শনে বোধ হইল বেন সে অপর্যাপ্ত ক্রোধে ফাটিয়া উঠিতেছে। বির্দ্ধিয়া কেবল চিত্রাপিতের ন্যায় অবাক্ হইয়া আপ-

নার জননীর প্রতি একদৃটে দণ্ডায়মান রহিল। অন-ন্তর মার গ্রেট বিবি দিলাতুরকে "স্থি! ভুমি কি এড দিনের পর আমাদিগকে পরিত্যাগ করিয়া যাইবে ? वित्रा किस्कांतित পর, मে উত্তর করিল " না না প্রিয়-স্ধি!, না না, বাছা সকল! আমি তোমাদিগকে কখন পরিত্যাগ করিয়া যাইব না। তোমাদের মুখ চাহিয়াই এখানে প্রাণ ধারণ করিয়া আছি, এবং ভোমাদের ক্রোডেই কলেবর পরিত্যাগ করিব এই আমার বাসনা। হে দেখ প্রিয়স্থি! আমি ভোমার সহিত বন্ধুত্ব করিয়া অবধি কেবল অবাধে সুখভোগই করিতেছি। পূর্বেনানা প্রকার ছর্ঘটনায় আমার বে ক্লেশ গিয়াচে এখন তাহার কিছুমাত নাই। আমি অবিবেচক কুটুম্বগণের নিষ্ঠুরতায় এবং হৃদয়ধন পভির अमक्रत्वम्न विदृष्ट्डे (करण च्य्रेक्षम्य ट्रेग्रोडि । आ-মার এ সকল শোকাগ্নির জালা কিছুতেই নির্বাণ হই-ৰার নহে, তথাপি তোমার আশ্রমে থাকিয়া আমার त्म मकन क्रामंत्र किछुमांक উष्ट्यांथ नारे। अरमान পাকিয়া আত্মপরিবারদিগের এম্বর্যাবলয়নে আমার যাদুশ মুখ সক্ষ হইতে পারিত, এই উপদ্বীপে বাস করিয়া আমি ভাহার সহস্রগুণে অধিক সক্ষ ভোগ कविद्वाकि "।

ৰিবি দিলাতুরের মুখ হইতে তাদুশ স্থেময় ক্লভক্ষ-তার বাক্য প্রেৰণগোচর করিয়া উপস্থিত তাবৎ ব্যক্তি-রই মনে আনন্দপ্রবাহ উদ্বেল হইতে লাগিল। তথন পাল স্বহস্তে বিবি দিলাতুরের হস্ত ধরিয়া কহিতে লাগিল ''না! তবেত আমরা কথন পরস্পার পৃথক হইব না। দৃঢ়বাক্যে কহিতেছি আমিত কদাচ ভারতবর্ষে বাণিজ্যা করিতে যাইব না। আক্সরা যাবক্ষীবন
সকলেই এই স্থানে পরিশ্রেম করিয়া দিনপাত করিব।
আমাদের মধ্যে পরস্পার ঐক্যা থাকিলে অপ্রত্নুল হইবার বিষয় কি?। ভগিনী বর্জিনিয়া কিছু কথা কহিতেছেন না বটে, কিন্তু সর্বাপেক্ষা ভাহার মনঃ আনন্দিত
আছে। এবং ভাহা পূর্বের মত প্রসন্মও দেখিতেছি।
ভাহার মুখেই আমাদের সকল মুখ।"

পর্দিন প্রাতঃকালে সুর্য্যোদয় হইলে নিয়মিত উপাসনার পর, প্রাতরাশ করিতে বসিতেছে এমত সময়ে দমিক তাহাদের নিকটে উপস্থিত হইয়া নিবে-দন করিল, "এক ব্যক্তি ভদ্লোক অস্বারোহণ পূর্বক আমাদের উদ্যানের নিকট আসিয়া উপস্থিত হইয়া-ছেন, তাঁহার সমভিব্যাহারে ছই ক্ষন অন্ত্রধারী অপর লোকও আছে"।

দমিক এই সকল কথা বলিতেছে এমত সময়ে সেই
ব্যক্তি ভাহাদের কুটীরমধ্যে প্রবেশ করিলেন। শাসনাধিপতি দিলাবর্দ্দরুই আসিয়া উপস্থিত হইলেন।
দেখিয়া সকলেই সসমুমে গাতোখান করিল। তিনি
তথন গৃহমধ্যে প্রবেশ করিয়া দেখিলেন যে তাহারা
একত্রে বসিয়াভোজনের উপক্রম করিতেছে। তাহাদের
প্রাতরাশ সময়ে এই উপদ্বীপের প্রথানুসারে কেবল
অন্ন ব্যক্তন ও কাফি এইমাত্র, প্রস্তুত হইত, কিন্তু ঐ
সকল দ্রবা বার্জনিয়ার স্বহন্তে প্রস্তুত করা। স্বিল
আলু এবং ডাব নারিকেল প্রাতরাশ সময়েই ব্যবক্তে
হইত্ত। তাহাদের ভোজনপাত্র বিশিক্তপ্রকার ছিল

না, সচরাচর কদলীপত্রই তাহাদের ভোজনপাত্র হইভ এবং শন্তাদির ত্রাত ভাহাদের পানপাত ছিল। শাস-নাধিপতি তাহাদের গুহে ভাদুশ দীনভাব দর্শন করিয়া षाठा उत्तरहरू इहेरलन, धर् यरमामाना आमा অতিথিমৎকার প্রাপ্ত হইয়া কহিতে লাগিলেন ''আমা-কে সতত রাজকার্য্য পর্যালোচনায় কালহরণ করিতে ত্য় বলিয়া কোন অপর কার্য্যে মনোভিনিবেশ করিতে পারি না মত্য বটে, কিন্তু সহস্র কর্মা পরিত্যাগ করি-য়াও ভোমাদের সদুশ ব্যক্তিদিগের ছুরবস্থার প্রতি অন্তঃ বার্ত্তর নিমিত্ত কটাক্ষপাত করা কর্ত্ত্য। আমি এতাবৎকাল পর্যাস্ত ইহা নিরীক্ষণ না করিয়া কি অনবধানতার কর্মা করিয়াছি।" এই ক্থা বলিয়া ভিনি বিবি দিলাভুরকে সংঘাধন পূর্বক কহিতে লাগি-লেন "ভদ্রে! আমি অবগত আছি পেরিস নগরে ভোমার এক কুলীনা ধনবতী পিতৃত্বদা বর্তমান আছেন। তাঁহার অভিনত এই যে, তুনি তাঁহার বশ-বর্ত্তিনী হইয়া ভলিকটে অবস্থিতি কর, অস্তিনকালে তিনি তোমাকে আপনার সমস্ত ধনের উত্তরাধিকা-বিণী করিয়া ঘাইবেন, এই কথা তিনি আমাকে বলিয়া পাঠাইয়াছেন।"

শাসনাধিপের প্রমুখাৎ এতাদৃশ বাকা শ্রেবণমাত্র বিবি দিলাতুর উত্তর করিলেন, ''মহাশয়! আমার এক্ষণে যেপ্রকার শারীরিক অবস্থা, তাহাতে তত দ্বর দেশে যাত্রা করা কোন ক্রমেই সন্তর নহে''। ইহাতে শাসনাধিপতি কহিতে লাগিলেন ''যদি কোন বিশিষ্ট প্রতিবন্ধক প্রযুক্ত ভোমার তথার যাওয়া না হয়, তবে

ভোমার এই সাধুশীলা বালিকাকে তথায় প্রেরণ করিয়া मिट छात्त धेषार्यात क्षेत्रती कत, देश अशीकात कता ভোমার পক্ষে মজল-দায়ক নছে। আমি ভোমারক বিশেষ করিয়া অবগত করিভেছি, তোনার পিসী ভো-মার স্বদেশগমনের বিশিষ্ট উপায় কবিয়াছেন। এবং আমিও কোন ২ মহাশয়ের পত্র পাইয়াছি। তাঁহার। এ বিষয়ে অনুরোধ করিয়াছেন। যদি ভূমি স্বেচ্ছা পূর্বক বদেশ যাত্রায় উদান না কর, তাহা হইলে আৰ-শ্যক মতে যেরপে তোমার তথায় গমন হয় তবি-ষয়ে আমাকে যথাশক্তি চেষ্টা করিতে হইবেক, কিন্তু ভোমার প্রতি আমার ভাদুশ ক্ষমতা প্রকাশ করিবার বাসনা কোন মতেই হয় না। কিসে এই উপদ্বীপের নিবাসিগণের মুখসমৃদ্ধি উৎপন্ন হয় তাহাই আনার মুখা উদ্দেশ্য। যাহাহউক, এক্ষণে ভূমি আপন ইচ্ছায় স্বদেশ গমনের অঞ্চীকার কর এই আমার মানস। তথায় গেলে পর তোমার পক্ষে যাবজীবন মুখ ভোগ ও ভোমার কন্যারত পরম সুথসম্ভোগে সংসার্যাতা নির্বাহ করা অনায়ামেই হইতে পারি-বেক। বে লোকেরা স্বদেশে ধন পাইতে বা পারে ভাহারাই ভাহা ভ্যাগ করিয়া এই উপদ্বীপে আসিয়া রহিয়াছে ৷ অতএব যদি এই বিদেশ পরিত্যাগ পুরুক বদেশ গমন করিলেই তোমার প্রভূত ধন হস্তগত হয়, তবে তোমার তথায় যাইবার আপত্তি কি ? "।

এই সকল কথা বলিয়া শাসনাধিপতি সমভিব্যাহারী একজন দাসকে সংস্কৃত করিলে পর, সে এক-খৈলী সুর্বমুদ্রা লইয়া নিকটস্থ হইল। তথন তিনি কহিলেন

''এই লও ভজে, এই লও, এই ভোমার কনাার স্বদেশ-গমনের পাথেয় প্রেরিত হট্যাছে গ্রহণ কর''। আমি এই উপদ্বীপের শাসনকর্ত্তা রহিয়াছি। আমার নিকট তুমি এতঁকাল কোন অসংস্থানের কথা জানাও নাই কেন? বাহাহউক, এতাদুশ ক্লেশের অবস্থাতেও যে ভোমার অসামানা ভদ্রভা এবং মনের দুচ্ভা বলবভী রহিয়াছে, এ বড় প্রশংসার বিষয় বলিতে হইবেক"। এই সকল কথোপকখন হইতেছে এমত সময়ে পাল কহিয়া উঠিল 'জানি গো মহাশয়। আমি আপনাকে ভালরপে জানি। আমার মা একবার আপনার নিকটে গিয়াছিলেন, আপনি ভাঁহাকে সমাদর ও অভার্থনা কিছুই করেন নাই, সে কথা বুঝি ভ্লিয়া গিয়াছেন ?'' ইহাতে সেই প্রদেশাধিপতি বিবি দিলাতুরকে জিজা-সিলেন ''হাঁগো! এটি কাহার কুত্র? ভোমার কি আর এক পুত্র আছে ?" বিবি দিলাতুর উত্তর করিলেন "না মহাশয়! এটি আমার এই প্রিয়সখীর পুত্র, কিন্তু বর্জিনিয়ার সহিত ইহার কিছুমাত্র ভেদ বোধ করি না। এইটি আমারও সন্তান বলা যায়"। এই কথা শুনিয়া সেই প্রদেশাধিপতি তথন পালকে সম্বোধন করিয়া **কহিলেন " শুন বৎস! তুমি অতি বালক,** তোমার জ্ঞান একণে পরিপক্ষ হয় নাই, কিছু কাল পরে জানিতে পারিবে, ধনী লোকেরা ছুরুদুউবশতঃ প্রায়ই बहेक्राल महकर्म कंद्रांग क्षिठ इहेग्रा शांकन, य मकल উপকার সাধুশীল সরলম্বভাব ব্যক্তিদিগের প্রতি সভত কর্ত্তব্য, তাহা অতি অসৎপাত্র পাপচারী ব্যক্তি-ডেই অনিচাধীন বিতরণ করিতে হয়"। অনস্তর

দিলাবৰ্দনুই সমাদরপূৰ্বক অনুনীত ও অভ্যৰ্থিত হইয়া বিবি দিলাভূরের নিমন্ত্রণ স্বীকার করিলেন এবং তৎ-পার্ষে আদন পরিগ্রহ পূর্মক তত্ত্য নিবাদিগণের প্রথানুরপ অন্ন ব্যঞ্জনাদি ভোজনে যৎপরোনান্তি পরিত্পু হইলেন। বিশেষতঃ সেই পরিবার্দ্বয়ের পরস্পর অকপট প্রণয়, সংসার্ধর্মের বিবিধপ্রকার উপস্কার-নিচয়ের রচনাপরিপাটী এবং সেই দাস দাসীদের নির্তিশয় প্রভুপরায়ণতা নয়নগোচর করিয়া তাঁহার আর তৎকালীন পরিতোষের ইয়তা রহিল না। ইহাতে তিনি তখন মুক্তকঠে কহিয়া উঠিলেন 'আমি আজি এখানে আসিয়া কি অপরূপ দেখিলাম, এখানকার আসন, বসন, ভূষণ প্রভৃতি যাহা কিছু আমার নেত্র-পথে পতিত হইল, সকলি ধৎসামান্য ও গ্রাম্য বটে, কিন্তু ভোমাদের আকার ধীর ও মন প্রসন্ন কি প্রকারে হইল তাহা কিছুই ভাবিয়া স্থির করিতে পারিতেছি না। শাসনাধিপের প্রমুখাৎ এতাদুশ সম্মানের বাক্য শ্রবণ করিয়া পাল ভাঁহাকে কহিল ''আপনাকে যে বড় ভাল মানুষ দেখি-তেছি, বাসনা হয় আপনার সহিত বন্ধুত্ব করি'' শাস-নাধিপতির পক্ষে ইহা অতি সামান্য ধন্যবাদ হইলেও তাঁহাকে তথন ভাহাতেই পরিভুট হইলে হইল। তথন তিনি স্বহস্তে পালের হস্ত ধারণ করিয়া কহিতে লাগিলেন "ভাল! আমিও স্বীকার করিতেছি, ভূমি বন্ধভাবে যে কর্মা অবলয়ন করিতে বাসনা করিবে, এবং তৎসামাধানে সমর্থ হইবে, আমি তাহারই ভার ভোমার হল্তে সমর্পণ করিব।"

প্রতিরাশ সমাপনাত্তে প্রদেশাধিপতি বিবি দিলা-ভূরের নিকট হইতে প্রস্থান করিবার পূর্বের, ভিনি তাহাকে কহিতে লাগিলেন ''শুন ভদ্ৰে ! সম্পতি এক-খানি অর্ণবপোত ফান্সদেশ গমনে প্রস্তুত হই-তেছে। তাহা অবিলয়ে এখান হইতে প্রস্থান করিবে। সেই পোতেই ভোমার ক্র্যাকে প্রেরণ ক্রা কর্ত্ব্য। তাহাতে আমার সম্পর্কীয় আর একটি স্ত্রীলোক গমন করিবেন। ভাঁহার দারা ভোমার ভনয়ার ভত্তাবধান বিলক্ষণ রূপে চলিতে পারিবেক, তদ্বিষয়ে কিছুমাত চিন্তা নাই। বর্জিনিয়ার বিরহে কয়েক বৎসর কালছ-রণ করা ভোমার পক্ষে ক্লেশকর হইতে পারে বটে, স্বীকার করিতেছি, কিন্তু এতাদৃশ প্রভূত ধন আয়ত্ত করিতে হইলে এতদ্রপ ক্লেশকে ক্লেশরূপে গণনা করাই অবিধেয়। বিশেষতঃ তোমার পিসীর চরম কাল উপস্থিত। তাঁহার বন্ধুবান্ধবের প্রমুখাৎ শুনিতে পাই, জীবিতাবস্থায় বর্ষদ্বয় যাপন করাও তাঁহার পক্ষে সহজ ব্যাপার নহে। লোকেরা কহিয়া থাকেন সম্পত্তির সমাগম কদাচ প্রতিনিয়ত সম্ভবে না, ইহা মিখ্যা বোধ করিও না। একণে আমি চলি-লাম, ভুমি আপন বন্ধু ৰান্ধবের সহিত পরামর্শ কর। আমার বোপ হইতেছে তাঁহারাও তোমাকে আমার মতারুগামিনী হইতেই উপদেশ প্রদান করিবেন मत्त्रह नाहे"।

শাসনাধিপতির এবম্বিধ আত্মীয়ভাবের উপদেশ-কাক্য শ্রবণ করিয়া বিবি দিলাতুর উত্তর করিলেন "মহাশয়! আমার সবে ধন বর্জিনিরাকে সুখভাগিনী দেখিব, ইহার চেয়ে আমার আহ্লাদের বিষয় আর কি আছে? আপনার কথায় নির্জ্ঞব করিয়া কহিতেছি, ভাবি সুখোদেশে তাহাকে ক্যুন্সদেশে পাঠাইতে আমার কোনমতেই মতান্তর নাই। অসামর্থ প্রযুক্ত আমার তথায় নিজে যাঙ্গ্রা ছুর্ঘট হইয়া উঠিয়াছে, কিন্তু এতছপলক্ষে বর্জিনিয়াকে একবার তথায় প্রেরণ করা আমার নিতান্ত কর্ত্তব্য বটে, কিন্তু এ বিষয়ে আমার বল প্রকাশ করা চলিবেক না। তাহার যেমন ইচ্ছাহয় তাহাই হইবেক।

विवि मिलाजुत मानर विविधन। कतित्वन, शाल छ বর্জিনিয়াকে কিছু কালের জন্য পুথক্ করিলে, পরে তাহার। যৎপরোনান্তি সুথী হইবেক। তাহাকে না পাঠান ভাল নহে। ইহা ভাবিয়া বর্জি-निशां क निकर्णे आञ्चानशृक्षक कहिएक नाशितन "বংগে। আমাদের দাস দাসীরা ত রুদ্ধ হইয়া অক-ৰ্মাণ্য প্ৰায় হইয়াছে। আর দৈশবাবস্থা প্ৰযুক্ত এখন পালকেও কোনমতে সর্ক্রার্যাক্ষম বলা যাইতে পারে না। অপর প্রিয়দখী মার্ত্রেটেরও বয়স্কিছু ম্যুন বলা যায় না, আমি ত নিজে ক্ষীণতা নিবন্ধন অকর্মণ্য প্রায় হইয়া পডিয়াছি। একণে যদি আমার মরণ হয় তাহা হইলে এই অনাধমগুলীতে জীবিকা ব্যতি-বেকে তোমার কি গতি হইবেক বল দেখি? অসহায় নিরুপায় হইয়া দাঁডাইলে কে তোমার মুখ চাহিয়া কিছু সাহায্য করিবে, আমি তাহা ভাবিয়াই পাইতেছি উপায়াস্তরের অভাব হইলে ভোমাকে উদরের দায়ে কাজে২ অবিশ্রাস্ত শ্রম করিয়া দিনপাত করিতে

হইবেক। আমি যখন২ এ সকল ভারনা করি, তখন আমার হংকত্প হইতে থাকে"। বর্জিনিয়া উত্তর করিল "না আমি বিলক্ষণ জানি, বিধাতা আমাদের সকলকে অনবরতই পরিশ্রম করিতে পাঠাইয়াছেন। আর তিনি আমাকে কর্মকার্য্য শিক্ষা দিবার জন্য ভোনার সন্তান করিয়া দিয়াছেন। এজন্য আমি ভাঁহাকে প্রতিদিন শতং বার ধন্যবাদ প্রদান করিয়া থাকি। আমার মনে২ নিশ্চয় প্রতীতি আছে, কদাচ তিনি আমাদের সঙ্গচাড়া নহেন, এবং ভবিষ্যতেও আমাদিগকে বিস্মৃত হইবেন না। তিনি অন্তর্যামী, বিশ্বস্তর, হতভাগ্যদিগের উপরি তাঁহার ক্রপাচ্টির কিঞ্চিন্মাত্রও ক্রটি নাই। মা! ভুমিইত আমাকে সর্ব্বদা এ সকল কথা কহিয়া উপদেশ দিয়া থাক।"

বিবি দিলাতুর বর্জিনিয়ার প্রমুখাৎ এই উত্তর শুনিয়া ব্যাকুলভাবে কহিতে লাগিলেন "বংসে! আমি কি ভোমাকে সহজে নয়নের অন্তরাল করিতে চাহিত্তি, উত্তরকালে পালের সহিত বিবাহ দিয়া কিসে ভোমার সুখে কালমাপন হইবেক ভাহাই অন্থেষণ করা আমার উদ্দেশ্য। এইক্ষণে তুমি পালকে সহোদরের নায় বোধ করিয়া দাদাহ বলিয়া ডাকিভেচ, কিন্তু বস্তুভঃ কিছু সে ভোমার সোদর নহে। ভাহার সৌভাগ্য কেবল ভোমারই অধীন হইভেচে।

কুমারীদিগের স্বভাব এই যে যদি কেই ভাবের গতিকে কাহারো প্রতি মন সমর্পণ করে, তবে সে মনে২ করে আমার এ প্রণয় কাহারো জ্ঞাতসার হইল না, কিন্তু সে ভাহার ভ্রম। তৎকালীন ভাহার বুদ্ধি- রুত্তি এবং দৃষ্টিশক্তি উভয়ই অজ্ঞানরূপ প্রগাঢ় তমসাচ্ছর হয়। পরে যদি কোন হিতৈষী সুক্তং ভাহার
সেই অজ্ঞানরূপ আবরণ দূর করিয়া দেয়, তবে ভাহার
অন্তর্নিগৃঢ় উদ্বেগ সকল ভাহার নিকট মুক্তকবাটপ্রায়
হয় এবং ভত্নপলক্ষে ক্রমে ক্রমে হানচ্যুত হইয়া পলায়ন করে। সুতরাং ভাহার মন যেমন ভ্রান্তি,
সংস্কোচ, সংখ্যা, প্রভৃতিতে সমাচ্ছর থাকিত ভত্তাবং
এককালে দূরীভূত হয়, এবং ভাহার হৃদয়-প্রান্তরে
তথ্য সুখ-সমীরণ সঞ্চরণ করিতে আরম্ভ করে।"

ষজিনিয়া নিজ জননীর প্রমুখাৎ এতাদুশ প্রণয়গর্জ বচন-পরক্ষারা প্রবণ করিয়া অতাস্ত চমৎক্ষত
হটল এবং পুর্ম্মে তাহার যে সকল মনোবেদনা
পরমেশ্বর ব্যতীত অন্য কেহই জানিত না তত্তাবৎ
দে আপনার মাতার সির্দানে মুক্ত ক্ষ্মের কহিতে
লাগিল। বজিনিয়া আদৌ প্রণিধান পূর্কক বিবেচনা
করিয়া দেখিল যে জগদীশ্বরপ্রসাদাৎ আনার মনোগত ভাব আমার মাতার সম্মত ইইয়াছে। অন্তর্মানী
জগদীশ্বর যে আমাকে জননীর মতালুযায়িনী করিযাচেন তাহার তাৎপর্যাই এই বোধ হয়, নচেৎ তিনি
আমাকে মাতার পরামর্শের অনুগামিনী হইতে কদাচ
সুমতি দিতেন না। মনে২ এতাদুশ সদ্মুক্তি স্থির
করিয়া বজিনিয়া পরমান্দিত-মনে ভাবি ছর্মটনার
আশক্ষা পরিত্যাগ করিয়া জননীর সহিত অবস্থিতি
করিতে মনস্থ করিল।

বিবি দিলাভূর বিবেচনা করিয়া দেখিলেন যাহা ভাবিয়া বর্জিনিয়ার নিকট এই বিষয় প্রস্তাব করিলাম ভাহার বিপরীত ফল ফলিল। ইহাতে তিনি তাহাকে কহিতে লাগিলেন "বংসে! আমি অনুরোধ করি-তেচি বুলিয়া ভূমি কদাচ মনে করিও না যে আমি বলদারা তোমাকে কোন বিষয়ে প্রব্রুত করিতে উচ্চাক্ত হইয়াচি, কিন্তু যাহাতে ভোমার পক্ষে ভাল হয় ভাহা ডুমি ক্ষণকাল চিন্তা করিয়া দেখ। পরস্ত এসকল মনের কথা আপাততঃ পালের নিকট প্রকটিত করায় কোন আৰশ্যক নাই "। অনস্তৱ সন্ধাকাল উপস্থিত হইলে বিবি দিলাভুর বর্জিনিয়ার সহিত একাস্তে বসিয়া আছেন এমত সমযে সেই প্রদেশাধিপতি কর্তৃক প্রেরিত একজন ধর্মপ্রবক্তা পুরোহিত তাহাদের সহিত কথোপকখন করিবার বাসনায় উপস্থিত হই-লেন। এবং উপস্থিত হইয়াই কহিতে লাগিলেন " কেমন গো বাছাসকল! কি করিতেছ ? পন্য জগদী-শ্বর! এত দিনের পর তোমাদের ভাগ্য পরিবর্ত্ত হইল। দীনদয়াল পরমেশ্বর দরিত লোকদিগকে পরম সুধ-সজ্জ সদ্তোগে দিনপাত করাইবার এক উপায় করিয়া দিলেন। মনস্থার দিলাকদিল ই তোমাদিগকে ষাহা২ কহিয়া গিয়াছেন এবং তোমরা ভাঁহাকে যাহা উত্তর করিয়াছ তাহা আমি সমস্তই অবগত আছি"। এই কথা বলিয়া তিনি বিবি দিলাতুরকে পুনর্বার সংঘাধন করিয়া কছিলেন " ভত্তে! তোমার ষে প্রকার শরীরের অপটুতা দেখিতেছি তাগতে তোমার এস্থান পরিত্যাগ করিয়া দূরবর্ত্তি দেশান্তরে গমন করা যুক্তিযুক্ত বলা বায় না; কিন্তু ভোমার ত্ৰয়া বৰ্জিনিয়ার পক্ষে তথায় না বাওয়া অতি মন্দ কর্ম বলিতে ছইবেক। জগদীখনের এবং প্রাচীন
মহাত্মাদিগের আজ্ঞা সকল কঠোর ও অসমঞ্জস বোধ
ছইলেও, তাহা অবহেলন করা কদাচ কর্ত্তন্য নহে।
সর্বত্র বিরাজমান কলণাময় পারমেশ্বর বিশ্বরাজ্যের
প্রজা সকলের হিতার্থ বত্ব করিয়াই আমাদিগকে
পারজন হিতার্থে বত্ব করিতে উপদেশ দিয়াছেন।
অধিকন্ত এ সকল বিষয়ে তাঁহার বিশেষ অনুমতি আছে
এ কথা অবশাই বোধ করিতে হইবেক। অতএব
তাঁহার এতাদুশী অনুমতি শিরোধার্য্য করিয়া যদ
তুমি নিজ তন্যাকে কাুন্সে প্রেরণ কর, তবে সেই
করণানিধান প্রাংপর পারমেশ্বর ভোমার তন্যাকে
প্রভৃত ঐশ্বর্য্যের দ্বারা প্রভ্যুপকার করিতে কথন ক্রাট
করিবেন না,,।

বজিনিয়া অবন্তবদনে উত্তর করিল "নহাশয়। যদি
ইহা প্রমেশ্বরেরই অনুমতি হয়, তবে আমি তাহা
অবলীলাক্রমে প্রতিপালন করিতে প্রস্তুত আছি, ইহার
বিপরীত আচরণ করিতে আমার কদাচ প্রস্তুতি নাই"।
এই কথা বলিতে২ নয়নবারিতে তাহার বক্ষঃস্থল প্রবাহিত হইতে থাকিল।

পরে দেই পুরোহিত এখান হইতে প্রস্থান করিয়া, বেহ কথা হইল তাহা শাসনাধিপতিকে বলিবার জন্য ভলিকটে উপস্থিত হইলেন। এদিকে বিবি দিলাভুর বার্জনিয়ার ক্রান্সযাত্রা বিষয়ে অভিপ্রায় জানিবার জন্য আমার নিকটে লোক পাঠাইয়া দিলেন, আমার মতে তাঁহার এ স্থলে থাকা হইলেই ভাল হইত। কারণ অভুল এখির্যার আকর্ষণী হইতে প্রকৃতিজনিত

সুধ অতি উৎরুষ্টতর বলিতে হইবেক। বিশেষতঃ মদেশে থাকিয়া যে মুখ হইতে পারে তাহার ব্রজির क्षना ইতন্ততঃ श्रदिशा विदान कमा कर्दना नहाः; কিন্তু আমার এতাদুশ সহজ পরামর্শে তখন আর কি ফল দর্শিতে পারিত? বিবি দিলাতুর ধনলোতে আকৃষ্ট হইয়া গোপনে যাদুশ মনন করিয়াছিলেন তাহার সহিত আমার মত সমকোটি হইবার বিষয় কি? ভৎকালীন তিনি সেই পুরোহিতের পরামর্শেই কর্ত্তবা বিষয়ে সমত হইয়া ছিলেন, কেবল মুখাপেকায় আমাকে একটা কথার কথা জিজ্ঞাসা করিয়াছিলেন এইমাত্র। ফলতঃ এবিবয়ে আমার মত গ্রহণ করা ভাহার মনোগত ছিল না বলিতে হইবেক। মার্থেট অতি বৃদ্ধিমতী, আপনার কার্যাট ভালরূপে বৃঝিতে পারিতেন। তিনি আপনার মনোভীষ্ট সিদ্ধির সূত্ৰপাত দেখিয়া ভাহাতে কোন আপত্তিই প্ৰকাশ ৰুরেন নাই। বিবি দিলাভুর বর্জিনিয়ার সহিত যে পরামর্শ করিতেছিলেন পাল তাহার কিছুই অবগত ছিল না, সুতরাং তাহাদিগকে কাণাকাণি করিয়া পরা-মর্শ করিতে দেখিয়া সে তাহা আপন সুধসচ্চনের প্রতিবন্ধকরপ বোধ করিয়া এককালে বিবাদ-সমুদ্রে নিমগ্ন হইতে লাগিল। এদিকে এই উপদীপের সর্বত প্রচার হইয়া উচিল বৈ এই গুহাবাসীরা অভিশয় धनमानी इहेबा छिठियर्ट्छ। नानाटमनीय विक्शन সেই প্রবাদ প্রস্পরা শ্রেবণ করিয়া বিবিধপ্রকার বাণিজ্য মবাসামগ্রী সমগ্র লইয়া এই পর্বকৃটীরে উপন্থিত হইতে লাগিল। কেহ পরিখেয় বস্ত্র, কেহ উত্তরীয় বস্ত্র,

কেহবা ঢাকাই কাপড়, কেহবা রেসমী বসন প্রভৃতি নানাপ্রকার পরিচ্ছদ আনিয়া তাহাদিগকে দেখাইতে লাগিল।

এ সকল দ্রবাসামগ্রী দেখিয়া বিবি দিলাভূরের বাসনা হইল যে বর্জিনিয়া আপনার জন্য কোন মনো-মত দ্রব্য ক্রন্ন করে, কিন্তু তাহার বিশেষ গুণ ও মূল্য না জানায়, পাছে সে প্রতারিত হয় এই ভয়ে তৎ-কালে তিনিও অতি সাবধানে থাকিলেন। বর্জিনিয়া, বে ২ বস্তুতে আপন জননী ও মারু গ্রেটের এবং পা-লের সম্ভোষ জামিতে পারে, বিবেচনা করিয়া ভাহাই ক্রয় করিয়া লইল এবং "ইছা আমাদের গুহকর্ম্মের উপ-वाशी बवर छेटा आमारमंत्र मात्र मात्रीरमंत्र वावटाया হইতে পারিবেক" বলিয়া কয়েক দ্রব্যও ক্রয় করিয়া नहेन। हेशांट य किछू अर्थ मझिंड हिन नकनहे নিঃশেষ হইল অথচ তাহার বাসনা নিরুক্ত হইল না। সুতরাং সে, পরিবারদিগকে যাহাং কিনিয়া বিতরণ করিয়াছিল ভাহা ব্যতীত আর তখন কিছুই কইতে পারিল না। অতএৰ অবশেষে ভাহাকে কান্ত হইতে इहेन।

বর্জিনিয়ার এ প্রকার দান বিতরণ দর্শনে পাল তাহার ক্রান্স যাতার পূর্বাবস্থা বুঝিতে পারিয়া অতিশয় চিন্তাকুল হইতে লাগিল। কয়েক দিবস অতীত হইলে পর একদা সে. স্বয়ং আমার নিকটে উপস্থিত হইল এবং যেন অকুল চিন্তাসাগরে নিমগ্ন ইইয়াছে এমনি ভাব প্রকাশ করিয়া কহিতে লাগিল "মহাশয়! আমার তগিনী ত আমাকে পরিত্যাগ করিয়া চলিলেন। বোধ হয় তিনি একণে ফুল্স বাজাব উদ্যোগ করিতেছেন। অতএব প্রার্থনা করি আপনি একবার অনুগ্রহ করিয়া আমাদের বাচীতে আমুন, এবং মাতাদিগকে বুঝাইয়া বলুন যেন তাঁহারা এ বিষয়ের মনন ছইতে এককালে ক্ষান্ত হয়েন"। পালের তাতৃশ কাতরতা দর্শনে ও কাকুক্তি অবনে আমি তৎকালীন ভাহার নিকট সীকার না করিয়া থাকিতে পারিলাম না। কিন্তু আমার প্রব জ্ঞান ছিল বে তদ্বিয়া আমার প্রবামর্শ দানে কোন বিশেষ কল দর্শিবেক না।

অদিকে পালের মন অনুক্ষণ চিম্কাকুল দেখিয়া একদা ভুমাতা নার গ্রেট তাহাকে নিকটে ডাকিয়া কহি-লেন "হাঁরে বংস! ভুমি দিবানিশি কি ভাবনা কর বল দেখি? এতাদুখ ভাবনায় নিরস্তর কাল্যাপন করিলে উত্তরকালে ভোমাকে যে যংপরোনাস্তি নিরাশ হইতে হইবেক। আপনাদের জীবনর্ভাস্ত-ভ কিছুই অবগত হও নাই। এক্ষণে সে সকল ভোমার নিকট ব্যক্ত করিতেছি প্রবণ কর, তাহা হইলে নিগৃঢ় কথা জানিতে পারিবে। আমার প্রিয়সখী বিবি দিলাতুর নিজে সদ্বংশজাতা ও সাতিশয় ভদ্রা। ভূমি এক জন অতি সামান্য দরিদ্র রুষকের অবৈধ সন্তান। ভাঁহার সহিত ভোমার ভূলনা করিতে গেলে ভোমার বংপরোনাস্তি নীচত্ব প্রকাশ হইবেক সন্দেহ নাই।

পাল ''অবৈধ সস্তান'' এই শক্ষের অর্থ বুঝিডে না পারিয়া মাতাকে জিজ্ঞাসিতে লাগিল ''মা! তুমি বে আমাকে অবৈধ সন্তান কহিলে ভাহার অর্থ কি! আমি শুনিতে ইচ্ছা করি " ইছাতে মার গ্রেট উত্তর করিলেন "তুমি ঘাঁহার সস্তান তিনি আমাকে পরিণয় করেন নাই। আমি কুমারী অবস্থায় হতভাগ্য वभक्तः छाँदात श्रीजिभाग्न वस इदेश अभराधिनी হইয়াছিলাম। পরে তিনি আমাকে বিবাহ না করিয়া পরিত্যাগ করিলেন। ভুমি ভাহারি সস্তান। আমারই দোবে ভোমাকে এই বিজন দেখে বাস করিতে হইতেছে। আমাভিন্ন যে অনা কোন আলীয় স্বজন বন্ধু বান্ধব কুটুম্বর্গের মুখ দেখিতে পাইতেছ না আমিই তাহার মূলীভূত কারণ। বাঢ়া ! আমি তোমাকে কি অসুখীই করিয়াছি ৷ কেবল আমারি অপ-রাধে ভোমাকে পিতৃবংশের আশ্রয় হইতে বঞ্চিত হইতে হইয়াছে। আমি পিড্গুহ্ পরিত্যাগ পুর্বক পলায়ন করিয়া আসিয়াছিলাম বলিয়া ভোষাকে মাতা-মহকুলের আশ্রয় বর্জিত হইতে হইয়াছে "। পালের निक्रे धरे नकन बाजूइडास बारमााशास वर्गन করিতে২ অক্স বিগলিত অশ্রুবারিতে মার্থ্রেটের বক্ষঃ ত্বল প্রবাহিত হইতে লাগিল। পাল তদ্দর্শন-মাত্র অতিমাত বাতা হইয়া মাতাকে হাতে ধরিয়া কহিতে লাগিল "মা ৷ যদি ভোমাভিন্ন আমার অন্য প্রতিপা-লক এ জগতে নাই তবে তোমাকে আমার কতনুর প্রযান্ত ভালবাসা উচিত হয়'বল দেখি! যাহা হউক মা ! এই নিগ্ঢ় কথার মর্মোদ্ভেদ শুনিয়া বোধ হই-তেছে বর্জিনিয়া আমাকে দেখিয়া যে কোন২ বিষয় গোপন করিতেছে তাহার কারণ এই। আঃ। মনো- ছঃখের কথা কি বলিব মা! বোধ হয় তিনি যেন আ-মাকে ঘৃণাচ্টিতেই দেখিয়া থাকেন।

এইরূপ কথায় ২ রাজি হইল, ভোজনের সমুদায় দ্রবাসামগ্রীও প্রস্তুত হইল। আমরা সকলে ভোজন করিতে বসিলাম। বসিলাম বটে, কিন্তু ভোজন করিতে কিছুমাত্রই ইচ্ছা ছিল না। আমাদের সকলেরই मत्न এक এकটा विषदम्ब जावना हिन, मुख्दार उथन थाहेवात हेष्कारक हेष्काहे वना यात्र ना। थाउता ৰত হউক বা না হউক, কেবল পরস্পার কথোপকথন চলিতে লাগিল। क्रमकाल विलास वर्জिनिया ग्रह হইতে বাহির হইল এবং আমরা এখন যেখানে বসিয়া রহিয়াছি এই স্থানে আসিয়া উপবেশন করিল। পালও অপে২ ভাহাব পশ্চাৎ২ আসিতে লাগিল এবং তাহার পাম্বে ই উপবিষ্ট হইল। ক্ষণকাল ভাহার। উভয়েই নিস্তব্ধ হইয়া রহিল। তদ্দিনের রাত্রিরই বা কিবা শোভা। একে বসস্ত কাল, ভাহাতে দিবদের তাপের পর সেই অমৃতায়মান পূর্ণচন্দ্রমগুল विदाक्रमान, उद्दुशनक् मूथमञ्चल ও भासिमस्तारभद ইয়তা ছিল না। সে রাত্রির খোতার কথা এক মুখে বর্ণনা করা অতি তুঃসাধ্য। আর গণণমগুলেরই বা কত শোভা, একেত তাহা দেদীপ্যমান নিৰ্মাণ খনঘটায় আরত, তাহাতে আবার তন্মধ্যে সম্পর্ণ চক্রমগুল विवासमान । उरकानीन हस्रात्नादक शर्वे छीत्र हस्रु-कां है नकत अनिकंচनीय भाषा পाই छिहत। शृथिवी 'এককালে জনমানব-ঘোষ বক্ষিতা হইয়া কেবল বিল্লী-র্ব-ব্যাপ্তা হইয়াছিল। নানাজাতীয় পঞ্চিসকল আপ-

নাদিগকে নিজ নিজ কুলায়ে নিভৃত বোধ করিয়া একান্তশান্ত ও সানন্তাবে কাল্যাপন করিতেছিল। উর্দ্মিনালা-মুশোভিত সাপরে ভারাগণ সহিত ভারাপ-'তির প্রতিবিম্ব পতিত হইয়া যে প্রকার মহতী শোভা বিস্তু করিতেছিল, তাহা দর্শন করিয়া কাহার চিক্ত চরিতার্থ না হয় ?। সেই সময়ে বর্জিনিয়া সেই মহা-বিস্তারশালী সাগরোপরি চুষ্টিপাত করত কয়েকথানি ডিন্সী দেখিতে পাইল, ও তন্মধ্যস্থ আলোক দর্শনে নিভান্ত চিন্তা করিতে লাগিল। আপাততঃ তদর্শনে ভাহার বোধ হইল যে, যে অর্বপোতে ভাহার ফ্রান্স-দেশ যাত্রা হইবেক তাহা সুসক্ষিত হইয়া অনুকৃল বায়ুর প্রত্যাশায় কাল প্রতীক্ষা করত বন্দর-সন্নিধানেই লঙ্গর করিয়া রহিয়াছে। ইহাতে সে মনে২ বৎপ-রোনাস্তি ব্যাকুল হইয়া তৎক্ষণাৎ তদ্দন হইতে নিজ নেত্র নির্ভ করিল। নিকটস্থ পাল পাছে তাহার তাদুশ উৎকঠা অবগত হয় এই ভয়ে, দে তাহা হইতে मूथ किंद्राहेश नहेन।

কিয়দূর অন্তরে কদলীরক্ষতলে বিবি দিলাতুর,
মার গ্রেট এবং আমি, এই তিন জনে একত্তে বসিয়াছিলাম। রাত্তি নিঃশদা হইয়াছে, এমত সময়ে
তাহাদের তৎকালীন পরস্পার কথোপকখন বিলক্ষণ
স্পান্টাভিধানে আমাদের কর্ণকুহরে প্রবিষ্ট হইল।
আহা! ভাহাদের সে সকল.কথা আমাদের ক্দত্তে
অদ্যাপি জাগরুক রহিয়াছে। জীবনসত্ত্বে তাহা কদাচ
বিশ্বত হইবার নহে।

वामता उथन खनिट्ड পाইनाम, शान विजिनियादक

সুষোধন করিয়া কহিতেছে "প্রিয়তমে বর্জিনিয়ে। আমি পরস্পরায় শুনিতে পাইতেছি ভুমি নাকি দিন ছুই ভিনের মধ্যে আমাদিগকে পরিত্যাগ করিয়া ষাইবে? পূর্বের সমুদ্রের নাম শুনিলে তোমার ভয় হইত, তাহাদিয়া গমনাগমন করা তোমার কথনই রুচি ছিল না, এক্ষণে তেমন বিপদসক্ষল সমুদ্রগমনে ভুমি কিপ্ৰকারে নিষ্ঠয় হইলে?" এই কথা প্ৰবণ করিয়া বর্জিনিয়া উত্তর করিল "ভাই পাল। আমার ইক্ষা হইলে কি হইবে বল দেখি। আমারত এই স্থলে যাবজ্ঞীবন কালহরণ করা নিতাস্ত মানস ছিল, কিন্তু আমার নাতার ভাষা সম্মত নহে। আমি কি কবিতে পারি, আমাকে অবশাই এখান থেকে যাইতে হইল। বিশেষতঃ এ প্রদেশের পুরোহিত মহাশয় আমাকে কহিয়া গিয়াছেন আমার এই সুথাক্র গৃহ পরিভ্যাপ कता शतुरमश्रदत्त्र हे छा, अवर अहे कीवनगाकाह আমাদের এক প্রকার পরীক্ষান্তল। আঃ! বলিতে গেলে ভাই আমার হৃদয় বিদীর্ণ হইতে থাকে, আর বলিতে পারি না "।

বর্জিনিয়ার প্রমুখাৎ এই সকল কথা প্রবণ করিয়া পাল উত্তর করিল "ভাল, বর্জিনিয়ে! একটা কথা বলি শুন দেখি, আমাদিগকে পরিভাগে করিবার জনা মা এত কথা বলিতে পারেন, কিন্তু এ স্থলে অবস্থিতি করিবার নিমিত্ত কি একটা কথাও বলিতে চান না? ইহাতে বোধ হইভেচে ইহার ভিতরে কোন নিগৃচ্ কথা থাকিবেক, তাহা আমাদের মনে উদ্বুদ্ধ হইতেছে না। আহা! পরনেশ্বর ধনের কি আশ্চর্যা আকর্ষণী

শক্তি সৃষ্টি করিয়া দিয়াছেন! ভাহাদ্বারা আরুষ্ট নাু হয় এমন ব্যক্তি অবনিমগুলে দৃষ্টিগোচর হওয়া অভি সুক্টিন। যাহাইউক বর্জিনিয়ে ! ভুমি যে আমাকে অবুগ্রহ করিয়া "ভাই ও দাদা" वेनिया ডাকিতে, এক্ষণে যে মূতন প্রদেশে যাইতেছ তথায় আর কোন নৰপরিচিত ব্যক্তিকে তাহা ৰলিয়া ডাকিবে, এবং ধনে गान कूरन भीरन मर्सा अकारत यांगा वास्त्रित महिख्हे ভোমার মিলন হইবেক, ভাহাতে সংশয় নাই, কিন্তু তুমি তথায় কি অভিপ্রায়ে যাইতেছ তাহা আমি এখ-নও বুঝিতে পারিতেছি না। এস্থলে আমরা যে সকল সুখসচ্দ ভোগ করিতাম তদপেকা কি তথায় ভুমি অধিক সুথ পাইতে পারিবে? কি আমাদের এই জন্ম-ভূমি অপেকা দে দেশ তোমার মনে ভাল লাগিবে?। একবার মনে ২ ভাবিয়া দেখ দেখি, জন্মাবধি যাহারা তোনাকে বিশিষ্টরূপে জানে এবং স্নেহ করে, তাহাদের সংসর্গ ব্যতীত কুলাপি আর কোন সংসর্গ ভোমার মনে ধরিবেক কি না ? কি প্রকারে তুমি অরু জিম স্নেহ-কারিণী জননীর মায়া বিশ্বত হইয়া তথায় অবস্থিতি করিবে? আর কেমন করিয়াই বা ভোমার জননী, ভোমাকে ভোজন শয়ন গমন প্রভৃতি, সর্বসময়ে আপ্ন সলিধানে না দেখিয়া ভোমার বিরহে কালহর এ করিবেন? বহির্গমন-কালীন তুমিই তাঁহার অবলম্বন স্থাপ হইয়া থাক, একণে তোমাকে বিদায় দিয়া কির-পেই বা বিনাবলম্বনে তাঁহার দিনপাত হইবে?। বিশে-ৰতঃ বর্জিনিয়ে ৷ আমার মাতার যে কি দুশা উপ-এ স্থিত হইবেক তাহাও বুঝিতে পারিতেছি না। তিনি

ভোমাকে আপনার কন্যা ভিন্ন বলিয়া বোধ করেন না। ফলতঃ তোমার ও আমার প্রতি তাঁহার যেমন স্নেহ তাহাতে কিছুই ইতর-বিশেষ নাই। একবার স্থিরচিত্তে ভাবিয়া দেখ দেখি বজিনিয়ে ৷ যখন মাতারা ভোষাৰ বিৰুহে শোকসাগৱে নিমগ্ৰ ইইবেন তথন আমি ভাঁহাদিগকে কি বলিয়া সাস্ত্রা করিব कान वस्तरे वा व्यवसम कतिएक करिव !। व्यात আমারই বা কি দশা হইবেক তাহাও বুঝিতে পারি-তেছি না: আমি দিবাষ্থে গাতোখান করিয়া তোমাকে না দেখিতে পাইলেও, দিবাবসানে ক্ষেত্ৰকৰ্মাদি সমা-পনাম্ভে তোমার সহিত পুনর্মিলিত না হইলে আমার মনে যে ভাব উদয় পায় তাহা ত আমি বিলক্ষণ জানি, কিন্তু ভোমার চিরবিরহে আমার সেই ভাব কিরুপ হইবে, ও তাহার আবেগ আমি সম্বরণ করিতে সমর্থ হইৰ কি না, ভাহা আমি নিশ্চিত জানি না। যাহা-হউক ভগিনি! একণে আমার এক পরামর্শ প্রবণ কর। ভুমি যাবৎ সেই অপরিচিত স্থানে অবস্থিতি করিবার জন্য উত্তীর্ণ না হও তাবৎ আমাকেও ভোমার সহিত ক্রাহাকে থাকিতে অনুমতি দাও। আমি তোমার সঙ্গে২ থাকিলে ঝটিকাদির সময়ে ভোমার সাহস উত্তেজ করিয়া দিতে সমর্থ হইব। যে কোন বিপদ উপস্থিত হউক না কেন, আমি তৎকালে তোমার মনে যে কোনরূপে সাস্ত্রা জ্মিলা দিতে পারি ভাহার উ-পায় করিতে পারিব। ফ্রান্সদেশে উত্তীর্ণ হইলে পরও ুআমি দাদের মত ভোমার সেবায় নিযুক্ত থাকিব এবং যে যে স্থানে ভুমি যাইতে উদাত হইবে ভথায়

ছায়ার ন্যায় ভোমার অনুগমন করিতে কিছুমান ক্রটি করিব না। ভোমাকে সুখভাগিনী দেখিয়া আমি আপনাকে সুখী করিয়া মানিব। যেখানেহ গমন করিয়া ভূমি লোকদিগের প্রণয়ভাজন ও পূজনীয় হইবে সেইই স্থানে আমাকে সর্বাদা 'সেইক্রপেই দেখিতে পাইবে। প্রাণ পর্যান্ত সমর্পণ করিলেও যদি ভোমার প্রেয়ঃ হয়, ভাহা হইলেও আমি তৎকরণে কদাচ পরা-জাুখ হইব না"।

পাল এইরূপে বর্জিনিয়ার নিকটে কাফুতি বিনীতি করিয়া কান্ত হইলে পর, আমরা শুনিতে পাইলাম বর্জিনিয়া দীর্ঘনিশ্বাস পরিত্যাগপুর্বক বাষ্পাবরুদ্ধ গদ্গদম্বরে পালকে সম্বোধন করিয়া কহিতে লাগিল "দাদা! তুমি কেন ভাই ছঃখিত হইতেছ? আমার বিদেশধাতা কেবল ভোমারই জনা। আমি ভোমাকে, সর্বাদাক্ষমভার অভিরিক্ত পরিপ্রাম করিয়া এই ছুই নিরূপায় সংসারের ভরণপোষণ করিতে দেখিতে পাইতেছি, তোমার এখণের পরিশোধ করা কি আমাহইতে কথন কোন কালে হইতে পারিবেক? মধ্যে কতকগুলিন প্রভূত অর্থ হস্তপত হইবার এক সোপান হইয়া উচিয়াছে, আমি ভদ্বিয়ক প্রস্তাবে সম্মত না হইয়া আর থাকিতে পরিলাম না। আমি সে সকল অর্থ আনিয়া তোমার হস্তে সমর্পণ করত তোমার অপরিসীম অনুগ্রহের কিঞ্চিৎ অংশের পরি-শোধ করিতে পারিলেও আমার জন্ম সার্থক বোধ হই-বেক, আপনাকেও আপনি চরিতার্থ বলিয়া স্থীকার করিতে পারিব। ভাই। যদি অন্য কোন ব্যক্তিকে

প্রিয়পাত্র বলিয়া মনোনীত করিতে হয়, তাহা হইলে তোমাভিল অন্য কেই কি সনোনীত হইতে পারে? তুমি আমার বেমন প্রিয় তেমন আর ভূমগুলে কাহাকেও দেখিতে পাই না। হায় কি ক্লেশ! তোমার সহিত অবিচ্ছেদে অবস্থিতি করিতে না পারিয়া আমাকে বুঝি অভিশয় বাতনাই ভোগ করিতে হয়। একণে এক কর্ম্ম কর, বাহাদিগকে আমি প্রাণাপেকায় ভাল বাসিয়া থাকি, জগদীশ্বেক্ছায় যাবৎ তাহাদিগের সহিত পুনর্মাজিত না হই, তাবৎ তাহাদিগের হঃসহ বিরহ্যাতনা কি প্রকারে সহ্থ করি, তাহার সহ্পদেশ দিয়া আমার মন দৃঢ় করিতে চেটা পাও। আমার যাওয়া, কিয়া থাকা, মরণ, কিয়া বাঁচন, সকলই আমার বস্মুগণের ইচ্ছায়ন্ত, আমার ইচ্ছায়ুসারে কিছুই হইতে পারে না। আহা! আমার কি হুর্ভাগ্য! আমি বুঝি তোমার শোক সম্বর্গ করিতে পারিব না"।

বর্জিনিয়ার প্রমুখাৎ এই সকল কথা প্রবণ করিয়া পাল বাছলভাদ্বেয় ভাহাকে প্রেমালিলন করত অভি দৃঢ় বাকো কহিতে লাগিল "ভগিনি! আমি ভোমাকে বিদায় দিয়া কখন একাকী থাকিতে পারিব না, ভূমি যেখানে২ গমন করিবে সেই থানেই আমি ভোমার সহিত বাইষ"।

এইরপে তাহাদের কথা বার্তা হইতেছে এমত সময়ে
সহসা আমরা সকলেই তাহাদের নিকট উপস্থিত হইলাম। তথম অত্যে বিবি দিলাতুর পালকে সম্বোধন
করিয়া কছিলেন "বৎস পাল! বদি ভূমিও আমাদিগকে পরিভাগে করিয়া বাইতে চাহ, তাহা হইলে

जामारमत कि शिंछ इटेरवक "? এই कथा धारण करिया পাল অতিশয় উদ্বিগ্নভাবে কহিতে লাগিল "ভাল মা! বংস ২ বলিয়া আর কেন স্নেহ ৰাড়াও বল দেখি, ভুমি कि आमारक এই खनशिनी छितनी इटेट अवक् করিতে ইচ্ছা করিতেছ? তুমি যে স্মামাদের উত্ত-য়কে একত্রে প্রতিপালন করিয়া সমন্ত্রিত করিয়াছিলে, ভূমিই বে আমাদিগকে বাল্যাৰ্ধি পরস্পর প্রণয় করিতে শিকা প্রদান করিয়াছিলে, তাহাতেইত আমরা ভাই বোনে এতাবৎ কাল পর্যান্ত অক্লক্রিম প্রণয়পাশে বন্ধ রহিয়াছিলাম, কিন্তু এখন ভুমি সেই অভেদ্য প্রথয়পাশ ছেদন করিয়া আমাদের উভয়কে পুধক করিতে উদাত হইতেছ কেন? যে অসভা দেশের লোকেরা ভোমাকে কোন আশ্রয় দিতে স্বীকার করে নাই, সেই দেশে এবং যে নিষ্ঠুর পরিবারেরা ভোমাকে অপদস্থ করিয়া পরিভাগে করিয়াচিল, শেৰে ভাহাদেরই নিকটে, আমার প্রাণাধিক প্রিয়তমা বর্জিনিয়াকে প্রেরণ করিতে মনস্থ করিলে। মাণু ভূমি আমার এ কথায় যাহা উত্তর দিবে তাহা আমি আগেই বুঝিতে পারিয়াছি। তুমি এই বলিবে বে বর্জিনিয়া ভ ভোমার ভগিনী নয়, তাহার উপরি ভোমার কোন অংশেই প্রভুতা খাটিতে পারে না; কিন্তু ভোমাকে একটা আন্তরিক সার কথা কহিয়া রাখি, আমার পক্ষে वर्জिनियां रे नकन रहेगाइन, देनिरे आमात धन, रेनिरे আমার পরিজন, ইনিই আমার জীবনসর্বায, ইহা হইতে আমার কেবল শুভর্ম্মই ভোগ হয়, অধিক কি বলিব ইনিই আমার সকল মঙ্গলের নিদান : ইহা বিনা

ত আমি আর কাহাকেও জানি না। আমরা উভয়ে চৈশ্ববিস্থায় এক শ্ব্যায় শ্যান থাকিতাম, মুর্ণা-মেও একত্রে সমাহিত হইব। ইনি যদি এই উপদীপ পরিত্যাগ করিয়া গমন করেন তাহা হইলে আমিও हेरात मत्कत मकी रहेव। ताथ रुप्त, वह उनहीरनत শাসনাধিপতি আমাকে ইহার সঙ্গে গমন করিতে নিবারণ করিতে ক্রটি করিবেন না, কিন্তু আমি সমুদ্রে ঝাঁপিয়া পড়িলে তিনি ভখন আমাকে কি করিতে পারিবেন? সম্ভর্ণ পূর্বাক ইছার পশ্চাৎ২ গমন করা ত নিবারণ করিতে পারিবেন না। বর্জিনিয়ার বিরুহে আমার এ হলে অবস্থিতি করা হুক্ষর বোধ হইলেই আমি विना कानवादिक नमुद्धात करन यों भ मिव, এवर ভোমাদের নিকট হইতে কিয়দ্র অন্তরে গমন করিয়া উহারই চুটিপথে প্রাণভ্যাগ করিব। বাহাইউক মা! ডুমি কি নিবু দ্ধি! ডুমি কি নিৰ্দ্ধঃ।! ডুমি কি বিক্ল-ধাৰভাৰা! বুঝিয়াও বুঝিতে পারিলে না, যে সমুদ্র দিয়া আপন তনরাকে পাঠাইতেচ, ভাহা হয় ত ভোমার নিকট ভাহাকে প্রভার্পণ করিবেক, নয় ভোমার ছুইটি সম্ভানের মৃতশরীর আেতে ভাসাইয়া তোমাদের অদুরবর্ডি তটভূমিতে উপস্থাপিত করি-त्वकः। कन्छः अरे प्रत्येत जनाख्य घटा अवभारे महत । অভএৰ মা ! বদি দৈবাৎ শেষটাই ঘটিয়া উঠে ভাহা হইলে ভোমাদিগকে যাবজীবনের মত অপার খোক-পারাবারে নিষয় হইতে হইবেক সন্দেহ নাই।

এতাদৃশ মর্মতেদি বাক্য সকল কহিবার সময়ে বোধ হইল, বেদ পালের মন নিতান্ত কুল হইয়া এককালে নৈরাশ্য অবলয়ন করিয়াছে। ইহাতে আমি ক্ষণকাল তাহাকে বাছলতায় অবলয়ন করিয়া রহিলাম। তৎ সময়ে বোধ হইতে লাগিল, বেন তাহার কোপদৃষ্টি হইতে অপ্লিশিখা নির্গত হইতেছে। শতথন দৈখিলান তাহার তাদৃশ সতেজ মুখখানি এককালে স্মাজলে অভিবিক্ত হইতেছে এবং তাহার ক্ষয় সাতিশয় বেগে ছপ২ করিয়া লাফাইতেছে।

এদিকে বজিনিয়া নিরতিশয় উৎকঠিত ভাবে পালকে সংখাপন পুরংসর কহিতে লাগিল "দাদা পাল!
রুপা ক্ষোভ করিও না। আমার যত পুর্বতন সংস্তাষ
ও আমাদের উভয়ের প্রণয়হেতু যত সামগ্রী এবং
যিনিং আমার লালন পালন পোষণকর্তা এবং বাহার।
এক্ষণে আমাকে জন্মভূমি হইতে স্থানাস্তর করিতে
ইচ্ছুক, তাঁহারা সকলেই সাক্ষী হউন, আমি আকাশমণ্ডল ও অগাধ সাগর এবং প্রাণাদি বায়ুর নামে
শপথ করিয়া কহিতেছি, যদি আমি গৃহে অবস্থিতি
করি তাহা কেবল তোমারই জন্য, এবং যদি গৃহ ভ্যাগ
করিয়া দেশান্তরে গমন করি তাহাও ভোমার জন্য।
আমি তথা হইতে প্রত্যাবর্তন করিয়া বে ভোমার সহধর্মিণী হইব ইহাতে আর কিছুমাত্র সংশয় নাই"।

বর্জিনিয়ার মুখ হইতে নির্গত এজাদুশ অমৃতস্বর শ্রেবণ করিবামাক, প্রচণ্ডতর তপনতাপে যেমন হিমানী বিলীন হয় ডক্ষপ পালের কোধ এককালে ত্রবীভূত ও শাস্ত হইয়া পড়িল, সে অনবরত বিগলিত নয়নজ্জল-প্রবাহে নিজ বক্ষঃস্থল প্লাবিত করিতে লাগিল। ইহাণ্ দেখিয়া ভাহার মাতা মার গ্রেটও তাহার সঙ্গেই ক্রন্দন করিতে আরম্ভ করিলেন, কিন্তু বাষ্পাভরে তাঁহার কঠাবরোধ হইবাতে সে মুখ দিয়া বাঙ নিষ্পাতি করিতে
পারিলেন না। এই সকল ব্যাপার দর্শনে বিধি দিলাতুর কহিতে লালিলেন ''এখন ক্ষান্ত হও, যথেষ্ট হইরাচ্চে, ইহা আমার পক্ষে যথেষ্ট হইয়াছে। আমি
আর এ অসহবেদনা সহিতে পারি না, আমার মন
নিতান্ত ব্যাকুল হইতেছে। থাকুক, বজিনিয়ার ফ্রান্সে
যাওয়া হইবেক না। একণে চলহ এস্থান থেকে আমরা
যাই চল, আর এ ছঃখ দেখা যায় না, এরূপ ছঃখ
সহাও যায় না''। ইহাতে তখন মার এেট আমাকে
কহিতে লাগিলেন '' মহাশয় । আপনি কিঞ্চিৎ কাল
থাকিয়া আমার পালকে সজে লইয়া আপন গৃহে গমন
ককন, সপ্তাহ হইল আমাদের কাহারো নিস্তা হয়
নাই,'' এই কথা বলিয়া ভাহারা তথা হইতে চলিয়া
গেলেন।

ভাহার পর আমি পালকে কহিলাম 'নাছা পাল। এখন এখান হইতে যাওৱা যাউক চল। চিন্তা কি? ভোমার ভাগনীৰ ফুলিদেশে যাত্রা রহিত করা যাই-বেক। কলা আমি স্বয়ং শাসনাধিপতির নিকট যাইয়া এ বিষয়ের কথাবার্তা স্থির করিয়া আসিব। একণে ক্ষান্ত হও, মানোদিগকে কিঞ্ছিং বিশ্রাম করিতে দাও। আইসহ বাছা আমার সঙ্গে আইস, রাত্রি অধিক হই-য়াছে, আর এখানে অন্থ্য বসিয়া থাকায় প্রয়োজন নাই"।

পাল এই কথা শুনিবামাত নিস্তব্ধভাবে আমার সলে সল্পে যাইতে লাগিল, এবং যথা-কথঞ্ছিং-রূপে নিশা- বাপন করিয়া প্রাতঃকালেই গাত্রোখানপূর্বক আপনা-দের গৃহাভিমুখে চলিয়া আইল।

এই त्राप्त भाग शृद्ध या हेट इ अविमाधा प्रिथिए পাইল যে মেরী এক উচ্চত্য পর্বতের শিথরদেশে আরোহণ করিয়া ভদ্গভচিত্তে সমুদ্রের দিকে দৃষ্টিপাভ করিয়া রহিয়াছে। পাল, তাহাকে দেখিবামাত অতি-শয় বাত্র হইয়া উচ্চস্বরে ডাব্নিয়া জিজ্ঞাসিতে লাগিব "ওও মেরী ইও, মেরী ইও! এখন আমাদের বঞ্চি-নিয়া কোথায় ? মেরীর কর্ণকুছরে পালের শব্দ প্রবিষ্ট হইবামাত্র সে তৎক্ষণাৎ নীচে দৃষ্টিপাত করিয়া দেখিল পাল উদ্ধানে ধাবনান হইয়া আসিতেছে, ইহাতে দে তথন আর রোদন সমরণ করিতে পারিল না। পাল, य्थळ्के श्रित्मत नाम्न बककात्न छहान्छ अ वाक्नि छे इहेग्रा भिरे धृनिभाग्र अमनि वन्द्रमभी भन्द উপকৃলে গমন করিল। তত্ত্বসকল লোককে জিচ্চা-দিৰাতে তাহার৷ তাহাকে কহিল "বর্জিনিয়া অদ্য অরুণোদয় সময়ে পোতারোহণ করিয়াছে। জাহাজ-খানা এ পর্যাম্ভ কেবল অনুকূল বায়ুর অপেক্ষায় থাকিয়া খানিক ক্ষণ হইল খুলিয়া গিয়াছে, এতক্ষণ চৃষ্টিপথের विष्णु उ रहेगा পড়িয়াছে, ঐ দেখ আর কিছুই দেখা बाद्धना । পाल जाशास्त्र मूच श्रेटिक वहे मकत कथा শুনিয়া নিস্তব্ধভাবে গৃহাভিমুখে ফিরিয়া আইল।

আমাদের পশ্চাদ্ভাগে ঐ, যে উচ্চ ২ ঠিক সোজা পর্বতে সকল রহিয়াছে দেখিতে পাইভেচ, উহাতে উঠা অতি কঠিন, বিশেষতঃ নিবিড্তর অর্ণাময় হওয়াতে, ঐ স্থান প্রায় মনুষ্যেরই গম্য নহে। কিন্তু পাল তথ্ন

অতি কথে উহার উপরি আরোহণ করিয়া, বে পোতে ভাহার হৃদয়সর্বাধ বজিনিয়া চলিয়া গিয়াছে ভাহা কত-দুর গেল তাহা নিরীক্ষণ করিতে লাগিল, কিন্তু তং-कारन (मंदे जाहाकथाना ममुख्य ) ८ क्लाम भथ अखुत বাহির ছইয়া গিয়াছিল। অনেককণ একদুটে দেখি-তে২ পালের বোধ হইল यেন অবিকল একটি রুঞ্চবর্ণ দাপ তরজের উপরি ভাসমান হইতেছে। যে ধন ভাহার হাত ছাড়া হইল কেবল ভাহার অনুধাানেতেই ভাহার সে দিবসের অধিকাংশ তথায় যাপিত হয়। অর্বপোতধানি তথন দৃষ্টিপথের বহিভুতি হইলেও সে অবিকল যেন তথন তাহা প্রতাক্ষ দেখিতেছে এমনি ভাবে মগ্ন রহিল। বধন ভাহার মন হইডে मारे जावि पृत रहेन जयन तम अककारन वियोगममूर्छ নিমগ্ন হইয়া পৰ্যত হইতে অবতরণ করিল এবং নি-ভাস্ক বিমৰ্থভাবে ঐ সম্মুখস্থ ভূমিতে আনিয়া উপবিষ্ট হইল। আমি আসিয়া ঐ স্থলেই তথন তাহাকে শোকাকুল হইযা বসিতে দেখিলাম। সে এ প্রস্তর-স্তুপে মস্তকের ঠেল দিয়া অধ্যেদৃষ্টি হইয়া বলিয়া বুছিল। প্রাতঃকালাবিধি সে কি করে, ও কোন পথে याय बार कि ভाবে थाक, नमछ मिन क्रिवन देशहे ভত্ত করিতে ল গিলাম; কিন্তু তাহাকে ওখান হইতে এক পাদও সরাইতে সমর্থ হইলাম না। অবশেষে কৌশলক্রমে ভাছাকে গুহে লইয়া গেলাম। পাল, বিবি দিলাভুরকে দর্শন করিবামাত, তিনি গোপনে বর্জিনি-আৰে পাঠাইয়াছিলেন বলিয়া যৎপরোনান্তি তিরস্কার ৰবিতে লাগিল। ইহাতে বিবি দিলাতুর কহিলেন

" গতরাত্রি ভিন্টার সময়ে অনুকূল বায়ু উচিলে, গবর্ণ-রের ওখানখেকে এখানে একখানা পাল্কি আনীত তদৰ্শনে আমি বৰ্জিনিয়াকে ক্ৰোড়ে করিয়া রোদন করিতে লাগিলাম, প্রিয়স্থী মার্থেটও নয়ন-ৰারিতে অভিবিক্ত হইতে লাগিলেন, তথাপি ভাহারা আমাদের কোল হইতে রোক্রদামানা বর্জিনিয়াকে লইয়া পাল্কিতে তুলিল এবং অতিশয় সত্তরে এখান হইতে চলিয়া গেল। আমরা এখানে শোকে মৃত-প্রায় হইয়া রহিলাম।" এই কথা শুনিতে২ পাল একেবারে উচ্চস্থরে রোদন করিয়া উঠিল এবং কহিল "হায় ২ ৷ যদি আমি তৎকালে উপস্থিত থাকিয়া একবার বর্জিনিয়ার সহিত দেখাসাক্ষাৎ করিয়া বিদায় দিতে পারিতাম, তাহা হইলেও আমার মনে কিঞিৎ শাস্তি ও মুখ জন্মিতে পারিত! বিশেষতঃ ভাছাকে আরো কহিতে পারিভাম যে বর্জিনিয়ে ৷ আমরা কছ-কাল একত্রে কালহরণ করিয়া আসিলাম, তন্মধ্যে যদি ভোমার নিকট আমার কোন ত্রুটি বা অপরাধ হইয়া-ধাকে, বিনয় করিয়া কহিতেচি, আমার সে সকল অপ-রাধ মার্জনা করিয়া আমাকে চরিতার্থ করিয়া যাও। আবো বলিতাম, প্রিয়তমে ভগিনি! একণে তোমায় আমায় ভ ক্ষের মত চাড়াছাড়ি হইল, অৰূপটহাদয়ে বলিতেছি ভুমি যাৰজ্জীবন প্রমস্থুখে ও নির্ভিশয় সচ্ছদে কালহরণ করিতে সমর্থা হটবে ''।

পালের মুখ হইতে এতাদৃশ বাকা সকল আবেণ করিতে২ মার্ত্রেট ও বিবি, দিলাত্ত্রের বক্ষঃস্থল নয়⊸ নজলে প্লাবিত হইতে লাগিল। ইহা দেখিয়া পাল

ভাছাদিগকে কহিতে লাগিল "ভোমরা বে রোদন করিতেছ একণে আমাহইতে তোমাদিগকে সাস্ত্রা করা অভি সুকঠিন হইয়া উচিবেক" এই কথা কহিয়া সে তৎক্ৰাৎ গৃহ হইতে বহিৰ্গত হইল এবং আপনা-দের ক্ষেত্রে পরিভ্রমণ করিয়া বেডাইতে লাগিল। অনস্তর শৌকে কিপ্তপ্রায় হইয়া, যে২ স্থলে তাহার প্রিয়তমা বজিনিয়া বাস করিয়া অপার মুধ সম্ভোগ করিত, দেই২ স্লের অত্বেষণে তৎপর রহিল। পরে পাল, ছাগী ও ছাগ-শিশুগণকে চীৎকার শব্দ পূর্মক আপনাকে বেইন করিয়া থাকিতে দেখিয়া অতিছঃখে কহিতে লাগিল, হারে ! তোরা আবার কারে অন্বেষিয়া ৰেড়াইতেছিদ্?। বৰ্জিনিয়া স্বহস্তে তোদিগকে লালন পালন ও চারণ করিত, তোরা কি এখন ভাহাকেই অসুসন্ধান করিতেছিস্!"। এইকথা বলিয়া পাল তথা হইতে বর্জিনিয়ার প্রীতিভূমির দিকে প্রস্থান করিল। তথায় উপস্থিত হইলে পর কুদ্র২ পকী সকল তাহার চতুর্বিকে চিচিকুচিগ্বনি করিতে লাগিল। हेश (मिथा भान जाशामिना कि कहिए नानिन" शाद হতভাগ্য বিহণগণ! ভোৱা কেন একবার উজ্জীন হইয়া সেই বর্জিনিয়ার সহিত সাক্ষাৎ করিয়া আয় না। তোদের মধুরধ্বনি ও ভাবণমনোছর গান ভাবণ করিলে সে ষৎপরোনান্তি পরিতোষ প্রাপ্ত হইবে। আহা। তোদের গান শুনিয়া আমার বর্জিনিয়া কত সস্তোষই প্রকৃষ্ণ করিত! অনস্তর পাল বাঘাকে দেখিতে পাইয়া ষ্চতে লাগিল "হাঁরে ও হতভাগ। কুকুর! বাহাকে आंद्र जुरे व जाम मिया शारेवि मां, छारादिरे कि जाब

বিয়া বেড়াইভেছিন্, যাথ সে একেবারে হারাইয়া গিয়াছে"। এই কথা বলিয়া ভখন সে তথাহইডে ঐ অনুরবর্তি পর্বতশিখরে গিয়া আরোহণ করিল। তথায় প্রতিদিন সন্ধাকালে গিয়া বর্জিনিয়ার সহিত পরম মুখে সমাসীন হইয়া তাহারা পরস্পর কথোপ-কথন করিত, ঐ পর্বত-শিথর হইতে যে সমুদ্রে তাহার প্রাণসনা বর্জিনিয়াকে স্থানান্তর করিয়া ছিল তাহা দেখিতে পাইয়া এককালে উচ্চঃম্বরে রোদন করিতে লাগিল।

তাহার তাদুশ ক্ষিপ্ততা দশনে আমাদের বিলক্ষণ প্রতীতি হইল তাহার এই উপলক্ষে কোন আকম্মিক ছুৰ্ঘটনা না ঘটিয়া বায় না। ইহাতে আমরা নিভান্ত আশঙ্কা প্রযুক্ত তদ্দিবস অবধি তাহার প্রতি সাবধান হইয়া থাকিলাম। মার গ্রেট এবং বিবি দিলাতুর উভয় স্থীতে তৎকালে ঐ পর্যত্সমীপস্থ হইলেন এবং অগ্রে মারুগ্রেট অভিশয় সম্মেহ ও কোমলভাবে কহিতে লাগিলেন "বৎস পাল! আমরা তোমার মা हरे, अनुत्राध क्रिएडि, এरेक्न क्रिया आमारम्ब মনে আর শোকানল বুদ্ধি করা ভোমার অভি অক-र्खेवा। यार देन्द्राभागवनस्त वियोग-खनन श्रेखनिष করিয়া আর তোমার চিরছ:খিনী জননী ও পরিবার-वर्गत्क क्वानाजुत कतिवात व्यावभाक नाहे "। ज्यन विवि मिलाजुत विरवहना कतिरलन आमात मासुना उ अत्वाध मात्नरे शांत अक्रांडिय ७ मास ररेत्व । মনে২ ইহা ভাবিয়া তিনি চাটুৰচন প্রয়োগদারা ভাহার• गत्न প্রবোধ দিতে আরম্ভ করিলেন, কিন্তু পালের ভগ্ন

মনের সজ্ঞাটন হইবার বিষয় কি? তথাপি দিলাত্র कास इहेवात नरह, योहारक अक्षरत त्र निधि विक्रिया দিতে মনত করিয়াছিলেন সেই পালকে কখন পুত্র. কখন বা বৎস, কখন বা বাপধন, কখন স্বৰ্ষে ৰলিয়া আহ্বান ও নানাপ্রকার সুধাময় বচনপরস্পরা প্রয়োগ कतिया अनुद्राध करिए नाशितन। इहाए भान ভাঁহার সমভিব্যাহারে গ্রহে আগমন এবং ভদত বংকিঞ্চিৎ দ্রব্য অভ্যবহার করিল। ভোজন সমাপন হইয়াছে, আমরা সকলে বসিয়া আছি, পাল, অমনি গাতোখান করিয়া, আপনার বাল-সহচরী বে খটায় সর্বকণ উপবেশন করিয়া থাকিত, তাহার উপরি গিয়া নিস্তব্বভাবে শয়ন করিল। ইহা দেখিয়া আমরা তখন আরু কেইই কোন কথাটী কহিলাম না। পাল তথায় শয়নমাত্রেই এককালে নিদ্রায় অভিভত হইয়া পডিল। সমস্ত দিন এক বিষয় লইয়া আন্দোলন করাতে নিদ্রাবস্থায় সে স্থপ্প দেখিতে লাগিল ''বেন ভাহার প্রাণপ্রিয়া বর্জিনিয়া আসিয়া ভাহার পামে উপবেশন করিয়াছে, ও তাহার সহিত কথাবার্তা করি-তেছে, এবং যে২ বস্তুতে তাহার সস্তোষ জ্বনে সে যেন সেই২ বস্তু তাহার হস্তে সমর্পণ করিতেচে। এইরূপ यक्ष मन्तर्गन कतिराज्य भारतत निकालक हहेन वरः স্থপ্রক্তান্ত সকল মিথ্যা রোধ করিয়া সে যৎপরোনান্তি द्यापन कदिएक नाशिन।, क्रम्कान विनय स्वर वस ৰন্ধিনিয়ার অসাধারণ ছিল ভতাবৎ দ্রব্য একত করিতে কাগিল। প্রথমতঃ বজিনিয়াবে সকল পুষ্প চয়ন ৰবিষা গিয়াছিল সেই শুক্ষ পৰ্যায়িত পুষ্পগুলি

সংগ্রহ করিল। পরে যে একটা নারিকেলের মালার বিষ্ঠিনিয়া জল পান করিত সেই মালাটা, ভদনস্কর অন্যান্য বস্তু, প্রিয়ন্তমার বিচ্ছেদে সেই হেয় বস্তু সকলও পালের মনে যেন বছমূল্য রত্বের নায় বোধ हरेए नाशिन। कथन तम, तम मकन नरेशा महाम-मामदत हुवन कतिएक लाशिल, कथनर तम मकल महेशा অতি সাবধানে আপনার বক্ষঃস্থলে স্থাপন করিয়া চাপিয়া ধরিতে লাগিল। আহা। এত সাধের যে उमान ও क्कामि हिन छाहाट भाग अवगादहे হতাদর হইয়া পডিল, কিন্তু করে কি, নিরুপায়; দেখিল বে মাতা মার্গ্রেট ও তৎপ্রণয়িনী বিবি দিলাতুর ভাহার বৈরাশ্যের উত্রোত্তর রুদ্ধি দেখিয়া মহা ব্যা-কুল হইতেছেন, বিশেষতঃ সহায়াভাবে তাহাদিগকে স্বয়ৎ পরিশ্রম না করিলে দিনপাত করা সুক্টিন হইয়া উঠিতেচে, এইহেতু তাহাকে ভাবিয়া চিন্তিয়া বৃদ্ধ मात्र मिराङ्गद्र महत्यार्थ श्वनकात्र क्रविकरम् मत्नानि-বেশ করিতে হইল।

এতাবৎপর্যান্ত সাৎসারিক বিষয়মাতে পালের কিছুনাত্র অনুধাবন ছিল না। কি লেখাপড়া, কি বিষয়কর্মা, সর্কবিষয়েই সে অনভিজ্ঞ ছিল। ষাহাইউক,
এতকালের পর সে এক দিন আমার নিকট আসিয়া
কিঞ্চিৎ লেখা পড়া শিখিবার জন্য বিনয়পূর্বক কহিতে
লাগিল "মহাশয়! ষদি আপনি অনুগ্রহ-পূর্বক আমাকে
কিছু লেখাপড়া শিখান, ভাহাইলৈ অনায়াসে বর্জিনিয়ার নিকট পত্রাদি প্রেরণ করিতে ও ভৎপ্রেরিত্তপত্র পাঠ করিয়া ভয়্মর্ম অবগত ইইতে সমর্থ ইইতে

পারি"। এই কথা কহিয়া সে আমার নিকট অগ্রে ভূগোলবিদ্যা শিথিবার অভিপ্রায় জানাইল। তাহার मत्नत्र कथा धरे त्य तम धरे विमान् व्यवनश्चत, वर्जिनिया পুথিবীর কোনু অংশের কোনু স্থানে গমন করিয়াছে তাহার বিষয় বিলক্ষণরূপে অনুভব করিতে সমর্থ হইবে। ভদনস্তর নানাদেশায়দিগের ইতিহাস পাঠে তাহার অভিকৃতি জ্যো। কারণ দে মনে২ স্থির করিয়াছিল, ইহাদ্বারা, যে দেশীয় লোকদিগের সহিত বর্জিনিয়া বাস করিবে, ভাহাদের রীভি নীতি ব্যবহার চরিত্র প্রভৃতি কি প্রকার, ভাষা অবগত হওয়া ছুর্ঘট হইবেক না। এইরপে পাল প্রণয়ের পরবশ হইয়া, পূর্বের ক্রষিকার্যা সম্পাদনে যত যত্ত্র করিত তদপেক্ষা অধিকতর প্রয়ত্ত্ সহকারে বিদ্যাভ্যাসে মনোনিবেশ করিল। মনুষা-জাতির প্রীতিকে কদাচ হেয় জান কর। কর্ত্তবা নহে। প্রীতি হইতেই আমরা বৈষয়িক জ্ঞান ও তত্ত্বজানের রসায়াদন করিতে সমর্থ হই। দেখ, কেহ কাহারো প্রীতিপাশে বদ্ধ হইলে সে তাহা সফল করিবার জন্য नाना উপায় अवनश्चन कतिया थाएक। (कर् मिल्लिविमा), अप्रार्थितमा अञ्चित्राता उरमाधानाभाषाति অর্থোপার্জনে প্রব্রুভ হয়। যদি কেহ প্রীতি করিতে পিয়। নিরাশ হয় ভবে সে মনের সাস্ত্রনার জনা দর্শন-শাস্ত্র ও বিজ্ঞানখাস্ত্রের পর্য্যালোচনায় তৎপর হয়। মুত্রাং প্রীতিই আমাদের এ সকল জ্ঞানের কারণ **এবং পরস্পরকে সম্ভ করিবার শৃত্যলম্ক্রপ হই**য়াছে। •ভূগোলরভাত্ত ও ইতিহাস গ্রন্থ পাঠের অপেক্ষা উপা-धान ও আখ্যায়িকাদির পাঠ বরং পালের ভাল

লাগিতে লাগিল। এ সকল গ্রন্থে মনুষ্যদিগের রীতি নীতির বিষয় বিশেষরূপে বর্ণিত থাকে। পালের তাহা পাঠ করিবার সময়ে আপনার মত অবস্থা সকল প্রায়ই দৃষ্টিগোচর হইতে লাগিল। টালিমেকস্ নামক উপাখ্যান পাঠ করিতে তাহার মনে বৎপরো-नाल्डि खेरमूका ७ मूथ वाध इहेल। बे श्राष्ट्र निर्धन ইতর লোকদিগের উপজীবিকা এবং মানবীয় প্রবল রিপু সকলের বিবরণ বিশিষ্টরূপে উল্লিখিত আছে। উহার কোন২ স্থল পাঠ করিতে২ আপন জননী ও বিবি দিলাভূরের স্নেহের কথা ভাহার মনে উদ্বন্ধ হইয়া ভাহাকে আত্রচিত্ত করিতে লাগিল। সে সাবধান পূর্বাক সে ভাব সম্বরণ করিতে কোন অংশেও ভাট করিত না, তথাপি পূর্বতন সুখসম্ভোগের কথা তাছার স্মতিপধার্চ হইলেই ভাহাকে অভিতৃত হইতে হইত। এবং অনবরত বিগলিত নয়ন জল ধারায় তাহার সর্বান্ধ অভিষিক্ত হইতে থাকিত।

উপাখ্যানাদি গ্রন্থে বড়লোকদিগের যে সকল চরিত্র বণিত আছে, পালের চরিত্র ভাহা হইতে নিভাস্ত ভিন্ন। এজনা সে মনেই সর্মাদা এই আশস্কা করিত যে পাছে বজিনিয়া ফ্রান্সদেশে থাকিয়া তত্রভা প্রধান লোকদিগের রীতি নীতি চরিত্র শিক্ষা করিয়া আমার প্রতি ভাহার ভাবাস্তর জন্মে ও আমাকে বিস্মৃত হইয়াবায়।

এইরূপ ভাবনা চিন্তায় দেড় বৎসর কাল অভীত হইল, তথাপি বিবি দিলাভূর ফ্রান্স হইতে পিগী কিঞ্চ কন্যার কোন সংবাদ প্রাপ্ত হইলেন্দ্রা; কেবল এক জন

অপরিচিত উদাসীন বাজির প্রয়ুখাৎ শুনিয়াছিলেন বে তাহার তনয়া নির্বিদ্নে ফান্সদেশে উত্তীর্ণ হইয়াছে এই মাত্র। কিছুদিন পরে তাহার এক পত্র বিবি দিলাতুরের হস্তগত হয়। এ লিপিথানি ভারতব-র্যের চলিত জাহাজে প্রেরিত হইয়াছিল। বাইবার সময়ে একবার সেই জাহাজখানা লইস ৰন্দরে লাগা-ইয়া সেই পত্রখানি দিয়া যায়। পত্রমধ্যে অসুখের কথা উল্লেখ করিলে পাছে জননীর মনে কোন কোভ ৰা ক্লেশ জন্মে এই ভয়ে, সেই সুচতুৱা বজিনিয়া অভি সাৰ্যানপূৰ্বক স্বাভিপ্ৰায় সকল বাক্ত করিয়া লিখিয়া-ছিল, কিন্তু তাহা পাঠ করিবামাত্র অনায়াসেই বোধগম্য হইল বে তাহাকে তথায় বৎপরোনান্তি ক্লেশ সহিতে হইতেছে, সে কেবল ভয়প্রযুক্তই এই পত্তে তাহা ৰাক্ত করিয়া লিখিতে পারে নাই। তাহার পতের পাঠ ও মর্ম্ম আমার জদয়ে অদ্যাপি জাগরুক রহি-য়াছে, ভাহার বিক্টু বিসর্গও আমি বিশ্বত হই নাই। অবিকল কহিতেছি প্রবণ কর।

## "সম্ভতি বৎসলে মাতঃ!

"আমি ভোমাকে কয়েকখান পতা লিখিয়াছিলাম, কিন্তু ভাহার কোন উত্তরই পাই নাই, বোধ হইতেছে সে সকল ভোমার নিকট না পঁছছিয়া থাকিবেক। এক্ষণে যে উপায়াবলম্বনে এই পত্রখানি পাঠাইলাম, অনুমান করি, ইহা নির্বিল্লে ভোমার হস্তগত হইবেক। এইবার অবধি আমাদিগের পরস্পর সমাচার প্রের্ণ করা ও প্রাপ্ত হওয়ার কোন অসম্ভাবনা হইবেক এমন বোধ হয় না। ক্লামি অর্থবপোত আরোহণ করিয়া

অ বৃধি ক্রমাগত কতই কান্দিয়াছি তাহার ইয়ন্তা নাই। প্রকীয় ক্লেশ দর্শন ব্যতিরেকে আমি বয়োবচ্ছেদে আর কধন অঞ্পাত করি নাই। আমি এই ফ্রান্স-দেশে উত্তীর্ণ হইবামাত্র ঠাকুরাণী দিদি অগ্রেই আমাকে জিজ্ঞাসিলেন "তুমি কিই বিদ্যা শিকা করিয়াছ?" অনস্তর আমাকে লেখা পড়ার বিষয়ে নিভাস্ক অনভিজ্ঞা দেখিয়া তিনি যৎপরোনান্তি বিন্ময়াপন হইলেন এবং আমাকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন "ভুমি এতকাল কোন কিছু না শিখিয়া কিরুপে কালহরণ করিতে ছিলে ?"। ইহাতে আমি উত্তর করিলাম, আমি. এতাবৎকাল পর্যান্ত কেবল গৃহকর্মা সকল ও মাজুসেবা এইমাত্রই শিক্ষা করিয়াছি। এই কথা ভাবণ করিয়া তিনি উত্তর করিলেন " তবে ত তুমি সামান্য ভূত্যের কার্য্য শিখিয়াছ"। পরদিন তিনি আনাকে পেরিস নগরের প্রধান ধর্মানঠে অন বস্তু দিয়া রাখিবার জন্য তথায় আপনি আমাকে সঙ্গে করিয়া লইয়া গেলেন। মঠে থাকিয়া আমি অনেক প্রকার শিক্ষক পাইতে লাগিলাম। ওাঁহারা আমাকে ইতিহাস, ভূগোলর-ন্তান্ত, ব্যাকরণ, গণিতশান্ত, অশ্বারোহণ, এবং অন্যান্য বিষয়ে নিয়মমত শিক্ষা দিতে লাগিলেন, কিন্তু তত্ত-দ্বিয় শিখিতে আমার প্রবৃত্তি এত অপ্প অনুভব হইল বে, তাঁহাদের সহায়তায় আমার কিঞিৎ শিক্ষারঙ আশা হইল না। পঠদশায় বোধ হইত হায়! আমার কি অপ্যবৃদ্ধি। এই সকল বিজ্ঞানশান্ত্রের কিছুমাত্রই আমার বোধগমা হইতেছে না, আমাকে ধিক্ ! আমার উপরি ঠাকুরাণীদিদির স্নেহের কিছুমাত দৈধিলা নাই,

তিনি আমাকে সর্বাদা ভূতন ২ পরিচ্ছদ দিয়া পরিচ্ছন করিয়াদেন। তিনি আমার পরিচর্যার জন্য ছুইজন দাসী নিষুক্ত করিয়া দিয়াছেন। ভাছারাও ইতর দ্রীলোকের মত অপরিছ্যা নহে। সাকুরাণীদিদি আমাকে দিলাভূরের মেয়ে এই সুখ্রাব্য নামটি না পরিয়া, ভোমার কুমারিকাবস্থার নাম উল্লেখ করিয়া এটি অমুকের কন্যা বলিয়া যাহার ভাহার নিকট পরি-চয় দেন এবং আদর করিয়া আপনিও যথন তখন ভাহা বলিয়া ভাকিয়া থাকেন। বাহাহউক ছুই ভোমার . নাম বলিয়া ঐ নামটি শুনিতে আমার মনে বিরক্তি জন্মে না? কিন্তু বলিতে কি, ভোমার কৌমারদশার নাম অপেকা আমার পিতৃসম্বন্ধের নাম গুনিলে আমার মনে যে কত প্রীতি জন্মে তাহা বলিতে পারি না। তথন ২ তোমার নিকট সর্বদাই শুনিতাম, আমার পিতা তোমার পাণিগ্রহণ করিবার নিমিত বৎপরো-নাস্তি ক্লেশ সহ্য করিয়াছিলেন, এই জন্যই তাঁহার নাম শুনিতে আমার ভাল লাগে। বাহাইউক, আমি আপনা আপনি এইরূপ সুখতাগিনী দেখিয়া একদা ঠাকুরাণী দিদির নিকট ভোগার সাহায্যার্থ কিঞিৎ অর্থ প্রেরণ করিবার মানসে প্রার্থনা করিলে পর, ভিনি যে-রূপ উত্তর করিলেন ভাহা আমি অবিকল ব্যক্ত করিয়া অবৈগত করিতে নিভান্ত অসমর্থ। কিন্তু বিনা প্রবঞ্চনায় সতত সত্য কহা তোমার মনোনীত কর্মা বুঝিতে পা-রিক্না আমি এতাবন্মাত্র লিখিয়া ব্যক্ত করিতেছি। আ-আরু তাছুশ প্রার্থনার পর তিনি উত্তর করিলেন 'বিদি **जामात माजोदक प्रश्विक अर्थ भागि है या निए** ठा ह দাও, কিন্তু ভাহাতে ভাহার কোন উপকার দর্শিবেক ना. यनि अधिक अर्थ পाठीहेग्रा माछ, जाहा इहेटन ब হীনাবস্থায় ভাহাকে অসক্ষ ও ভারগ্রস্ক, করা হই-বেক"। আমি এদেশে উপস্থিত হইর্ছাই প্রথম ২ সমা-চার পাঠাইবার জন্য অনেক অনুসন্ধান করিয়া ছিলান, কিন্তু কোন ব্যক্তিকে আপনার বিশ্বাসপাত দেখিতে পাইলাম না। ইহাতে আমি কেবল অবিশ্রান্ত বিদ্যা-ভ্যাদেই মনোনিবেশ করিতে লাগিলাম। করণানিধান পর্মেশ্বর আমার মনোগত ভাব ব্রিয়া আমার সেই উদ্যানে সহায়তা করিলেন এবং লেখাপডার বিষয়ে আমাকে অবিলয়েই একপ্রকার সক্ষম করিয়া তুলিলেন। অনম্ভর আমি কএক থানা পত্ত কএক জন দ্রীলোককে দিয়া পাঠাইয়াছিলাম, অসুমান হয় তাহারা সে সকল লিপি না পাঠাইয়া আমার ঠাকুরাণীদিদির হস্তে দিয়া থাকিবেক সংশয় নাই। এবারকার এ পত্রথানি আমার বিদ্যালয়ের এক বন্ধারা পাঠাইতেছি, মনে হইতেছে ইহা নির্বিত্নে প্রছভিতে পারে। এই প্রের যে উদ্ধর লিখিয়া পাঠাইবে, ভাহা যাহার নিকট পাঠাইয়া দিলে আমি পাইতে পারিব, ভাহার নাম ধামও ইহাতে লিখিয়া দিলাম। আমার ঠাকুরাণীদিদি আমাকে কাহারো সহিত কোন পতাদি লেখনের সম্বন্ধ রাথিতে নিষেধ করিয়া দিয়াছেন। তাঁহার আশক্ষ। এই খ্য তিনি আমার হিতৈষিণী হইলে সে সকল ভাহাতে প্রতিবন্ধক হইবেক। অপর আমার প্রতি কাহারো সহিত দেখা সাক্ষাৎ করিবার অনুমতি নাই, কেবল বৃদ্ধা ঠাকুরাণীদিদি ও একজন প্রাচীন ভত্তসস্তান

এই ছুইজন মাত্র আমার আলাপের পাত্র। ঠাকু-রাণীদিদির মুখে শুনিতে পাই এ রন্ধনহাশয় আমাকে দেখিতে ও আমার সহিত কথোপকধন করিতে সাতিখয় সম্ভূষ্ট হন; ফলতঃ যাহা তিনি বলেন ভাহা মিথ্যাও বোধ হয় না। এখানকার মধ্যে এই প্রাচীন ব্যক্তিই মনোনীত করিবার যোগ্যপাত বটে, কিন্তু তদ্বিয়ে আমি অভিলাবিণী নহি। আমি এম্বলে প্রচুর অর্থর্যোর মধ্যে আছি, এবং বাহা লইতে চাই তাহাই পাইতে পারি। এখানকার সকলে কহেন "অর্থ আমার হাতে দেওয়া কোন মতে ভাল নয়। কারণ ভাঁহারা সন্দেহ করেন আমাদ্বারা ভাহার যথা-ষ্প ব্যয় না হইলে অনেক অনিষ্ট ঘটনার সম্ভাবনা।" আমার প্রতিদিনের পরিখেয় বস্ত্র পর্যান্তও দাসীদের নিকট সংরক্ষিত থাকে। যথন যেখানা ছাডি বা যখন যেখানা পরি তাহারা তদ্বিষয়ে বিলক্ষণ সতর্ক থাকে। আমি এখানে এত প্রভৃত ধনের উপরি থাকিয়াও ভোমার নিকটে যেমন ছিলাম, তদপেকায় আপনাকে হীনতর বোধ করিতেছি। ধনের মধ্যে थांक्टिन कि इटेटवक? हां छुनियां छ कांन मीन দরিক্ত অনাথ ব্যক্তিকে কিছু দিতে পারিতেছি না। এখানে তোমার পিসী আমাকে সুশিকিতা করিয়া অমূল্য ধনের অধিকারিণী করিয়াছেন বটে, কিন্তু তাহাতে কাহারো কোন-হিত করিতে পারিব এমত সম্ভাৰনাও নাই। পুৰ্বেষে তুমি আমাকে স্থচী-কৰ্ম ৰিখাইয়াছিলে, ভাহারই অবলম্বনে কয়েক জোড়া চিহ্নণবন্ধ প্রস্তুত করিয়া পাঠাইতেছি, ভূমি এবং মাডা

মার্ত্রেট পরিধান করিয়া আমার পরিশ্রম সার্থক করিবে। একটা শিরস্তাণ(টুপি) সহস্তে নির্দ্মিত করিয়া পাঠাইতেছি দমিলকে দিবে। এবং মেরীর জন্য একখানি কুমাল পাঠাইতেছি তাহাকে প্রদান কুরিবে। এতদ্যতিরিক্ত আমার বছদিনের সঞ্চিত নানাপ্রকার সুস্বাত্ন ফল সকলও গোণীবদ্ধ করিয়া পাঠाইলাম। অন্ধ্যায়ের সময়ে আমি অনেক যতে, निक्रेड् উত्तमर উদ্যান হইতে নানাজাতীয় সুদৃশ্য ও সুরভি কুসুনের বীজ সকল সংগ্রহ করিয়া রাখিয়া ছिলाম, পৃথকर নাম নির্দেশ করিয়া তাহাও এই সম-ভিব্যাহারে প্রেরিত হইল। আমাদের ও উপদ্বীপে ষে২ পুষ্প জন্মিয়া থাকে, এন্তনের বন্য পুষ্প সকল তদপেকা অধিকাংশে উৎক্লফতর। এ সকল বেমন मुष्ट्रभा, त्मोशक्ष विषया उठमिन, किन्छ ইহাদের এक-টাও এক প্রকার নহে। এই প্রযুক্ত কোন্টার কি গুণ, কেমন গন্ধ, বর্ণ কিপ্রকার তাহা মনে রাথা যায় না। নিশ্চয় বোধ হইতেছে ধন-সম্পত্তি অপেকা এ সকল ফল পুষ্পাদির বীজ পাইলে তোমার ও মাতা মার গ্রেটের ষৎপরোনান্তি অমুলভ সম্ভোষ জামিবেক ভাহাতে সংশয় নাই। ধনের যত মুখ তাহা ত मिथिए शाहेता, कारत धानत कानाहे आमारमत অপ্রিহার্য্য বিচ্ছেদ হইল। আর যদি কখন কালা-ম্ভরে শুনিতে পাই, যে ডোমরা যে সকল আতা খর্জুর, নারিকেল প্রভৃতি রক্ষ রোপণ করিয়াছ, ভাহা ममाक् अकारत विश्विष्य पर भत्रम्भातत भाषा भलगां हु প্রস্পারের সহিত মিলিত হইয়া মহতী শোভা বিস্তার

করিতেছে, তথন আর আমার সম্ভোবের সীমা পরি-শেষ থাকিবেক না। আমার মত তুমিও তথন২ তোমার প্রিয় পৈতৃক দেশের বিষয়ে কত ভাল ২ কথা কহিতে।

এখানে আসিবার পূর্বে তুমি আমাকে কহিয়া দিয়া-ছিলে যে ষথন যেমন হৰ্ষ ও বিষাদ উপস্থিত হইবে তখন তাহার সবিশেষ বিবরণ আমাদিগকে অবগত করিতে বিস্মৃত হইও না। সেই অনুমতি অনুসারে যখন২ আমাকে উপস্থিত উদ্বেগের বিষয় অনুভব করিতে হয়, তথনি অমনি এই বিবেচনা করিয়া মনে২ প্রবোপ দিতে চেটা করি, যে পরমেশ্বের ইচ্ছা না হটলে কদাচ আমার সভিবৎসলা জননী আমাকে এ বিদেশে প্রেরণ করিতেন না। এইরূপ বিবেচনা করিয়া তৎক্ষণাৎ মন হইতে তাহা দূর করিয়া ফেলি। সুতরাৎ আর তাহা জানাইয়া তোমাকে অসুখভাগিনী করিতে ইচ্ছ। হয় না। এ স্থানে আমার অসহা ক্লেখ এই যে, এমত কোন ব্যক্তি পাই না যে তাহার নিকট আপনার পূর্বাবস্থা বিবরণ করিয়া প্রকাশ করি। আমার নিকট যে ছুই জন পরিচারিকা নিযুক্ত আছে, ভাহারা আমার ঠাকুরাণী দিদিরও কর্মা কার্যা করিয়া থাকে। সুতরাং তাহাদিগকে ওাঁহার কার্য্যে অধিক কাল ব্যাপুত থাকিতে হয়। অতএব আমি যথন২ প্রিয়প্রসঙ্গের উপরি কথোপকথন করিতে বাসনা করি, তথন এই বিদেশে কাহাকেও আপনার জন দেখিতে প্লাই না। সুতরাৎ পাছে আমার জন্মভূমি বিস্মৃত इहेग्रा याहे अनुकर धहे आंगकात्र मन गांकून शहे ए

থাকে। হায়২! কি ছু:খ! যাহা আমার জন্মভূমি এবং যথায় ভুমি বাস করিতেছ, তাহা বিন্দৃত হওয়া অপেকা আমি আপনাকেই বিন্দৃত হই তাহা বরং ভাল। আমার পক্ষে এদেশ একপ্রকার অসভ্যন্তল বোধ হইতেছে। কারণ এন্তলে আমি একাকিনী রহি-য়াছি, এবং তোমার প্রতি যেমন আমরণন্থায়ী স্বেহ করিতাম তেমন স্নেহভাজন এখানে আর কাহাকেও দেখিতে পাইতেছি না।

> মদেকবৎসলে মাতঃ! ত্বদেকপরায়ণা স্বেহাকাজ্জিণী শ্রীমতী বজ্জিনিয়া।

युनमह ।

"মেরী ও দমিঙ্গ আমাকে বাল্যকালাবধি যেরপে
লালন পালনাদি করিয়া মানুষ করিয়াছে, তাহার পরিশোধ দেওয়া আমা হইতে হইয়া উঠে এমত বোধ হয়
না। অতএব বিনয়পুরঃসর তোমাকে অনুরোধ করিতেছি, মা! তুমি তাহাদের প্রতি সর্বাদা দয়া প্রকাশে
মনোযোগের ক্রটি করিও না। আর আমাদের নিরুপায় বাঘার প্রতিও বিশিক্টরূপে আদর করিও।
তাহার গুণের কথা বর্ণনা করিবার নহে, সে আমাকে
কণকাল না দেখিতে পাইলে বনে২ অন্বেষণ করিয়া
বেডাইত।"

"পাল দেখিল, যে বর্জিনিয়া পত্রে কুকুরটির কথা পর্যাস্তও উল্লেখ করিতে বিস্মৃত হয় নাই, কিন্তু তন্মধ্যে এ পর্যান্ত তাহার নামটিরও উল্লেখ করে নাই। ইহাতে । সে যৎপরোনান্তি বিস্ময়াপদ হইয়া মনে ২ বিবেচনা করিতে লাগিল, কি হইল! বর্জিনিয়া কেন পত্তে আমার কথা উত্থাপন করিল না? কারণ কি বুঝিতে পারিলাম না। 'পাল ছেলে মানুষ, এ নিগৃঢ় বিষয় কিপ্রকারে বুঝিতে পারিবে। সেত তাহার বিশেষ মর্ম কিছুই জানিত না। যে পদার্থ জ্বীলোকের নিরতিশয় অভিলয়িত হয়, তাহা তাহারা সর্বশেষে উল্লিখিত করিয়া থাকে, এই তাহাদের স্বভাব। তাহারা অভিনিট বিষয়টি লক্ষাপ্রযুক্ত কদাচ অগ্রেপ্রকাশ করিতে পারে না।

"অনস্তর পাল পত্রের এক প্রান্তভাগে আর এক পুনশ্চ পাঠে দেখিতে পাইল যে, বর্জিনিয়া সেই সকল ফল পুস্পাদির বীজ ভাহার হস্তে সমর্পণ করিতে বিশেষ অনুরোধ করিয়া লিখিয়া পাঠাইয়াছে। বিশেষতঃ সে ঐ সকল বীজের স্বভাব, ও কিরুপে কেমন ভূমিতে কোন্ স্ময়ে ভাহা বপন করিতে হয়, ও চারা প্রস্তুত হইলে ভাহা কিপ্রকারে কোন্ স্থলে কখন্ রোপণ করিতে হয়, ভাহার সবিশেষ রুভান্ত বিবরণ করিয়া পাঠাইয়াছে। তদনস্তর সে পালকে বিশেষ করিয়া অনুরোধ করিয়াছিল যে আমরা শেষবেলায় যে পর্কতে বিসয়া কথোপকখন করিভাম ভথায় এই সমস্ত পুল্পের গাছ রোপণ করিয়া আমাদের পরমহিত্যী বর্ষিষ্ঠ মহা-শয়কে আমোদিত করিবে এবং ভাঁহার বিরহের ক্ষর-ণার্থ আজি অবধি ঐ পর্ক্তের "প্রান্থানিকাচল" নাম রাখিবে।"

ু ঐ সকল ফল পুল্পাদির বীজ এক রেসনী থৈলীতে বন্ধ হইয়া পালের নিকট প্রেরিত হইয়াছিল। বিজি- নিয়া তাহার মুখবন্ধনের উপরিভাগে নিজকেশ ছারা "প, ব," এই ছুটা অক্ষর মিলিডভাবে বুনিয়া দিয়া-ছিল। অন্যের পক্ষে তাহা সামান্য প্রকার বোধ হই-লেও হইতে পারে, কিন্তু তাহাতে পালের বহুমূল্য কান হইবার বাতিক্রম হইল না।"

পালও তাহার নিকট প্রেরণ করিবার জন্য স্বতন্ত্র
এক পত্র লিখিয়া প্রস্তুত করিল। তাহার লিপি এই
যে "তুমি যে সকল ফল পুস্পাদির বীজ ধৈলীবদ্ধ
করিয়া তত্রপরি আমাদের নামের ছটি আদ্যক্ষর সকত
করিয়া দিয়াছ, তেমনি আমিও তদনুরূপ সক্ষতভাবে
উদ্যান প্রস্তুত করিবার প্রযত্ত্ব করিব"। আর এই
পত্রের সহিত কেবল একটিমাত্র নারিকেল তোমার
নিকটে প্রেরিত হইল অধিক পাঠাইতে পারিলাম না।
বোধ করি এদেশীয় ফল দর্শনেই তোমার এম্বলে
প্রত্যাগমন করিবার ইছা হইবেক অধিক প্রেরণ করায়
আবশ্যক নাই"। অবশেষে সে এ পত্রে বর্জিনিয়াকে
বৎপরোনাস্তি বিনয় করিয়া লিখিল বে "তোমার•
বিরহে তোমার বন্ধু সকলের যে পর্যান্ত ক্লেশ হইয়াছে

ভাহা লিপিছারা ব্যক্ত করিতে পারিলাম নাঁ, বিশেষ্ট্র আমার পক্ষেত এই অসার দেহভার বহন করা অত্যন্ত সুক্টিন হইয়া উচিয়াছে।"

মনুবাজাতির স্থভাব এই যে কাহারো সুধ্যমুদ্ধি
দেখিতে পাইলে তাহাদের ঈ্ষা জন্মিয়া থাকে। এইহেতু অত্ততা লোকের। তৎকালে মিথ্যাং এমনি এক
জনরব তুলিয়া প্রচার করাতে পালকে যৎপরোনান্তি
অসুখী হইতে হইল। বর্জিনিয়ার পত্র-খানি যে
জাহাজে আসিয়াছিল, তাহার নাবিকেরা এই উপদ্বীপে উঠিয়া আদৌ এই এক মিথাা কথা রটাইয়া
দেয় যে ক্রাজাদেশের রাজ্যসভাস্থ এক জন কুলীন
মহোদয় অবিলম্বে বর্জিনিয়ার পাণিগ্রহণ করিবেন,
আমরা তাহার স্থচনা শুনিয়া আসিয়াছি। এবং সে
ব্যক্তির নাম বলিলেও বলিতে পারি। আর ক্রেক
জন ক্রিল্সে কি? বিজ্ঞিনিয়ার যে বিবাহ হইয়া গিয়াহে, আমরা তাহা স্বচক্ষে দেখিয়া আসিয়াছি।

পাল জাহাকী লোকের স্বভাব ভালরপেই জানিত।
ভাহারা বেখানে উত্তীর্ণ হয় সেখানেই একটা নর
একটা মিথ্যা জনরব ভুলিয়া আমোদ প্রমোদ করিয়া
থাকে। একারণ সে আপাততঃ ভাহাদের ভালুশ
কথায় জক্ষেপ করিল না, কিন্তু এই উপদ্বীপ-নিবাসিগণের ভত্নপলক্ষে কাম্পনিক হৃঃখ প্রচায় করা দেখিয়া
ভাহাকে কাজে২ই সেই কথায় কর্ণপাত করিতে হইল।
ইতিপূর্ব্বে পাল কয়েক-খানা গ্রন্থের আখ্যায়িকা পাঠে
জানিতে পারিয়াছিল বে স্থানবিশেষে বিশ্বাস্থাতকভাও ক্লৌভুকাবছ বিষয় বলিয়া ব্যবহৃত হইয়া থাকে।

যাহাহউক এতদিনের পর পালের তখন এদকল গ্রন্থকে ইউরোপীয়দিগের রীতির প্রতিরপ বলিয়া ধ্রুব জ্ঞান হইল। অধিকন্ত তখন তাহার মনে২ এই, আশকা ইইল, বে হয়ত বর্জিনিয়াও ঐ প্রকার হইয়া থাকি-বেক। তাহার মনঃ এখন তত বিশুদ্ধ না থাকিয়া পরিবর্তিত হইলেও হইতে পারে এবং তদনুসারে তাহার পূর্বের সমুদায় কথা বিশ্বাত হইবারও যথেই সম্ভাবনা। কলতঃ তাদুশ আন্দোলনে পালকে তখন বে প্রকার অমুখী হইতে হইল, তাহা বলিয়া জানাই-বার নহে। বিশেষতঃ ইহার পর এক বংসরের মধ্যে আরো করেকখানা ইউরোপীয় জাহাজ এই উপদ্বীপে আসিয়া উপস্থিত হইল, তাহার কোন খানাতেও বিজ্ঞান্যা ঘটিত কোন সংবাদ আইসে নাই। তাহাতে পালের আত্তক্ষ-তর্ক এককালে উদ্বেশ হইতে লাগিল।

তৎকালাৰধি পাল মনের উদ্বেগে নিভাস্ত ব্যাকুল হইয়া যখন তখন আমার আলয়ে আসিতে লাগিল। গে আসিয়াই আমাকে বলিত ''মহাশয়! আপনি কোন উপারে আমার এই মনের ক্লেশ দূর করিতে কিয়া বাহাতে আমি এই উদ্বেগ হইতে মুক্ত হইতে পারি এমত কোন সংপরামর্শ দিতে পারেন?"।

ইতি পূর্বেই বলিয়া আসিয়াছি আমি এই স্থান হইতে কিঞ্চিদ্ধিক ছুই কোশ পথ অন্তরে এক পর্বা-তের উপাস্তবর্তি কুল নদীর বাবে বাস করি। আমার কোন সাংসারিক বা পরিক্ষনের ঝঞ্চাট নাই, একাকীই অবস্থিতি করি। না আছে স্ত্রীপুত্র, না আছে দাস্দ্ দাসী, কোন সম্পর্কই রাখি না। সঞ্চিনীহারা হইবার

পর অবধি পালের মন ও আমার মন ছই একভাবা-পন্নই হইল। বর্জিনিয়ার বিচ্ছেদ সাভিশয় ছুঃখজনক বোধ হওয়াতে সে প্রায়ঃ একাকী থাকাই শ্রেয়স্কর বোধ করিল। মনুষ্যেরা ক্রমাগত একাকী থাকিতেই বন্ধবান্ধবের কোন সাহায্য ব্যতিরেকেও অনায়াদে কালযাপন করিতে, এবং প্রাক্কত সৌন্দর্যা-দর্শনেই পরিতপ্ত হইতে সমর্থ হয়। আর যাবৎ তাহার। লোকসমাজের মধ্যে থাকে তাবৎ তাহাদের মন মানলিক্সা জিগীয়া প্রভৃতি ছারা সর্বদা ব্যতিব্যস্ত পাকে। বিজনদেশে থাকিলে আর সে সকল ভাহা-দের মনে কখনই উদ্ভুত হয় না। কেবল প্রক্রতির छनाछन ও পরমেশ্বরের মহীয়সী সভা এইনাত উদয় হইতে থাকে। ইহার এক দুষ্টাস্ক বলিতেছি প্রবণ কর। যেমন প্রবহমানা কোন আেতস্বতীর জল উপ-निया कान जानिक काक अदिके हहेल, कमनः সেই জল নিৰ্মাল হয়, তেমনি মনুষাও জনসমাজ হইতে বহিৰ্গত হইয়া বিজন স্থানবাসী হইলে ভাহার চিত নির্মান হইয়া উঠে। এতদ্বাতীত চিত্ত-প্রসাদানুসারে ভাহার শরীরেও বিলক্ষণ স্বাস্থ্য জম্মে এবং ভাহাতে ভাহার পরমায়ুরও হ্রাস হইবার সম্ভাবনা থাকে না। পূर्वकारम ভারতবর্ষীয় ঋষিরাও কেবল এইরূপে দীর্ঘ-জীবী হইতেন। এতাবতা আমার কিছু এমত বল তাৎপর্যা নয় যে, প্রত্যেক মনুষ্য নিরবচ্ছির মুনিব্লতি-**७३ कीवन याळ। निकार करूक। नर्कमाथातरण व्य** প্রকার পরস্পর শৃঞ্জার ন্যায় আবদ্ধ আছে, ভাহা-দিগকেও সেই প্রকার ব্যবহার করা কর্ত্ব্য। অভএব

প্রাণি-নিকায়ের অবস্থার উপরি চৃষ্টি রাখিয়া আমাদের যথাশক্তি পরস্পর সাহায্য করাই সর্বডোভাবে
বিধের। আর দেখ দেখি, পরমেশ্বর আমাদিগকে
বিষয়-মুখসম্ভোগ করাইবার জন্য কোন্ ইন্দ্রিয় বা
কোন্হ অবয়ব না দিয়া সৃষ্টি করিয়াছেন। চরণ সৃষ্টি
করিয়া আমাদিগকে চলছক্তি প্রদান করিয়াছেন।
নিশাস প্রশাসের নিমিত্ত আমাদের ছংপুগুরীক সৃষ্টি
করিয়াছেন। অতিরমণীয় পদার্থের রূপদর্শনে সুখ
সম্ভোগ করাইবার জন্য আমাদিগকে নয়নমুগল প্রদান
করিয়াছেন। কিন্তু সেই বিশ্বস্রন্তী পরমেশ্বর আমাদিগকে সৃষ্টি করিয়া আমাদের শরীরের মধ্যে যে প্রধান
ইন্দ্রিয় মনের সৃষ্টি করিয়া দিয়াছেন, সেইটিই কেবল
ভাঁহার আপনার নিমিত্ত।

"পুর্ব্বে আমারও লোকোপাসনা করা ব্যবহার চিল, কিন্তু ভাহারা, ষাহাতে আমার অপকার হয় ভাহাই করিত। এইহেতু বিরাগী হইয়া লোকালয় পরিত্যাপ পূর্ব্বক আমি এই সুদূর বিজনদেশে আসিয়া বাস করিয়া রহিয়াছি। পূথিবীর অধিকাৎশ বেড়াইয়া ও বাস করিয়া দেখিয়াছি কুত্রাপি মন লয় নাই। অবশেষে এই একান্ত স্বতন্ত্র উপদ্বীপটিই বাসস্থানের যোগ্য বলিয়া মনোনীত হইল। এই স্থানের ভূমি সকল লাতিশয় উর্বার এবং জলবায়ুও যৎপরোনান্তি স্বাস্থ্যকর। এখন আর এ স্থান হইতে আমার স্থানান্তর যাইবার বাসনা নাই। বাসার্থ যে একটি ক্ষুদ্র কুটীর নির্মাণ করিয়াছি, ও যে যৎকিঞ্জিৎ ভূমিতে ক্রমিকর্মণ করিয়া থাকি, এবং আমার কুটীরছারের নিকটে যে

পর্বতীয় নির্বার প্রবাহিত হইতেচে, তাহাতে আমার অনায়াদে দিন্যাতা নির্বাহ হইতে পারে। আনি এখন অহরহঃ কয়েকথানি পুস্তক পাঠ করিতে মনো-নীত করিয়াছি। তাহাতে আমার নিতা২ মুখসস্থো-গের আরো সমুদ্ধি হইতেছে। বস্তুতঃ ঐ সকল গ্রন্থের মর্মবোধে আমি পূর্বাপেকায় এখন অধিক জানীও ছইয়াছি। একেত তদবলম্বনে আমার সহজেই কালা-তিপাত হয়, দিতীয়তঃ যে সকল ছুর্দান্ত ইন্দ্রিয়ের প্রভাবে মনুষ্যগণকে কুপথের পথিক করিয়া ছু:খ্সা-গরে নিমগ্ন করে, তৎসমুদায়ের গুণাগুণ আমার মনে বিশিষ্টরূপে উদ্রাবিত হইয়াছে। অপরাপর সকল ব্যক্তির অবস্থার সহিত আমার নিজাবস্থার তুলনা করিলে মনে২ বোধ হয় যে আমি ভাহাদের অপেকা नर्दछा जादर यूथी। ध विषय धक्री मामानाक्रभ দুষ্টান্ত দিতেছি প্রথিপান কর। যেমন "বানিচালি হওয়া জাহাজের কোন ব্যক্তি জলমগ্ন শৈলের আশ্রয় পাইয়া ভদুপরিভাগ হইতে গৈর্যাপুর্বক চতুর্দিক্ অব-লোকন করে," তেমনি আমি এই নিরালয় নিজ্ত স্থানে বাস করত অতি দূরবর্তি চতুর্দ্দিক্স প্রজাবছল দেশে সভত উৎপদ্যমান প্রবল বটিকাম্বরূপ উৎপাত সৰুল স্থিরচিত্তে অবলোকন করিতেছি। এখন ভাদৃশ্ ঝটিকার শব্দে কেবল আমার মনে শান্তিরই সমুন্নতি বিধান করিতেছে, ক্লেশমাত্রও অনুভূত হয় না।

যদিচ আমার এভাদৃশ মতের সহিত অন্য কাহারো
•মজের একা হয় না বটে, সভা কথা; তথাপি আমি
সেই সকল ব্যক্তিকে ঘূণা না করিয়া বরং নিরস্তর অসু-

গ্রহই করিয়া থাকি। যেনন কোন ব্যক্তি ভীরে থাকিয়া কোন ব্যক্তিকে জলে ড্বিতে২ হস্তে ধরিয়া উত্তোলন করে, তেমনি আমিও কোন চুরবস্থাগ্রস্ত বাজিকে দেখিতে পাইলে তাহাকে সংপর্নির্শ দারা উদ্ধার করিতে চেষ্টা করিয়া থাকি। কিন্ত আনার সেই সৎপরামর্শ শ্রেবণ করিয়া গ্রহণ করে এনত ব্যক্তি কদ:-চিৎ আমার দুর্ফিগোচর হয়। হইতেও পারে, ইহা বিচিত্র নহে, যাহারা সাংসারিক কার্যো সভত ব্যাপ্ত পাকে, তাহাদিগের মতে প্রাক্ত সুথ সুথ বলিয়াট ধর্ত্তবা হয় না। এই জগতীতলে প্রত্যেক ব্যক্তির অক্টিরচিত। সুত্রাৎ তাহারা কাম্পনিক নিধ্যাসুখের আশ্বাসে কেবল নিত্য প্রাক্ত সুথের রসাম্বাদে বঞ্চিত হয়। ঐ সকল ব্যক্তি কিছুকাল কম্পিত সুখ ভোগের कना धनामित वार्क्टन महनानित्वम कहत्, त्मरव कानि-তে পারে ইহার কিছুতেই প্রকৃত সুথ নাই, তখন সেই সুখের নিমিত্ত প্রমেশ্বর সলিধানে প্রার্থনা করিতে পাকে। আমি অনেককেই প্রক্রত সুখী করিবার চেক। করিয়াচিলাম, কিন্তু তাহা সুসিদ্ধ হয় নাই। সাংসারিক ক্লেশে যংপরোনান্তি ক্লা ভাহারা তাহারা আমার সহায়তায় পুনর্বার মর্য্যাদা ও সৌভাগ্য প্রাপ্ত হইবার আশ্বাদে আমার কথাগুলিন আপাততঃ বিশেষ মনোযোগ দিয়া শুনে, পরে দেখিতে পায় এবং মনে২ বুঝিতেও পারে যে ভাহাদের ভাচুশ মিথ্যা ও অগ্রাহ্য সুখে বিরক্তি প্রকাশ করানই আমার অভি-প্রায়, তাহাদিগকে সেই সুথের অনুগামী করিতে, আমার কিছুমাত্র প্রযত্ন নাই। তাহাতে সুতরাং

ভাহারা আর আমার সেই অনিষ্ট পরামর্শ শুনিতে চাহে না। বরং লোক সংসর্গ পরিভাগে করিয়াছি বিলয়া আমাকেও যৎপরোনান্তি নিলা করে। অধিকন্ত নানাপ্রকার প্ররোচনা দ্বারা ভুয়োভূয়ঃ এইরূপ অনুরোধ করিতে থাকে, যে আপনার লোক-সংসর্গ পরিভাগে করায় সমাজের একপ্রকার অপকার করা হইভেছে। আপনি এখন আমাদের দলাক্রান্ত হইয়া পরোপকার করত লোক্যাতা নির্কাহ করন। ভাহারা অবিরত বিষয়-মুথে লিপ্ত থাকিবার জন্য তৎকালীন সামাজিক সুখের উল্লেখ করিয়া কেবল একপ্রকার নিজ্ঞ দোষ ক্ষালন্মাত্র করিয়া থাকে।

সম্পৃতি আমি নিরালয়ে বাস করিয়া নিতাং অপূর্বা
মুখসন্তোগ করিতেছি। অতএব পূর্বাতন রুপা বৈষয়িক প্রয়াস সকল এখন আর আমার মনে অনুভূতই
ছইতেছে না। এখন আমার না আছে ধন, না আছে
মান, কিছুই নাই। কোন বিবরের লিক্সাও নাই।
উদর-পরায়ণ হইলেও যাহাইউক তদ্বিদ্য়েও আমি
নিতান্ত নিত্পৃহ। ফলে আমি কিছুরই মধ্যে নহি,
একথা অবলীলাক্রমেই বলিতে পারি। বাছারা নিরবিছেল বৈষ্য়িক সুখ ভোগের জন্য পরস্পর বিবদ্মান
ছয়, আমি তাহাদিগকে জলবুদুদের সহিত ভূলনা
করিয়া থাকি। বুদুদ্সকল তটান্তনিলিত হইবামাত্রই
বেষন ভগ্ন হইয়া নই হল, তাহারাও তেমনি।

ছঃখের কথা কি কহিব! বিবি-দিলাতুর, মার্গ্রেট, অপ্রভৃতির সহিত সাক্ষাৎ হওয়া অবধি আমার এখান-কার এত সাধের সুথাবাস এক কালে ভগ্ন হইয়া

গিয়াছে। আমি যথন তখন তাহাদের সঙ্গে এই সৰুল গাছতলে ৰসিয়া ভোজনাদি করিভাগ। বর্জি-নিয়ার কর্মের মধ্যে কেবল পরের উপকার করাই প্রধান ছিল। সে যদি কখন কোন ফল খাইতে পাইত, তাহা হইলে তাহার বীজটি ভূমিতে রোপণ করিত, এবং কহিত "এই যে নীজটি পুঁতিলাম, ইহা অস্কুরিত হইয়া কালক্রমে রক্ষরপে পরিণত এবং ফল কুমুম সমূহে মুশোভিত হইবেক ৷ এবং সেই সকল ফলে কত শত্র পথিকের ও বিহঙ্গগণের মহোপকার ছইতে পারিবেক"। এক দিন বর্জিনিয়া একটি সুপক থজুর খাইয়া তাহার বীজ ঐ পর্বতের পাদ-ভূমিতে রোপণ করিল, এবং কাল-সহকারে সেই বীজ হইতে একটি ব্রক্ষ উৎপন্ন হইল। এখন ভাছা প্রচুর ফলে পরিপূর্ণ। বর্জিনিয়ার প্রস্থানের সময় সেই গাছটি উর্দ্ধে হুই ক্টের অপিক হয় নাই; কিন্তু এত শীভ তাহার রুদ্ধি ইইয়াছিল যে তিন বৎসর মধো ভাহা বিশ ফুট লয়া হয়। সে সময়ে ভাহার গলার कां कि कां मिर कन। शान, वक मिन विज्ञिटिं खे স্থানে গিয়া উপস্থিত হইল এবং সেই গাছটি ভাদুশ প্রচুর ফলভরে অবনত দেখিয়া মহা আনন্দিত হইল। এ কিছু বড় আশ্চর্যা নহে, প্রণয়িনী বর্জিনিয়ার সহস্ত-রোপিত রক্ষের ফল দেখিলে ভাহার আনন্দসাগর অবশ্যই উদ্বেল হইতে পারে; কিন্তু সেই প্রিয়তমার মহস্তার্জিত এই ব্লক্ষে তাহার বিরহের সাক্ষীস্বরূপ ৰোধ হইবামাত্র তথন পালের তাদুণ হর্যামূতে এক-কালে নির্তিশয় বিবাদবিষ উৎপন্ন হটল। যে সকল

বস্তু সর্বাদা আমাদের দৃষ্টিপথে পতিত হয় ভাহা দেখিলে সহসা কালের ফ্রতগতি জানিতে পারা যায় না। তত্তাবৎই সামাদের সঙ্গে ২ হ্রাস ও নাশ প্রাপ্ত हरा ; किन्छ यमि मिटे मकन वञ्च धकवात मिथिया श्रेनर्सात কতিপয় বর্ষের পরে দেখিতে পাই তাহা হইলে কত সময় অতীত হইয়া গিয়াছে, তাহা আমরা বিলক্ষণ রূপেই অবগত হইতে পারি, এবং আমাদের পর্মায়-গত কালের প্রবাহ কত বেগে ও কিপ্রকারে সেই অনম্ভ মহাকাল-দাগবে পতিত ও নিলিভ চইতে চলিতেছে তাহাও আমাদের বোধগমা হইতে পাবে। সে যাহাহউক, পাল, সেই খজুররুকটি দর্শন করিবামাত্র, বেমন এক পর্যাটনকারী ব্যক্তি বছকালের পর স্বদে-শের নিকটে উপস্থিত হইয়া যাহাদিগকে নিভান্ত শিল ও অক্রবাণ দেখিয়া গিয়াছিল, তাহাদিগকে তথন সম্ভান সম্ভতিতে পরিবৃত দেখিলে বিক্ষিত হয়. তেমনি এককালে বিক্রার্সে নিমগ্ন হইল। গাছটা দেখিবামাত্র অমনি ভাহার মনে বর্জিনিয়ার প্রেস্থানা-ৰণি ভংকাল পৰ্যান্ত যে দীৰ্ঘকাল অভীত হইয়াছিল . ভাহা মারণ হইল। ইহাতে সে নিতাস্ত ব্যাকুল হইয়া একং বার মনে করিতে লাগিল " একি উৎপাত হইল! এ গাছটা এখনি কাটিয়া ফেলি, ইহা দেখিলে ষে আমার বুক বিদীর্গ হয় ! এইরূপ ভাবিয়া সে কাটিভে উদাত হয়২ এমত সমযে হঠাৎ তাহার মনে হইল, যে এগাছটি প্রিয়তমা বর্জিনিয়ার মত সরল, ইহাতে কিছুমাত্র বক্রভাব নাই। মনে২ এই প্রকার ভাবনা করিয়া সে অমনি তাহাকে প্রেমালিজন এবং শুনিলে

ছংখ হয় এমনি প্রেমময় বাক্যে সম্বোধন করিতে লাগিল। তৎকালে সে যে সকল শোক সম্ভাপের কথা প্রয়োগ করিতে লাগিল, তচ্চুবণে ব্যক্তিমাত্রেরই প্রাণ ব্যাকুল না হইয়া বায় না। পাল তাহাকে সম্বোধিয়া কহিল "রে প্রিয়পাদপ! এক্ষণে ভূমি আগ্রীয় পরিবারে পরিবৃত হইয়া এই বনমধ্যে বিরাজমান রহিয়াছ। আমি চূঢ়বাক্যে কহিতে পারি, তোমাকে দেখিলে আমার মনের যত প্রসাদ এবং ভৃপ্তি জন্মে, পৃথিবীর কোন অদুত বস্তু দর্শনে তাহার শতাংশের একাংশও লক্ষ হইতে পারে না। আহা! প্রকৃতির কি মহীয়নী শক্তি! তাহা একদিকে বেমন করাল কালক্ষরপ কর প্রসারণ করিয়া রাজ্যসক্ষদ পর্যান্ত গ্রাদ করিতেছে, তেমনি অন্যদিকে আবার সমধিক প্রীবৃদ্ধি করিয়া সেই ক্ষতিটি পূরণ করিয়া দিতেছে"।

পাল, আমার কুটীরের অঞ্চলে আইলেই আগে সেই খর্জুরগাছের তলে উপস্থিত হইত। এক দিন ভাহাকে দেখিলাম, সে যাহার পর নাই শোকে ব্যাকুল হইয়া তথায় দণ্ডায়মান রহিয়াছে। ইহাতে আমি তাহার নিকটে গিয়া জিজ্ঞাসাবাদ করিতে লাগিলাম। ভাহাতে সে যে২ কথায় উত্তর করিল, ভাহা শুনিলে কোন ব্যক্তি ধৈর্য্য ধারণ করিতে সমর্থ হয়না।

অনস্তর আমি তাহাকে, বিমর্শ হটবার কারণ জিজ্ঞাসা করিতেছি, এমত সময়ে সে আমাকে কহিল '' মহাশয়! আর কারণ জিজ্ঞাসেন কি? আমি মনে২ অতাস্ত অসুধী হইয়াছি। দেখুন দেখি, ছুই বৎসর

ছুই মাস কাল অতীত হইল, বর্জিনিয়া এস্থান ছাড: হইয়াছে। সাভে আট মাস গত হইল, আমরা তাহার সংবাদ পতাদি কিছুই পাইনাই । হয় ত সে প্রভূত ধন পাইয়া আমাকে নির্ধন বলিয়া বিস্মৃত হইয়াছে। মনের কথা বলিতে কি মহাশয়! তাহার নিকট ষাইবার জন্য, আমার মন নিভান্ত ব্যাকুল হই-তেছে। এবিষয়ে নহাশয় বলেন কি? আমি কি ফালেদেশে গমন করিব ? আমি তথায় গেলে রাজ-ৰীয় কিছু কাৰ্যাৰ্ক্ম করিতে পারিব। সুতরাং ক্রমেং আমার পদের উন্নতি ও ধনেরও বৃদ্ধি হইবার সম্ভা-বনা। পন হইলে, বজিনিয়ার ঠাকুরাণী দিদি আমার সহিত বর্জিনিয়ার বিবাহ না দিয়া থাকিতে পারিবেন না। ধনগোরবে যদি আনি তথায় বিশেষ মান সম্ভুম পাইতে পারি, তাহা হইলে আমাদের সহিত ভাঁহাদের কুটুম্বতা হইবার কোন আপত্তিরই সম্ভাবনা थाकित्वक ना" ।

রুদ্ধ।—"ভাল প্রিয়বৎস! একটা কথা জিজ্ঞাস। করি, তুমি না আমার নিকট যথন তথন বলিতে. তুমি বড়লোকের ও প্রধান বংশের সন্তান নহ।"

পাল।—হঁ। আমার মা এমনি কথা বলিয়াথাকেন ৰটে, কিন্তু আপনি যদি জিজ্ঞাসিলেন, তবে যথাথ কথা বলিতে কি, আমি সদংশজাত কাহাকে বলে, ভাষা আজি পর্যান্তও ভালরূপে জানি না। আর আমি নিশ্চয় বলিতে পারি যে আনি কখন সদংশ বা অসদংশ বিষয়ে কোন বিবেচনাও করিয়া দেখি নাই, কোন মাতার প্রমুখাৎ শুনিভাগ এই যাতা। র্জ।—"পাল! তুমি বলিতেছ বটে, কিন্তু আমি বিলক্ষণ জানিতে পারিতেছি বে, ফ্রাক্সদেশে বেরূপ ঘর২ গলি২ প্রচুর ঐশ্বর্যাশালী ও মহামহিমা সম্পন্ন ব্যক্তি সকল আছেন, তাহাদিগের কাছে তোমাকে অতি হীনভাবেই থাকিতে হইবেক। হয় ত বড়ং লোকের নিকট ঘাইবার জন্য তোমার পথ পাওয়াই ভার হইবেক"।

পাল।— "মহাশয়! এ যে আপনার মুখে এক স্তন কথা শুনিলাম! আপনিই ত আমার কাছে সর্বাদা বলিয়া থাকেন যে ফ্রান্সদেশের একটা মহা সমুন এই, যে তথাকার অতি দীন হীন প্রজারাও প্রভূত ধনের ঈশ্বর হইয়া উঠিয়াছে! বিশেষতঃ আপনি আমাকে, যাহারা হীনাবস্থায় থেকে স্বীয়দেশে এত উন্নতি পাইয়াছেন, তাহাদের কথাই সর্বাদা লওয়াইয়া থাকেন। তবে এখন প্রকারান্তর কহিয়া আমাকে প্রতারিত করিতেছেন কেন?"।

রদ্ধ।—'বাপু! আমি তোমাকে প্রতারণা করি
নাই। পূর্বে তথায় যাহা যে অবস্থায় ছিল এবং
এখন যে২ রূপে তাহা পরিবর্ত্তি হইয়াছে, তাহার
বিষয় আমি তোমাকে যথার্থই কহিয়া অবগত করিয়াছি। একণে ফাুলেসর কোন ব্যক্তি আপন ২ স্বার্থছাড়া চলে না। সম্পুতি সেখানকার সভ্যেরা রাজাকে
বেষ্টন করিয়া স্বেচ্ছানুসারেই সকলের শাসনাদি কার্য্য
করিয়া থাকেন। তথাকার রাজা যেন ঠিক স্থ্যাদেব,
এবং ডোবামোদকারী অমাত্যেরা অবিকল ঘনঘটা
স্ক্রপ। যেমন চতুর্দ্দিক্ হইতে ঘনঘটা ঘেরিয়া

আসিয়া সূর্যাকে আছেন করে, তেমনি সেই সভোরা রাজাকে ঘেরিয়া আচ্ছন করিয়া রাখিয়াছে। তাহারা এখন তাঁহাকে কিছুমাত্র প্রভা প্রকাশ করিতে দিতে-ছেনা। 'ভুমি যদি রাজার নিকট ষাইতে চাহ, তবে হয় ত তোমার কথা তাঁহার প্রবণপথেও প্রবিষ্ট इहेरवक ना। अर्द्ध यथन दाक्क कार्या अदिहालना वर्ष মিশ্রিতরূপ নাছিল, তখন আমরা ভ্যোভ্যঃ শুনিতে পাইতাম, যে তথাকার প্রজাগণের বিশেষ গুণ ও পৌরুষ প্রকাশিত হইলেই তাহারা উৎসাহিত ও উপ-ক্লত হইত। তৎকালে বড়হ রাজারাও ভেমন উপ-যুক্ত লোককে মনোনীত করিয়া রাজকার্য্যে সর্কে-সর্বা করিতেন না। বস্তুতঃ মহামহিম ভূপাল-বর্গেই এইরপ ব্যবহার করিতেন। অন্যান্যেরা আপনাদের সভাসদগণ এবং প্রিয়পাত্র পাত্রবর্গ যাহাদিগকে মনো-নীত করিতেন তাহাদিগের প্রতিই যথোচিত সহায়তা করিতে ক্রটি করিতেন না, এই নাত্র "।

পাল।—"মহাশয়! এ বিষয়ে এমন হইলেও ত হইতে পারে, যে তথায় গেলে পর এমত এক জন নভ্যের সহিত আমার আলাপ পরিচয় হয়, যে তাহা-তে তিনি আমাকে বিশিষ্টরপে প্রতিপালন ও উত্ত-রোত্তর মহোন্নতিশালী করিয়া ডুলিতে পারেন"।

রজা।—''হাঁ! যাহা বলিতেছ, ভাহা হইতে পারে বটে, কিন্তু বড় মানুধের অনুগ্রহ চাহিতে গেলে ভোমাকে অনবরত ভাঁহাদের ভোষামোদকভাই করি-তে হইবেক, এবং ভাঁহারা যেটা যথন ধরিবেন ভোমাকে ভাহাতেই সম্মতি দিয়া চলিতে হইবেক। পরস্ত তুমি তাহা পারিয়া উঠিবে না। তুমি সন্ত্রান্ত বংশের সন্তান নও বটে, কিন্তু জন্মাবধি তোমার সত্য বই কথন মিধ্যা শিক্ষা হয় নাই "।

পাল।—''ইহা একটা কঠিন কি? আমি ইহা পারিবই না কেন? যে২ কর্মে বড় সাহস প্রকাশের আ্বশাকতা আছে, তত্তাবৎ কর্ম আমি অবলীলাক্রমে
সমাধা করিব। মুখে একবার যাহা কহিব তাহা প্রাশাক্তের অন্যথা করিব না। আমার হাতে বে কর্মের্র ভার অর্পিত হইবেক, তাহা উপযুক্ত সময়ে সমাধা করিতে কিছুমাত্র আলস্য করিব না। লোকের সহিত বন্ধুত্ব করিতে সর্বপ্রথত্বে চেটিত হইব। যদি কাহারো প্রতি কখন কোন সহায়তা বা অনুগ্রহ করিবার আবশাক হয়, সাধ্যানুসারে আমি তাহা বিতরণ করিতেও 
যত্তের ক্রটি করিব না। এমনহ উপায় সকলই অবলম্বন
করিতে হয়, ইহা ত আপনি আমাকে প্রাচীন ইতিহাসে পাঠ করাইয়াছেন"।

রদ্ধ।—"হাঁ২, সে কথা সকল সত্য ৰটে বাপু!
প্রীস্ ও রোমদেশের লোকেরা পতনাবস্থাতেও ধর্মে
আত্মা করিতে ক্ষণমাত্র অবহেলা করে নাই। কিন্তু
বাছা! আমি এই বয়সে অনেক্হ প্রকার জ্বাতীয় মানুষ
দেখিয়াছি, পৃথিবীতে তাহাদের বিদ্যা ও ধর্মজ্ঞান
সাধারণ নহে, তাহাও বিলক্ষণ জ্ঞানি, তথাপি তাহারা
আজি পর্যান্ত বড় লোক হইতে কথন কোন সাহাব্য
পাঘ নাই, কেবল রাজাদিগের দ্বারাই সম্মান প্রাপ্ত
হইতেছেন এইমাত্র। ক্যামি ত তোমাকে পুর্কেই
বিলয়া আসিয়াছি, যে প্রথমাবস্থায় ধর্মপথে থাকিয়াই

করাসীদের মহীয়সী উন্নতি হইয়াছিল, কিন্তু এক্ষণকার কালে তাহাদের মান সম্ভাগ কেবল টাকায় ''।

পাল।—"মহাশয়। যদি আমি সেখানে কোন বড় লোকের সহায়তা পাইতে না পারি, তাহা হইলে আমি বে সকল মানুষের ভাব এবং রীতি নীতি আমার সঙ্গে মিলিবেক এমত সকল মানুষের অনুগ্রহ পাইতে চেন্টা করিব। তাহা হইলে ত আমার তাহা পাইতে আর ব্যাঘাত হইবেক না?"।

রুদ্ধ।—"তবে কি তুমি এত দিনের পর, সামান্য লোকে যেমন করে তেমনি ভক্তবিটলামি কাচ কাচিতে চাহ?। তুচ্ছ ধনের জন্য কি তুমি মহানিধিস্বরূপ সুধ সম্ভোগে এককালে জলাঞ্জলি দিতে বাসনা কর"?।

পাল।—"আমি কখন তাহা করিতে চাহিনা। সত্য পথে চলিতে আমি কদাচ ভুলিব না"।

রুদ্ধ।—"বাপুহে! এখন পথে আইস, ভাহাইত আমি বলিলাম, যে ভোষামোদকতা ও প্রশংসাদ্ধার। ভাহাদের মন যোগাইতে না পারিলে ভাহারা ভোমা-কে দৃণা করিবেক। সে দেশের লোক সকল এক ভাষাকান্ত। ভাহাদের যেমন মানলিপ্সা ভেমনি অহকার, ভাহাদের ধর্মের প্রতি দৃষ্টি কিছুমাত্রও নাই"।

পাল।—"আমি এখন যে প্রকার অসুখী, তাহাতে আমি সকল বিষয়েই পরাভূত আছি। পরস্ত ফল কথা বলি, আমি বর্জিনিয়া হইতে দুরে থাকিয়া আর অনবরত পরিপ্রামের দ্বারা এ ছঃখের দিন কাটাইতে পোরিব না"। (এই কথা বর্লিয়া সে এক দীর্ঘনিশাস পরিভাগে করিল।)

ব্লদ্ধ।—"বৎস। যে বিশ্বপতি এই বিশ্বরাজ্ঞা পালন করিতেছেন, তিনিই তোমার সহায হইবেন, তিনিই ভোমার মনোরথ পুর্ণ করিবেন। যদি ভুমি বড় লোকের তোষামোদকতা না করিয়া সাধারণের হিত করিতে ষত্ত্র কর, তিনি তাহাই সফল করিবেন। পৃথিবীতে কি পুরুষ, কি জ্বী, কি রাজা, কি প্রজা, সকলেই বিশেষ২ রিপুর পরতন্ত্র এবং একাস্তভাস্ত ও মোহান্ধ। ভাহাদের সেই প্রজ্বিত হতাশন ত্লা রিপুমুখে আমরা সর্বদাই আহুতিস্বৰূপে নিপতিত হইতেছি, তথাপি যাহাতে আমাদিগকে সতা ও সদাচারের পথ হইতে ভ্রম্ট হইতে না হয়, তাহা আমাদের সর্বপ্রেয় কর্ত্তব্য। তবে ভূমি কি নিমিত্ত মনুষ্যগণমধ্যে প্রধান ও সুপ্র-সিদ্ধ হইতে চাহ ভাহ। আমি বুঝিতে পারিতেছি না। আর এ বাসনা যে মনুষোর স্বভাবসিদ্ধ ভাহাও বলিভে পারি না। যদি ইহা স্বাভাবিক হইত তাহা হইলে প্রধান মনুষামাত্রেই এইরূপ হট্তে চাহিতেন। মুভরাৎ সর্ব্বদাই আত্মীয় স্বন্ধন বন্ধু বান্ধবগণের সহিত विवाम विशयाम ना कतिशा आमामित्रात कमां नितन-ছেগে কালহরণ করা হইত না। পরমেশ্ব আমার মত এই যে তোমাকে যে অবস্থায় রাখিয়াছেন তাহা-তেই তুমি সন্তুষ্ট থাক। আর তিনি যে তোমাকে পনীদিগের নিকট কিছু য'চ্ঞা করিতে গিয়া ভাঁহাদের বিকট মুখ অবলোকন কবান নাই এবং ভোমাকে ৰড় इःथीपित्वत निकस्मि कि कू श्रार्थन। कतिए श्रवर्त করেন নাই, তাহাতেই তুনি ভাঁহাকে ধন্যবাদ কবিতে. পাক। বাছারে! তুনি যে দেশে বাস করিভেছ, তথায়

প্রভারণা ও ভোষামোদকতা ব্যতিরেকেও অনায়াসে দিন নির্বাহ করিতে পার। কিন্তু ইউরোপের প্রায় অধিকাংশ লোকই এইরূপ তোষামোদ ছারা কাল ষাপন করে। পরমেশ্বর তোমাকে বে অবস্থায় রাখি-য়াছেন, ভাহাতে যে ভোমাকে ধর্মপথভট হইতে হয় এমন নয়। ভুমি এ স্থানে থাকিয়া অকপটভাবে অনায়াদে দিনপাত করিতে পার, সত্য-পর্মা সুচারু-রূপে রক্ষা করিতে পার। অধিকন্ত এ স্থানে থাকাতে ভোমাকে ধৈর্ঘ্যের মর্য্যাদা অভিক্রম করিতে হয় না, বিশেষতঃ তোমার সাধৃতাও রক্ষা পায়, আর ডুমি সকলের অনুগ্রহভাজনও হইতে পার। অহরহঃ যাহার পর নাই অমূল্য নিধি স্বরূপ ধর্ম ভোমাকর্ত্তক উপার্জিত হইতে পারে। আর এ সমস্ত ব্যাপার সুচারুরূপে সমাহিত হইলে ভোমার নির্মান ক্রান ও বিচক্ষণভাও লোকের বোধগম্য হইবে। এক-ৰার স্থিরচিত্তে ভাবিয়া দেখ দেখি, এই উপদ্বীপে পর-মেশ্বর আমাদিগকে কত সুখসাধন পদার্থ দিয়া সুখী ও সুস্ত করিয়াছেন। তিনি আমাদিগকে স্বাধীনভায় রাখিয়াছেন, আমাদের শরীরে প্রার্থনীয় স্বাস্থ্য প্রদান कतियाद्यात्म, हिट्ड दुष्तिवृद्धि नियाद्यान, धदर अक्शहे-হৃদয় মিত্র সকলও বিভর্গ করিয়াছেন। আমাদের কিছুরি অভাব নাই। ভুমি ব্যাকুল হইয়া বে সকল রাজার অনুগ্রহ ও সহায়তা লাভ করিতে বাসনা করি-ভেছ আমার মতে তাঁহারা কদাচ আমাদের মত अथी नरहन "।

পাল ৷—"মহাশয় ৷ আমার আর কিছুতেই প্রয়ো-

জন নাই, আমি কেবল বজিনিয়াকেই চাহি। বজি-निया नहिल आयात मुथ मक्त मकति त्रथा, कन कथा त्म थाकित्वरे आमात मक्व मुर्थ। त्मरे आमात কুল, দেই আমার মান, সেই আমার ধন। यদ वर्জिनियात ठाकुतानी पिपि कान वजनामा सूर्थिएक ব্যক্তি নহিলে তাহার বিবাহ না দেওয়া স্থির করেন, এবং প্রসিদ্ধ হইবার নিমিত্ত যদি বিশিষ্ট বিদ্বান হই-বার আবিশাক হয়, তাহাহইলে আমি বিদ্যাভাষে প্রব্রত হইব। তখন বিজ্ঞানশাস্ত্র শিক্ষা করিব, এবং সেই বিদ্যা প্রভাবে স্বীয় দেশের যার পর নাই উপ-কার করিতে সমর্থ হইব। স্বয়ৎ কথনই কাছারে। গলগ্ৰহ হইব না। সুত্রাৎ যাৰজ্জীবন স্বাধীনতায় থাকিব। জন্সমাজে মহীয়সী সুখ্যাতি লাভ করিব। তথন আর মান সমুম কাহাকেও করিয়া দিতে হইবেক ন। সে সকল কাজে২ আপনা আপনিই হইবেক "! ब्रक्त।--"तदम! छन इट्टल हे मकल द्य व कथा मङा वटि, किन्छ मदनामञ्जू छण मर्खक इटेटल পाद्र ना। এবং যাহাদের ভাহা আছে ভাহারাও সর্বাদা সুখী নহে। কেননা তাহাদের উপরি সকল লোকেই সর্যা ও দ্বেষ করে। তুমি বলিতেছ যে তোমার মানুষের উপকার করাই প্রধান উদ্দেশ্য, এ কথা বড় ভাল, কিছু

পাল।—''তবে বুঝি আমাদের বর্জিনিয়া এই জনঃ এখানে এ খেজুর গাছটি পুঁতিয়া বনবানীদিগের উপ-

বস্ততঃ অধিক উপকার করা সিদ্ধ হয়"।

আমার মত এই যে, এই পৃথিবীতে যে বাক্তি একটি সম্য উৎপাদন করে তাহার রড২ গ্রন্থকার অপেক্ষাও কার করিয়া গিয়াছে ? সভ্য বটে, মহাশয়! সাধারণের উপকারার্থে কোন লেখা পড়ার আলোচনার স্থান করিয়া দিলে কিছু এত হইত না"। (এই কথা বলিতিহ তদ্পতভাবে পালের আনন্দসাগর একেবারে উথলিয়া উঠিল, এবং তখনি অমনি সেই খেজুর রক্ষে প্রেন্মালিক্ষন করিতে আর ক্ষণমাত কালব্যাজ করিল না)।

বুদ্ধ।---মনুষ্যের পক্ষে যে কোন পুস্তকই উপকারক নহে, এ কথা কহা কিছু আমার মনোগত অভিপ্রায় নহে। কারণ কতকণ্ডলি পুল্ডক এমন আছে যে ভাহা মনুষ্যের পক্ষে প্রকৃত ধনের নিদানস্বরূপ যে সকল গ্রন্থ ক্লিফ ব্যক্তিকে সৎপণ প্রদর্শন করায়, বিপন্ন ও ৰ্যাকুলকে সাস্ত্ৰনা করে এবং অযথাকারী ছুরাত্মা वाक्यांव व्यविष्ठावटक वांधा पिटल माहम व्यप्तान करत्, এমন সমস্ত শাস্ত্র আমাদের কল্যাণকর। ঘাহার। সেই সকল শাস্ত্রের প্রণেতা তাঁহারা ধন মান উভয়ের আশাতে বিৰজিত। ফলে যাবৎ ভাঁহারা জীবদ্শায় থাকেন তাবৎ তাঁহাদের মানগড়ুম কিছুই হয় না, কিন্তু ভাঁহাদের মরণের পর লোকেরা যথন ভত্তৎপ্রণীত শাস্ত্রের গুট মর্ম্ম অবগত হইয়া বিশিষ্টফলভাগী হইতে পাকে, তথন সেই সকল গ্রন্থকার যে কত বড় লোক ভাহা বিশ্ববিদিত হইয়া উঠে। তাঁহারা জীবদশায় রাজস্মিধানে ও সভাসমাজে স্মাদ্র পান না বলিয়া क्रदेशटकत खटनाउ मनःकृत इन ना। क्नना छाँशता মনে২ বিলক্ষণ জানিতে পারেন যে আমাদের প্রণীত প্রস্থ সকল কালান্তরে লোকের সাতিশয় উপকারক হইবে। সুত্রাং ভাদুশ জ্ঞানেতেই ভাঁহারা সর্বাদা সুখী থাকেন, অপর সুখের আর স্পৃহামাতই থাকে

পাল।—"মহাশয়! আমার আর কোন গৌরবের তাৎপর্যা নাই, কেবল বর্জিনিয়াকে গৌরব করা ও তাহাকে সর্ব্বসাধারণের প্রিয়পাত করাই আমার প্রধান গৌরব। আপনিত অতি বিজ্ঞ বটেন, সকলি জানেন এবং বুঝিতেও পারেন, ভাল, একটা কথা জিজ্ঞাসা করি, আপনি কিছু ভবিষাৎ কথা বলিতে পারেন? যদি এমন হয়, তবে বলুন না কেন, পরে আমাদের বিবাহ হইবেক কি না? ভবিষ্যতের জ্ঞান ব্যতীত আমার আর কোন জ্ঞান লাভের আবশাক নাই"।

রদ্ধ।—''বৎস! তুমি অবোধ বালক! যদি কেহ তাবি
কথা অগ্রে জানিতে পারিত, তাহা হইলে কি কেহ
বাঁচিতে সমর্থ হইত? সর্মদা তাবিবিপজ্জাল নেত্রপথেই বিস্তীর্ণ থাকিত, এবং তাহাতে যাবজ্জীবনের
মত আনাদিগকে অসুখী করিয়া রাখিত। মনোমধ্যে
সতত চিস্তা ও ছঃখ উদ্ভূত হইলে জীবনের সমুদায়
দিনই বিষনিশ্রিতের ন্যায় সাজ্যাতিক বোধ করাইত।
ফলে করুণাময় জগদীশ্বর যে আনাদিগকে তবিষাৎ
জ্ঞান প্রদান করেন নাই তাহার প্রধান কারণ এই"।
পাল।—''মহাশ্য়! আপনি তবে আর এক কথা
বলুন, ইউরোপে মান সন্তুম্ন ও উচ্চপদ পাইবার জন্য
কিছু অর্থ সংগ্রহ করা আবশ্যক কি না? যদি তাহা
আবশ্যক হয়, তবে আমি না হয় আগে কিছু টাক্র
উপার্জন করিবার জন্য বাঙ্গালায় যাই, পরে তখন

ক্রান্সে ষাইব এবং তথায় গিয়া বর্জিনিয়ার পাণিগ্রহণ করিব। ফল কথা এই যে, জাহাজ আরোহণে আর বিলয় করা ভাল দেখায় না"।

রদ্ধ ।—''তবে কি তৃমি তোমার জননী মার গ্রেট ও বিবি দিলাতুরকে পরিত্যাগ করিয়া যাইতে চাহ''?। পাল।—''কেন? আপনি ত মথন তথন আমাকে ভারতবর্ষে যাইবার জন্য পরামর্শ দিয়া থাকিতেন''?।

রাজ।—"হাঁ, আমি তোমাকে যাইতে কহিতাম বটে, কিন্তু তথনকার এক কথা স্বতন্ত্র ছিল। তথন বজিনিয়া এখানে ছিল, এখন ত সে এখানে নাই, কেবল তুমিই এখন মার্গ্রেট ও বিবি দিলাতুরের অক্ষের যিটির ন্যায় অবলয়। স্বরূপ রহিয়াছ"।

পাল।—"কেন মহাশয়। ভাবনা কি? বৰ্জিনিয়া ত এখন ধনবতীর আশ্রেয় পাইয়াছে। সে এখন তাঁহার নিকট হইতে অনায়াসে কিঞ্চিৎ লইয়া মাতা-দিশকে সাহায্য করিতে পারিবে"।

রন্ধ।—" পাল! তুমি যে রদ্ধা ধনবতীর কথা কহিলে, তাহার পোষ্য কেবল বিবি দিলাতুর নহে, তদ্বাতীত আর অনেককেই তাহাকে ভরণ পোষণ করিতে হয়। ঐ সকল ব্যক্তি, থাইতে পরিতে দেয় এমন কোন ব্যক্তি নাই বলিয়াই অন্ধ-বন্ধের নিমিড তাহার নিকট আপনাদের স্বাধীন তা পর্যন্ত হারাইয়া বিদ্যাদ্যে। তন্মপ্যে কেহহ কোন নিভৃত স্থানে, কেহবা কোন সন্ম্যানীর মঠে থাকিয়া কালহরণ করি-তেছে"।

পাল।—" আ। মর ! ইউরোপ তবে কেমন ধারা

দেশ? আমার ইচ্ছা হইতেছে বর্জিনিয়া তথা হইতে এখনই ফিরিয়া আসুক। আর মিছামিছি দেখানে ধনিকুট্যের সাহায্য প্রত্যাশায় রহিয়াছে কেন ? আহা ! দে এখানকার দীনহীন কুটারে থনকিলে কি পর্যান্ত সুখ ভোগ করিতে না পারিত! আহা! যখন সে রাজা একখানি কাপড় পরিয়া রাজাফুলের মালা মাথায় দিয়া সুসজ্জিত হইত, তখন তাহাকে কি অপ-রূপ দেখাইত না? আইস বর্জিনিয়া! ভুনি এখনই ফিরিয়া ঘরে আইস। তোমার আর অটালিকায় থাকায় কাজ নাই, তোমার আর পরের ধনে অধিকা-রিণী হইবার প্রয়োজন নাই। আইস, ভুমি এখন এই পর্বতময় স্থানে আইস। এই স্থানস্থ বনের ও আমাদের নারিকেল গাছের স্নিঞ্চ সুশীতল ছায়ায় আসিয়া বিশ্রাম কর। হায়২ ! হয় ত ভুমিও এখন আমার মত মনে২ কতই ক্লেশ পাইতেছ "। (এই সকল কথা কহিতে২ পাল নয়নজলে অমনি অভিষিক্ত হইতে লাগিল।) অনস্তর সে আমাকে কহিল, মান্যবর মহাশয়। বিনয় করিয়া ও গলবদ্ধ-বস্ত্র হইয়া বলিতেছি আপনি আমাকে কিছু গোপন করিবেন না। আপনি যেন আমার ভাগ্যে বজিনিয়ার সহিত মিলনের কথা-টিই বলিতে পারিলেন না। ভাল, ভাহাঘটিত আর একটা কথা জিজ্ঞাসা করিতেছি, তাহাই অম্বতঃ বলিতে আজ্ঞাহউক। বর্জিনিয়ার কি এখন আমার উপরি পুর্বের মত স্নেহভাব আছে ? বোধ করি সে এখন আমাকে ভুলিয়া গিয়া থাকিবেক। কেন না তাহার এখন সে দিন নাই, তাহার চারিদিকেই বড়ুহ লোকের

খাকে, এ সকল লোক রাজার সঙ্গে কথা কহিয়া
আসিয়াই তাহার সহিত কথোপকথন করে। সুতরাং
আমাকে মনে থাকিবার সম্ভাবনাই দেখিতে পাইনা।
রদ্ধ ।—''হাঁ! আমি এ কথা বরং দৃঢ়বাকো
কহিতে পারি যে বর্জিনিয়া তোমাকে এখন মনের
সহিত ভালবাসে। সে যে তোমাকে ভালবাসে
ভাহার অনেক কারণ দেখা যাইতেছে। আদৌ
ভাহার খন্মেতে যৎপরোনাস্তি আহা দৃষ্ট আছে
এবং জন্মাবচ্ছিলে প্রতারণা কাহাকে বলে তাহা
তাহার স্বপ্লেও শিক্ষা হয় নাই"। (পাল আমার মুখ
হইতে এই কথা শুনিয়া বাছলতায় আমার গ্রীবা
আলিঙ্গন করিল।)

পাল ।—"মহাশয়। আপনি কি ইউরোপীয় নারীগণকে মিথ্যাবাদী ও প্রতারক বোপ করেন? যে সকল কাব্য নাটকাদিতে তাহাদের বর্ণনা দেখিতে পাই, তাহাই কি তাহাদের অবিকল চরিত্র?"।

রুদ্ধ।—"বাপু! ইহাও জাননা, যে দেশে পুরুষেরা ছরাত্মা হয়, সেখানকার স্ত্রীলোকেরা প্রভারণা করিতে অবশ্যই শিক্ষা করে। ছরাত্মাদিগের হাত এড়াইবার জন্য ধূর্ত্তা ও চাতুরী না করিলে, লোকে কদাচ ভিষ্ঠিতে পারে না"।

পাল।—"কি বলিলেন মহাশয়!, কি বলিলেন? সেখানকার পুরুষেরা কি জীলোকদের উপরি দৌরাল্লা প্রকাশ করিয়া থাকে?"।

রুদ্ধ।—হাঁ ৰাপু! ভাহার কারণ প্রবণ কর, ''সে-ধানকার পুরুষেরা যথন পাণিগ্রহণ করেন, ভখন দেই নারীর সম্মতি গ্রহণ করেন না। তাহাতেই এই প্রকার বিশৃষ্ট্রলভাব ঘটিয়া উঠে যে, যুবভী নারী রুদ্ধের গলগ্রহ হইয়া পড়ে এবং পুদ্ধিনতী ও বিচক্ষণা রুমণীও একজন হতভাগা অপব্যথীর হক্তে পতিত হয়"।

পাৰ।—"মহাশয়! তবে কেন তাহারা এমত বিপরীত বিবাহ করিয়া সাধুসমাজে হাস্যাম্পদৃহয়? যুবকে
যুবতী, রুদ্ধে রুদ্ধা, এমনরূপ সমযোগ্য বিবাহ হয় না,
ইহারই বা কারণ কি?"।

রুদ্ধ।—ইহার কারণ এই 'ফরাসী জাতীয়ের। অনেকেই যৌবনকালে এমন সঙ্গতিপন্ন হয় না যে, তাহারা বিবাহ করিয়া স্ত্রী পুত্র প্রতিপালন করে। সুতরাৎ বছকাল পর্যান্ত ধনোপার্জ্জনে নিযুক্ত থাকিয়া, পরে বিবাহ করিয়া সংসার-ধর্ম করিতে উদাত হয়, কিন্তু সে সময়ে তাহাদের রুদ্ধাবস্থা উপস্থিত হয়, সুতরাং তাহাদের সেই বিবাহ সুথকর হয় না"।

পাল ৷—''ভাল, মহাশয় ! বিবাহের পুর্বের ভাহা-দের ধনোপার্জন করিভেই এত আবশাক হয় কেন?''।

রুদ্ধ।—''তাহারা পনাবলম্বনে পরিণামে আলস্যে কাল্যাপন করিবে বলিয়াই পূর্বে তাহা সংগ্রহ করে'।

পাল ৷— ''মহাশয় ! তাহারা কি নিক্ষমা হইয়া আলস্যে অবশিষ্ট জীবন-কাল যাপন করিতে চাহে ? আমি দুচ্বাক্যে কহিতে পারি যদি আমি তদ্দেশীয় হই-তাম তাহা হইলে নিক্ষমা হইয়া কদাচ থাকিতাম না''!

রজ ।—বাপু! বলিলে বটে, কিন্তু ইউরোপের, লোকেরা বিনেচনা করে যে, স্বহস্তে কর্ম্ম কার্য্য করা নীচলোকের কর্ম। ফলে তথাকার ক্লযকলোক কারি-কর হইতেও নীচতর বলিয়া পরিগণিত ''।

পাল।—"হায় এমন কথা ত কখন শুনি নাই! মানুষের পক্ষে যেটা অত্যস্ত প্রয়োজনীয়, তাহাই ইউরোপে ঘূণিত বলিয়া গণ্য"!।

রন্ধ।—"বংশ! ভুমি পল্লীগানে অবস্থিতি কর। নগরে থাকিলে কিরূপ বাবহার করিতে হয়, ভাহা ভুমি কিছুই অবগত নহ''।

পাল।—''মহাশয়। তবে কি নগরবাসী বড়নালু-বেরাই সুখী। কেননা তাহার। ধনব্যয়ে যাহা যখন ভোগ করিতে চাহে তাহা তথন তোগ করিয়া সুখী হইতে পারে"।

রন্ধ।—না, না, তাঁহার। কখন সুখী নহেন, কারণ তাঁহারা বিনাপরি অমে বিশিষ্ট প্রকার সুখসংস্থাগ করিতে পান, সুতরাং তাহা সুথ বলিয়াই গণ্য হইতে পারে না। পরি শ্রেমর পর বিশ্রাম করণের সুথ বে কি পর্যান্ত সুমধুর তাহা তৃনি বিলক্ষণরূপই অবগত আছ, তাহা আর সবিশেষ বলিবার আবশ্যক নাই। যেমন পরি শ্রেমর পর বিশ্রাম সুখকর, তেমনি কুষা হইলে অর, ও পিপাসা পাইলে জনও সুখজনক বোধ করিও। বড়মানুষদিগের কতকগুলা ধনই আছে এইমাত্র; ধনদ্বারা তাঁহারা যথন যাহা ইচ্ছা করেন, তাহা তখনই অক্রেশে সাধন করিতে পারেন, কিন্তু এ সকল প্রকৃত সুখ তাঁহাদের ধন দ্বারা লক্ষ হইলার বিষয় কি?। ধনাচ্য লোকদিগের ধনদ্বারা দিবারাত্র নানাবিধ সুখতোগ করিতেহ পরিতৃপ্তির আর

ইয়তা থাকে না। বিশেষতঃ তাহাতে তাঁহাদের অহস্কারেরও উৎপত্তি হয়। ইহার মধ্যে যদি তাঁহার। দৈবাৎ কখন কিছু কটের মুখ দেখিতে পান, তাহা हरेत **डाँ**रापित मकन विषयात सूर्य अक्काल खना-ঞ্জলি পড়ে। সুরতি কুসুমের সৌগন্ধা কিছু অনেক-কণ স্মরণ থাকে না, কিন্তু তাহার মধ্যগত সুক্ম কট-কের অগ্ভাগ যদি অঙ্গের কোন স্থানে বিদ্ধহয়, ভাহা হইলে ভাহার যাতনা কণকাল মধ্যে বিস্মৃত হওয়া অতি সুক্ঠিন হইয়া পড়ে। এইরূপ বড়মানুষ্দিগের नियु पूर्वमाञ्चादगत मत्था किश्विष अमहन्त हहेल ভাহা সৌরভময় কুসুমের গর্ভগত কন্টকের ন্যায় বোধ কিন্তু ছৃঃখিলোকের পক্ষে এ সমস্তই বিপরীত। তাহারা সৌভাগ্যের মুখ প্রায়ই দেখিতে পায় না, সতত কেবল কটেতেই কালহরণ করিয়া থাকে। দৈবাৎ সেই ক্লেশের মধ্যে কথন কোন সৌভাগ্যের উদয় হয় তাহা হইলে তাহা অতিরিক্ত প্রতীতি করায়। ফলে ভাহাদের সে সুথ ধনীদিগের সুধ হইতে অধিকতর হয় সন্দেহ নাই। আমি তোমার নিকট বড়মানুষ ও ছঃখিলোকের অবস্থার কথা ব্যক্ত করিয়া কহিলাম, এক্ষণে ভুমি বিবেচনা কর এ উভয়ের মধ্যে কোন্টা ভাল বোপ হয়। বড়মালুষেরা সভতই আপ্তকাম অর্থাৎ পৃথিবীস্থ সমস্ত ভোগ্যবস্তুই ভাহাদের হস্তগত থাকে। সুতরাং আর কোন প্রাপ্তির আশা धाटक ना, किन्छ शानित छग्न छाशारमत मदन मर्समाहे জাগরুক থাকে। দরিত লোকদিগের মনে প্রাপ্তির षामा विलक्ष्म थाटक वट्टे, किन्छ छाराटमत रानित्र छग्न

কিছুমাত্রই থাকে না। এক্ষণে এই উভয়ের মধ্যে তুমি কোন্ অবস্থা অবলম্বন-যোগ্য বলিয়া বোধ কর বল দেখি। ইহাতে যদি আমার মত জানিতে চাহ, তবে আমি এই উভয় অবস্থাকেই তুলারূপ আপদের কারণ বলিয়া গণনা করি। কেননা অতিশয় দারিদ্রা ও প্রচুর এম্বর্যা উভয়ই সমান ছঃখকর, কেবল মধ্যম অবস্থা ও ধর্মানুষ্ঠান এই উভয় যথার্থ সুথের প্রতি কারণ।

পাল।—''নহাশয়; তবে আপনি ধর্ম কাহাকে বলেন? তাহা যে রুঝিতে পারিলাম না''।

রদ্ধ ।— "বাছা! ভোমাকে আর ধর্মের বিশেষ
লক্ষণ বলিবার আবশ্যক রাখে না, সম্পুতি একটা
স্থূল কথা বলি শুন। বাহারা কায়ক্রেশে আপনাদের
পিতামাতার ভরণপোষণ সমাধান করিয়া থাকে তাহাদিগকেই ধার্মিক বলা যায়। বস্তুতঃ জ্ঞাৎপতির
সস্তোষের উদ্দেশে আমরা পরোপকারের জন্য যে
চেন্টা করিয়া থাকি তাহার নাম ধর্মা"।

পাল।—"উঃ! বজিনিয়াকে তবে ত বড়ই ধর্মিষ্ঠা বলিতে হইবেক! কেবল পরের উপকার করিবেক বলিয়াই তাহার এখন ধনের অভিলাষ হইয়াছে। ধর্মের জনোই তাহাকে দেশাস্তরে যাইতে হইয়াছে, এবং ধর্মের অনুরোধেই তাহাকে এখানে ফিরিয়া আসিতে হইবেক। এইকুপে বর্জিনিয়ার প্রত্যাগমনের কথা পালের মনে হইবামাত্র তাহার মুখনী এককালে প্রসাম হইয়া উঠিল, এবং মন হইতে সকল অসক্ষ এক-কালে ছুর হইয়া গেল। সে তখন মনে করিল বজিনিয়া

যথন এত দিন পর্যান্ত কোন সংবাদ পাঠায় নাই, তথন বোধ হয় সে অতি শীঘ্রই এখানে আসিতে পারে। হয় ত বাতাসের সুবিধা পাইলেই একথানা করাসী জাহাজ এখানে আসিয়া উপস্থিত হইবেক।

এইরূপ কপেনার পর পাল, যে সকল জাহাজ কাস হইতে আসিতে তিন মাসের অধিক কাল লাগে নাই. মনেহ সেই সমস্ত গণনা করিতে লাগিল। মনে করিল মরীচি উপদ্বীপ হইতে ফার্সদেশ পৌনেসাত হাজার काम अखुत यथार्थ वर्षि, किखु ভाजर खाहाक हुई মালের মধ্যেও আগিতে পারে। আমাদের বর্জি-নিয়া বে জাহাজে উচিয়াছে তাহা আদিয়া প্রভিতে ष्ट्रेमारमञ्ज्ञ अधिक नांभिरव ना । जानर काहाक मकन প্রায় এইরূপ ক্রতগামীই হইয়া থাকে। আর বাহারা এমন সকল জাহাজ নির্মাণ করে সেই কারিকর দিগেরও শিম্পনিপুণতা প্রশংসনীয় বলিতে হইবেক। বিশে-ৰতঃ তেমন২ জাহাজের কর্ণধার প্রস্তৃতি পোতবাহ-কেরাও বাহার পর নাই কাজের লোক। মনে২ এই সৰুল ৰুপ্দা করিয়া, বর্জিনিয়া এখানে আইলে পর সে যে প্রধালীতে কাজকর্ম্ম করিবে ও যে প্রকারে এখানে মুতন ঘর ছার নির্দাণ করিবে, এবং যেরূপে বর্জিনিয়ার পাণিগ্রহণ ও তাহাকে পত্নী সম্বোধন করিয়া নিতা২ ফুতন্থ সুখসম্মোগে কালহরণ করিবে, পাল আমার নিকটে সেই সমুদ্য বুতান্ত আদ্যোপান্ত বর্ণনা क्रिएक माशिल। शर्त तम व्यामारक मरमाधन क्रिया ৰলিতে লাগিল, ''মহাশয়। আপনাকে কেবল যাহা না করিলে নয় এমনি ন্যায্যকর্মা ভিন্ন আর কিছুই করিতে হইবেক না। বজিনিয়া সেখান হইতে প্রচুর ধন লইয়া আসিতেছে। সেই ধনদ্বারা আমাদের কর্ম কার্য্য সম্পাদনের নিমিত্ত অনেক দাস দাসী ক্রুয় করিতে ইইবেক। তাহারা ঘেনন আমাদের কাজ কর্ম্ম করিবে তেমনি 'আপনারও করিবে সন্দেহ নাই। আপনি আমাদের ঘরেই থাকিবেন এবং দিবারাতি যাহাতে আহ্লাদ আমোদ জন্মে এমনি সকল কর্মে-তেই তৎপর হইবেন।''

এই সকল কথা বলিয়াই সে অমনি আমার নিকট হইতে গাতোখান কবিয়া আপন পবিবাবদিগকে এই শুভ সংবাদ দিবার জন্য প্রস্থান করিল। প্রস্থান করিল বটে, কিন্তু যে আশায় নিতান্ত মোহিত হইয়াছিল, অবিলয়েই ভাহাতে জলাঞ্চলি পডিল। পর্দিন পাল विवश्चतम्य ७ वर्षातानान्ति कृश्चम्य आगात निकटि আসিয়া কহিল ''মহাশয়! এ কি হইল, কিছুই বুঝিডে পারিতেছি না। বজিনিয়ার কোন পত্রই যে এ পর্যান্ত আমার হস্তগত হইল না, কারণ কি? অনুমান হই-তেছে, যদি সে ইউরোপ পরিত্যাগ করিত, তাহা হটলে অত্যে আমাদিগকে তাহার সংবাদ না দিয়া কদাচই থাকিত না। যাহাহউক, আমি আর ভাবিয়া বাঁচিনা। উপায় কি করা যায় বল্ন। নানাস্থানে ভাহার বিষয়ে নানা কথা শুনিতে পাইতেছি, ভাহা ষে নিতান্তই অমূলক হইবেক তাহারি বা সম্ভাবনা কি? শুনিতেছি ভাহার দিদিমা না কি সেখানকার এক জন প্রনি লোকের সঙ্গে তাহার বিবাহ দিয়াছেন। হায়! ध कि नर्सनान। नामाना लाक्ति नाम विक्निमा

कि টोकांत सूथ চाहिया এই कर्मां हो कतिन। कि আশ্চর্যা উপাখ্যান পুস্তকে দেখিয়াছি জ্রীলোকের স্বভাবও ঠিক এইরূপ, কিছু বৈলক্ষণ্য নাই। তাহা-দের যে ধর্মাকথা সে কেবল কথার কথা বই আর কিছুই নয়। বজিনিয়ার যদি ধর্মেই দৃষ্টি থাকিত তবে সে কদাচ আপন মাতাকে এবং আমাকে পরিত্যাণ করিয়া যাইতে পারিত না। আহা कि ত্বঃধ। আমি এখানে খেতে, শুতে, বসিতে, দাঁড়া-ইতে, সর্বদাই ভাহাকে অনুধ্যান করত কাল্যাপন করিতেছি, কিন্তু সে একবার আপনার মনেতেও আমাকে স্থান দিতেছে না। আনি এখানে তাহার क्षरना निवानिभि विवान-ममूद्ध छ विशा ब्रहिशाछि, स्म रमथात्व महानत्म कालयायन कतिरुट्छ। डेः। ভাহার এসব কথা আমার মনে হইলে যেন আমার হৃদয়ে শেল বিদ্ধা হইতে থাকে। আমি কেবল ভাহার জন্য এত নিরুৎসাহ হইয়া পডিয়াছি। এখন পরি-শ্রম করিতে আমার বড়ই ব্যামোহ বোধ হয়। কাহার সলে সংসর্গ করিতে হইলে যেন আমার বুক ফাটিয়া যায়। হায়। পরমেশ্ব যদি এ সময়ে ভারতবর্ষের মধ্যে একটা যুদ্ধ বিগ্ৰহ উপস্থিত করিয়া দিতেন, তাহা हरेल आधि राष्ट्र पूर्वी हरेजाम ! व्यवनीनाकत्म ষাইয়া রণভূমিতে দেহত্যাপ করিয়া এ সকল বিষম জালার হাত হইতে পরিতাণ,পাইতাম "।

পালের মুখ হইতে এই সকল মর্দ্মতেদিনী কথ। শ্রবণ করিয়া আমি এই বলিয়া উত্তর করিতে লাগিলাম-"প্রিয়তন। একটা কথা বলি মনোযোগ দিয়া শ্রবণ कत्। উত্তম ও অধম ভেদে সাহস তুই প্রকার হয়, যাহাদ্বারা ধৈর্যা ও সহিঞ্তার রক্ষা হয় তাহাই উত্তম, ও যাহাদ্বারা ক্লেশের সময়ে মরণে উদ্যম করায় ভাহাকে অধন বলা যায় "। পাল আমার এই সকল কথা শুনিয়া কহিল 'ভেবেড আমি কোনমতেই সহিষ্ ছইতে পারি না। বর্জিনিয়ার বিরহে প্রত্যেক বস্তুই আমার কোভ ও মনস্তাপ জনাইতেছে'' এই বলিয়া অভিশয় রোদন করিতে লাগিল। ইহাতে আমি ভাহাকে প্রবোধ দিবার জন্য কহিতে লাগিলানী "বৎস। এবড় বিচিত্র কথা নহে। অতিশয় ধার্মিকে-রাও সতত ধর্মে রত ও ধৈর্যাশালী থাকিতে সমর্থ হন না। সময়বিশেষে উাহারাও কথন২ কাম কোধ লোভাদি রিপুদারা বিকার প্রাপ্ত হইয়া থাকেন। পরস্ত এমন বিক্তভাবেও শাক্তজানরূপ উপায়দ্বারা আমরা অনায়াদেই পরমানন্দ সস্তোগ করিতে সমর্থ रहे।

পাল শুনিয়া অশ্রুপূর্ণ-নয়নে কহিতে লাগিল "হা কপাল! বর্জিনিয়া এখানে থাকিলে আর আমার শাস্ত্রজ্ঞানের কথায় কোন প্রয়োজন থাকিত না। আমাহইতে বর্জ্জিনিয়ার বিদ্যা কোন অংশেই অধিক ছিল না। বিশেষতঃ যখন সে আমার পানে চাহিয়া আমাকে প্রিয়সস্থোধন করিয়া ডাকিত, তথন আমার অসুখের বিষয় কিছুমাত্র থাকিত না।

এই সকল কথা শুনিয়া আমি বলিলাম "হাঁ, একথা ব্ৰথাৰ্থ বটে। যদি মনের মত প্রণয়িনী মিলে, ভাহা হইলে সেই পরম বন্ধু হইয়া উঠে। সুত্রাৎ ভাহাকে অবশ্যই ভাল বাসিতে হয়, আর সেও আপনি প্রিয়-তমকে মনের সহিত ভাল বাসে। কোন২ স্ত্রীলো-কের এমনি মোহনী মুখনী থাকে, বে তাহা দেখিবা-মাত্র অমনি অন্তঃকরণ বিকসিত হয় ও ভাহা হইতে ভাবনা চিস্তা সকল এককালে দুর হইয়া যায়।"

আমার মুখ হইতে এই সকল কথা শুনিয়া পালের সাহস, উৎসাহ প্রভৃতি শুণ সকল পুনরুজ্জীবিত হইয়া উঠিল। সেই সময়ে সে মনে করিল সে প্রাণাণিক প্রিযুতনা বিজ্ঞিনিয়াকে অবিলয়েই পুনরালিঙ্গন করিতে সমর্থ হইবে। মনে২ এইরূপ ভাবের উদয় হওয়াতে সে আবার ক্লিকর্দেতে ভৎপর হইল। ফল কথা বিজ্ঞিনিয়াকে সন্তুট রাখাই ভাহার প্রধান উদ্দেশ্য, সুতরাং সে ভতুদদেশে যত পরিশ্রম করিতে লাগিল ভতই ভাহার মনে আনোদ ও ভতই সুথ বোধ হইতে থাকিল।

তদনন্তর ১১৭৪ বাং অন্দের ১২ পৌষ প্রভাত হইবামাত্র পাল গাত্রোখান করিয়া দেখিতে পাইল, যে
দুরদর্শন পর্বতের শিখরভাগে এক শ্বেত পতাকা উথাপিত হইয়াছে। পূর্বেই বলিযা আফিয়াছি যথন কোন
জাহাজ অধিক দূরে আসিতেছে দেখিতে পাওয়া যায়,
তথন সেই পর্বতের উলার নিশান তুলিয়া দেয়।
পাল ঐ গতাকা দেখিবামাত্র অভিমাত্র ব্যক্তমমন্ত
হইয়া, সেই জাহাজে বর্জিনিখার কোন সংবাদ আইল
কি না ভাহা জানিবার জনা নগরাভিমুখে পাব্যান
হইল। জাহাজের প্রপ্রদর্শক তথায় উপস্থিত কা
পাকাতে সে তাবদিন সেখানেই অপ্রেক্ষা করিয়া

রহিল। ঐ বাজি সেদিন সেই জাহাজের তথ্যানুসকান করিতে নৌকা লইয়া গিয়াছিল; ফিরিয়া আসিতে
ভাহার সন্ধ্যা উত্তীর্ণ হইল। সে গৃহে আসিয়া প্রদেশাধিপতির নিকটে গিয়া এই সমাচার কহিল যে একুশ
হাজার মোন বোঝাই সেন্ট জিরান নামে একখানা
ফরাসী-জাহাজ এই উপদ্বীপে আসিতেছে। কাপ্তেন
আবীন সেই জাহাজের কর্ণার আছেন। ভাহা
এখন এখান হইতে ছয় কোশ অন্তরে রহিয়াছে।
অনুকূল বায়ুর সাহাযা পাইলে কলা ছই প্রহর পর্যান্ত
এই উপকূলত্ব বন্দরে আসিয়া পছঁছিতে পারিবেক।
দেখিয়া আইলান এখন সেইস্থানে বাভাসের লেশও
নাই, আকাশ একান্ত স্থির হইয়া রহিয়াছে।

এইরপে সংবাদ দিয়া, ফ্রান্স হইতে যে কএকথানা পত্র সেই জাহাজে আসিয়াছিল তাহাও তাঁহার হস্তে প্রদান করিল। তন্মধ্যে বিবি দিলাতুরের নামে এক-থানি পত্র ছিল। পাল সেই পত্রের শিরোনামায় বর্জিনিয়ার হস্তাক্ষর দেখিতে পাইবামাত, আমাদের পত্র আমার হাতে দাও, বলিয়া অমনি ভাহার হাত হইতেই গ্রহণ করিল এবং আনন্দসাগরে মগ্ন হইয়া বারষার তাহাতে চুম্বন করিতে লাগিল। পরে ভাহা বক্ষঃস্থলে রাখিয়া ছই হাতে চাপিয়া ধরিয়া উর্দ্ধাসে গৃহাভিমুখে প্রস্থান করিল। আর সকল পরিবার তথন পর্বতের উপরি বসিয়া প্রথ চাহিয়া ছিল। পাল আসিতেং দূর ইইতে ভাহাদিগকে দেখিতে পাইল, এবং নিকটে আসিয়া পত্রথানি ভাহাদিগকে দেখাইল। ক্রেভগমনে ইাঁপাইতেছিল বলিয়া কিছুমাত্র কহিতে

পারিল না। পরে বিবি দিলাত্র পত্রখানি পাইবা-মাত্র মুক্তকঠে পড়িতে আরম্ভ করিলেন, আর সকলে তাহা শুনিতে লাগিল। বজিনিয়া পতে এই লিখিয়া জানাইয়াছে যে, ''আমার দিদিমা আমার উপরি যে নিষ্ঠুরতা প্রকাশ করিয়াছেন, তাহা লিখিয়া কি জানা-ইব। তিনি ফালেদেশের এক জনের সহিত আমার বিবাহ দিতে চাহিয়াছিলেন, তাহাতে আমি সম্মত না হওয়াতে তিনি আমার প্রতি যাহার পর নাই অস-নুষ্ট হইয়া ধনাধিকারিণী করিতে সম্মত হইলেন না। এবং এই ছুরুম্ভ ঝড় ঝটিকার সময়ে আমাকে এই উপ-দ্বীপে পাঠাইয়াদিলেন। দিদি মা আমাকে অনবর্ত কুপরামর্শ দিতে ক্রাট করিতেন না, কিন্তু সে সময়ে আনি ভাঁহাকে সবিনয়ে কহিতান, তুমি আর এমন বিষয়ে আমাকে অনুরোধ করিও না। আমি আ**জন্ম** মাতা ভিন্ন আরু কাহাকেও জানি না, আমি সেই মাকে জিজাসিব না, ও বাল্যাবধি যাহার সঙ্গে একাত্ম-ভার ভাহাকে জানাইর না, এবং পিতার ন্যায় সর্বদা ত্রাবধান করেন এমন প্রম সুহ্রুদের অভিমত লইব না, এবং অকপটছাদয়ে ঘাঁহারা আমাকে লালন পালন করিয়াছেন তাঁহারা জানিতে পারিবেন না, অথচ আমার বিবাহ হইবেক, ইহা কেমন কথা কহেন। নিশ্চিত বলিতেছি এনন বিবাহে আমার কোনমতেই कृष्टि इस ना। এই সকল कथा श्वित सा पिनि मा श्वास ষথন তথন বলিতেন তোর বুদ্ধি শুদ্ধি লোপ পাই-য়াছে। যাহাহউক মা। এখন আমার সতত এই চিন্তঃ হইতেতে যে কৰে আমার প্রিয় পরিবার-বর্গকে অব-

লোকন করিব, ও ভাহাদিগকে আলিঙ্গন করিয়া ভাপিত দেহ সুণীতল করিব। আমি আজি তোমার নিকট याहेट हाहिलाय, किन्तु कर्नधात आदीन मसूटमत सन्द-ভাব বুঝিতে পারিয়া আমাকে ষাইতে নিষেধ করি-লেন। তিনি বলিলেন ''একেত ফুল এখান থেকে নিকট নয়, মধ্যে দৃষ্ট হইতেছে আকাশের নিস্তব্ধভাবে সমু-দ্রের জল ক্ষীত হইয়া উচিতেছে। সুতরাৎ এসময়ে ভোমাকে কোনমতেই পাঠাইতে পারি না।" পত খানি পাঠ করা হইবা মাত্র "ওরে বার্জনিয়া এসে পছঁছিয়াছে, ওরে বাজনিয়া আসিয়া প্লছিয়াছে" ৰলিয়া ভাহারা সকলেই চীৎকার ও গোলমাল কবিয়া উঠিল। গুহিণীরা ও দাস দাসীরা আনন্দ-সাগবে নিমগ্ন হইলেন। বিবি দিলাত্র পালকে নিকটে ডাকিয়া কহিলেন "পাল! তুমি এখনি আমাদের প্রতিবাসী-মহাশয়ের নিকটে গিয়া এই শুভ সংবাদ দিয়া আইস। এই কথা বলিতে না বলিতেই পাল অম'ন প্ৰস্তুত হইল। দমিজ তথনি একটা মসাল জ্বালিয়া লইয়া তথনি ভাহার সঙ্গে কুটীরাভিমুখে र्वन ।

রাত্তি প্রায় দশটা হইয়াছে, আমি প্রদীপ নির্বাণ করিয়া শয়ন করিতে বাইতেছি, এমন সময়ে দেখিতে পাইলাম অনেকদুরে বনের ভিতর একটা আলো অলিতেছে। থানিক পরে শুনিতে পাইলাম এক জন আমাকে ডাকিতে ডাকিতে আসিতেছে, অনুভব-দ্রারা পালের গলার মতও বোধ হইল। পাল আসি-ভেছে বোধ হইলায়ে আমি আন্তে বাস্তে উঠিয়া দাঁড়াইলাম। পাল উর্দ্ধানে ধাৰমান হইয়া আসিয়া ৰাহছয়ে আমার গ্রীবা জড়িয়া ধরিল, এবং হাঁপাইতে২ কহিতে লাগিল 'মহাশয়! আসুন্, মহাশয়! আসুন্, হজিনিয়া আদিতেছে। কালি সকালেই' জাহাজ উপকূলে আসিয়া লঙ্গর করিবেক। চলুন আমরা সকলে বন্দরে গিয়া অপেকা করিয়া থাকি''।

এই কথা শুনিবামাত যাইবার জন্য আমরা তথনি ৰাহির হইলাম। বাতাবিকুঞ্জ হইতে বন্দর পর্যান্ত পর্বতময় পথ দিয়া যাইবার সময়ে বোধ হইল বেন পশ্চাদ্যাগে কোন একটা মানুষ চলিয়া আসিতেছে, ফিরিয়া দেখিলাম একজন কাফি আসিতেছে। নিকটে আসিবামাত্র আমরা তাহাকে জিজ্ঞাসা করিলাম ভুমি কে হে! এত ভাড়াভাড়ি যাইভেচ কেন? সে উত্তর করিল ''মহাশয় ! এই উপদ্বীপে (স্বর্ণরেণু) নামে এক স্থান আছে, আমি এখন সেখান হইতে আসি-তেচি, এ প্রদেশের গবর্ণরকে একটা অশুভ সংবাদ জানাইবার জন্য আমাকে এত শীন্ত্রহ যাইতে হই-তেছে। সংবাদ এই যে, একখানা করাসী **জাছাজ** আদিয়া অম্বর উপদ্বীপের ধারে লঙ্গর করিয়া রহি-য়াছে। অভিশয় ঝটকার পূর্কাবস্থা বুঝিয়া পোতস্থ লোকেরা বড় শঙ্কাকুল হইয়াছে, এবং শঙ্কাপ্রযুক্ত সেই জাহাজে কএকটা অশুভসূচক ভোপধ্ননিও হই-য়াছে। এখন আমি আর •দাঁড়াইতে পারি না''। এই বলিয়া সেই কাফি অমনি উদ্বশ্বাসে চলিয়াগেল।

ভদনস্তর আমি পালকে কহিলাম "এখন আমাদের অপেথ চলিলে আর চলিবেক না। আইস আমর।

শীভ্র স্বর্ণবেণুতে গিয়া আগে বর্জিনিয়ার সহিত সাক্ষাৎ করি। এখান হইতে সে স্থান সাড়ে চারি ক্রোশ পথ দুর হইবেক। এই কথা বলিতে২ এই উপদ্বীপের উত্তর দিক দিয়া বাইবার জন্য পথ অম্বেষিতে লাগি-লাম। তথন আকাশসণ্ডল এমনি নির্বাত ও উষ্ণ হইয়া উঠিয়াছিল যে তাহা নিতান্ত অসহ। উর্দ্ধে দৃষ্টিপাত হওয়াতে দেখিতে পাইলাম চল্কের পরিধি ছুই তিনটা ঘোরাল রুঞ্চবর্ণ মণ্ডলে বেষ্টিত হইয়াছে। মধ্যে আকাশও একপ্রকার ভয়ক্কর ঘনঘটায় আচ্ছন্ন হইয়া রহিয়াছিল। মধ্রে২ বিছাতের জ্যোতিও দৃষ্টি-গোচর হইতে লাগিল 🏲 কণকাল পরেই দেখিতে পাইলাম নিবিড় মেঘমালা এই উপদ্বীপের ঠিক উপবি ভাগে উঠিয়া অভিশয় বেগে সমুদ্রের দিকে চলিয়া ষাইতেছে। তখন এমনি নিস্তব্ধ যে বাভাসের কিছু-মাত্রও উপলব্ধি করা যাইতেছিল না। আমরা আর খানিক দুর আগিয়া গেলাম এবং উপর্যুপরি কএকটা শক্ত শুনিয়া বোধ করিলাম যেন অভিদূরে ক্রমাগত ৰক্পাত হইতেছে। খানিক ক্ষণ মনোযোগ পূৰ্বক শুনিতে২ বোধ হইল বাজ নয়, কামানের শক্তের প্রতিধান। এ দিকে আকাশমগুলের গতিক ও তাব দেখিয়া বাড়ের আশস্কায় মনঃ এককালে বিষয় হইয়া রহিয়াছিল, ভাহাতে আবার দুর হইতে সেই ভয়ক্কর শব্দ সকল কর্ণকুহরে প্রবিষ্ট হওয়াতে ভয়ে আমাদের ক্ৎকম্প উপন্থিত হই**।** শকগুলি যে দূরবর্তি জাহা-**ঞ্জের বিপদ্স্চক কামানের শক্ত নয়, তাহাতে আর** কিছুমাত্রই সন্দেহ হইল না। আধ ঘনীর পরে আর

ভেমন শব্দ কর্ণপোচর হইল না। সেই ভয়জনক শব্দ শুনিবার সময়ে বা কি ভয় হইভেছিল, নিস্তন্ধ-ভাবে সেই ভয় শতগুণে রুদ্ধি পাইতে লাগিল।

আমরা ক্রমাণত কেবল অগ্রসর হইয়াই যাইতে লাগিলাম, কিন্তু তথন এমন ক্ষমতা ছিল না যে মুখ দিয়া কোন কথা নির্গত করি। সুতরাং কাহাকেও কিছু বলিব তাহাও পারিতেছিলাম না। যাহা হউক, প্রায় ছই প্রহর রাত্রি হয়২ এমত সময়ে আমরা উপক্লে ফর্নরেণুতে গিয়া উত্তীর্ণ হইলাম, দেখিলাম সমু-দের তরঙ্গ সকল অতি ভ্যানক ছ২ শব্দে ভালিয়া আসিতেছে, ও তাহার ধবল ফেননিচয়ে শৈলরাশি ও সৈকতভূমি সকল আছের হইতেছে।

ক্ষণকাল বিলয়ে বনের ফাঁক দিয়া দেখিতে পাইলান, কিয়দূর অন্তরে একটা আগুনের কুও জালিয়া
ভাহার চারিদিকে কতকগুলি লোক বসিয়া রহিরাছে।
দেখিবামাত্র বোধ হইল উহারা তথায় রাত্রি প্রভাত
হওয়া পর্যান্ত অবস্থিতি করিবেক। এইরূপ ভাবিয়া
আমরা ভাহাদের নিকটে গিয়া উপবিষ্ট হইলাম।
শুনিলাম ভাহাদের একজন সকলকে সম্বোধন করিয়া
কহিতেছে 'ভাই সকল! আমি আজি সন্ধ্যাকালে
দেখিয়াছি একখানা জাহাজ ভাসিতে২ এই উপদ্বীপের অভিমুখে আসিতেছিল। পরে অভান্ত অন্ধকার হওয়াতে আর ভাহা, দেখিতে পাইলাম না।
সুর্যা অন্ত হইবার ঘণীছেই পরে ভাহাতে অমঙ্গলস্থানতে পাইলাম; কিন্তু পাইলে কি হইবে, তখন

সমুদ্রে যে ভয়ানক ঢেউ উঠিতেছিল, কাহার দাধ্য ভথায় ডিঙ্গী লইয়া এক পাদ অগ্রসর হয়। খানিক পরে দেখিতে পাইলাম তাহাতে একটা আলো অলি-তেছে। 'তাহাতে আমার মনে২ এই আশক্ষা হইল ষে, বুঝি জাহাজখানা তীরভূমির অতি নিকটেই আসিয়া উত্তীর্ণ হইয়াছে এবং উদ্যমাঙ্কে যাইতে পথ-জ্বমে অষর্দ্বীপ এবং এই উপদ্বীপের মধ্যস্থলে আ-সিয়া প্রবেশ করিয়াছে। যাহা হউক ভাই। যদি এমন তুর্ঘটনা হইয়া থাকে তবে একপ্রকার সর্বান-শেরই সম্ভাবনা বলিতে হইবেক "। পরে আর এক क्म छाहामिशत्क वनिन के चाहे हा। आगि ७ मूँ छि-টা অনেকবার পারাপার হইয়াচি, সে স্থানের কিছুই আমার অবিদিত নাই। আমি বিশেষ অনুধাবন করিয়া-দেখিয়াছি তথাকার জল অত্যন্ত অগাধ ও নির্মাল। ঝাড ঝাটকার সময়ে জাহাজ সকল সেখানে বেমন নির্বিত্মে থাকিতে পারে তেমন বন্দরের নিক-টেও থাকিবার সম্ভাবনা নাই।" এই কথা কহিয়া সে श्रनसात कहिल " छाटे मकल। आमि वाकी दाथिया কহিতে পারি, উপদ্রবের সময়ে আমি অন্যান্য স্থল অপেকা সে স্থলে নির্ভয়ে থাকিতে সমর্থ হই। আর একজন কহিয়া উচিল "জানি হে জানি, সে সুঁতিটা আমি বিলক্ষণ জানি, তাহার মধ্যে কেবল সামান্যং নৌৰাই প্ৰবেশ করিতে পারে এই মাত্র, কিন্তু জাহাল ৰা বভং নৌৰা ভাছাতে প্ৰবেশিবাৰ সম্ভাবনা নাই। আমার নিশ্চয় বোধ হইতেছে, বাতাস উঠিবার পূর্বে नावित्कता त्न खादाकथाना मकत कतिया वाथियाहिन,

কিন্তু বাতাস উচিলে পর তাহারা অবশাই লঙ্গর তুলিয়া সমুদ্রে গিয়া থাকিবেক। এইরূপে নানা জনে নানা প্রকার কথা কহিতে লাগিল। সেই সকল অন-ভিজ্ঞ ব্যক্তিদিগের ভাতৃশ বাদাসুবাদ শ্রবণ করিয়া আমি এবং পাল একেবারে অবাক্ হইয়া রহিলাম। তথন আর কি করিতে পারি, অরুণোদয় পর্যান্ত আ-মুরা সকলেই তথায় বসিয়া রহিলাম; কিন্তু তথন ষে প্রকার নিবিড় কুন্ধুটিকায় দিল্পাগুলী আরত ছিল, ভাহাতে সমুদ্রে জাহাজ দেখিতে পাওয়া ভার। কণকাল পরে দেখিতে প্রাইলাম কূল হইতে তিন পাদ কোশ দুরে একখান নিবিড় মেঘ উঠিয়াছে। লোকেরা বলিল সেটা মেঘ নয়, অম্বর উপদ্বীপ দেখা ৰাইতেছে। তখন নভোমওল এমনি নিৰিড় কুজু-টিকায় আচ্ছন হইয়াছিল যে, আমরা উপকূলের যে शादन माँ ए। हेग्राहिला म (महे शान वहे आत कि हुहे দেখিতে পাওয়া যাইভেছিল না। অনেককণ এক দুষ্টিতে দেখিতে২ এক এক বার এই উপদ্বীপের মধ্যস্থ পর্বতের শৃঙ্ক সকলও দৃষ্ট হইতে লাগিল।

বেলা সাতটার সময়ে আমরা শুনিতে পাইলাম বনমধ্যে ক্রমাগত নাগরার শব্দ হইতেছে। ক্রণকাল পরেই দেখিতে পাইলাম, এই প্রদেশের গবর্ণর মন-স্থার দিলাবর্দ্দমুই অস্ত্রশস্ত্রধারী বছসম্বাক সেনা ও কতকগুলিন উপদ্বীপবাসী লোক এবং একদল কাফ্রি-লোক সমভিব্যাহারে লইয়া অম্বারোহণে ক্রভবেগে সমুদ্রাভিমুখে আসিতেছেন। ক্রণকালের মধ্যে তথায় উপস্থিত হইয়া তিনি সেই সেনাগণকে শ্রেণীযদ্ধ করিয়া রীতিমত তোপ করিতে অনুমতি প্রদান করিলেন। জাহাজ হইতে সেই তোপের উত্তরস্বরূপ তোপের শব্দও শুনিতে পাওয়া গেল। শব্দানুসারে বোধ হইল জাহাজখানা বড় অধিক দূরে নাই। খানিকক্ষণ পরে একখানা বহুৎ জাহাজের তলভাগও দৃষ্ট হইল। টেউ সকল প্রবল বেগে এবং কল২ শব্দে জাহাজের উত্তয় পার্ম দিয়া চলিতেছিল, তথাপি কর্ণধারের জাহাজী লোকেরদের সহিত কথা-বার্ভা এবং খালাসী-দিগের "রাজা চিরজীবী হউন, রাজা চিরজীবী হউন" বলিয়া উচ্চস্বরে চীৎকার শব্দ অবলীলাক্রমেই শুনা বাইতে লাগিল।

যথন বেথা হইল সেই জাহাজ খানাই সেন্ট-জিরান্ যথার্থ এবং তাহাতে রীতিমত তিন মিনিট অন্তর বিপদ্-স্চক কামানধানি হইতেছে তখন আমরা জ্ঞান-শূন্য-প্রায় হইলাম। উপস্থিত গবর্ণর কিছুদ্র অন্তরে সমুদ্রতটের এক স্থানে প্রচুর অগ্নি জ্ঞালাইতে অসুমতি করিয়া, ডিণ্ডিম দ্বারা এই ঘোষণা করিয়া দিলেন যে, নিকটস্থ লোকেরা সত্তর হইয়া এখানে তক্তা, কাচি, খালি পিঁপা প্রভৃতি অন্তঃশূন্য পদার্থ এবং আহারোপযোগি দ্রব্য সামগ্রী সকল আনয়ন করক। রাজাজ্ঞা শুনিবামাত্র নিকটস্থ লোকেরা সেই সকল দ্ব্রয় ও পাইল প্রভৃতি অন্যান্য সামগ্রী আনিয়া প্রস্তুত করিল। তন্মধ্যে একজন ভূমাধিকারী আসিয়া গবর্ণরকে কহিলেন 'মহাশয়! আমরা কালি সীমস্ত রাত্রি শুনিতে পাইয়াছি, পর্বতের উপরিভাগেও বনমধ্যে এক প্রকার বাত্রাস থাকিয়াহ দেনিং শক্ষে

বহিতেছিল। সামুদ্রিক জলচর পক্ষিসকল সমুদ্র চাড়িয়া স্থলে আসিয়া চিচিকুচিধ্বনি করত আর্তনাদ করিতে লাগিল। আমরা বিলক্ষণ অবগত আছি এসকল কেবল ঝড়েরই পূর্ব্যলক্ষণ'। এই কথা শ্রবণ করিয়া গবর্ণর উত্তর করিলেন ''হঁঁ।! যথার্থ বটে, ঐ ভয়েইত আমরা এসকল দ্রব্য সামগ্রী আয়োজন করিয়া প্রস্তুত হইয়া রহিয়াছি। বোধ হইতেছে জাহাজের লোকেরাও এখন নিশ্চিম্ভ নাই"।

এইরপে আমাদের চারিদিকের লোকেরা সেই
সকল লক্ষণ দেখিয়া প্রচণ্ড ঝটিকার আশক্ষা করিতে
লাগিল। তৎকালে আমাদের ঠিক মস্তকের উপরি
এক খানা নিবিড় মেঘ উঠিয়াছিল, তাহা সাতিশয়
ঘোর এবং তাহার প্রান্তভাগ তামবর্ণ। আর নভোমগুল ঘোরতর মেঘাছেল হইয়াছিল বলিয়া সারস,
বক, চক্রবাক প্রভৃতি জলচর বিহল সকল ভীত হইয়া
আর্ত্রনাদে দিল্পগুলী প্রতিনাদিত করত জল হইতে
গাত্রোখান করিয়া স্থানে ২ আশ্রয় লইতে লাগিল।

বেলা ঠিক নয়টার সময়ে আমরা সমুদ্রহইতে
তয়য়য়য় শক শুনিতে পাইলাম। শুনিয়া বোধ হইল
বেগবতী তয়য়য়ালা অতিতীয়ণ শক্তে ক্রতবেগে
নিয়ড়ুমি দিয়া চলিয়া আসিতেছে। ইহাতে আমরা
সকলে এককালে "ঐ ঝড় আইল, ঐ ঝড় আইল"
বলিয়া চীৎকার করিয়া উঠিলাম। তেমন যে নিবিড়
কুজ্ঝটিকাতে অয়য় উপদ্বীপ ও তৎসমীপবর্তী মুঁতিকে
আছেয় করিয়া রাখিয়াছিল, তাহা একবারেই ঘুরুণিয়া
বাতাসে ছিন্নভিন্ন হইয়া কোখায় গেল তাহার চিত্নও

আর দুট হইল না। মেঘ সকল যাওয়াতে সেনীজিরা-নের সকল অবয়বই আমাদিগের দৃষ্টিগোচর হইল : দেখিতে পাইলাম, তথন পোতারত ব্যক্তি সকল জাহা-জের উপর তলায় একত হইয়া দ্ঞায়মান রহিয়াছে। দেখিতে২ পাইলের দণ্ডও মাঝথানের বড় মাস্তল টা ৰায়ুৰেণে আহত ও ভগ্ন হইয়া তাহার উপরিই পতিত হইল। কেবল অগ্র-পশ্চাতে চারিগাছা কাচিদারা সেই জাহাজখানা লঙ্গরে বদ্ধ রহিল এই মাত। কাল পরে জলের প্রবল বেগে তাহা গুপ্তচরের উপর দিয়া অম্বর ও এই মরীচি উপদ্বীপের মধ্যে আনীত ও প্রবেশিত হইল; কিন্তু এ বিষম সঙ্কটস্থানে কম্মিন্ কালেও জাহাজ প্রবেশিবার সম্ভাবনা নাই। তদ-নম্ভর সমুদ্রের উত্তাল তর্জসকল সেই সুঁতির ভিতরে আসিয়া প্রবেশ করাতে জাহাজখানা এক এক বার এত উচ্চে উঠিয়া২ পডিতে লাগিল, যে তথন তাহার তলা পর্যান্ত অবলীলাক্রমেই দুফিগোচর হইল; কিন্তু তথন ভাহার পশ্চান্তাগ জলমণ্যে এমনি নিমগ্র ছিল যে ভাহা পুনর্বার উঠিতে পারিবেক এমত বোধ হইল না। ফলে জাহাজ খানা তথন এমনিভাবে ছিল যে প্রবল ঝটিকার বেগেও ভাহাকে সেই ফুঁভির বাহির করিভে পারিত না, এবং লঙ্গরের বন্ধন কাটিয়া দিলেও তাহার তীরাভিমুখে আসিবার সম্ভাবনা ছিলনা; কারণ তীরভুমি ও সেই স্তির মধান্তল কেবল বালি-চড়া ও মগুলৈলময় ছিল। টেউ সকল কুলের দিকে এমনি বেগে আসিতে লাগিল যে তীরস্থিত রাশীক্ষত ज्ञा ७ अनाना बसु मक्त এककात्म ७॰ शं**७ पृ**त्त

নিক্ষিপ্ত করিতে লাগিল, এবং তাহা নাগিয়া পড়িবার সময়ে বালিচড়ায় যে সকল প্রকাণ্ড২ পাষাণখণ্ড পতিত ছিল সে সমস্ত দুর্কিপ্ত হইতে লাগিল। আঃ। তথন সেই সকল বস্তুর সেরূপ ভগ্নানক শব্দ श्वित्र वापारमञ्ज कर्ग विधित आग्र इहेर्ड नागिन। करेनटकत मध्या (पश्चिमाम ध्यवन वाश्रुव्वरण ममुराजत जन जान अभारत की छ- इरेशा छिठिट जातिन; अवर দেখতে২ মরীচি ও অম্বর উপদ্বীপের মধান্ত সুঁতিটা কেবল বিস্তুত ফেনরাশিতে আছ্র হইয়া পড়িল। উপর্যাপরি যে সকল উত্তর তরঙ্গ আনিতে লাগিল তদর্শনে বোধ হইল যেন তাহা মুখব্যাদান করিয়া গ্রাস করিতেই আসিতেছে। খাঁডির ভিতরে বে সৰুল ফেনিল উৰ্মিমালা দেখিতে পাইলাম, তাহা তথন চারিহাত হইতেও অধিক দুর উচ্চে উঠিয়াছিল; কিন্তু এক একটা ঝটিকা আসিয়া সেই সকল ফেনা লইয়া উপকলের তিনপাদকোশ অন্তরে ফেলিতে লাগিল। দেই বায়ুক্ষিপ্ত ফেনরা**শি পর্ম**তের পরিধিভাগে পতিত দেখিয়া বোধ হইল যেন সমুদ্র হইতেই হিমানী সকল উথিত হইয়াছে। সেই সময়ে মস্তকের উপরিভার্নে চাহিয়া দেখিলাম, কেবল ভযক্ষর ঘনঘোরঘটা ক্রত-বেগে ধারমান হইতেছে, আর অন্যান্য বর্ণের মেঘও অচল হইয়া স্থানে২ রহিয়াছে।

ঝটিকা ও তর্জনালার প্রবলবেগ ক্রমাগত জাহাজে লাগিতে২ আমরা এতক্ষণ যেটি আশস্কা করিতেছিলাম অবিলয়ে তাহাই ঘটিয়া উচিল। প্রথমে জাহাজের সম্মধস্থ বন্ধন রজ্জ এককালে সকলি ছিঁড়িয়া গেল,

কেবল তাহা পশ্চাঘর্তী লঙ্গরের সহিত একগাছা রুশি-তেই আবদ্ধ রহিল মাত্র। ক্ষণকাল পরে তদ্রুপ আর এক বেগে আহত হইবামাত তাহাও ছিল হইল এবং সেই জাহাজখানা তীরের অনতিদুরস্থ এক মগ্ন দৈলের উপরি নিকিপ্ত হইল। জাহাজখানা মগু দৈলে নিক্ষিপ্ত হইবামাত্র আমরা সকলেই ''গেল রে। সর্ব্ব-নাশ হইল"। বলিয়া উচ্চঃম্বরে চীৎকার করিয়া উঠি-লাম। তথন পাল একেবারে জ্ঞানশুন্য হইয়া নির্ভয়ে ক্রতবেগে সমুদ্রের অভিমুখে ধাবমান হইল। আমি অমনি তাহার হাত ধরিলাম এবং কহিলাম "বাছা। তোমার এ কি ছবু জি! তুমি এখানে কি প্রাণ হারা-ইতে যাইতেছ।" আহা। সে কি তথন আমার সে কথা গুনে, নিরাশ হইয়া তাহার বুদ্ধিশুদ্ধি এককালে লোপ পাইয়াছিল। ধরিবামাত্র সে নিভাস্ত বিরক্ত হইয়া আমার হাত ছাড়াইতে২ কহিতে লাগিল "ছাড়! আমাকে ধরিও না.এ বর্জিনিয়া গেল, এখন উহাকে রাঁচাইতে দাও। আমি এখন আর এখানে থাকিতে পারি না, দেখিয়া আমার বুক ফাটিয়া যাইতেছে"। তখন পাল গেলেই মরিবে তাহার সন্দেহ নাই. ইহা আমরা বিলক্ষণ জানিতাম, ভাহাতে আমি ও দমিস আপাততঃ কোন উপায় দেখিতে না পাইয়া, সে ষেই ড বিবে অমনি টানিয়া আনিব এই যুক্তি করিয়া, এক-গাঁচা কাঁচি দিয়া তাহার কোমরটা ভাল করিয়া বাঁধিয়া চাডিয়া দিলাম এবং দেই কাছির অগ্রভাগ ধরিয়া প্রাক্তিলাম। তথন পাল বেগে সেন্টজিরানের অভি-মুখে ধাৰমান হইল এবং অন্তিবিলয়েই সমুদ্রের

জলে অবতরণ করিল। প্রথমতঃ খানিক ছুর সাঁতা-রিয়া গিয়া, পরে চড়ার উপরি উঠিয়া পুনর্কার ধার-মান হইতে লাগিল। त वर्জिनिয়াকে বাঁচাইতে যাইতেছিল বলিয়া তাহার মনে তথন যেমন উৎসাহ তেমনি সুখবোধ হইতে লাগিল। সে সময়ে জাহাজ খানা যে স্থানে নিক্ষিপ্ত হইয়াচিল তাহার চারিদিক কেবল শুষ্ক বালিচভাময়। বাইতে গেলে অনায়াসেই তথায় পঁছছন সম্ভব। কিন্তু তথন সমুদ্রের এমনি গতিক যে, দেখিতে২ এক উত্তালতরঙ্গময় হড়কা সাভিশয় বেগে আসিয়া ভতাবৎ স্থান নিমগ্প করিয়া ফেলিল। ইতিপূৰ্বে জাহাজখানা কাতি হইয়া পড়িয়াছিল, প্রবল তরঙ্গের বেগে ভাহাও সোজা হইয়া দাঁড়াইল। আহা ! পালের এমনি ছুর্ভাগ্য! যে বর্জিনিয়াকে রক্ষা করা দূরে থাকুক, দেই ধমকে তাহাকে মৃতপ্রায় হইয়া কুলে নিকিপ্ত হইতে হইল ৷ ভূমির উপর দিয়া অধিয়া আসাতে তাহার সর্বাঙ্গ, বিশেষতঃ পা দুখানা এক-বাবে বজাবজি হইয়াছিল এবং বক্ষাস্থলেও বড আঘাত লাগিয়াছিল। আর তৎকালে তাহার জলে नाकानि চোবানির কথা বলা বাছলা। অনেককণ গর্যান্ত জালা যন্ত্রণাভোগের পর কিঞ্চিৎ শান্তি বোধ इहेटनहें तम श्रेनकांत्र तमहे खाहाटखत पिटक भगन করিতে চাহিল। তাহাতে আমরা তাহাকে সেবার যাইতে অনেক নিষেধ করিতে লাগিলাম, কিন্তু সে কিছুতেই কর্ণাত করিল না। তথন সমুদ্রে যে সকল মৌজা উঠিতেছিল তাহার কয়েকটার আঘাতে জাহা-জের কোন২ স্থান একেবারে ছফ কৈ হইয়া পড়িল।

ভাহাতে পোভারত সকলেই "মরিলাম রে। গেলাম রে"। বলিয়া অত্যন্ত চীৎকার করিতে লাগিল। নাবি-কেরা নিতান্ত নিরাশ হইয়া কেহ মাস্তল-দণ্ড, কেহ পাইলের দণ্ড, কেহ বা তক্তা, কেহ বা মেজখানা, কেহ বা পিঁপাটা লইয়া সমুদ্রে ঝাঁপ দিতে প্রস্তুত হইয়া রহিল। সেই সময়ে জাহাজের বারাগুায় দেখিতে পাইলাম তথায় বজিনিয়া দাঁডাইয়া বহিয়াছে এবং পালকে সাহসের সহিত আপনার নিকটে আসিতে দেখিয়। তাহারদিকে আপনার ছই বাহু প্রসারণ করিতেছে। সেই সুশীলা বালাকে তথন তাদুশ ঘোর বিপদসাগরে নিমগ্লা দেখিয়া আমাদের হৃদয়মধ্যে টনরাশ্য-তরকের সহিত শোকসাগর উদ্বেল হইতে লাগিল। সুধীরা ৰৰ্জিনিয়া জন্মের মত সকল বস্তুই ত্যাগ করিতে বসি-য়াছিল বলিয়া সে তথন এমনি ভাবে এক একবার আমা-দের দিকে হাত লাডিতে লাগিল যেন সে আমাদের নিকট হইতে ক্রমশোধ বিদায়ই প্রার্থনা করিতেছে। এইরপে জাহাজের চোট বড সকল কর্মচারিগণ একেং সমুদ্রে ঝাঁপ দিয়া পড়িতে লাগিল, কেবল এক জন নাবিক পড়িতে বিলম্ব করিতে লাগিল। আমর। দেখিতে পাইলাম সে তথ্ন গাত্ৰস্ত সকল খলিয়া ফেলিয়া উলঙ্গভাবেও বর্জিনিয়ার সম্মথে গিয়া ক্লতা-ঞ্জালপুটে কহিল "আমি আপনাকে তীরপ্রাপ্ত করিয়া রক্ষা করিতে পারি, কিন্তু সন্তরণ করিবার জন্য আপ-নাকেও বিৰস্ত্ৰা হইতে হয় "। বৰ্জিনিয়া লজ্জায় ভাহার क्षेत्र इहेटल यूथ फिदाहेश लहेटलन बार कहिटलन "তুমিই একাকী যাও আনি যাইৰ না"। সে সময়ে

ৃলে থাকিয়া যাহার৷২ দেখিতেছিল সকলেই একেবারে व्याकुल इरेश धी९कांत्र कतिया छिक्ति ''व्यार नाविक! উহাকে বক্ষা কর, উহাকে কদাচ ছাড়িয়া যাইও না" লোকেরা এই সকল কথা বলিতেছে এনন সময়ে দেখিতে২ আর এক জলের হড়কা সেই সুঁতির মধ্যে আসিয়া প্রবেশ করিল এবং ভয়ক্ষর গর্জন করত সেই জাহাজের দিকে ধারমান হইল। সেই উত্**ঙ্গতরঙ্গের** উপরিভাগ কেবল ধবল ফেনরাশিময় এবং আশ পাশ ঈষৎ ক্লফারণ। তাহা দেখিলে আর ভয় রাখিবার স্থান পাওয়া যায় না। যথন সেই মৌজাটা আসিয়া প্রবিষ্ট হইল, তথন সেই অবশিষ্ট নারিকও সেই ফেনিল তরক্ষের উপরি রাম্প প্রদান করিল। অগত্যা বর্জিনিয়া সেই করাল তরঙ্গগ্রাসে পতিত হওয়া বই আর কিছুমাত উপায় দেখিতে না পাইয়া, এক হাত পরিপেয় বসনাঞ্লে ও এক হাত আপুন বক্ষঃস্থলে রাথিয়া একান্ত নিরীহ-নয়নে উর্দ্ধটি হইয়া দণ্ডায়-মান রহিল। ভাহার তংকালীন সেই অপরূপ ভাব দেখিয়া বোধ হইল, যেন কোন দেবকনা। এই পৃথি-वीत लीला मञ्जूब कतिया ऋर्गताच्छा अञ्चान कतिवात নিমিত্তই প্রস্তুত হইয়া রহিয়াছেন।

উঃ ! সে দিন কি ভয়স্কর ! উঃ সে দিন কি শোক-क्त ! पिरिष्ट थाकिवादि मर्काम हरेश लिल। বৎস-পান্ত! কোভেব কথা কত বলিয়া জানাইব। (मरे मन्द्र (य नक्त लाक कृत्त माँ। ए। रेगाहिल, তাহাদের অনেকে সকরুণছাদয়ে বজিনিয়ার রক্ষার্থ তাহার নিকটে ঘাইতে উদাত হইল, কিন্তু তথন সেই

ভীষণাকার সমুদ্র মহাবল পরাক্রান্ত তরঙ্গ-বাছদ্বার। ভাহাদিগকে অনেকদ্বর পর্যান্ত অপসারিত করিয়া क्लिटि नाशिन। मर्स्नार्य (महे प्रान् नाविक अ कृत्न निकिश्च रहा। यथन मि ज्नान्भन करत ज्थन তাহার কিছুমাত্র চৈতন্য ছিল না। ক্ষণকালের পর চেতনা পাইয়া, ভূমিতে জারু পাতিয়া এই বলিয়া পর্মেশ্বরের নিকট কহিতে লাগিল "হে করণাময় জগদীশ ! তুমি এখন অপার অনুকম্পা প্রকাশ করিয়া आमात जीवन तका कतितन, किन्छ এই जीवन पिटन अ यि तम हे सूभीना महना नानाह की बन दका शास छाहा হইলে আমি ইচ্ছাপুকাক ইহার মমতা পরিত্যাগ করিতে প্রস্তুত আছি"। ওদিকে যাহা আশঙ্কা করি-তেছিলাম ঘটনাক্রমে তাহাই হইল। এদিকে আমরা পালকে লইয়া মহা সহ্কটেই পড়িলাম। একে তাহার মুখ ও কাণ দিয়া অনবন্ধত খোণিত-ধারা বহিয়া পড়ি-তেছিল, তাহাতে সে অচৈতন্য ও মৃতপ্রায় হইয়া ভূমিতে পতিত। ইহাতে দমিঙ্গ ও আমি হুজনে তাহাকে ভুলিয়া লইয়া সমুদ্রের তীর হইতে চলিয়া आहेलाम। प्रशाल अवर्गत पिनावर्षम् हे शाल क उपवन्त দেখিয়া ভাহার চিকিৎসার জন্য এক জন চিকিৎসককে নিযুক্ত করিয়া দিলেন। পালের চিকিৎস। হইতে লাগিল দেখিয়া আমরা ছুজন সেই অবকাশে সমুদ্রের ধারে২ বজ্জিনিয়ার শব অনেষিতে লাগিলাম। বাতা-সটা এতক্ষণ তীরাভিমূখে আসিতেচিল, কিন্তু ছর্ভাগ্য-ক্রমে তাহা তথন সহসা ফিরিয়া দাঁড়াইল। সুতরাং আমাদের সেই শবের অন্বেষণ করাও সকল হইল না।

অতাগিনীর শব লইয়া অস্তোফিক্রিয়া করিতে পারিলান না বলিয়া, তথন আমাদের মনে যে কি পর্যান্ত কোভ জামিল তাহা আর বলিয়া জানাইবার নহে। কি করি! অবশেষে নিরাশ হইয়া সেই স্থান ত্যাগ করিয়াই আসিতে হইল। আইলাম বটে, কিন্তু সেই হানিজনিত বিষাদের শেল আমাদের হৃদয়ে বিজ্ঞাহতে থাকিল। সেই উপদ্বে অনেকের প্রাণ বিনষ্ট ইয়াছিল বটে, কিন্তু বিজ্ঞানিয়ার তাদুশ তুর্ভাগ্য দর্শনে উপন্থিত কতিপয় দর্শক প্রমেশ্বরের উপরি বিস্তর আক্ষেপ ও নিন্দা করিতে লাগিল।

ওদিকে দিলাবর্দির ইর লোকেরা পালকে প্রতিবেশ-বাসী এক গৃহস্থের বাটীতে লইয়া গিয়া, যাবৎ সে চলিয়া আপন গুছে না যাইতে পারে ভাবৎ ভাহার শুশ্রাদি করিতে লাগিল। তখন আমরা ভাহার যাতনা কিঞ্ছিৎ উপশম হইতে দেখিয়া, মনে করিলাম আগে আমরা ছক্তনে ফিরিয়া কুটীরে যাই এবং যে সর্বনাশ হইয়। গেল তদ্বিয়ে বর্জিনিয়ার মাতা ও নার ত্রেটের মনে বুজাইয়া পড়াইয়া প্রবোধ দিবার চেটা দেখি। মনে২ এই স্থির করিয়া আমরা তথা হইতে আসিয়া তালনদীর ধার দিয়া গুহায় প্রবেশ করিতে যাইতেছি, এমত সময়ে কয়েক জন কাফি আসিয়া আমাদিগকে কহিল "মহাশয়! আপনারা কিরুন, আমরা দেখিয়া আইলাম স্থাতির ওপারে জাহাজ মারা পডিবার অনেকগুলা চিছু পতিত বহি-রাছে "। এই সংবাদ শুনিবামাত্র আমরা সভতে **সেই স্থানে গমন করিলাম এবং যাইবামাত সর্বাত্যে** 

দেখিতে পাইলাম বর্জিনিয়ার মৃতশরীরটি বাল্কায় আছের হইয়া পতিত বহিয়াছে। বাল্কা সকল অপ-সারিত করিয়া দেখিলাম সে মরণের অব্যবহিত পুর্বে যে ভাবে অবস্থিত ছিল, তথনপর্যান্তও তাহার কিছুমাত্র বৈলক্ষণা হয় নাই, ফলে তথ্নও ভাহার আকারাদি ষেমন তেমনিই ছিল। তাহার কুবলয-সদৃশ নয়ন-যুগল মুদিত হইয়া ছিল মাত্র, কিন্তু মুখমগুলে স্লিঞ্চা ও সুকুমারতার কিছুমাত্র ক্লাস হয় নাই। হঠাৎ দেখি-য়াই বোধ হইল যেন মর্ণ ও কৌনার এই উভয়ের অপ্রগল্ভ সলজ্জভাব মিলিত হইয়া ভাহার সুখ-মণ্ডলে বিরাজ করিতেছে। দেখিলাম ভাহার যে হল্প ৰক্ষঃস্থলে ছিল ভাহা দৃঢ়ভর মৃষ্টিবদ্ধ। এমন কি ! ভাহা হইতে একটা ছোট কোটা বাহির করিয়া লইতে আমার অতিশয় কঠিন বোধ হইল। কৌটা খলিয়া দেখিবামাত্র আমি সাতিশয় চমৎক্রত হইলাম। দেখি-লাম ভাহার ভিতরে পাল ভাহাকে যে ক্ষুদ্র ছবিথানি দিয়াছিল তাহাই সংরক্ষিত আছে। সে পালের নিকট, যতকাল বাঁচিয়া থাকিব ভাবৎ ইছা আপনার সঙ্গ ছাড়া করিব না বলিয়া, প্রতিজ্ঞা করিয়াছিল, এ কারণ তাহা মরণ কালেও ধরিয়া থাকিবার এত যতু। তাহার ততদূর পর্যান্ত অকপট প্রণয় ও সততার শেষ চিহ্ন সন্দৰ্শন করিয়া আমি এককালে উচ্চস্বরে রোদন করিতে লাগিলাম। দমিক্স শোকে বিহুবল হইয়া বক্ষঃস্থলে ও কপালে করাঘাত করিতে লাগিল। জ্বনত্তর আমরা ছজনে বর্জিনিয়ার সেই মৃত শঙীর লইয়া এক ধীবরের গৃহে উপস্থিত হইলাম, এবং তাহা খৌত করিয়া পরিস্কার করিবার ভার কয়েক জন ইতর জাতীয় স্ত্রীলোকের হস্তে সমর্পণ করিলান।

তখন তাহারা সেই ব্যাপার স্মাধা করিতে লাগিল; আমরা তথা হইতে অতি বিষয়মনে কুটীরের দিকে চলিয়া আসিতে লাগিলাম। আসিয়া দেখিলান বিবি দিলাতূর ও মার্ত্রেট জাহাজের সুসমাচার পাইবার প্রত্যাশায় প্রমেশ্বরের নিক্ট একাস্তমনে প্রার্থনা করিতেছেন। বিবি দিলাতুর দুর হইতে আমাকে সমাগত দেখিতে পাইবামাত্র অস্তেব্যস্তে অগ্রসর হইয়া আসিয়া ''মহাশয়াু কৈ আমার মেয়ে কৈ, কতদুরে আসিতেছে? বলিয়া বার ২ জিজাসিতে লাগিলেন। আমি সে কথায় কোন উত্তর না দিয়া নিস্তর থাকিলাম। তাহাতে আদৌ তাহার মনে বর্জিনিয়ার আগননের সংবাদ অযথার্থ বলিয়া আশস্কা হুইল। পরে আমাকে অশ্রুপাত করিতে দেখিয়া খন২ নিশ্বাস ফেলিতে এবং গোস্গাইতে লাগিলেন। তখন আর ভাহার মুখদিয়া একটি কথাও নির্গত हरेल ना।

মার্থেটও অমনি তৎক্ষণাৎ দৌড়িয়া আসিয়া "কই আমার ছেলে কল? আমার ছেলে কোথায় গেল? আমার ছেলে কোথায় গেল? আমার ছেলেকে যে দেখিতে পাইতেছি না, কারণ কি?" বলিয়া জিল্লাসিতে২ মূচ্ছাগত হইয়া ভূমিতে পড়িলেন। আমি অমনি সম্বর হইয়া ভাহাকে হৈস্তে পরিয়া ভূলিলাম, এবং ক্ষণণাল বিলয়ে ভ্রনি দূর হইলে পর ভাহাকে কহিলাম "তেমার ভাবনা নাই, জোমার পাল বাঁচিয়া আছে, এখান্যান স্বর্থের

নিকট তাহাকে রাখিয়া আসিতেছি'। এই কথা শুনিয়াতিনি কিঞ্চিৎ প্রকৃতিস্থ ইইলেন এবং কাঁদিতেই বিবি দিলাতুরের শুশ্রেষায় তৎপর ইইলেন। বিবি দিলাতুর অনেকক্ষণপর্যান্ত মূর্চ্চিত ও পতিত রহিলেন। সমস্তরাত্রি তাহার যে প্রকার যাতনা হইতে লাগিল তাহা বর্ণনাছারা ব্যক্ত করা ভার। মাভার চিন্তা কিপর্যান্ত বলবতী ভাহা আমার তথন বিলক্ষণ সপ্রন্মাণ ইইল। যাবং তিনি মূর্চ্চিতা হিলেন তাবং একই বার চৈতন্য ইইলেই অমনি প্রমেশ্বরের দিকে উদ্ধিপাত করিতে লাগিলেন। মার গ্রেট ও আমি তাহার হাত ধরিয়া বার্ষার সম্পেহ বচনে ডাকিতে লাগিলাম, কিন্তু তাহাতে কোন ফলই দর্শিল না। ফলে তথন যেপ্রকার গোক্সাইতেছিলেন, তাহাতে ভাহার কিছু শুনিবার অথবা শুনিয়া উত্তর দিবার সম্ভাবনা ছিল না।

রজনী প্রভাত হইলে গ্রণরের লোকেরা পালকে পালকীতে করিয়া ঘরে লইয়া আইল। তথন তাহার চেতনা হইয়াছিল বটে, কিন্তু কথা কহিবার শক্তি ছিল না। তাহার সঙ্গে মার্থেট ও বিবি দিলাভূরের সাক্ষাৎ হইবামাত যে অদুত ব্যাপার ঘটনা হইল তাহা আমাদের আশার অতিরিক্ত ফল। এতক্ষণ আমরা বিবি দিলাভূরের মূর্ছাভঙ্গবিষ্যে শুশ্রাদি ঘারা কোন উপকার করিতে পারিতেছিলান না, কিন্তু পালের আসাতে সেই শ্রম সার্থক বোধ হইল। এতক্ষণ পর্যান্ত সেই শ্রম সার্থক বোধ হইল। এতক্ষণ পর্যান্ত সেই ছুই স্থীতে অতলম্পর্ণ শোক-সাগরে নিম্ম ছিলেন, পালের আগ্রননে তথন তাহা-

দের সেই শোকের শান্তি ও তজ্জনিত তাহাদের মুখ-মগুলে সান্ত্রার চিহুও দৃষ্টিগোচর হইতে লাগিল। ভাহারা উভয়েই পালের উপস্থিতি-মাত্র অতিমাত্র সত্র হইয়া ভাহার নিকটে ধাবমান হইলেন এবং নিজহ বাছদ্বয়ে তাহার গ্রীবা আলিজন করিয়া ক্ষণ-কাল নিস্তরভাবে দণ্ডায়মান রহিলেন। এতক্ষণ শোকাবেগে নেত্রহুতৈ বাষ্পবারি বাহির হুইতে পারিতেছিল না, পালের মুখ দেখিয়া ভাষা অনর্গল প্রবাহিত হইয়া তাহাদের বক্ষঃস্থল প্লাবিত করিতে লাগিল। সঙ্কে২ পালেরও বক্ষঃস্থল নয়ন্জলে ভাগিতে লাগিল।

গবর্ণর দিলাবর্দ্দর ই গোপনে আমাকে বলিয়া পাঠা-ইলেন ''বর্জিনিয়ার মৃতশ্রীর নগর মধ্যে আনান গিয়াছে, একণে আমার মানস এই যে ইহা এথান হইতে গিরিজায় লইয়া গিয়া সমাহিত করা যায়।" আনি সেই সমাচার প্রাপ্ত হইবামাত্র তথনি লুইস্-বন্দরে গমন কবিলাম এবং দেখিলাম যে সমাধিকার্য্য সমাধা করিবার জন্য নানাস্থান হইতে লোক সমূহ আসিয়া একত হইয়াছে। তৎকালীন আমার বোগ<sup>\*</sup> হইল, যেন এই সমুদয় উপদীপ ভূষণ-বিহীন হইয়া এককালে প্রীভ্রম্ভ হইয়া গিয়াছে। অনস্তর বন্দরের নিকটে গিয়া দেখিলাম জাহাজের নিশান সকল উলা-পিত হইয়াছে; এবং তথা হুইতে থাকিয়া২ অনবরত কামানের শক্ত হটতেছে \*। ক্ষণকাল বিলয়েই সমা-

<sup>•</sup> জাহাজে মৃত হইলে তাহার সমাধি উপলক্ষে নাবিকেঁরী এইরূপ তোপপ্রনি করিয়া থাকে I

ধিষাতা হইতে লাগিল। সর্বাত্যে এক দল সৈন্য অগ্র-সর হইয়া চলিতে এবং তাহাদের সঙ্গে২ শোক-বাদ্য বাজিতে লাগিল। পূর্বেষ যে সকল সেনা রণস্থলে শত শত ব'র সাহস পূর্বক স্বচক্ষে লোকের প্রাণনাশ হইতে দেখিয়াছিল, সে সময়ে ভাহাদেরও মুখাকার দেখিয়া তাহাদের আন্তরিক শোকের অনুভব হইতে কিছুমাত ক্রটি হইল না। এদিকে বাহক লোকেরা বর্জিনিয়ার মৃত দেহ পুষ্পমালায় মুশোভিত করিয়া প্রস্তুত করি-য়াছে। তাহার উপরি একথানা চন্দ্রাতপ উত্থাপিত হইয়াছে। ঐ চন্দ্রভেপ যে চারি দণ্ডে বদ্ধ ছিল, তাহার প্রত্যেক দণ্ড চুই চুই জন স্ত্রীলোকের হস্তে অবলম্বিত। উহাদের সকলেই শ্বেতবস্ত্রপরিধানা এবং তাবতই এই উপদীপত্ত অতি ভদ্রলোকের স্ত্রী ও কন্যা। শ্ববাহি দলের পশ্চাৎ কতকগুলি কুমার ও কুমারীদিগের দল শ্রেণীবদ্ধ হইয়া দ গুয়িমান হইয়াছে, এবং তাহারা পায়ক ও গায়িকাদিলের মত সম্প্দায়-वक्त इहेश भर्मामञ्जीक नकन शान कति एक । ए९-পশ্চাৎ স্বয়ৎ গ্রহণর ও তৎসহবর্তী প্রধানহ নগর্নিবা-ঁসিগণ, পুরোহিত প্রভৃতি সনাপি সনাধানের ঘাতীরা শ্বাকুগননে প্রস্তুত হইয়া অব্সিত আছেন। এই-রূপে সকল বিষয় প্রস্তুত হইলে পর গ্রণর শবপ্রস্থা-পনের ও শবারুগমনের অরুমতি করিলেন। নিয়া নিতান্ত পর্মিষ্ঠা ছিলেন, এ কারণ তাহার অস্ত্যে-ঊিকিয়া বিশেষ সমারোহ পুরঃসর নির্বাহ হয়, ইহা গুরুর্ণরের একান্ত ইচ্ছা। কিন্তু তাহা নির্বিল্পে সমাধা হইবার বিষয় কি?। বজিনিয়ার চিরান্দের আস্পদ

ভাহাদের দৃষ্টিপথে পতিত হইবামাত্র সকলকেই মহা-মোহে জড়ীভূত হইতে হইল। তথন কোপায় বা সেই বালক বালিকাগণের গান, কোথায় বুছিল বা সেই টসন্যদলের ব্যবস্থান ; সকলেই এমনি নিস্তন্ধ হইল যে তৎকালে কেবল দীর্ঘনিশ্বাস ও ফঁপিয়া২ ক্রন্দন করা বই আর কিছুই কর্ণগোচর হইল না। সেই সময়ে **এই উপদ্বীপের নানাস্থান হইতে দল২ কুমারী**গণ আসিয়া বার্জনিয়াকে পুণাবতী বোধে আপন্থ রুমান ও মালা দিয়া ভাঁহার শ্বাধান স্পর্ণ করিতে লাগিল। বিবাহিতা নারীরা প্রনেশবের নিকট এই বলিয়া প্রার্থনা করিতে লাগিল, যে ''হে জগদীশ্বর। আফা-দিগকে রূপ। করিয়া বর্জিনিয়ার মত এক একটি কনা দিও"। এইরূপে প্রণয়-প্রিয়েরা বর্জিনিয়া সদৃশ অকণট প্রণারি পাইবার জনা, ও যাহারা দীনহীন বাক্তি ভাহারা ভদ্রপ বন্ধুলাভের হেতু, এবং যাহারা দাস-ভাবাপন্ন ভাহারা ভদ্রপ স্বামিনী পাইবার নিমিত্তও বাতা হইয়া প্রার্থনা করিতে লাগিল।

বর্জ্জিনিয়ার শব সমাধিস্থলে উপনীত হইলে পর,
মাদাগস্কর ও মোজায়িয়া দ্বীপের কা ফুজাতীয় পুকধেরা নানাপ্রকার ফলপূর্ণ পাত্র আনিয়া দেই শবের
চতুর্দ্দিকে সাজাইয়া এবং তাহাদের দেলীয় প্রথানুসারে
চতুর্দ্দিক্স রক্ষে বিবিধ জাতীয় ফল মূল বস্ত্রাভবণ
প্রভৃতির রচনা সকল ঝুলাইয়া রাখিতে লাগিল।
মালাবার দ্বীপবাসীরা স্বদেশের আচারানুসারে পক্ষিপূর্ণ এক২ পিঞ্জর আনিয়া তাহাদিগকে শবের নিকটে
মোচন করিতে লাগিল। এইরপে সকল জাতিরাই

সেই সাধুশীলা বালার অস্ত্যেন্টিক্রিয়া সমাধানে তাদুশ প্রেম ও মোহ প্রকাশ করিয়াছিল। ভাগ্যক্রমে সেই পুণ্যবভীর সমাধির চঙুর্দিকে সর্ব্বজাতীয় স্ত্রীপুরুষ একত্রে দপ্তনয়মান হইয়া সেই অস্ত্যেন্টিক্রিয়া সাধনে যত্ন করিতে লাগিল।

সমাধি দিবার জন্য যথন খাত খনন করা হয়, তৎকালে কতিপয় দীন ছংখিনী বালিকা বিজ্ঞানিয়ার অভাবে আপনাদিগকে একেবারে জন্মের মত হতাশা বোধ করিয়া সেই গর্ভের ভিতর ঝাঁপিয়া পড়িতে উদ্যত হইয়াছিল; কিন্তু তাহাদিগকে রক্ষকের। নিবারণ করিল। তাহারা তখন মনে২ বিবেচনা করিল, যে বিজ্ঞানিয়া আমাদের ছংখে ছংখ বোধ করিতেন প্রমেশ্বর তাঁহাকে লইলেন, অতএব আমাদের এখন বাঁচিয়া থাকায় ফল কি? উহার সঙ্গেসক্ষেই যদি ম্বিতে পারি তাহা হইলেও আমাদের পক্ষে ভাল হয়।

নিয়মিত উপাসনার পর গিরিজা হইতে আসিবার সময়ে যে বাঁশতলায় বজ্জিনিয়া মায়েরদের সঙ্গে উপ-বেশন করিত সেই স্থানেই তাহার সমাধি হইল।

অস্তোষ্টি ক্রিয়ার পর প্রত্যাগমনের সময় গবর্ণর কেবল জনকতক লোক সমভিব্যাহারে বিবি দিলাতু-রের গৃহে উপস্থিত হট্যা যথোচিত সাস্ত্যনাপূর্ব্বক ভাহার নির্দ্য পিসীর উপর অনেক দোষ দিতে লাগি-লেন। পরে পালকে সাস্ত্যনা করিবার জ্ঞন্য একবার ভাহার নিক্টও গমন করিলেন, এবং কহিলেন ''শুন প্রিয়ত্ম পাল! ভোমার ও ভোমার পরিবারবর্গের কিনে সুথ সমৃদ্ধি হয় ইহা আমার নিতান্ত বাসনা। আমার মনের ভাব অন্যে কি জানিবে, অপ্তর্যামী পরমেশ্বরই সমস্ত জানিতেছেন। একণে এক পরামর্শ বলি শুন, ভূমি একবার ফালেস যাত্রা কর, তথায় আমি ভোমাকে সৈন্যদলে নিযুক্ত করিব। ভোমার অনুপ-স্থিতি কালে আমি স্বয়ং ভোমার মাতাদিগকে ভঙ্গা-বধান করিব, তিষিধয়ে ভূমি উদ্বিগ্ন হইও না<sup>24</sup>। এই কথা বলিয়া তিনি তথন স্বহস্তে পালের হস্ত ধারণ করিলেন, কিন্তু সে তথন এমনি শোকাকুল, যে ভাঁহার কথায় কোন উত্তর দিতে পারিল না; বরং ভাঁহার দিক্ হইতে আপনার মুখ ফিরাইয়া লইল।

আমি তথন আহার নিজা বজিত হইয়া কেবল সেই শোকসাগরমগ্ন সুক্তবর্গকে সাস্ত্রনা করত দিবা-নিশি কাটাইতে লাগিলাম। আপনার যেমন ক্ষমতা তেমনিই তাহাদিগের প্রতি সাহায্য করিতে ক্রটি করিতাম না; সপ্তাহের পর পালের আপাততঃ কিঞ্চিৎ চলচ্ছক্তি হইল, তৎপশ্চাৎ প্রতিদিন কিঞ্চিৎ সামর্থ্য ব্লন্ধিও হইতে লাগিল, কিন্তু শোকবুদ্ধির পক্ষেও তদনু-রূপ ব্লৱ হইতে ব্যাঘাত হইল না। চতুর্দিক্স্ বিষ-য়ের প্রতি পালের কিছুমাত্র অনুধাবনই হইত না। চাহিয়া থাকিত তথাপি দেখিতে পাইত না। ডাকিলে কিয়া কিছু জিজ্ঞাসিলে উত্তর পাইবার বিষয় ছিল না। ভৎকালে বিবি দিলাতুর মরণাপন হইয়াছিলেন, ভথাপি পালকে সর্ধদা বলিতেন "বাছা পাল তোমাকে দেখিলে আমার মনে হয়, যেন আমি বর্জি-নিয়াকেও তোমার সঙ্গে২ দেখিতেছি"।। এইরূপে বর্জিনিয়ার নাম কর্ণকুহরে প্রবিষ্ট হইবাদাত পাল

এককালে ধরহ করিয়া কাঁপিতে থাকিত এবং তখনি ভাহার নিকট হইতে প্রস্থান করিত। ভাহার মাতঃ তাহাকে বর্জিনিয়ার মার কাছে থাকিতে এত বুঝা-ইতেন, কিন্তু দে কিছুতেই তাহা শুনিত না। ঐ সময়ে যখন তখন সে একাকী উদ্যানের ইতন্ততঃ ভ্রমণ করিতে২ বর্জিনিয়া নামক নারিকেল গাছেব তলে উপবেশন করিত, এবং পর্মতের উপবিভাগ হইতে যে নিঝর পড়িতেছে ভাহাতেই এক দুয়ে নিরীক্ষণ করিয়া থাকিত। গবর্ণর দিলাবর্দনমূই পাল ও তন্মাতা এবং বিবি দিলাভূরকে মুস্থ রাখিবার জন্য এক জন চিকিৎসককে নিযুক্ত করিয়া ছিলেন। তিনি এক দিবস আমাকে বলিলেন ''মহাশয়। ইঁহারা যথন যাহ। করিতে চাহিবেন তথন তাহা বারণ ন। করিয়। তাহা করিতে দেওয়াই উচিত, ই হাদিগকে প্রকৃতিস্থ করিবার কেবল এইমাত্র এক প্রধান উপায় দেখিতে পাইতেছি। এই উপায়েই তাহাদের মনঃ যে ছুঃখে অভিভূত হইয়াছে, তাহা তাহার৷ অনায়াসেই জয় করিতে সমর্থ হইবেক।"

" এই সকল কথা শুনিয়া আমিও তাঁহার মতে মত দিলাম। অনস্তর পাল, একটু সামর্থা বোপ হইলে একদা গৃহত্যাগ করিয়া বাহিরে গমন করিল, তথন আমিও তাহার পশ্চাৎ২ চলিলাম এবং আমার আজ্ঞানুসারে দমিস্ত খাদ্যদ্ব্যাদি লইয়া আমাদের সঙ্গী হইল। এদিকে পাল ক্রমে২ পর্বত হইতে নীতে নামিয়া কিঞ্ছিং সাম্থা বোধ হওয়াতে বাতাবিক্রের পথ ধরিয়া বাইতে লাগিল, এবং সেই গিরিক

জার সমিহিত বাঁশতলায় উপস্থিত হইল। পরে যেখানে মূতন মাটির রাশি ও ইতস্ততঃ মৃত্তিকা ছড়ান দেখিতে পাইল, সেখানেই ধাবমান হইয়া গমন করিল। তথায় উপস্থিতিমাত্রেই ভূমিতে **জারু** পাতিয়া উদ্ধানুটে নির্তিশয় ব্যগ্রতা পূর্বক অনেক কণ পর্যাস্ত প্রার্থনা করিতে লাগিল। তাহার তাদু**শ** রীতিমত প্রনেশবের ভজনা দেখিয়া বোধ করিলাম বে এ এখন প্রকৃতিস্থ হইয়াছে। ইহাতে আমি ও দ্মিজ উভয়েই ভাহার সঙ্গে সঙ্গেই ভজনা করিতে আরম্ভ করিলাম। আমাদিগকে দেখিবামাত্র সে অসমি তথা হইতে গমন করিল, এবং কোন কথা জিজ্ঞাসাবাদ না করিয়া, সমুদ্রের উত্তর পার দিয়া যে পথ গিয়াছে, সেই পথ্দিয়া চলিতে লাগিল। এ বাঁশতলয়ে বজিনিয়া সমাহিত হইয়াছে, এ কথা পাল জানিতে পারে নাই বোধ করিয়া, যাইবার সময়ে আমি ত'হাকে জিজ্ঞাসিলাম "তুমি এসানে ভজনা कतित्व (कन"? এই कथा शुनिया 'रंग উভর করিব ''ভজনা করিব নাকেন ! আমি ও বর্জিনিয়া প্রায় সর্বাই একতে এই স্থানে উপস্থিত হইতাম"।

এই কথা বলিয়া পাল অনেক দূব পর্যান্ত বনাভিমুখে চলিয়া গেল। তখন সূর্য্য অস্ত হইতেছেন, দিজা-ওলও ক্রমেহ ত্মমাজ্ন হইতে লাগিল। ইহা দেখিয়া আমরা অতান্ত ভারনায় অভিভৃত হইলাম। অবশেষে অনেক কৌশলে পালকে কিঞিৎ আহার করাইয়া, আমরা সকলে এক গাছ তলায় ঘাসের উপরি শয়ন করিয়া নিশা যাপন করিলাম। পর দিন প্রাতে

অনুভব করিলাম আজি হয়ত পাল আপনিই ঘরে কিরিয়া যাইবে, কিন্তু তাহা নিতান্ত বিফল হইল। সে সেদিন প্রাতঃকাল হইবামাত্র সেই বনমণ্যে প্রবিষ্ট হইয়া পুর্বাপেকায় দ্বিগুণ আগ্রহের সহিত পুনর্বার উত্তরাভিমুখে চলিতে লাগিল। তাহাতে আমি তাহাকে কিরাইতে চেষ্টা করিলাম, কিন্তু সে ভাহা শুনিল না। অবশেষে যখন চিক মধ্যাত্র সময় তথন আমরা পুনর্কার সেই স্বর্ণবেণুতে গিয়া উপস্থিত হইলাম। সেখানে পঁছচিবামাত পাল অতিমাত আগ্রহ প্রকাশ পূর্ব্বক সেন্টজিরান যেখানে মারা পডিয়াছিল সেই দিকেই অগ্রসর হইতে লাগিল। পরে অম্বর্দ্ধীপ ও তৎসমিহিত স্থির স্থাতিটি নিরীক্ষণ করিয়া সে উচ্চঃস্বরে ডাকিতে লাগিল '' ও বর্জিনিয়ে। বর্জিনিয়ে। আঃ! আমার প্রিয়তমা বর্জিনিয়া কোধায় হারাইয়া গেল "! এইরূপ চীৎকার করিয়াই দে তৎ-ক্ষণাৎ অজ্ঞান হইয়া ভমিতলে পতিত হইল। আমরা তাহাকে সেখান হইতে ধরাধরি করিয়া বনমধ্যে লইয়া আইলাম, এবং অনেক কটে শুশ্রেষা দ্বারা ভাহার চৈতন্য সম্পাদন করিলাম। সে সচেতন হইবামাত্র পুনর্বার সমুদ্রতীরে যাইবার উপক্রম করিল, কিন্তু আমরা ভাহাকে কহিলাম 'বাপু। আর কেন আমাদিগকে শোকানলে দগ্ধ কর, কান্ত হও"! এই कथा खनिया तम अनामित्क हिनया शिन । এই क्रि সপ্তাহ পর্যান্ত, যে ২ স্থানে সেই বালসহচ্নীর সহিত ম্ব্রুমণ করিত, সেই২ স্থান অতি সতর্কতাপুর্বক অস্বেষণ করিতে লাগিল। ইতিপুর্বেসে ক্রমককে স্বীয় দাসীর

প্রতি মার্জনা করাইবার জন্য বর্জিনিয়ার সঙ্গে যে২ পথ দিয়া গিয়াছিল, এখন সেই সকল পথ অবলোকন প্ৰৰ্মক বিশেষ ২ চিছে চিছিত করিতে লাগিল। বৰ্জি-নিয়া পথভাৱিতে নিভাৱ কাম হইয়া তিশিৱা পর্ম-তীয় নদীর কলে বসিয়া বিশ্রাম করিয়াছিল; সেখা-নকার এক গাছতলে বসিয়া বর্জিনিয়া যে সকী ফল ও ফলের গাছ রোপণ করিয়াছিল ভতাবৎ দর্শন श्रुवंक भाग मत्नर कतिल এইर স্থানে वर्জिनिया शान করিত ও আমি ভাহার সঙ্গে খেলা করিভাম। এই मकल इ आभारमत विरनाम सान।

এইরূপে কিপ্তের ন্যায় বনে২ ভ্রমণ কর্ত ক্রমে২ পালের চক্ষ: ছুটি বসিয়া কোটর-প্রবিষ্ট হইল, এবং সর্বাঙ্গ হরিদ্রাবর্ণ হইয়া উঠিল। আমি তথন ভাবিয়া দেখিলাম যে পূর্বতন সুখসচ্ছন্দের বিষয় সমর্ণ হও-যাতেই কেবল আমাদের যাতনা সকল বুদ্ধি পাই-তেছে, এবং নিরালয় স্থান অবলয়ন করাতেই শোক সম্ভাপ প্রভৃতি মনের নিরুষ্ট বুতি সকল ক্রমশঃ সবল হইয়া উঠিতেছে। অতএব এসময়ে এসকল স্থান **प्रिक्त करन आभात अयुथी मुक्तापत अयुथ द्राह्म** করা হটবেক। অতএব একণে ইহাকে এম্বান হইতে লইয়া স্থানাম্ভরে যাওয়া কর্ত্ব্য। মনে২ এই বিবেচনা স্থির করিয়া আমি তাহাকে বহুজনবাসস্থান উইলিয়ম নামক পর্বভালির নিকটে লইয়া চলিলাম। পাল জন্মাবিছিলে সেস্থান কথন নয়নগোচর করে নাই। <u>শেখানে চাসবাস ও বাণিজ্ঞা-ব্যাপারের ধুমধামের</u> শীমাপরিশেষ ছিল না। কোথাও কামার মিস্ত্রীরা

বন্মধ্যে প্রবেশ করিয়া বড়্হ গাছ কাটিয়া ফেলিভেছে।
কতক লোক সেই সকল গাছ করাত করিয়া তজা
প্রস্তুত করিতেছে। শক্ট সকল এদিকে ওদিকে অনবর্ত যাতায়াত করিতেছে। নিকটবর্তী বিস্তারিত
প্রাপ্তর মধ্যে গরু, বাছুর, ছাগ, মেষ, মহিষ প্রভৃতি
পশু সকল চরিয়া বেড়াইতেছে। ইতস্ততঃ অসম্বা
প্রজাবর্গ বাস করিয়া রহিয়াছে। তথাকার কোনহ
স্থানের ফল-জননী শক্তি এত অধিক যে, ইউরোপীয়
নানাপ্রকার কলের গাছ তথায় রোপণ করিয়া অক্রেশেই ফলকর করিয়া তুলিয়াছে। তথাকার সশাক্লেত্রেই বা কত শোতা! গন্ধবহের মন্দ ২ সঞ্চারে
ক্লেত্রেৎপন্ন বিবিধপ্রকার সশা সকল আন্দোলিত
হইয়া দশকের মনে যৎপরোনান্তি আনন্দ উৎপাদন
করিত।

আমি ঐ সকল স্থানে পালকে লইযা গেলাম, এবং সর্মদা ভাষাকে নানা কর্মে ব্যাপৃত রাখিতে লাগিলাম। কি ব্লফি, কি রৌজ, কি দিদা, কি রাজি কিছুতেই ক্ষান্ত না হইয়া, ক্রমাণতই ভাষার সঙ্গে২ ফিরিভে লাগিলাম। তথন মনে২ ভাবিয়া ছিলাম বটে যে, শারীরিক পরিশ্রম ও সূত্রম২ পথ নশন করিলে, এবং মধ্যেহ কোন পথ হারাইয়া ভাষাব অল্বেষণ করিতে প্রবৃত্ত ইলৈ, পালের মন অন্য বিষয়ে বিক্ষিপ্ত হইবেক, এবং ভাষাতে ভাষার মন হইতে ভাতৃশ শোকাবেণ দুরীভূত হইতে পারিবেক; কিন্তু সে সকলি বিফল হুইল। কারণ, যাহারা অকপট প্রণয়ী হইয়া ভংকুথে বঞ্চিত হয় ভাষাদের মনে প্রণয়ের প্রসঙ্গ উথিত হই-

লেই ছুর্নিবার্য্য শোক উপলিয়া উঠে। উইলিয়মের প্রান্তরে ভ্রমণ করিবার সময়ে আমি মধ্যে২ পালকে. এখন আমাদের কোন স্থানে যাওয়া ভাল, বল দেখি, বলিয়া জিজ্ঞাসা করিলে, সে তৎক্ষণাৎ উক্তর্নিকে মুখ किताहेश कहिन " हल ना, खे य आभारमत श्रवंड मकल (मथा याहेटलड़, आमता (मथात्महे फित्रिया যাই"। এইরূপে আমি যত ২ কৌশল করিতে পাকি-লাম, ততই নিক্ষল হইতে লাগিল। কিছুতে আর कि छूरे रहेल ना। हेरा पिथश आभि मटनर विव्वहना করিলাম, যে কোনরূপে ইহার মন হইতে বিরহজনিত মোহ অপসারিত করিতে চেটা করা যাউক। মনে২ এই প্রকার সঙ্কাপ করিয়া আমি উত্তর করিলাম যে, তথায় ফিরিয়া গেলে কোন হানি নাই বটে, যাইতে চাও চল, কিন্তু একটা কথা আছে শুন। তুমি যে ঐ সকল পর্বতে যাইতে চাহিতেছ উহাতে কেবল বজি-নিয়াই বাস করিত, তথায় গেলে তোমার মনে কতই শান্তি হইবে? তদপেক্ষা অধিক শান্তিকর পদার্থ এখানে বর্ত্তমান রহিয়াছে। তুমি স্বহস্তে বর্জিনিয়ার হস্তেতে যে আপনার ক্রু ছবিখানি দিয়াছিলে, এবং \* দে যথন মরিতে যায় তথন পর্যান্তও যাহা দুচতর যত্নে আপন হৃদয়ে ধারণপূর্বক চাপিয়া রাথিয়াছিল, তাহা আমার নিকটেই রহিয়াছে। তাহা দেখিলেই ভুগি জানিতে পারিবে যে, বৃজিনিয়া মরিবার সময়েও ভোনার প্রতি কত দূর পর্যান্ত প্রীতি প্রকাশ করিয়া ফলে এখানে তোমার মনে প্রবোধ দিবার বিলক্ষণ উপায় রহিয়াছে। ইছা বলিয়া আমি

সেই ছবিথানি তাহার হস্তে প্রদান করিলান। পুর্বেধ পাল পর্বতের নীচে নারিকেল গাছ তলায় ঐ ছবিখানিই বজিনিয়াকে দিয়াছিল। ছবিখানির প্রতি দৃষ্টি-পাত করিবামাত্র পালের মুখখানি এককালে মহানন্দে বিক্সিত হইয়া উঠিল। ইহাতে সে প্রথমতঃ অতি-শ্য় যত্নপূর্বক তাহা ধারণ করিয়া বারম্বার চুম্বন করিতে লাগিল। ঐ সময়ে বিলক্ষণ অনুভব করিয়া দেখিলাম যে তাহার হুৎকম্প উপস্থিত, এবং নয়নদ্বয় অঞ্জলে পরিপূর্ণ হইয়াছে, কিন্তু এক বিন্তুও পতিত হইতেছে না। ইহাতে আমি তাহাকে এই বলিয়া বুঝাইতে লাগিলাম 'ভাল, প্রিয়বৎস! একটা কথা বলি প্রবণ করে।

পূর্ব্বে আমি ভোমার যে প্রকার অকপট বন্ধু ছিলাম এখনও তদ্রপ আছি। নহিলে ভোমাকে এত আগ্রহ-পূর্ব্বক শোক দ্বার। শরীর ক্ষয় করিতে নিষেধ করি-ভাম না।

"তুনি অতি গুর্জাগাবান্ এই জন্য এত শোক হইযাছে। গুর্জাগা না হইলে তুমি তাদৃশ সাধুশীলা
বালাকে একেবারে হারাইতে না। আহা! বর্জিনিয়া
ত সামান্য মেয়ে ছিল না, বাঁচিয়া থাকিলে সে
এক অসামান্য ওণবতী হইয়া উঠিত সন্দেহ নাই।
বলিতে গেলে ভোমার জনাই ভাহার আপন মুখে
জলাঞ্জলি দেওয়া হইয়াছে। কারণ, ধনবান্কে পতিত্থে
বরণ করিলে ভাহার মুখের ইয়তা থাকিত না; কিল্
গু কিভুতেও রত না হইয়া কেবল ভোমার ধ্যানেতেই কাল্যাপন করিয়া গিয়াছে। এই সকল ভাহার

প্রধান গুণ বটে, কিন্তু সে বাঁচিয়া থাকিলে যে ভোমা-কে সুখী করিতে পারিত তাহা নিশ্চয় বলিতে পারা যায় না, বরং ভাহাদারা ভোমাকে ছঃথভাগীই হইতে তইত। কারণ সে ধনাধিকারিণী হয় নাঁই, এবং নিজেও ধনবতী ছিল না; সুতরাৎ তাহার যত মুগভোগ সকলই তোমার প্রমসাধ্য হইয়া উচিত। অপর সে ক্রেস প্রধানা বলিয়া গণ্য হইতে পারে নাই বলিয়া নিরুৎসাহিনী হইয়াছিল, ভাহাতে আবার ভোমাকেও সাহায় করিতে হইলে ভাহার নুর্মলতার আর পরিশেষ থাকিত না। তখন কি ভুনি ভাহার সে সকল ক্লেশ স্বচক্ষে দেখিতে পারিতে ? ইহার উপরি যদি তাহার সম্ভান হইত, তাহা বিবে-চনা করিয়া দেখ। হয় ত ব্লদ্ধ নাতা ও বর্দ্ধিণ্ড পরি-বারবর্গের আসাচ্ছাদন জন্য তোমাকে দিবারাত্র কায়ক্রেশ করিয়া কাল্যাপন করিতে হইত। এ বিষয়ে ভুমি এক কথা কহিতে পার যে এখানকার গবর্ণর অতি সজ্জন ও দয়াবান্, তিনিই তথন তোমাদের সাহায্য করিতেন। ইহাতে আমার উত্তর এই যে, তিনিই যে তোমাদের ক্রমাগত উপকার করিতেন, তাহাই বা ভূমি কিরুপে নিশ্চিত জানিলে?। এতা-দৃশ নববাসিত প্রদেশের কর্তৃত্ব কিছু ক্রমাগত এক জনের হস্তে থাকে না, মধ্যে২ তাঁহারা এক স্থান হইতে স্থানান্তরে পরিবর্ত্তি হইয়া থাকেন।

ভাবে বুঝিতে পারিতেছি তুমি এ কথায় এই উত্তর করিবে, যে যথার্থ সুখের নিমিত্ত ত ধনের প্রয়োজন হয় না। অতএব যাহাকে প্রাণের সহিত ভাল বাসা

याय, ভारात माराया कतिवात ममत्य (य मकल कछे সহ্য করিতে হয়, তাহাতে কেবল পরস্পরের প্রেমই সমুন্নতি প্রাপ্ত হইতে পারে। প্রাচীনেরা কচেন, ছুই জনে একসঙ্গে ক্লেশ ভোগ করিলে পরস্পরের मशा धर्मारे द्रष्टि रया। **अगर कथा म**ङा राहे, किन्द এখন আর সে ভাবনায় ফল নাই। কারণ বজ্জিনিয়া বাঁচিয়া নাই এবং সে আর কিছুতেও ফিরিয়া আসিবে সম্পৃতি তোমার স্মরণ করা উচিত যে, বর্জি-নিয়া যাহাদিগকে নিভাস্ত ভাল বাসিত ভাঁহার৷ বর্তুমান, অর্থাৎ ভোমার ও ভাহার মাতা অদ্যাপি বাঁচিয়া আছেন। এখন ভোমাকে এরূপ শোক্বিহুল দেখিলে তাহাদের প্রাণ বাঁচান ভার হইবেক। অত-এব সম্পৃতি এক পরামর্শ বলি শুন, বর্জিনিয়া সর্বাদা ষাহাদের সেবা শুশ্রুষায় তৎপর থাকিয়া পরিতোষ প্রাপ্ত হইত, তুমিও এখন সেই কর্মেই আলুমুখ সাধন করিতে যতুবান্হও। ধার্মিকেরা সভত পরো-প্রকার করত প্রম সুথে কাল যাপন করেন। বিষয়-सूर्थानिनाय, आत्माम, आत्माम, भन, जन अञ्चि, भनुषाटक (कवन मर्भर-विश्रूथ कविशा (कटन, इंड) ভোমার অবিদিত নাই। দেখ! সৌভাগ্যমঞ্চে আরো-হণ করিবার জন্য যে উপায়ের সোপান-পরম্পরা আছে, তাহার প্রথমটিতে পদার্পণ করিবামাত্রই ভুমি এককালে ছংখ ও देनदाभा माগदে निकिश इटेग्राइ, অর্থাৎ যদি বর্জিনিয়ার ধনের জন্য ফ্রান্সদেশেনা মাওয়া হইত, তবে আর তোমার এত দুঃখ হইত না। ফলে বিষয় বাসনায় ও আনোদ প্রমোদে রত হইতে

গেলেই এতাদৃশ সুদ্ধর বিপজ্জালে জড়িত হইতে হয়; কিন্তু তুনি যে তেমন গুণের সহচরীকে হারাইয়া বসিয়াচ, সে তোমার দোষে নয়। আর তোমার লোভ বা অহক্ষারদ্বারা যে সেই বিপদ্ ঘটিয়াছে, তাহাও বলিতে পারি না, কিন্তু যিনি সকলের প্রবৃত্তি প্রবর্ত্তক, তিনিই ইহা ঘটাইয়াছেন স্বীকার করিতে হইবেক।

প্রমেশ্বর আদৌ আমাদিগকে সমস্ত বস্তু দেন এবং উপযুক্ত সময় হইলেই তত্তাবৎ পুনর্ব্বার গ্রহণ কবেন। ইহাতে ভূমি এ কথা বলিতে পার যে, আমি এমার্যার জন্য ত শোক করিতেছি না, কেবল মরণ হয় না কেন বলিয়াই শোক করিতেছি। কেননা জীবদ্দশায় যে मकल हिसा जाजनामान तहिशाह, मत्न इहेटनहे म সমস্ত এককালে ফ্রাইয়া যাইবেক। অথবা আমা-দের মন হইতে সাংসারিক সুথ সকল লুপ্ত হইবার সময়েই আমাদের জীবনাকাশ মৃত্যু-মেঘে আছের হই-ফলে মৃত্যু হইলে আমাদের মন হইতে সমস্ত सूथ इःथ छूती जूंठ रग्न धवर मृज्यामगाग्न मग्नन कतितन ক্লেশেরও লেশ থাকে না। এহিক সুথের বিষয়ে मकरन याहारक मूथी वरनन स्मरे मूथी, नहिरन क প্রকৃত সুথী ইহা বলা অতি হুঃসাধ্য। যে সময়ে বুর্জিনিয়া, জাহাজ হইতে এই কুলের উপরি ছুর্ফিপাত করিয়া ভোমাকে ভাহার রক্ষার্থ প্রাণপণে যত্ন করিভে দেখিল, সেই সময়ে সে, আমাদের ভাহার উপরি কি পর্যাস্ত স্নেহ ছিল তাহা বিলক্ষণরূপে বুঝিতে পারিয়াছিল। বর্জিনিয়া জীবদ্দশায় কোন অংশে

পাপাচরণ করে নাই, এইহেতু পরমেশ্বর তাহাকে লোকান্তর গমনের উপযুক্ত করিয়াছেন। বোধ হই-তেছে তিনি তথায় তাহাকে ধর্মের বিশিষ্ট ফলভাগিনী করিয়াছেন। বজিনিয়ার অন্তঃকরণ যেনন দৃঢ় তেমনি সহিষ্ণু ছিল, একারণ সে জীবিতাবস্থায় কোন ক্রেশ পায় নাই, এবং মৃত্যুকালেও তাহার মুখন্ডলে কোন ভয়চিক্ত দৃষ্টিগোচর হয় নাই। শুন পাল! পরমেশ্বর কেবল ধর্ম পরীক্ষা করিবার জন্যই আমাদিগকে ক্রেশে নিক্পি করেন। এই হেতু আমাদিগের প্রক্রত সুখ ও তাহার নিক্ট সমাদর প্রাপ্তির কিঞ্চিন্মাত্র ব্যাঘাত হয় না। পরমেশ্বরের নিয়মে ক্রেশে পতিত হইয়া যিনি সাহসহীন না হন, তিনিই এক প্রকার ধার্মিকের দৃষ্টান্ত স্থল। এতাদৃশ ধার্মিক রাজগণের নাম কালসহকারে লুপ্তপ্রায় হইয়াও রক্ষা প্রাপ্ত হয়।

আমার মতে বর্জিনিয়া এখন পর্যস্তও বাঁচিয়া রহিয়াছে। এ কথার ভাব এই যে, যত ভূত ভৌতিক
প্রপঞ্চ দৃষ্ট হয়, সকলই বিক্লত, অর্থাৎ রূপান্তর প্রাপ্ত
ছয় মাত্র; বস্তুতঃ ভাহার কিছুই এককালে বিনষ্ট হইয়া
লোপ পায় না। পৃথিবীতে অনেক প্রকার শিস্পচাভুরীর প্রচার আছে, কিন্তু ভদ্যারা প্রমাণুর সৃষ্টি বা
স্বংস করা কোন্মতেই সম্ভব নহে। যদি ইহা স্থিত্ব
সিদ্ধান্ত হয়, তবে ভাদৃশ ধর্মপ্রায়ণা সুশীলা বালার
বিনাশ কিপ্রকারে সম্ভবিতে পারে!। সুতরাং বজ্জিন
নিয়া ও ভাহার অকপট ধর্মা অদ্যাপিও বর্তমান রহিয়াছে বলিত্বে হইবেক। যদি ইহা নিশ্চিত হইল, তবে

এখন সে যেখানে আছে, সেই স্থানেই পর্মমুখে কাল-হরণ করিতেছে, তাহার ভাবনা কি?। তাহার বর্তুমান বাসস্থানের অধিপতি ন্যায়পরায়ণ জগদীশ্বর ইহা ত তুমি অবগতই আছ। তুমি এই বিশ্বরাজ্যের প্রতি নিরীক্ষণ করিয়া স্থিরচিত্তে বিবেচনা কর দেখি, জগদীশ্ব কেমন দয়ালু! বিবেচনা কারলে তাঁহার অপার অনুৰুপা অবগত হইতে ক্রটি হইবে না। আর ভোমার মনে ২ কি এমন আশস্কাহয় না যে ভিনিই তোমার বজ্জিনিয়াকে লোকলীলা সম্বরণ করাইয়াছেন অর্থাৎ তিনি ইচ্ছা করিলে কি তাহাকে তরঙ্গগ্রাস হইতে বিমুক্ত করিতে সমর্থ হইতেন না?। কারণ মনুষ্য সকল ইহ লোকে পার্মসুখে কালহরণ করিবে বলিয়াযে পরমেশ্ব সুচারু নিয়ম সকল ব্যবস্থাপিত করিয়াছেন, তিনি কি বজ্জিনিয়ার জন্য পরলোক-মুখের সাধন কোন বিশেষ বিধি বিধান করেন নাই সম্ভব হয় ?। এই যে শত২ যোজন বিস্তীর্ণ মহাসাগর প্রভৃতি দেখিতে পাও; ইহার এক কণামাত জলও कार्षिर व्यानिममृद्द পরিপূর্ণ। वे ममस की होनु यर श-রোনাস্তি ফুক্ষতম হইয়াও সেই বিশ্বরাজের ব্যবস্থা-পিত নিয়মে নিযক্তিত হইয়া চলিতেছে। অতএব যে পর্মাপরায়ণ হয় সে ভাঁহার নিকট সমুচিত পুরস্কার ভাজন হইয়া থাকে, ইহার অন্যথা হইতে পারে না। ফল কথা এই এশব্রিক নিয়ন্মের প্রভাবে বজ্জিনিয়াও স্বৰ্ণবাসিনী হইয়া সাতিশয় সুখসন্তোগ করিতেছে ইহাতে সন্দেহ নাই।

আহা কি বলিব! যদি বৰ্জিনিয়া এ সময়ে ভোমাকে

স্বৰ্ণ হইতে দেখিতে পাইত, তাহা হইলে সে এখান হইতে গিয়া অবধি সেখানে কেমন ভাবে আছে এবং এখনইবা কি করিতেছে তাহা এই বলিয়া জানা-ইত যে, 'অহে ভাই পাল! মর্ত্রলোকে যে আমা-দের জীবন ধারণ করা, সে সকল শোক সম্ভাপাদি সহ্য করিয়া ধর্মের পরীক্ষা দিবার জন্য মাত্র। দেখ আমি যাবৎ পর্যান্ত জীবদ্দশায় ছিলাম, তাবৎকাল কেবল ধর্মায় তৎপর থাকিয়া, মাতার আজ্ঞা পাল-নার্থ সুত্তুর মহাসাগর পার হইয়াচি এবং প্রচুর অম্বর্যা হস্তপতপ্রায় হইলেও কেবল তোমার জন্য তাহা পরিত্যাগ করিয়াছি। একণে সেই সকল সৎকর্মের প্রভাবে আমাকে আর লোকের দীনভাব, কাতরতা প্রভৃতি দুংথ দর্শন করিতে হইতেছে না। ফলে এখন কোন সাংসারিক ক্লেশই আমার সমিহিত হইতে পারিতেছে না। অতএব ভাই।এ অবস্থায় আমার জন্য তোমার কিছুমাত ছুঃখ করিবার আব-শ্যক নাই; এখন আমি অনন্ত সুখসছল সন্ত্রোগ করত কালহরণ করিতেছি। যে অনস্ত ও অপ্রমেয় মহিমা "এই চরাচর বিশ্বের সুখের কারণ তাহা এই স্থানেই দেদীপামান। অত্তা সুখের ইতর বিশেষ নাই। ইহা অনাদি অনম্ভ এবং পরম। অতএব প্রিয়তম পাল! তোমাকে অনুরোধ করিতেছি ভূমি আমার শস্তোষ বৰ্দ্ধনাৰ্থ কিছু দিনের জন্য এতাদৃশ ছংখ সহ্ কর। যাহাতে অচিরাৎ তোমার শোকাপনোদন ও নুষন-জল বিমোচন হয়, তদিবয়ে আমি বিশেষ যত্ন-ৰতী হইৰ, ইহাতে তুমি কিছুমাত্ৰ ভাবিত হইও না।

আজি অবধি অনস্ত সুখুলাস্তোগের চিস্তনে মন নিবিষ্ট কর, তাহাতে তোমার অপ্প দিনের জন্য যে ক্লেশ হউতেছে, তাহা অক্লেশেই সহা হইবেক।"

বংস পথিক। আমার এই সকল সাস্ত্রাজনক বাক্য সমাপ্ত হটলে পর, পাল আমার মুখের প্রতি একদৃষ্টি হইয়া ''হায়২! সে আর নাই, সে আর আসিবে না" বলিতে২ মূর্চ্ছিত ও ছিলমূল তরুর মত ভূমিতলে পতিত হইল। অনেকৃকণ বিলম্বে চেতন। হুইলে সে প্রকৃতিত হুইয়া আমাকে কহিল "ভাল মহা-শয়। যদি মরণই এত ভাল বলিতেচেন, ও বৰ্জিনিয়া মরিয়া সাতিশয় সুথভাগিনী হইয়াছে, তবে আমিও কেন মবি না? মরণ হইলে ত তাহার সঙ্গে একত্রে পাকিতে পারিব"। এইরূপে আমি পালকে শোক-সাগরে মগ্ন না হইতে দিবার জন্য যত্ত চেষ্টা করিতে লাগিলাম, ততই তাহার শোকসাগর উপলিয়া উত্ত-রোভর রুদ্ধি পাইতে লাগিল। ইহা কিছু বিচিত্র নহে. যাহারা প্রথমে কিঞ্চিৎ ক্লেশ ভোগ করে, ভাহা-রাই ক্রেশ বাডিলে সহিতে সমর্থ হয়। পাল ত তেমন নয়, সে ইতিপুর্বে কখন কোন ক্লেশের মুখও দেখে নাই। ইহাতে সে একেবারে তাদুশ অসহ ক্লেশ কিরূপে সহিতে সমর্থ হইবে ?।

যাহা হউক, পরে আমি পালকে গৃহে লইয়া আইলাম। আসিয়া দেখিলাম যে, মার গ্রেট ও বিবি
দিলাতুরের শরীর শোকে বিশীর্ণ হইয়া গিয়াছে।
বিশেষতঃ মার গ্রেটকে অপেক্ষাক্কত অধিকত্র ভূর্ম্বল
বোধ হইল। কারণ এই, যাহারা অপ্পক্ষেশকে ক্লেশ

বলিয়া ধর্ত্তব্য না করে, ভাহার্লগকে অধিক ক্লেখের সময়ে সাতিশয় ক্লিফ হইতে হয়। মার গ্রেট আমাকে দেখিয়া কহিতে লাগিলেন "হিতৈষিন্, বন্ধ মহাশয়। এক আশ্চর্য্য কথা ভাবন করুন। গতরাত্তে নিদ্রাবস্থায় স্থাপ আমার বোধ হইল, যেন আমি স্বচকে দেখিলাম. বজিনিয়া খেতবন্ত পরিধান করিয়া এক আশ্চর্যা রুক্ষ-বাটিকার মধ্যে পরিভ্রমণ করিয়া বেডাইতেছে। সে আমাকে দেখিতে পাইয়া কহিল, মা! আমি এখন যেরূপ অনির্বাচনীয় **সুখানুত্ত ক**রিতেচি, তাহাতে অনোর দ্বেষ জন্মিতে পারে। এই কথা কহিয়া সে অমনি পালের সমিধানে উপস্থিত হইল, এবং অবি-লম্বেই তাহাকে আপন সমভিব্যাহাবে লইয়া চলিল। আমিও পালকে আনিবার জন্য হাহার পর নাই চেট। করিতে লাগিলাম। তৎকালে আমার বিলক্ষণ অনু-ভব হইল, যেন আমি মর্তালোক পরিত্যাগ পূর্বক ভাহাদের সক্তেহ গগণমার্গেই উঠিতে লাগিলান এবং মাইতে২ বোধ হইল, যেন আমি আমার প্রিয়সখার স্থানে বিদায় চাহিতে লাগিলাম। ইহাতে তিনি ও নেরী এবং দমিল ইহারা আমার পশ্চাং২ আসিতে লাগিলেন "। 'এই সমস্ত কহিয়া সে পুনর্কার কহিল ''মহাশয়! আমার এই আশ্চর্যা স্বপ্নরভান্ত শুনিলেন, কিন্তু প্রিয়সখী বিবি দিলাতুর যে স্বপ্ন দেখিয়াছেন তাহা আবার অবিকল আমারই স্বপ্নের মত, ইহা আরো এক আশ্চর্যা "।

্রএই সকল কথা শুনিয়া আমি উত্তর করিলাম "ভডে! আমি নিশ্চয় অবগত আছি, পরমেশ্বরের ইচ্ছা ব্যতি- রেকে কোন ব্যাপারই যুটনা হয় না, কিন্তু স্বপ্নের ফল কখন২ সত্য হইতেও দেখা গিয়াছে''।

যাহা হউক, সেই স্থীদিণের তাদুশ স্থা সিদ্ধ হইতে আর অধিক কাল বিলয় হইল না। 'বর্জিনিয়ার মরণের পর পাল ক্রমাণত ছুইমাস কাল দিবারাত্রি তাহার কথা আলাপ করিয়া সংসারলীলা সম্বরণ কবিল। মার্ত্রেট তন্মরণের সপ্তাহাত্তেই কলেবর পরিজ্যাপ করিলেন। ভাঁহার মরিবার অব্যবহিত পুর্বের বিবি मिलाजुरतत मनिधारन धरे विनया विमाय स्टेरलन ''প্রিয়দখি। আমি ত এখন তোমাকে রাখিয়া অগ্রে কলিলাম, কিন্তু ভুমি এই ক্ষণিক বিচ্ছেদে কাতর হইও না, অচিরাৎ আমাদের সেখানে পুনর্মিলন হইবেক। সেই মিলনই মিলন, ভাগা কথনই ভঙ্গ হইবার নছে। মরণ আম দের শান্তিলাতের পথ, মরণ হইলেই আমরা সকল জালার হাত হইতে পরিতাণ পাই''। মার্-গ্রেটের মৃত্য হইলে গবর্ণর, মেরী ও দমিঞ্কের রক্ষণা-বেক্ষণের ভার লইলেন। আহা! তাহারা তথন জ্রায় জীর্ণ ও শোকে শীর্ণ হইয়া কর্মকার্য্য করিতে নিভাস্তই অক্ষন হইয়াছিল। যাহা ২উক ভাহাদিগকে ভাদুর্শ অপীনতাবস্থায় আরু অধিক কাল বাঁচিয়া থাকিতে হয় নাই। বাঘা বলিয়া পালের যে কুকুরটা ছিল, সেও প্রভ্বিরহে দিন ছয়ের মধ্যে ক্ষীণ হইয়া দেহ ত্যাপ কবিল।

অবশেষে আর কেহই অভিভাবক রহিল না দেখিয়া আমি বিবি দিলাভূরকে লইয়া আপনার কুটীরে গমৃন করিলাম। পুরেষ সর্বাদা পালকে ও ভাহার মাতাকে

সাস্তুনা করিতে হইত বলিয়া তাহার শোক বিস্মৃত-প্রায়ই হইয়াছিল, এখন ভাহাদের বিরহে সেই শোকা-নল আবার উদ্দীপ্ত হইল, এবং উপায়াভাবে ভাহাকে দিনকত কাল ধৈৰ্য্য পূৰ্বক সেই ছঃসহ যাতনা সকল সহ করিতে হইল। আহা। আমি যখন তাহাকে লইয়া গেলাম তথন তিনি পাগলিনী প্রায়; দিবারাত্রি যেন পাল ও বির্ক্তিনিয়ার সঙ্গেই কথোপকথন করি-তেছেন এমনিভাবে আপনা আপনি প্রলাপ কবিতে থাকিতেন। যাহা হউক তাহাদের মরণের পর তাঁহা-क मार्टे मक बात देव आत वाहिया शाकित्ल इय नाहे। বৎস! তাহার গুণের কথা কত বা বলিব, কতই বা শুনিবে। যে পিসী হইতে তাহার সর্বনাশ হইয়া-ছিল, এবং যাহা হইতে ভাহাকে অপার শোকসাগতে মজিতে হইল, ভাহাকে ডিনি মুখব্যাদানে একটি বারও নিন্দা করেন নাই, বরং তাহার সেই দোষ মার্জনার নিমিত্ত প্রমেশ্বের নিক্ট যখন তখন প্রার্থনা করিয়া কহিতেন "হে করুণাময় জগদীশ! রূপা করিয়া আমার পিনীকে পাপ হইতে মুক্ত করুন্"।

কিছু দিন বিলয়ে কএকথানা ইউরোপীয় জাহাজ এ প্রদেশে আইলে পর, আমি নাবিকদের প্রমুখাৎ শুনিলাম যে, সেই নির্দ্ধা ক্রানক্রত পাপের পরি-পাকে মনঃ-ক্ষোতে উন্মন্ত ও ক্ষিপ্তকারায় প্রেরিত হুইয়া কলেবর পরিত্যাগ ক্রিয়াছে।

পালের শব বিজ্ঞানিয়ার সমাধির এক পাশ্বেই সমা-হিক্ত হইল। তৎপরে তাহাদের জননী-ছয়েরও সেই স্থান সার হইল। প্রান্তুভক্ত দাস দাসীরাও তাহাদের আশ্রেয় ছাড়া হইল না। তাহাদের সমাধির উপরি কোন স্তম্ভ নির্দ্মিত করিয়া তাহাতে তাহাদের অবিন্ম-রণীয় গুণ উৎকীর্ত্তন করিতে হয় নাই।

তাহাদের উপলক্ষে এ দ্বীপের অনেক স্থান সূতন নামে বিখ্যাত হইয়া আছে। দেখ অম্বন্ধীপের নিকটে যে বালুকাময় তটভূমি আছে, তথায় সেন্ট-জিরান্ মারা পড়িয়াছিল বলিয়া তাহা ''সেন্টজিরান্" নামে বিখ্যাত হইয়াছে। এখান হইতে সাড়ে চারি কোশ পথ দূরে একখণ্ড দীর্ঘাকার ভূমিভাগ, যাহা ভূমিও পরে দেখিতে পাইবে, তাহার আধখানা সমু-জজনে মগ্ন থাকে, তাহার শেষ সীমা '' অসৌভাগা অন্তরীপ" নামে খ্যাত হইয়াছে। কারণ, সেন্টজিরান যে দিন সেখানে পছঁছে সেই দিন সন্ধ্যাকাল হইতে আর তাহা কাহারো দৃষ্টিপথে পতিত হয় নাই। আমাদের সম্মুখে এই যে গুহার অগ্রভাগ দেখিতে পাও, ইহার নাম ''সমাজখাড়ি'' কারণ বর্জিনিয়ার শ্ব এই স্থানে বালুকায় ঢাকা দেখিতে পাওয়া গিয়া-ছিল''।

এই পর্যান্ত ইতিহাস কহিয়া সেই রুদ্ধ নহাশয় ''আহা ! কোথায় গেলি রে বন্ধু সকল ! ভোমরা কি অচুত প্রীতিপাশেই বদ্ধ থাকিয়া কালহরণ করিয়া গিয়াছ ! আহা ! কোথা গেলি রে মার্প্রেট ! কোথা রে বিনি দিলাতুর ! জগদীশ্বরের ইচ্ছায় ভোমরা এক একটী সন্তান পাইয়াছিলে বটে, কিন্তু ভোমাদের মত মুর্ভাগ্যতী আর আনি কোথাও দেখি নাই । আহা ! এ সময়ে ভোমরা একবার আসিয়া এহলের ছুরবন্থা দেখিয়া

ষাও, এখানকার যে সকল বুক্ষ পূর্বে তোমাদিগকে ছায়া প্রদান করিত, ও যে সকল নিমরি তোমাদিগকে শ্রিঞ্ক করিত, এবং যে সমস্ত শৈবালময় তীরে বসিয়া ভোমরা আভিদুর করিতে; ভোমাদের বিরহে এখন সে সকলের কি তুর্গতি হইয়াছে একবার দেখিয়া যাও ! দিবারাত্র পাহাড়ের চতুর্দিকে কেবল পেচক ও শীকারী পক্ষীর অমঙ্গল শব্দ হৈ আর এখানে কিছুই কর্ণগোচর হয় না। হায়। আনি তোমাদিগকে না দেখিতে পাইয়া কেবল ক্ৰমাগত একাকীই ইতস্ততঃ ভ্ৰমণ করিয়া বেড়াইতেছি। বস্তুতঃ এথন আমি বয়স্য হারা ও স**ন্তান হারা**র মত ব্যাকুল হইয়া ফিরিতেছি''। এই সমস্ত কথা কহিয়া তিনি কাঁদিতে২ আমাত নিকট হইতে প্রস্থান করিলেন। আমিও যতক্ষণ এই ছঃখময় ইভিহাস শুনিতে চিলান, তাবৎ মধ্যে ২ কত শতবার, আমার বক্ষঃস্থল নয়নজলে প্লাবিত হইয়াছিল ভাহা বলিতে পারি না।

## **VERNACULARLITERATURESOCIETY**

# অনুবাদক সমাজ।

#### विकाशन।

অনুবাদক সমাজের অধ্যক্ষেরা এই নিয়ম নির্দারিত করিয়াছেন, যে কোন ব্যক্তি নিমুলিখিত নিয়মানুসারে কোন অভিনব গ্রন্থ রচনা করিয়া উক্ত সমাজের মনোনীত করিতে পারিবেন, তাঁহাকে ২০০ দুই শত টাকা পারিতোষিক প্রদান করা
যাইবেক। এই নিয়ম এক জনের এবং একবারের জন্য নহে,
যথন যে ব্যক্তি এই নিয়মানুসারে গ্রন্থ রচনা করিবেন, তাঁহাকে
উক্ত ২০০ দুই শত টাকা পারিতোষিক দেওয়া যাইবেক।

- > ম। পুতত্তথানি স্থানীতিসম্পন্ন বা চরিত্রশোধক হইবেক।

  ২ ম। নিম্লিখিত বিষয়ে অথবা তজ্ঞপ অন্যকোন বিষয়ে
  লিখিত হইবে।
  - ১ প্রাকৃতিক ইতিবৃত্ত এবং বিজ্ঞান শাব্দ।
  - ২ দেশ প্রদেশের বিবরণ ও ভূগোল বৃত্তান্ত।
  - ৩ বাণিজ্য এবং লোকঘাত্রা বিধান।
  - ৪ লোকপ্রিয় ও উপকারক বিজ্ঞান শাব্দ।
  - e निष्णविन्ता।
  - ও শিক্ষাবিধান।
  - ९ জীবনচরিত।
  - ৮ নীতিগর্জ গল্প।
- য়। বজভাষার যথার্থ রীত্যনুসারে অথচ সরল ভাষায়

  শবের রচনা ইইবেক; বিশেষতঃ ঐ রচনা ও উহার ভাব এরপ

  হওয়া আবশ্যক, যে এতদেশীয় লোকের অনায়াসে ফদয়প্র

  ইইতে পারে।

- ৪র্থ। পুস্তক খানি মুক্তিত হইলে তালার পৃষ্ঠার সঞ্জা। ১২ পৃষ্ঠা ফরমার ১০০ এক শত পৃষ্ঠার নান নান্য। জাধিক কইলে হানি নাই, কিন্দু পারিতোষিক বৃদ্ধি হইবে না।
- ৫ম। যে পুস্তকের নিমিত্ত এই নিয়মানুসারে পুরস্কার প্রদান করা ফ্লাইবেক, সেই পুস্তক অনুবাদক সমাজের সম্পত্তি তইবেক, তাহাতে লেখকের কোন স্বত্ব থাকিবেক না।
- ৬ ঠ। নৃতন লিখিত পুস্তক প্রথমতঃ সমাজের অধ্যক্ষ-গণের বিবেচনাধীন হইবেক, তাঁহারা আদ্যোপান্ত পাঠ করিয়া বেকপ আদেশ করিবেন গ্রন্থকারকে সেইকপ করিতে হইবেক। গ্রন্থানি মনোনীত হইলে, তাঁহারা যে যন্ত্রালয়ে কহিবেন গ্রন্থারকে সেই যন্ত্রালয়েই মুক্তিত করিয়া দিতে হইবে।
- ৭ন। পুস্তক প্রচারিত হওনাবধি এক বংরের মধ্যে ২০০০ দুই সহস্র পুস্তক যদি যথার্থতঃ বিক্রয় হয়, তবে সমাজের অধ্য-কোরা গ্রন্থারকোর প্রকার প্রকার প্রকার কে প্রকার কি প্রকার কে প্রকার কি সামাজির ন্যুন হইবেক না।
- ৮ ম। অনুবাদক সমাজের মতারুসারে যে কোন ব্যক্তি অনুবাদ কর্মে নিযুক্ত হইবেন, তন্মধ্যে যিনি ইংরাজী হইডে বক্ষভাষায় উত্তমরূপ অনুবাদ করিবেন, তিনি প্রতি পৃষ্ঠায় ১১ টাকা এবং যিনি সংকৃত হইতে উত্তমরূপ অনুবাদ করিবেন তিনি প্রতি পৃষ্ঠায় ৬০ পুরুকার প্রাপ্ত হইবেন।
- > ম। অনুবাদক সমাজের পুস্তক লেখক ও মুদ্রাকারকদিগকে জ্ঞাত করা যাইতেছে, সমাজের যে সকল পুস্তক মুদ্রিত কইবে তাহার যেন প্রতি পৃষ্ঠায় ২৬ পঞ্জি ও প্রতি পঞ্জিতে ২৩ অক্ষর হয়। অন্যথ হইলে পুরক্ষার বা মূল্যের বিষয় সমাজের বিবেচনাধীন হইবে।
- ১০। অনুবাদক সনাজের সাহায্যার্থে যাঁহারা এক টাকা পর্যান্ত বার্থিক দান করিবেন, অধ্যক্ষণণ তাহা কৃতজ্ঞতা পূর্ব্বক' গ্রহণ করিবেন। যাঁহারা, দশ টাকার অধিক দিবেন তাঁহারা, বৃত্তন পুস্তক প্রকাশ হইলেই এক এক থানি বিনামূল্যে প্রাপ্ত ইইবেন। যাঁহারা পঞ্চাশ টাংনার অধিক দিবেন তাঁহারা সভ্য শ্রেণীতে গণনীয় হইবেন।

ই, বি, কাউএল।

বর্ণাকিউলর লিউরেচর সোসা-ইটার সেক্টেরি।

# BENGALI FAMILY LIBRARY.

# গাহস্য বাঙ্গালা পুস্তক সমুহ

### रिड्डांशन।

১ম। নিম লিখিত, কুলবুক সোসাই**টা** প্রভৃতি

जनाना द्यात्व पूर						
স্থাপিত) গরাণহাটা	র চৌ	র <b>†স্ত</b> †	স্থিত	२१७।	১ সং	ধ্যক,
শাৰ্হ্য বাঙ্গালা পুৰ	हुक न	প্ৰ ন	া মক	পুস্তক	াগাং	র বি-
ক্র হইয়াপাকে।	যাঁহার	প্রয়ে	<b>জ</b> ন	হয় ত	ত্ত্ব ব	<b>রিয়া</b>
नहेदन।						
२য়। कि मिशीस	कि रि	वदमशी	য় সা	ধারণ	পুস্ত	কবি-
ক্রেতা মহাশয়দিগের	প্রতি	নিবে	मन ७	i₹, उँ	াহার	এই
সকল পুস্তক গ্রহণ ব	<u>করিলে</u>	, ইহা	ার কণি	মসন	ৰা ড	কের
मासून किछूरे (मछश	যাইে	वक न	11			
সভা ইতিহাস সার		• •	• •		• •	ho
অভিধান		• •	• •	• •	• •	y.
সার সংগ্রহ	• •	• •	• •	• •	• •	110
পশাবলি		• •		• •		110/0
ভূমি পরিমাণ বিদ্যা		• •	• •	• •		400
্বিফুশর্মার হিতোপটে	मर्भ	• •				
বঙ্গ দেশের ইতিহাস		.:				yo
कीथ माट्टरवंद वाक				• •		90
রামনোহন রায়ের ব	<b>াকর</b> ণ		• •	•••		ß

ব্রজনিশোর গুপ্তের ব্যাকরণ		الوا
পিয়ার্স সাহেবের ভূগোল বুভাস্ত		10
উমাচরণ চটোপাখ্যায়ের গণিতসার		الودا
হারন্সাহেৰের গণিতাক্ক		
भ गांदरदत्र अक्ष्युचक	••	J
বঙ্গভাষা বৰ্ণমালা		1
বৰ্ণমালা প্ৰথম ভাগ		
ঐ দ্বিতীয় ভাগ		15
নীতিকথা প্রথম ভাগ		
ঐ বিতীয়ভাগ		
এ কৃতীয় ভাগ	• •	1
মনোরঞ্জন ইতিহাস		15
পত্তকोगूमी		1
অঙুত ইতিহান, জঙ্কিস্খাঁর রুভান্ত	• •	15.
অই সিকন্দর সাহের দিগ্রিজয়	• •	1
ঐ তৈমুর লঙ্গের রুভান্ত		251
धे उँडेनियम होन	• •	1.
ঞ্জীশিকাবিধায়ক	• •	1.
িশিশু পালন	• •	<b>#</b> }
মনোহর উপন্যাস	• •	ļ
রাজা রুফচন্দ্রের জীবন চরিত		4
<b>ष्ट्रभगा</b> किन्न हिल्ला क्रिक		d
कानगीलिका	• •	
मर्भक्षात		3
ष्ट्रमर्थं तत्र मानिष्य	••	e .